# সূচিপত্র

## সেরা স্কুলসমূহের প্রশ্নপত্র

### বাংলা প্রথম পত্র


০১. মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা ........ ২
০২. মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা ........ ৪
০৩. বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা ........ ৬
০৪. সেন্ট গ্রেগরী হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা ........ ৮
০৫. নাছিমা কাদির মোল্লা হাই স্কুল এন্ড হোমস্‌, নরসিংদী ........ ১০
০৬. সৃষ্টি একাডেমিক স্কুল, টাঙ্গাইল ........ ১২
০৭. বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ ........ ১৪
০৮. আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা ........ ১৬
০৯. বগুড়া জিলা স্কুল, বগুড়া ........ ১৮
১০. পাবনা জিলা স্কুল, পাবনা ........ ২০
১১. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী ........ ২২
১২. ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও ........ ২৪
১৩. কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা ........ ২৬
১৪. নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী ........ ২৮
১৫. চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম ........ ৩০
১৬. নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম ........ ৩২
১৭. সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট ........ ৩৪
১৮. বসন্ত কুমারী গোপাল চন্দ্র (বি. কে. জি. সি) সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ ........ ৩৬
১৯. বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল ........ ৩৮
২০. তাসলিমা মেমোরিয়াল একাডেমী, বরগুনা ........ ৪০


### বাংলা দ্বিতীয় পত্র


২১. মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা ........ ৪২
২২. মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা ........ ৪৩
২৩. বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা ........ ৪৪
২৪. সেন্ট গ্রেগরী হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা ........ ৪৫
২৫. নাছিমা কাদির মোল্লা হাই স্কুল এন্ড হোমস্‌, নরসিংদী ........ ৪৬
২৬. সৃষ্টি একাডেমিক স্কুল, টাঙ্গাইল ........ ৪৭
২৭. বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ ........ ৪৮
২৮. আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা ........ ৪৯
২৯. বগুড়া জিলা স্কুল, বগুড়া ........ ৫০
৩০. পাবনা জিলা স্কুল, পাবনা ........ ৫১
৩১. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী ........ ৫২
৩২. ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও ........ ৫৩
৩৩. কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা ........ ৫৪
৩৪. নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী ........ ৫৫
৩৫. চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম ........ ৫৬
৩৬. নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম ........ ৫৭
৩৭. সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট ........ ৫৮
৩৮. বসন্ত কুমারী গোপাল চন্দ্র (বি. কে. জি. সি) সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ ........ ৫৯
৩৯. বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল ........ ৬০
৪০. তাসলিমা মেমোরিয়াল একাডেমী, বরগুনা ........ ৬১


## ক্যাডেট কলেজসমূহের প্রশ্নপত্র

### বাংলা প্রথম পত্র


৪১. মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল ........ ৬২
৪২. ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ ........ ৬৪
৪৩. ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ ........ ৬৭
৪৪. ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী ........ ৭০


### বাংলা দ্বিতীয় পত্র


৪৫. মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল ........ ৭৩
৪৬. ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ ........ ৭৪
৪৭. ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ ........ ৭৫
৪৮. ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী ........ ৭৬

# 01 মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো । প্রতিটি প্রশ্নের মান-১ ।]

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :**
"স্বাধীনতা ভীষণ আনন্দের । স্বাধীনতা খুব আনন্দের ।"

১। **উদ্দীপকের স্বাধীনতা শব্দের অর্থ–**
ক মুক্তির স্বাদ পাওয়া
খ ইচ্ছেমতো চলাফেরা করা
গ মন যা চায় তাই করা
ঘ সবার ওপর নেতৃত্ব দেওয়া

২। **উদ্দীপকের সাথে কার অনুভূতির মিল রয়েছে?**
ক মধুর খ বুধার
গ শাহাবুদ্দিনের ঘ মিঠুর

৩। **উত্তম কথা, কেন বলেছেন পীরসাহেব? উক্তিটি কার?**
ক হাতেম আলির খ হাশেমের
গ খোদেজার ঘ তাহেরার

৪। **'শাবাশ মেয়ে তুমি'– খোদেজার এই উক্তিতে তাহেরার চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে–**
ক মানবিকতা খ সাহসিকতা
গ দায়িত্বপরায়ণতা ঘ সচেতনতা

৫। **হাতেম আলি তার জমিদারিকে 'ঢাকের চোলের' সাথে তুলনা করেছিলেন, কারণ–**
i) সামান্য আয় হওয়ায়
ii) অসারতার জন্য
iii) ফলন ভালো না হওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i খ iii
গ i ও ii ঘ ii ও iii

৬। **'তোর জন্য উৎকণ্ঠায় আমি প্রায় শেষ হয়ে যাচ্ছিলাম, মুক্তিযুদ্ধ'– শাহাবুদ্দিন কেন একথা বলেছিলেন?**
ক মিলিটারির নৃশংসতার কথা ভেবে
খ রাজাকারদের ষড়যন্ত্রের কথা ভেবে
গ বুধার নিরাপত্তার কথা ভেবে
ঘ দায়িত্ব পালনে অক্ষমতার জন্য

৭। **ধরাছোঁয়ার অতীত শব্দহীন অনুভূতিহীন কে?**
ক সুভা খ প্রতাপ গ বুধা ঘ মমতাদি

৮। **হে মোর দুর্ভাগা দেশ। যাদের করেছ অপমান অপমানে হতে হবে তাহাদের সবার সমান– এখানে কাদের কথা বলা হয়েছে?**
ক নেতাদের খ শ্রমজীবী মানুষের
গ ভদ্র সম্প্রদায়ের ঘ মনীষীদের

৯। **আমাদের দেশে লাইব্রেরির সার্থকতা কীসের চাইতে কম নয়?**
ক মনুষ্যত্বের কারণে খ মৃত্যুর জন্য
গ জীবসত্তার জন্য ঘ মানুষের ভয়ে

১০। **মানুষের লোভের ফাঁদে ধরা দিতে ভয় পায় কেন?**
ক মনুষ্যত্বের কারণে খ মৃত্যুর জন্য
গ জীবসত্তার জন্য ঘ মানুষের ভয়ে

১১। **'পিঁড়েয় বসে পেঁড়োর খবর'– এটা কী?**
ক খনার বচন খ ডাক
গ প্রবাদ বাক্য ঘ উপকথা

১২। **'শীতকালটা আমি পানশিরেই কাটাব'– কেন?**
ক পাহাড় দেখার জন্য খ ভ্রমণের জন্য
গ প্রাণ বাঁচানোর জন্য ঘ ঝরনা দেখার জন্য

১৩। **হরিহরের ঘরের দোর জানালার কপাট কীসের দড়ি দিয়ে গরদের সঙ্গে বাঁধা ছিল?**
ক পাটের দড়ি খ খড়ির দড়ি
গ নাইলনের দড়ি ঘ নারকেলের দড়ি

১৪। **সুভার ভাষার অভাব পূরণ করে দেয়–**
ক তরুর মর্মর খ গোয়ালের গাভী
গ গোঁসাইদের ছেলে ঘ বিড়াল শাবক

১৫। **কাবুল থেকে কত দূরে খাজামোল্লা গ্রামটির অবস্থান?**
ক দেড় মাইল খ দুই মাইল
গ আড়াই মাইল ঘ তিন মাইল

১৬। **মঙ্গল কাব্যকে উপন্যাস বলা যায় না। কারণ–**
i) ছন্দে রচিত
ii) গদ্য ভাষায় লিখিত নয়
iii) মধ্যযুগে রচিত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
পাহাড় পুড়ছে, মরছে মানুষ
নয় ও বাঙালী, নয় ও পাহাড়ী
মুসলিম-হিন্দু-বৌদ্ধ, খ্রিষ্টান
পাহাড়ী ও সমতল
দেশ মাতা এক সকলের–

১৭। **উদ্ধৃতাংশে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে–**
i) অসাম্প্রদায়িক চেতনা
ii) ধর্মনিরপেক্ষ চেতনা
iii) বাঙালি চেতনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮। **উক্ত প্রতিফলিত দিকটির সাথে নিচের কোন বাক্যটির সাদৃশ্য রয়েছে?**
ক নববর্ষের ঐতিহ্য সুপ্রাচীন
খ নববর্ষ বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব
গ পয়লা বৈশাখ একটি সার্বজনীন উৎসব
ঘ নববর্ষের উৎসব গৌরবমণ্ডিত

১৯। **'পল্লিজননী' কবিতায় পল্লিজননী চরিত্রে কোন বিষয়ের প্রাধান্য পেয়েছে?**
ক বেদনাবোধ খ অসহায়ত্ব
গ অস্থিরতা ঘ উৎকণ্ঠা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
পুরনো সেই দিনের কথা ভুলবি কিরে হায়
ও সেই চোখের দেখা, প্রাণের কথা, সেই কি ভোলা যায়?

২০। **উদ্দীপকে ফুটে উঠা অনুভূতি নিচের কোন কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক আমি কোনো আগন্তুক নই
খ কপোতাক্ষ নদ
গ আশা
ঘ জীবন-সঙ্গীত

২১। **উল্লিখিত গানের চরণটি কবির ক্ষেত্রে প্রযোজ্য হওয়ার কারণ হলো, তিনি–**
i) মাতৃভূমির কথা স্মরণ করেছেন
ii) দেশের মানুষের কথা স্মরণ করেছেন
iii) দেশের নদীর কথা স্মরণ করেছেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২২। **'জীবন-সঙ্গীত' কবিতায় দুঃখের কারণ হিসেবে কোনটিকে বোঝানো হয়েছে?**
ক বৃথা জন্ম ভাবা
খ সুখের আশা করা
গ সংসার সমরাঙ্গনে যুদ্ধ করা
ঘ ভবিষ্যতের ওপর নির্ভর করা

২৩। **'মহি' শব্দের অর্থ কী?**
ক মহান খ রাজা গ শ্রেষ্ঠ ঘ পৃথিবী

২৪। **'ঝরনার গান' কবিতায় কোন পাখি ঝরনায় মুখ বুলায়?**
ক শালিক ও বুলবুলি খ বুলবুলি ও টিয়ে
গ শালিক ও দোয়েল ঘ শালিক ও শুক

২৫। **হায় রে ভজনালয়
তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয় ।
– এখানে 'ভণ্ড' কাদের বলা হয়েছে?**
ক ভক্তদের
খ ধর্মভীরুদের
গ ধর্মের নামে স্বার্থান্বেষীদের
ঘ ধর্ম প্রচারকালে

২৬। **'সেইদিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি'– পঙ্‌ক্তিটিতে কবি 'মাঠ' বলতে কী বুঝিয়েছেন?**
ক জীবন প্রবাহ খ সভ্যতার অবস্থান
গ মানুষের স্বপ্নভূমি ঘ প্রাকৃতিক সৌন্দর্য

২৭। **'এখানে থাকার নামই সর্বত্রই থাকা'– এ চিত্রকল্পে ফুটে উঠেছে–**
ক স্বদেশের সান্নিধ্যের সর্বব্যাপকতা
খ স্বদেশ অনুভবের বিহ্বলতা
গ স্বদেশপ্রেমের আকুলতা
ঘ স্বদেশের সবকিছুই চেনা জানা

২৮। **রানার কাঁধে কী নিয়ে ছুটে চলে?**
ক জানা-অজানার বোঝা
খ টাকার বোঝা
গ চিঠি আর সংবাদপত্র
ঘ আবেগ-অনুভূতি

২৯। **চলো, আমরা এগিয়ে যাই ।
আমাদের সাথে যাবে বায়ান্নর শহিদ মিনার
যাবে গণ অভ্যুত্থান, একাত্তর অস্ত্র হাতে সুনিপুণ গেরিলার মতো ।
আমাদের সাথে যাবে ত্রিশ লক্ষ রক্তাক্ত হৃদয় ।
আমাদের সাথে যাবে আবু সাঈদ, মুগ্ধ...
আমরা ছিনিয়ে আনব বাংলাদেশের বিজয় ।
–উদ্দীপকটিতে নিচের কোন কবিতার ভাব ফুটে উঠেছে?**
ক সেইদিন এই মাঠ
খ আমার পরিচয়
গ সাহসী জননী বাংলা
ঘ তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা

৩০। **মুক্তিযুদ্ধকালে বাঙালির প্রেরণার বাতিঘর ছিল কোনটি?**
ক গ্রামবাংলার অপার সৌন্দর্য
খ ভাষার জন্য রক্তদানের ইতিহাস
গ দেশমাতৃকার প্রতি ভালোবাসা
ঘ বিশ্বযুদ্ধকালীন প্রেক্ষাপট

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। আমার একূল ভাঙিয়াছে যেবা আমি তার কূল বাঁধি,
যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি,
যে মোরে দিয়েছে বিষে ভরা বাণ,
আমি দেই তারে বুক ভরা গান;
কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম ভর।
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।

(ক) ‘পরহিতব্রতী’ অর্থ কী? ১
(খ) তাঁহার ললাট সামান্য কুঞ্চিত হইলো– ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে ‘মানুষ মুহাম্মদ (স:)’ প্রবন্ধের হযরত মুহাম্মদ (স.)-এর যে গুণটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) “উক্ত গুণ হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াল্লাম-এর চরিত্রকে আংশিক আলোকিত করে”– ‘মানুষ মুহাম্মদ (স:)’ প্রবন্ধের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

২। অভাবের সংসারে বেড়ে ওঠা নিবিড় বিশ্ববিদ্যালয় থেকে অনেক ভালো ফলাফল করে সরকারি চাকরিতে যোগ দিলো। বাবা-মা, ভাই-বোন যেন আলাদিনের চেরাগ হাতে পেল। নিবিড়ও আলাদিনের দৈত্যের মতো তাদের অভাব মেটাতে থাকল। পরিবার জানে না যে, নিবিড় রাতদিন অবৈধ আয় করে তাদের বিলাসী জীবন দিয়েছে।

(ক) কোন চেষ্টাকে অভিনন্দনযোগ্য বলা হয়েছে? ১
(খ) মানবমুক্তির প্রয়োজন কেন? ২
(গ) নিবিড়ের মনে অবৈধ আয়ের মানসিকতা আসার কারণ ‘শিক্ষা ও মানুষ্যত্ব’ প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের অবস্থা থেকে উত্তরণের উপায় হিসেবে ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধে সুস্পষ্ট দিকনির্দেশনা রয়েছে– উক্তিটি প্রমাণ করো। ৪

৩। সাম্প্রতিক সময়ের উজানের পানির ভয়াবহ বন্যায় বনেদি পরিবারের পুত্রবধূ ফিরোজা সর্বস্বান্ত হন। ত্রাণ দিতে আসা হৃদয়বান পদস্থ কর্মকর্তা আসগর সাহেব দু'সন্তানসহ ফিরোজাকে নিজ বাড়িতে আশ্রয় দেন। ফিরোজার কর্মদক্ষতা ও সততায় মুগ্ধ হয়ে আসগর সাহেবের পরিবার তাদেরকে আপন করে নেন। তাদের লেখাপড়ার সুবন্দোবস্ত করেন।

(ক) ‘মমতাদি’ গল্পটি মানিক বন্দ্যোপাধ্যায়ের কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ১
(খ) মমতাদি পর্দা ঠেলে বাইরে এসেছে কেন? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের ফিরোজা ‘মমতাদি’ গল্পের মমতাদির সাথে কোন দিক দিয়ে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের আসগর সাহেব ‘মমতাদি’ গল্পের গৃহকর্ত্রীর প্রতিনিধিত্ব করেন কি? যুক্তিসহ আলোচনা করো। ৪

৪। রিফাতের প্রিয় শখ হলো ‘বই পড়া’। নানা ধরনের বই পড়তে তার খুব ভালো লাগে। কবিতা, গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ, গীতিকাব্য, গীতিনাট্য, প্রহসন সবকিছুই সে গোগ্রাসে গিলে। শুধু বাংলা সাহিত্যেই নয়, বরং বিভিন্ন ভাষার সাহিত্যের রস আস্বাদনে সে আগ্রহী। কারণ সে জানে বই বর্তমানের সাথে অতীতের সেতু বন্ধন রচনা করে।

(ক) বাংলা নাটকের মোড় ঘুরিয়ে দেন কে? ১
(খ) ‘নাটকের লক্ষ্য সর্বকালেই দর্শক সমাজ’– কথাটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের সাথে ‘সাহিত্যের রূপ ও রীতি’ প্রবন্ধের সাদৃশ্য কোন দিক থেকে আলোচনা করো। ৩
(ঘ) ‘সাহিত্য বিশাল পরিধির একটি বিষয়’– উদ্দীপক ও সাহিত্যের রূপ ও রীতি প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। i) মানুষ মানুষের জন্যে
জীবন জীবনের জন্যে
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না ও বন্ধু।

ii) জাতি-ধর্ম-রাষ্ট্র-ন্যায় সকলি যে মানুষের তরে,
মানুষ সবার উর্ধ্বে– নহে কিছু তাহার উপরে।

(ক) মোল্লা সাহেব মুসাফিরকে কী প্রশ্ন করেছিল? ১
(খ) ‘অভেদ ধর্ম জাতি’ বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) দৃশ্যকল্প-১ এর সাথে ‘মানুষ’ কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) দৃশ্যকল্প-২ এ ‘মানুষ’ কবিতায় কবির প্রত্যাশার প্রতিফলন ঘটেছে– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬। “হাটে মাঠে বাটে এই মতো কাটে বছর পনেরো-ষোলো
একদিন শেষে ফিরিবারে দেশে বড়োই বাসনা হলো।
অবারিত মাঠ, গগন ললাট চুমে তব পদধূলি–
ছায়া সুনিবিড়, শান্তির নীড়, ছোট ছোট গ্রামগুলি।”

(ক) ‘কপোতাক্ষ নদ’ কবিতার অষ্টকের মিলবিন্যাস কী? ১
(খ) ‘জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে’– বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকে ‘কপোতাক্ষ নদ’ কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপটিতে ‘কপোতাক্ষ নদ’ কবিতার মূল চেতনার প্রতিফলন ঘটেছে কি যৌক্তিক মতামত ব্যাখ্যা করো। ৪

৭। i) মেহেদি মুছে চুড়ি ভেঙে সাদা শাড়িতে–
এত বউ বিধবা সেজেছে
কোলে অবুঝ শিশুটি কান্না থামিয়ে
পাথরে বুঝি বুক বেঁধেছে।

ii) তোমাকে অভিবাদন, বাংলাদেশ
তুমি ফিরে এসেছ লাল সূর্য আঁকা পতাকার ভিতরে
যার আলোয় এখন রঞ্জিত হয়ে উঠেছে, সাহসী বদ্বীপ,
তোমাকে অভিবাদন বাংলাদেশ।

(ক) তেজি তরুণের পদভারে কী হতে চলেছে? ১
(খ) ছাত্রাবাস, বস্তি উজাড় হলো কেন? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপক-১ এ প্রতিফলিত দিকটি ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতার আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপক-২ এ ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতার মূলভাবটি প্রকাশিত হয়েছে কি? উত্তরের স্বপক্ষে বা বিপক্ষে যুক্তি দাও। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। ইসরাইলের দখলদার বাহিনী ফিলিস্তিনের
গাজা-রাফায় নির্বিচারে গণহত্যা-ধ্বংস চালাচ্ছে।
নারী-পুরুষ, শিশু বৃদ্ধ নির্বিশেষে তারা
সকলকে হত্যা করছে। হাসপাতাল, স্কুল-কলেজ,
বিশ্ববিদ্যালয়, লোকালয় সবকিছুই তাদের
আক্রমণের লক্ষ্য। গাজা-রাফা এখন যেন এক মৃত্যুর শহর।

(ক) বুধার কী খেলে বুক ভরে? ১
(খ) অবাক হয় কুন্তি- কেন? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকে ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) ঘটনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের বিষয় এবং ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের প্রতিপাদ্য বিষয় ভিন্ন– মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন করো। ৪

৯। শাবাশ, বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়,
জ্বলে পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

(ক) উপন্যাস কোন কালের সৃষ্টি? ১
(খ) বুধা তার চাচির বাড়ি থেকে চলে যায় কেন? ২
(গ) উদ্দীপকটিতে ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের কোন চিত্র প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের প্রতিফলিত সংগ্রামী চেতনা যেন ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের সংহত রূপ– এ অভিমত মূল্যায়ন করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। ‘বিদায় হজ’ এ মহানবি (স.) সমগ্র মানবজাতিকে উল্লেখ করে বলেন, “শ্রবণ করো। মূর্খতার যুগের সমস্ত কুসংস্কার, সমস্ত অন্ধবিশ্বাস এবং সকল প্রকারের অনাচার আজ আমার পদতলে দলিত মথিত অর্থাৎ রহিত ও বাতিল হইয়া গেল।....ধর্ম সম্বন্ধে বাড়াবাড়ি করিও না। ইহার অতিরিক্ততার ফলে তোমাদিগের পূর্ববর্তী বহু জাতি ধ্বংস হইয়া গিয়াছে।”

(ক) ‘বহিপীর’ নাটকের প্রথম সংলাপটি কার? ১
(খ) বহিপীর বইয়ের ভাষায় কথা বলেন কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে বর্ণিত মূর্খতার যুগের বৈশিষ্ট্য ‘বহিপীর’ নাটকের কোথায় দৃশ্যমান তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) ‘বহিপীর’ নাটকের মূলভাব আর উদ্দীপকের বার্তা একই ধারায় প্রবাহিত– মন্তব্যের যুক্তিপূর্ণ উত্তর দাও। ৪

১১। তুড়ি মেরে উড়িয়ে দাও সমাজের ভ্রূকুটি,
নিজের মতো গড়ে নাও নিজের রীতিনীতি,
মানুষ হয়ে বাঁচো এবার জীবন ভালোবাসো,
প্রতিবাদই পরিবর্তন; মুক্ত প্রাণে হাসো।

(ক) সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম গল্পগ্রন্থের নাম কী? ১
(খ) ‘একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারবে’– কথাটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের প্রথম দুই চরণের ভাবের সাথে ‘বহিপীর’ নাটকের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) “উদ্দীপকের বক্তব্যে ‘বহিপীর’ নাটকের আংশিক প্রতিফলন ঘটেছে”– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

02

# মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। 'আম-আঁটির ভেঁপু' গল্পে টোল খাওয়া ভেঁপু বাঁশিটার দাম কত?**
ক) চার পয়সা খ) পাঁচ পয়সা
গ) ছয় পয়সা ঘ) সাত পয়সা

**২। একটি কবিতা লেখা হবে বলে অপক্ষোর উত্তেজনা নিয়ে বসে আছে কারা?**
ক) সরকারি কর্মচারী খ) বিদ্রোহী শ্রোতা
গ) ছাত্রছাত্রী ঘ) শিল্পী সাহিত্যিক

**৩। 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির কোন পরিচয় পাওয়া যায়?**
ক) নদী প্রেমের খ) নিসর্গ প্রীতি
গ) স্মৃতিকাতরতার ঘ) প্রকৃতির প্রতি ভালোবাসার

**৪। 'পল্লিজননী' কবিতায় কোন ফলের কথা বলা হয়েছে?**
ক) জাম খ) আতা
গ) আমলকি ঘ) বেথুল

**৫। 'আমার পরিচয়' কবিতায় উল্লিখিত নদীর সংখ্যা কত?**
ক) ১২০০ খ) ১৩০০ গ) ১৪০০ ঘ) ১৫০০

**৬। 'নিমগাছ' গল্পে নিমগাছটি কার প্রতীক?**
ক) একজন সর্বংসহা নারীর
খ) একজন বঞ্চিত নারীর
গ) একজন বিদ্রোহী নারীর
ঘ) একজন নির্যাতিত নারীর

**৭। 'মোল্লা পুরুত লাগায়েছে তার সকল দুয়ারে চাবি' পঙক্তিটি দ্বারা কোনটি বুঝানো হয়েছে?**
i. মোল্লা-পুরুতরা মন্দির মসজিদের দায়িত্ব নিয়েছে
ii. মোল্লা-পুরুতরা মানুষকে বঞ্চিত করেছে
iii. মোল্লা পুরুতরা মানুষের অধিকারকে রুদ্ধ করেছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রদীপ রায়ের অবস্থা এতই শোচনীয় যে, ঘরের ভাঙা বেড়াটিও মেরামত করতে পারছে না। দুই সন্তান উদয় ও উষা স্কুলে যায়। দুপুরে স্কুল থেকে ফিরেই খেয়ে না খেয়ে মাঠের দিকে দেয় ছুট। গাভী ও ছাগলটি চরানো আর বিরামহীন খেলাধুলায় বিকালটা বড়ো আনন্দের মনে হয় তাদের।

**৮। প্রদীপ রায় ও 'আমআঁটির ভেঁপু' গল্পের 'হরিহরের মধ্যে সাদৃশ্যপূর্ণ দিক কোনটি?**
ক) প্রবল বাৎসল্য খ) চরম দরিদ্র
গ) সামাজিক প্রেক্ষাপট ঘ) অনিশ্চিত কর্মসংস্থান

**৯। উদ্দীপকের উদয়-উষা এবং 'আম-আঁটির ভেঁপু' গল্পের অপু-দুর্গা উভয়ের ক্ষেত্রেই–**
i. পেক্ষাপট অভিন্ন
ii. দুরন্তপনা বিদ্যমান
iii. দারিদ্র্যের ছাপ উপস্থিত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১০। 'শান দিয়ে বাঁধিয়েও দেয় কেউ–সে আর এক আবর্জনা'–চরণ দ্বারা লেখক কী বুঝিয়েছেন?**
ক) স্বাভাবিকতা রক্ষা করা
খ) স্বাভাবিকতা ব্যাহত করা
গ) গুরুত্ব উপলব্ধি করা
ঘ) নিমগাছকে আবর্জনা মনে করা

**১১। আব্দুর রহমান লেখককে জানালা দিয়ে কী দেখিয়েছিলেন?**
ক) উঁচু পাহাড় খ) পাহাড়ের বরফ
গ) লব-ই-দরিয়া ঘ) কাবুলের প্রকৃতি

**১২। সুদূর অতীতে কোন সমাজের সঙ্গে পয়লা বৈশাখ উদযাপনের যোগসূত্র ছিল?**
ক) শিল্প খ) কৃষি
গ) শ্রমজীবী ঘ) ব্যবসায়ী

**১৩। ডেমোক্রেসি কীসের সার্থকতা বোঝে না?**
ক) সাহিত্যের খ) শিক্ষার
গ) অর্থের ঘ) দর্শনের

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
"চিড়া বলো, পিঠা বলো ভাতের মতো না,
খালা বলো, ফুফু বলো মায়ের মতো না।'

**১৪। উপর্যুক্ত উদ্দীপকটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন অংশের সাথে সামঞ্জস্য?**
ক) খনার বচন খ) ডাকের কথা
গ) উপকথা ঘ) প্রবাদ

**১৫। উদ্দীপকের মর্মবাণী তোমার পঠিত নিচের কোন চরণদ্বয়ের সাথে অমিল রয়েছে?**
i. মাতা ও পিতামহ ক্রমে বঙ্গেত বসতি
ii. দেশি ভাষা উপদেশ মনে হিত অতি
iii. যেই দেশে যেই বাক্য কহে নরগণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i ও iii

**১৬। জামীর স্কুল খুলেছে কোন তারিখে?**
ক) ১২ মে, ১৯৭১ খ) ১১ মে, ১৯৭১
গ) ১০ মে, ১৯৭১ ঘ) ০৯ মে, ১৯৭১

**১৭। 'আলটিমেটাম' বলতে কী বুঝায়?**
ক) দিক নির্ধারণ খ) স্থান নির্ধারণ
গ) সময় নির্ধারণ ঘ) নির্দিষ্ট নিয়ম

**১৮। 'জীবনসঙ্গীত' কবিতায় কবি কীসের আশা করতে নিষেধ করেছেন?**
ক) সম্পদের খ) লাভের
গ) সুখের ঘ) দীর্ঘায়ুর

**১৯। 'মাটির ভয়ে রাজ্য হবে মাটি' পঙক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?**
ক) রাজ্য ধুলোয় ভরে যাওয়া
খ) পরিকল্পনা ভেঙে যাওয়া
গ) সভাসদদের কাজ পণ্ড হয়ে যাওয়া
ঘ) রাজ্য অচল হয়ে পড়া

**২০। 'ঝর্নার গান' কবিতার 'শালিক শুক বুলায় মুখ' চরণে 'শুক' বলতে যে পাখিকে বুঝানো হয়েছে–**
i. ময়না
ii. টিয়ে
iii. ফিঙ্গে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

**২১। 'মানুষ' কবিতায় কবি কীসের জয়গান করেছেন?**
ক) তারুণ্যের খ) ধর্মভীরুতার
গ) সাম্যের ঘ) স্বার্থপরতার

**২২। 'ঝর্নার গান' কবিতায় প্রাধান্য পেয়েছে–**
i. প্রাণচঞ্চল্য
ii. স্থবিরতা
iii. গতিময়তা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৩। শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক–কীসের প্রতীক?**
ক) বীরত্বের খ) শৌর্যের
গ) বাহাদুরির ঘ) দানবের

**২৪। মেঘনা নদীর দক্ষ মাঝি কে ছিল?**
ক) সগীর আলী খ) মতলব মিয়া
গ) কেষ্ট দাস ঘ) রুস্তম শেখ

**২৫। আহাদ মুন্সির বুধার কথায় চিন্তিত হওয়ার কারণ হলো–**
i. হয়তো একদিন দেশ স্বাধীন হবে
ii. মুক্তিবাহিনী তাকে ছাড়বে না
iii. মরণের ভয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৬। বুধার হাসির শব্দে কে ভয় পায়?**
ক) শাহবুদ্দিন খ) মতিউর
গ) কুদ্দুস ঘ) আলি

**২৭। চাচির মুখে মুক্তির কথা শুনে বুধা–**
i. হোঁচট খায়
ii. জোরে কাশতে থাকে
iii. গলায় ভাত আটকে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৮। 'খোদা খোদা, আমার মাথা ঘুরছে'–কার মাথা ঘুরছে?**
ক) বহিপীরের খ) হাতেমের
গ) খোদেজার ঘ) তাহেরার

**২৯। 'বিয়ে হলো তকদিরের কথা' –উক্তিটি কার?**
ক) খোদেজার খ) তাহেরার
গ) তাহেরার সৎমায়ের ঘ) বহিপীরের

**৩০। কোন দিক বিবেচনায় তাহেরাকে প্রতিবাদী চরিত্র হিসেবে আখ্যায়িত করা যায়?**
i. চাচাত ভাইয়ের সাথে পালানো
ii. বহিপীরের সাথে যেতে না চাওয়া
iii. খোদেজার কথায় অমত করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক–বিভাগ : গদ্য

১। তারিক সাহেব একজন অবসরপ্রাপ্ত শিক্ষক। বই পড়ার প্রতি প্রবল অনুরাগের কারণে ব্যক্তিগত উদ্যোগে তিনি নিজ বাড়িতে একটি গ্রন্থাগার প্রতিষ্ঠা করেন। আশপাশের মানুষের মাঝে জ্ঞানের আলো ছড়িয়ে দেওয়ার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করেন। তাঁর মহতী উদ্যোগকে স্বাগত জানিয়ে সমাজের অনেক ধনাঢ্য ব্যক্তি তাঁর গ্রন্থাগারে অনুদানস্বরূপ বিভিন্ন ধরনের বই দিয়েছেন। কিন্তু তারিক সাহেবের আত্মীয় বাদল সাহেব সমালোচনা করে বলেন, "শুধু শুধু বই কিনে অর্থ অপচয় করার মধ্যে কোনো সার্থকতা নেই। বরং স্কুল কলেজের নির্ধারিত পাঠ্যবই পড়লেই আলোকিত সমাজ গড়া সম্ভব।"

(ক) মনের দাবি রক্ষা না করলে কী বাঁচে না? ১
(খ) আমরা বাঙালিরা জাত হিসেবে শৌখিন নই কেন? ২
(গ) উদ্দীপকের বাদল সাহেবের মনোভাব 'বই পড়া প্রবন্ধের কোন দিকটির ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের তারিক সাহেবের প্রচেষ্টাই 'বই পড়া' প্রবন্ধের মূলসুর।"–উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২। শত্রুর প্রলোভনে পড়ে ইমাম হাসান (রা) কে তাঁর প্রিয়তমা স্ত্রী জায়েদা বিষ প্রয়োগ করেন। মৃত্যু পথযাত্রী ইমাম হাসান (রা) বিষয়টি জানতে পেরেও তা গোপন রাখেন। তাঁর অনুজ বিষদাতার নাম জানতে চাইলে তিনি তাতে অস্বীকৃতি জানান এবং ভবিষ্যতে জানতে পারলেও তাকে ক্ষমা করতে বলেন।

(ক) হযরতের মৃত্যুশয্যার পাশে শেষ পর্যন্ত কে ছিলেন? ১
(খ) এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা করো। –মহানবী (স.) কেন এ প্রার্থনা করেছিলেন? ২
(গ) উদ্দীপকে ইমাম হাসান (রা) এর চরিত্রে হযরত মুহম্মদ (স) এর যে মহৎ গুণের প্রভাব পড়েছে তা 'মানুষ মুহাম্মদ (স.) প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের উল্লিখিত গুণটি হযরত মুহাম্মদ (স.) এর পরিপূর্ণ গুণের অংশবিশেষ।" –উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩। 'প্রাণ পুড়িয়ে দিচ্ছ আলো,
কেউ কি তবু বাসল ভালো,
অন্ধকারে রাখছে হাতে
সকাল হলেই পদাঘাতে ঠেলছে দূরে;
তাও তুমিও আঁধার নাশের
গান গেয়ে যাও মধুর সুরে........।'

(ক) নিম গাছের প্রশংসায় পঞ্চমুখ কারা? ১
(খ) নতুন লোকটির সাথে নিমগাছ চলে যেতে চাইলো কেন? ২
(গ) উদ্দীপকের ভাববস্তু 'নিমগাছ' গল্পের কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্র ভাবকে প্রকাশ করে কী? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৪। দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে?
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি না চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

(ক) মমতাদি কত টাকা মাইনে আশা করেছিল? ১
(খ) স্বামীর চাকরি হওয়ার পরও কেন মমতাদি রাঁধুনীর কাজ করতে চাইল? ২
(গ) উদ্দীপকের বিষয়বস্তুতে আমরা মমতাদির যে বিশেষ গুণটি দেখতে পাই সেটি কী? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'মমতাদি' গল্পের আলোকে উদ্দীপকের অংশটুকুর যৌক্তিকতা নিরূপণ করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। স্তবক– ১ ঃ মুছে যাওয়া দিনগুলি আমায় যে পিছু ডাকে
স্মৃতি যেন আমার এ হৃদয়ে বেদনার রঙে রঙে ছবি আঁকে।
স্তবক– ২ ঃ এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি।

(ক) কপোতাক্ষের জলে কবির কীসের তৃষ্ণা মেটে? ১
(খ) আর কী হে হবে দেখা?– কবি এই আক্ষেপ করেছেন কেন? ২
(গ) উদ্দীপক–১ 'কপোতাক্ষ নদ' কবিতার কোন চেতনাকে ধারণ করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপক–২ ও কপোতাক্ষ নদ কবিতার মূলসুর এক।" –মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

৬। গ্রীষ্ম চলিল, বর্ষা আসিল, আষাঢ়ে নামিল ঢল।
বুনোপাখি সব ডাকে অবিরল 'বাওয়াক্কেত করতল।'
এই তো কখন নেমেছে বৃষ্টি, অবিরাম তবু ঝরছে।
না পেয়ে উপায় রাখালের দল ভিজে ভিজে বাড়ি ফিরছে।

(ক) চালতা ফুল কীসের জলে ভিজবে? ১
(খ) "পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল"–একথা কেন বলা হয়েছে? ২
(গ) উদ্দীপকের ঋতুর পালাবদলের সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার পালাবদলের কী পার্থক্য রয়েছে? বর্ণনা করো। ৩
(ঘ) "বাংলার প্রকৃতিই উদ্দীপক এবং 'সেই দিন এই মাঠ কবিতার মূল বিষয়।" –তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৭। 'আসমানিদের দেখতে যদি তোমরা সবে চাও,
রহিমুদ্দিনের ছোট্ট বাড়ি রসুলপুরে যাও।
বাড়ি তো নয় পাখির বাসা ভেন্না পাতার ছানি,
একটু খানি বৃষ্টি হলেই গড়িয়ে পড়ে পানি।
একটু খানি হাওয়া দিলেই ঘর নড়বড় করে,
তারি তলে আসমানিরা থাকে বছর ভরে।'

(ক) ডাহুকের বাচ্চা চুরি করেছে কারা? ১
(খ) মা কেন রাত জেগে ছেলের শিয়রে বসে আছেন? ২
(গ) উদ্দীপকের সাথে 'পল্লী জননী' কবিতার সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকটি 'পল্লী জননী' কবিতার সমগ্রভাব ধারণ করতে পারেনি –মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। ঝড়ের রাত্রে, বৈশাখী দিনে, বর্ষার দুর্দিনে
অভিযাত্রিক। নির্ভীক তারা পথ লয় ঠিক চিনে।
হয়তো বা ভুল। তবু ভয় নাই, তরুণের তাজা প্রাণ
পথ হারালেও হার মানে নাকো, করে চলে সন্ধান
অন্য পথের, মুক্ত পথের।

(ক) কাকতাড়ুয়া উপন্যাসে ছবি আঁকার মানুষ কে? ১
(খ) ভয় বুধাকে কাবু করে না কেন? ২
(গ) উদ্দীপকে উল্লিখিত দুর্যোগময় অবস্থা 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে পরিস্থিতিকে নির্দেশ করে তার বর্ণনা করো। ৩
(ঘ) 'কাকতাড়ুয়া উপন্যাসের বুধাই যেন উদ্দীপকের হার মানা পথিক।'–উক্তিটির মূল্যায়ন করো। ৪

৯। হানাদার পাকিস্তানী বাহিনীর হত্যা, নির্যাতন ও ধ্বংসলীলার বিরুদ্ধে রুখে দাঁড়ায় সরাইপুরের কদর আলী। দেশকে শত্রুমুক্ত ও স্বাধীন করার জন্য গ্রামের যুবকদের নিয়ে সে মুক্তিফৌজ গঠন করে। তাদের একের পর এক গেরিলা আক্রমণকে নস্যাৎ করার জন্য পাকসেনাদের দোসর রমজান মিয়া পাকবাহিনীকে সঙ্গে নিয়ে তার গ্রামে অভিযান চালায় এবং আগুন দিয়ে পুরো গ্রাম পুড়িয়ে দেয়।

(ক) বুধা ঘুমের মধ্যে কীসের স্বপ্ন দেখে? ১
(খ) শাহাবুদ্দিন বুধার জন্য উৎকণ্ঠায় ছিল কেন? ২
(গ) উদ্দীপকের রমজান মিয়ার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? –ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের কদর আলীর কাজে 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল সুরটি প্রকাশ পেয়েছে"–মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। আব্দুল্লাহর বাবা একজন নামজাদা পীর ছিলেন। তাঁর পিতার অসংখ্য মুরিদ ছিল। তারা আব্দুল্লাহকে পীর হিসেবে খেদমত করতে চাইত। আধুনিক শিক্ষায় শিক্ষিত আব্দুল্লাহ তা পছন্দ করতেন না। একজন মুরিদ তাঁর পায়ে হাত দিয়ে সালাম করতে গেলে তিনি তাকে বাধা দিয়ে দ্রুত সরে যান। তাতে লোকটি ভাবল, বেহেশতের দুয়ারের চাবি তার হাতছাড়া হয়ে গেল।

(ক) বহিপীরের বাড়ি কোথায়? ১
(খ) 'এমন মেয়েও কারো পেটে জন্মায়, জানতাম না'–খোদেজা কেন একথা বলেছেন? ২
(গ) উদ্দীপকে 'বহিপীর' নাটকের কোন সামাজিক দিকটি প্রকাশিত হয়েছে? বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকের আব্দুল্লাহ এবং 'বহিপীর' নাটকের মাঝে চেতনাগত বৈশাদৃশ্য বিদ্যমান –উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১১। ব্যাংক ঋণের কারণে হক সাহেবের কোটি টাকার বাড়িটি নিলামে ওঠে। দিশেহারা হয়ে যান হক সাহেব। কোনো উপায় না দেখে বন্ধু জহিরের কাছে সাহায্যের আবেদন করেন। জহির বাড়িটাকে নিলাম থেকে রক্ষা করে নিজের নামে করিয়ে নেয়। অসহায় হক সাহেব এ দৃশ্য দেখে হতভম্ব হয়ে যান।

(ক) নাটকের প্রাণ কোনটি? ১
(খ) হাতেম আলী তাহেরাকে বহিপীরের হাতে তুলে দেননি কেন? ২
(গ) উদ্দীপকের জহিরের সাথে 'বহিপীর' নাটকের বহিপীরের বৈসাদৃশ্যগুলো বর্ণনা করো। ৩
(ঘ) 'উদ্দীপকের হক সাহেবের এবং 'বহিপীর' নাটকের জমিদার হাতেম আলির পরিণতি এক নয়'–মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

03

# বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। 'বই পড়া' প্রবন্ধে লেখকের মতে কোথায় দর্শনের চর্চা করা যায়?**
ক) জাদুঘরে খ) গুহায়
গ) মন্দিরে ঘ) লাইব্রেরিতে

**২। 'বই পড়া' প্রবন্ধে গুরুকে উত্তরসাধক বলা হয়েছে, কারণ গুরু—**
ক) শিষ্যের আত্মাকে উদ্‌বোধিত করেন
খ) শিষ্যকে শিক্ষা দান করেন
গ) শিষ্যের জ্ঞান বৃদ্ধি করেন
ঘ) শিষ্যকে পড়া মুখস্থের তাগিদ দেন

**৩। তাগদ শব্দের অর্থ কী?**
ক) শক্তি খ) আনন্দ
গ) কৌশল ঘ) তাড়া দেওয়া

**৪। সে চমক ও লালিমার বার্তা বোধ হয় মার হৃদয়ে পৌঁছাল— এখানে যা প্রকাশ করা হয়েছে তা হলো—**
ক) সহানুভূতি খ) দায়িত্ব দেওয়া
গ) চমকে ওঠা ঘ) ভয় পাওয়া

**৫। কে হযরতের মৃত্যুর পর বহু হাদিস উদ্ধার করেন?**
ক) ফাতেমা (রা.)
খ) হযরত আলী (রা.)
গ) আয়েশা (রা.)
ঘ) হযরত আবু বকর (রা.)

**৬। সুভা যখন কোনো ভাব প্রকাশ করে তখন তা কীভাবে অন্যের উপরে প্রভাবিত হয়?**
i. মুদ্রিত হয়ে
ii. উজ্জ্বলভাবে জ্বলিয়া ওঠে
iii. ম্লানভাবে নিভিয়া আসে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭। যে নিমগাছের শান বাঁধিয়ে দেয় সে—**
i. সৌন্দর্যের পূজারি
ii. স্বার্থ সচেতন
iii. ঔষধি গুণের সমাদরকারী
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৮। চর্যাপদের পাণ্ডুলিপি কে আবিষ্কার করেন?**
ক) বসন্ত চন্দ্র রায়
খ) হরপ্রসাদ শাস্ত্রী
গ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ
ঘ) সুনীতিকুমার

**৯। পচা লাশের দুর্গন্ধে লেখিকা মাছ খাওয়াই বাদ দিয়েছেন। লেখিকা এটি কত তারিখের বর্ণনায় উল্লেখ করেছেন?**
ক) ১৩ই এপ্রিল খ) ১০ই মে
গ) ১২ই মে ঘ) ১৭ই মে

**১০। "অনুভূতির জগতে সে ফতুর হয়ে পড়ে"— এখানে 'সে' বলতে বুঝানো হয়েছে কাকে?**
ক) যার শিক্ষার অভাব রয়েছে
খ) যার মূল্যবোধের অভাব
গ) যার আত্মিক মৃত্যু ঘটেছে
ঘ) যে দুর্বল চিত্তের মানুষ

**১১। কাবুলি সবুজ চায়ে প্রথম পেয়ালার পরের পেয়ালাগুলোতে কী দেওয়া হয় না?**
ক) গুড় খ) আদা
গ) চা পাতা ঘ) দুধ ও চিনি

**১২। সেনাবাহিনী বাজারে—**
i. আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছিল
ii. ক্যাম্প স্থাপন করেছিল
iii. গুলি করে মানুষ হত্যা করেছিল
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩। সামাজিক শোষণ-বঞ্চনার অবসান বুঝাতে কবি ব্যবহার করেছেন—**
i. রাতের অবসানে সূর্যোদয়
ii. মাটি ঘামে ভিজে যাওয়া
iii. দুঃখের কালের অবসান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪। সেবার কলেরা মহামারিতে উজাড় হয়ে যায় গাঁয়ের—**
ক) সব লোক
খ) এক-তৃতীয়াংশ লোক
গ) অর্ধেক লোক
ঘ) এক-চতুর্থাংশ লোক

**১৫। সাধারণ মানুষের প্রতীক্ষা কার জন্য?**
ক) কবির খ) নায়কের
গ) শিল্পীর ঘ) গায়কের

**১৬। "পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল"— পংক্তিতে কী প্রকাশ পেয়েছে?**
ক) চালতা ফুলের শিশির ভেজা সৌন্দর্য
খ) লক্ষ্মীপেঁচার গানের মিষ্টিসুর
গ) প্রকৃতির চিরকালীন সৌন্দর্য
ঘ) এশিরিয়া ও বেবিলন সভ্যতার বিলুপ্তি

**১৭। "ঝড়ে কাঁপে যেন নীড়ের পাখিটি জড়ায়ে মায়ের ডানা"— চরণটি দ্বারা কী বুঝানো হয়েছে?**
ক) সন্তানের মৃত্যুর কথা মনে জাগা
খ) বাঁচার তীব্র আকাঙ্ক্ষা
গ) মায়ের আতঙ্কিত অবস্থা
ঘ) রোগ মুক্তির লক্ষণ

**১৮। মাদ্রাসার ছাত্র সগীর আলী আরবি-ফারসি ভাষায় বিভিন্ন কিতাব পড়লেও বাংলা ভাষাই তার কাছে মধুর বলে মনে হয়। উদ্দীপকের সগীর আলীর সাথে 'বঙ্গবাণী' কবিতার কবির সাদৃশ্য কোন দিক দিয়ে?**
ক) কিতাব পড়া
খ) কাব্য রচনা করা
গ) মাতৃভাষা প্রীতি
ঘ) ভাষার পারদর্শিতা

**১৯। 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের মিলবিন্যাস কোনটি?**
ক) কখখক খখখক খ) কখকখ কখখক
গ) কখখগ খখখগ ঘ) কখকখ কখকখ

**২০। কোনটি ইংরেজি কবিতার ভাবানুবাদ?**
ক) কপোতাক্ষ নদ খ) মানুষ
গ) জীবন-সঙ্গীত ঘ) জুতা আবিষ্কার

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
মিজান সাহেব মিষ্টির প্যাকেট নিয়ে রিকশায় বাড়ি ফেরার পথে যানজটে আটকে গেলে একটি ক্ষুধার্ত পথশিশু তাঁর কাছে টাকা চায়। তিনি তাকে দূর দূর করে তাড়িয়ে দেন।

**২১। উদ্দীপকের মিজান সাহেবের আচরণের সাথে 'মানুষ' কবিতার সাদৃশ্যপূর্ণ উক্তিটি হলো—**
ক) ভুখারি ফিরিয়া চলে
খ) মর গো-ভাগাড়ে গিয়ে
গ) গোস্ত-রুটি নিয়া মসজিদে দিল তালা
ঘ) সহসা বন্ধ হলো মন্দির

**২২। 'মানুষ' কবিতায় কবির মতে মিজান সাহেবের মতো মানুষেরা—**
i. স্বার্থপর
ii. অহংকারী
iii. আত্মকেন্দ্রিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৩। 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে অতি সংক্ষেপে কীসের পরিচয় আছে?**
ক) বিচিত্র সাহিত্যরীতির
খ) সাহিত্যের গঠনের
গ) সাহিত্যের উৎপত্তির
ঘ) সাহিত্যিকের জীবনীর

**২৪। বুধা কার বোঝা এগিয়ে দিয়েছিল?**
ক) রানির খ) হরিকাকুর
গ) নোলক বুয়ার ঘ) চাচার

**২৫। মুহম্মদ (স.)-এর মক্কা বিজয়ের দিন কাফেররা খালিদের সাথে হাঙ্গামা বাঁধিয়ে দিল কেন?**
ক) যুদ্ধ করার অভিপ্রায়ে
খ) খালিদ প্রতারণা করার কারণে
গ) খালিদ ইসলাম গ্রহণ করায়
ঘ) মুহম্মদ (স.)-কে হত্যা করার জন্য

**২৬। স্বপ্নের আশ্চর্য দেশে বুধা কাকে পাশে দেখতে পায়?**
ক) কুন্তি খ) মিঠু গ) ফুলকলি ঘ) আলি

**২৭। 'বহিপীর' নাটকে পরিলক্ষিত হয়েছে—**
i. জমিদারের অমানুষিক অত্যাচার
ii. পাকিস্তানি শাসকের নির্যাতন
iii. পীর সম্প্রদায়ের সৃষ্ট ধর্মীয় কুসংস্কার
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৮। "কিন্তু বার্তাবাহককে যে দলহীন হতে হয়।" এখানে বার্তাবাহক কে ছিলেন?**
ক) খোদেজা খ) হকিকুল্লাহ
গ) হাতেম ঘ) হাশেম

**২৯। ঝড়ের সময় বজরাটি কোথায় অবস্থান নিয়েছিল?**
ক) খালের ভিতরে খ) ডেমরা ঘাটে
গ) একটি গাছের নিচে ঘ) বড় লঞ্চের নিকটে

**৩০। বহিপীরের মতে, সবকিছু ত্যাগ করলে মানুষ কীসে পরিণত হয়?**
ক) অমানুষে খ) কসাইয়ে
গ) মিথ্যাবাদীতে ঘ) স্বার্থপরে

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। কানাই ও ছোকানু দুই ভাই-বোন। কানাই তার ছোট বোন ছোকানুকে অনেক ভালোবাসে এবং তার প্রতি অনেক দায়িত্বশীল। তারা নৌকাভ্রমণে গেলে ছোকানুকে কানাই চোখে চোখে রাখে। ছোকানু ক্লান্ত হয়ে নৌকায় ঘুমিয়ে পড়লে কানাই মাঝিকে অনুরোধ করে তার প্রতি খেয়াল রাখার জন্য।

(ক) হরিহরের মাসিক বেতন কত? ১
(খ) "তুই অতগুলো খাবি দিদি?" অপুর এ কথা বলার কারণ কী? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটিকে তুলে ধরে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের কানাই-ই যেন দুর্গার প্রতিনিধিত্ব করছে"— উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

২। আরমান সাহেব চাকরিসূত্রে আফগানিস্তান যান। সেখানকার ভৌগোলিক পরিবেশ তাকে মুগ্ধ করে। তিনি যে বাংলোয় থাকেন সেখানে তার দেখাশোনার দায়িত্বে থাকা ব্যক্তিটি যথেষ্ট রসিক। সে আরমান সাহেবকে বিভিন্ন স্বাদের খাবারের সঙ্গে পরিচয় করিয়ে দেয়। রসিক ব্যক্তির সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা করে সুন্দর সময় কাটে আরমান সাহেবের।

(ক) লেখক বাসা পেয়েছিলেন কোন গ্রামে? ১
(খ) আবদুর রহমান লেখককে পানশির যাওয়ার কথা কেন বলেন? ২
(গ) উদ্দীপকের রসিক ব্যক্তিটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির কোন চরিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির ভাবার্থের দর্পণ"— মন্তব্যটি যাচাই করো। ৪

৩। তিনি গানওয়ালা। একদিন লিখেছিলেন ' কোন মেস্তরি নাও বানাইছে, কেমন দেখা যায়'। শাহ্ আবদুল করিমের গান সবার মুখে মুখে। এই লোকশিল্পীর গানের কথা ও সুরের আবেশ আচ্ছন্ন করেছে নতুন প্রজন্মকেও। এটা লক্ষ করে বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র সমুদ্র শাহ আবদুল করিমের গানগুলো যেন সঠিক সুরে ও কথায় গাওয়া হয়, তার জন্য গবেষণার পরিকল্পনা গ্রহণ করেন।

(ক) নৃতত্ত্ব কী? ১
(খ) পল্লি-সাহিত্য সম্পদের মধ্যে যেগুলো অমূল্য রত্নবিশেষ তার সংক্ষিপ্ত বর্ণনা দাও। ২
(গ) উদ্দীপকে 'পল্লি-সাহিত্য' প্রবন্ধে উল্লিখিত পল্লি-সাহিত্যের কোন উপাদানটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের সমুদ্রের উদ্যোগ এবং 'পল্লি-সাহিত্য' প্রবন্ধে উল্লিখিত প্রাবন্ধিকের আকাঙ্ক্ষা এক ও অভিন্ন— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৪। দশ বছরের গৃহপরিচারিকা সুমাইয়া আক্তারের পুরো শরীরে খুন্তির ছ্যাঁকা, মারধরের ক্ষতচিহ্ন দেখতে হয়েছে সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে। কুমিল্লায় নির্যাতনের শিকার মেয়েটির শরীরের নিচের অংশ পানিতে ঝলসে গেছে। গত তিন জানুয়ারি রাতে কুমিল্লা শহরতলির ধর্মপুর এলাকায় বাসার দ্বিতীয় তলা থেকে সে লাফিয়ে পড়ে। এ ঘটনায় গৃহকর্ত্রী তাহমিনা তুহিনকে গ্রেপ্তার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। একটি সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষের স্ত্রীর কাছে আমরা এ ধরনের অমানবিক আচরণ প্রত্যাশা করিনি। যদিও সেই অবসরপ্রাপ্ত অধ্যক্ষ দাবি করেছেন, ঘটনার সময় তিনি বাইরে ছিলেন এবং তাঁর স্ত্রী এ ধরনের আচরণ করেননি। এটিকে দুর্ঘটনা বলে অজুহাত দাঁড় করানোর চেষ্টা করা হচ্ছে।

(ক) 'মমতাদি' গল্পের রচয়িতা কে? ১
(খ) রাঁধুনী বলায় চমকে মমতাদির মুখ লাল হলো কেন? ২
(গ) উদ্দীপকের সুমাইয়া ও 'মমতাদি' গল্পের মমতাদির সাথে গৃহকর্ত্রীর আচরণের বৈসাদৃশ্য নিরূপণ করো। ৩
(ঘ) সুমাইয়ার প্রতি তার গৃহকর্ত্রীর আচরণ কেমন হওয়া উচিত? 'মমতাদি' গল্পের আলোকে তোমার মতামত দাও। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। কিন্তু যে সাধেনি কভু জন্মভূমির হিত
স্বজাতির সেবা যেবা করেনি কিঞ্চিৎ
জানাও সে নরাধম জানাও সত্বর
অতীব ঘৃণিত সেই পাষণ্ড বর্বর।

(ক) 'মারফত' শব্দের অর্থ কী? ১
(খ) মাতৃভাষার মাধ্যমে শিক্ষায় মানুষের ভাগ্য কীভাবে সুপ্রসন্ন হয়? ২
(গ) উদ্দীপকটি 'বঙ্গবাণী' কবিতার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের মূলভাব এবং 'বঙ্গবাণী' কবিতার মূলভাব পুরোপুরি এক নয়"— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৬। মানুষ সৃষ্টির সেরা জীব। মানবজীবন নাতিদীর্ঘ। মানুষ স্বীয় কর্মের জন্য সাফল্য-ব্যর্থতায় পর্যবসিত হয়। ভোগ, লোভ-লালসার চিন্তায় মানুষ ব্যর্থতা অর্জন করে। পক্ষান্তরে, ত্যাগ, ধৈর্য ও সহিষ্ণুতার মাধ্যমে মানুষ সফলতা অর্জন করে।

(ক) 'ধ্বজা' শব্দের অর্থ কী? ১
(খ) 'আয়ু যেন শৈবালের নীর' বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি ব্যর্থতার যে বর্ণনা দিয়েছেন উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) "সাফল্য অর্জনে চাই ত্যাগ, ধৈর্য ও সহিষ্ণুতা"— উদ্দীপক ও 'জীবন-সঙ্গীত' কবিতা অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৭। ইদ এলো, ইদ এলো চান্দু মিয়ার ঘরে, রঙিন পোশাক দামি খাবার আপনজনের তরে, পাশের ঘরে পড়ে আছে রহিমুদ্দির মা, পেটের ক্ষুধায়, কেঁদে মরে তাকে দিলাম না। এইতো মোদের ইদ, গাই সাম্যের গীত।

(ক) মসজিদে কে তালা দিল? ১
(খ) মোল্লা সাহেব হেসে কুটি কুটি হয় কেন? ২
(গ) উদ্দীপকের চান্দু মিয়ার সাথে 'মানুষ' কবিতার মোল্লা-পুরোহিতের চরিত্রের যে সাদৃশ্য পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের 'রহিমুদ্দির মা' 'মানুষ' কবিতার বঞ্চিতের যথার্থ প্রতিনিধি হয়ে উঠতে পেরেছে কি? তোমার মতামতের সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। **গানের অংশ-১ :**
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি
তোমার ভয় নেই মা আমরা প্রতিবাদ করতে জানি।
**গানের অংশ-২ :**
এক নদী রক্ত পেরিয়ে বাংলার আকাশে রক্তিম সূর্য আনলে যারা
তোমাদের এই ঋণ কোনোদিন শোধ হবে না।
না, না, না, শোধ হবে না।

(ক) বুধা কার জন্য গান গাইবে? ১
(খ) কী কারণে বুধা মাটি কাটার দলে যোগদান করে? ২
(গ) গানের অংশ-১ এর সাথে বুধা চরিত্রের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) "গানের অংশ-২ 'কাকতাড়ুয়া' উপন্যাসের একটি বিশেষ দিকের তাৎপর্য বহন করে" মূল্যায়ন করো। ৪

৯। কলেজপড়ুয়া শওকত দেশপ্রেমের চেতনায় ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে। তার নেতৃত্বে একের পর এক গেরিলা আক্রমণে অতিষ্ঠ পাকিস্তানি সেনারা। অপারেশন জ্যাকপটের সফল অভিযানের পর পাকিস্তানি সেনারা শওকতদের গ্রামে আক্রমণ করে। বাড়িঘর জ্বালিয়ে দেয়। আর যাকে যেখানে পেয়েছে, সেখানেই নির্মমভাবে হত্যা করে। একসময় শওকত জানতে পারে তার স্বজন হারানোর খবর। কিন্তু সে আপসহীন। তার একটাই প্রতিজ্ঞা, এ দেশের মাটি থেকে ওদের তাড়াতেই হবে।

(ক) আলির মতে, কী খেলে বুধার মগজ ভরে? ১
(খ) বুধার চাচি বুধাকে 'কামাই' করতে বলেছিল কেন? ২
(গ) উদ্দীপকটির বর্ণিত কাহিনী 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটির ইঙ্গিত করে, তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের শওকতের মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল বক্তব্য। যুক্তিসহ প্রমাণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। পিতৃমাতৃহারা আয়শা মামার বাড়িতে থাকে। মামি তাকে বোঝা মনে করে। তাই বিয়ের বয়স হওয়ার আগেই তাকে সতিনের সংসারে এক বৃদ্ধের সাথে জোর করে বিয়ে দিয়ে দেয়। আয়শা এই বিয়ে মেনে নিতে পারেনি। তাই পালিয়ে সে শহরে চলে যায় এবং একটি গার্মেন্টসে কাজ নিয়ে আত্মনির্ভরশীল হয়ে ওঠে।

(ক) 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১
(খ) "তাহেরাকে নারী জাগরণের প্রতীকী চরিত্র বলা হয়েছে কেন?" ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রকাশ পেয়েছে ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের আয়শা এবং 'বহিপীর' নাটকের তাহেরা পুরোপুরি একরকম নয়"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১১। লালসালু উপন্যাসের ভণ্ডপীর মজিদ কিশোরী জমিলাকে বিয়ে করে মাজারের সেবায় নিয়োজিত করে। কিন্তু জমিলা মজিদের ভণ্ডামির রহস্য বুঝতে পারে। সে মজিদের অবাধ্য হয়ে ওঠে। মজিদের গায়ে থু-থু মারে। স্বামী হিসেবে মজিদকে মেনে নেয়নি। বরং সে মজিদের বিরুদ্ধে আরও প্রতিবাদী হয়ে ওঠে। মজিদ শুধু বলে, নাফরমানি করিয়ো না।

(ক) বহিপীরের গ্রামের নাম কী? ১
(খ) বহিপীর বইয়ের ভাষায় কথা বলেন কেন? ২
(গ) উদ্দীপকের মজিদ ও 'বহিপীর' নাটকের বহিপীর চরিত্রের সাদৃশ্য দেখাও। ৩
(ঘ) উদ্দীপকের জমিলা চরিত্রটি 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রটিকে পুরোপুরি নির্দেশ করে কি? বিচার করো। ৪

04

# সেন্ট গ্রেগরী হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ২৫ মিনিট | পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :**

বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য ঢাকায় মামার বাসায় থাকে মাতৃহীন অনিক। নিঃসন্তান মামির অকারণে জোরাজোরি করা, লেখাপড়ার বিষয়ে অযথা বকা দেওয়া, মাঝে মাঝে তার কাছে অত্যাচারের মতো মনে হয়। বিশেষ করে খাওয়া-দাওয়ার ব্যাপারে সে কিছুতেই মামিকে খুশি করতে পারে না।

১। **উদ্দীপকের অনিকের অবস্থা 'প্রবাস বন্ধু' রচনার কোন উক্তিতে স্পষ্ট ফুটে উঠেছে?**
(ক) আমার ভৃত্য আগা আবদুর রহমান এককালে মেসের চার্জে ছিলেন
(খ) তোমার বপুটার সঙ্গে আমার তনুটা মিলিয়ে দেখো দিকিনি
(গ) তাড়াতাড়ি এগিয়ে অভয়বাণী দিল রান্নাঘরে আরও আছে
(ঘ) মাথা নিচু করে বললো, 'আমার রান্না হুজুরের পছন্দ হয়নি'

২। **উদ্দীপকের মামি এবং 'প্রবাস বন্ধু' রচনায় আবদুর রহমানের মধ্যে সাদৃশ্য হলো—**
i. গভীর মমত্ববোধ
ii. কর্তব্যে সচেতনতা
iii. আতিথেয়তার আতিশয্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩। **'সুভা' গল্পের কোন উক্তিতে সুভার মনের ভাব চোখের ভাষার মর্মার্থ প্রকাশ পেয়েছে?**
(ক) তাহার সুদীর্ঘ পল্লব বিশিষ্ট বড়ো দুটি চোখ ছিল
(খ) কালো চোখকে কিছু তর্জমা করতে হয় না
(গ) যাহার ভাষা নেই, তাহার চোখের ভাষা অসীম
(ঘ) মন আপনি তাহার উপরে ছায়া ফেলে

৪। **'আম-আঁটির ভেঁপু'— গল্পে ফুটে উঠেছে—**
(ক) প্রকৃতির বৈচিত্র্য (খ) সামাজিক জীবন
(গ) মুক্ত জীবনের প্রতি টান (ঘ) প্রকৃতির সাথে ঘনিষ্ঠতা

৫। **'নিয়তি' গল্পে উল্লিখিত কোন জ্বর নিয়মিত আসে?**
(ক) ম্যালেরিয়া (খ) বাতজ্বর
(গ) টাইফয়েড (ঘ) চিকনগুনিয়া

৬। **সরস প্রাণের জীবন্ত উৎস কোনগুলো?**
(ক) প্রবাদ ও প্রবচন (খ) ছড়া ও কবিতা
(গ) রূপকথা ও উপকথা (ঘ) ছড়া ও গান

৭। **'নিমগাছ' গল্পে 'শিকড়' কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
(ক) পরোপকার (খ) দায়িত্বশীলতা
(গ) সাংসারিক বন্ধন (ঘ) অস্তিত্ব

৮। **মন্ময় প্রবন্ধে লেখকের কোনটি প্রধান হয়ে ওঠে?**
(ক) পাণ্ডিত্য (খ) ব্যক্তিহৃদয়
(গ) বুদ্ধি (ঘ) জ্ঞানের পরিচয়

৯। **'জুতা-আবিষ্কার' কবিতায় কার পাকাদাড়ি ভেসেছিল?**
(ক) গোবুর (খ) হবুর
(গ) পণ্ডিতের (ঘ) চামারের

১০। **কাজী নজরুল ইসলাম তাঁর 'উমর ফারুক' কবিতায় হযরত উমর (রা.) সম্পর্কে বলেন— "ফেরদৌস ছাড়ি নেমে এসো তুমি সেই শমশের ধরি।/ আর একবার লোহিত-সাগরে লালে-লাল হয়ে মরি।"— এখানে 'মানুষ' কবিতায় কবির কোন মনোভাবের প্রকাশ ঘটেছে?**
(ক) সাহসিকতা (খ) সহমর্মিতা
(গ) সাম্যবাদ (ঘ) বিদ্রোহ

১১। **'আমি কোনো আগন্তুক নই' কবিতার উল্লিখিত মাছরাঙা কোন গাছে বসে আছে?**
(ক) জারুল (খ) জামরুল (গ) ডুমুর (ঘ) হিজল

১২। **সহজিয়াপন্থী বৌদ্ধ কবিদের সৃষ্ট চর্যাপদের মধ্যে বাঙালি জাতিসত্তার কোন পরিচয় প্রকাশ পেয়েছে?**
(ক) আবহমান গ্রামীণ রূপ
(খ) অসাম্প্রদায়িক জীবনবোধ
(গ) বিদ্রোহী চেতনা
(ঘ) সাংস্কৃতিক ঐতিহ্য

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**

সময় ও স্রোত কারও জন্য অপেক্ষা করে না। তাই সময় থাকতেই আমাদেরকে জীবনের দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। অন্যথায় জীবনে দুঃখ আসার সম্ভাবনাই বেশি।

১৩। **অনুচ্ছেদের বক্তব্যের সাথে কোন কবিতাটির ভাবগত মিল পাওয়া যায়?**
(ক) আশা (খ) রানার
(গ) জীবন-সঙ্গীত (ঘ) মানুষ

১৪। **উক্ত সাদৃশ্য বিবেচনার ভিত্তি হলো—**
i. জীবনের নশ্বরতা
ii. সংসারের দায়িত্ব
iii. মিথ্যা সুখের কল্পনা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫। **'মানুষ' কবিতায় পুরোহিতের আচরণে কী ফুটে উঠেছে?**
(ক) ধর্মান্ধতা (খ) স্বার্থপরতা
(গ) নীতিহীনতা (ঘ) গোপনীয়তা

১৬। **"মাতা পিতাসহ ক্রমে বঙ্গেত বসতি" কবিতার এ চরণে প্রকাশ পেয়েছে—**
i. স্বদেশপ্রেম
ii. স্বাজাত্যবোধ
iii. ভাষাপ্রীতি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**

সাগর মামার টাকায় লেখাপড়া শিখে আজ প্রতিষ্ঠিত। হঠাৎ মামার কিডনি নষ্ট হলে সাগর নিজের একটি কিডনি দিয়ে মামাকে সুস্থ করে তোলে।

১৭। **উদ্দীপকের সাগরের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য আছে?**
(ক) হাশেম আলি (খ) হাতেম আলি
(গ) তাহেরা (ঘ) খোদেজা

১৮। **উক্ত সাদৃশ্য বিবেচনার ভিত্তি হলো—**
i. কৃতজ্ঞতা
ii. সরলতা
iii. পরোপকারিতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯। **'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার দক্ষ মাঝি কে?**
(ক) সগীর আলী (খ) কেষ্টদাস
(গ) মতলব মিয়া (ঘ) রুস্তম শেখ

২০। **"মাটিতে আমার গন্ধ, আমার শরীরে লেগে আছে এই স্নিগ্ধ মাটির সুবাস"— এ চরণে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে?**
(ক) দেশপ্রেম (খ) মর্ত্যপ্রীতি
(গ) নিসর্গপ্রেম (ঘ) আত্মতৃপ্তি

২১। **বুধা রাজাকার কমান্ডারের বাড়িতে আগুন দেয় কেন?**
i. প্রতিশোধ নিতে
ii. প্রতিহিংসায়
iii. অন্যের প্ররোচনায় দেশরক্ষায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২। **উপন্যাসের প্রধান উপজীব্য কোনটি?**
(ক) কাহিনি (খ) চরিত্র
(গ) দৃশ্য (ঘ) ভাষা

২৩। **"তোর জন্য উৎকণ্ঠায় আমি প্রায় শেষ হয়ে যাচ্ছিলাম, মুক্তিযুদ্ধ" শাহাবুদ্দিন কেন এ কথা বলেছিলেন?**
(ক) মিলিটারির নৃশংসতার কথা ভেবে
(খ) রাজাকারদের ষড়যন্ত্রের ভয়ে
(গ) বুধার নিরাপত্তার কথা ভেবে
(ঘ) দায়িত্বপালনে অক্ষমতার ভয়ে

২৪। **"ক্যাঙ্গার মার মত সতী-লক্ষ্মী আর দুলে পাড়ায় নেই"— উক্তিটি কার?**
(ক) বিন্দির মার (খ) বিন্দির পিসির
(গ) নাপিত-বউ (ঘ) ঘরাখালের পিসির

২৫। **'গোয়েবলস্'-এর সময়কাল কত?**
(ক) ১৮৭০–১৯২১ (খ) ১৮৯৭–১৯৪৫
(গ) ১৮৫০–১৯১০ (ঘ) ১৮৯১–১৯৬৫

২৬। **অর্থচিন্তা থেকে মুক্তি পেতে হলে করণীয়—**
(ক) শিক্ষার প্রয়োজনীয় দিককে গুরুত্ব দেয়া
(খ) মূল্যবোধ জাগ্রত করা
(গ) লক্ষ্য সম্বন্ধে সচেতন থাকা
(ঘ) অন্নচিন্তার সমাধান করা

২৭। **"এদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা করো"— এ উক্তিটিতে মুহম্মদ (স.) এর কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
(ক) সহিষ্ণুতা (খ) সহনশীলতা
(গ) মহানুভবতা (ঘ) উদারতা

২৮। **মোহাম্মদ ওয়াজেদ আলীর গদ্যশৈলীর বৈশিষ্ট্য কোনটি?**
(ক) তথ্যনির্ভর (খ) চটুল
(গ) ছন্দময় (ঘ) সাবলীল

২৯। **জীবনানন্দ দাশের কবিতার মৌলিক প্রেরণা কোনটি?**
(ক) প্রাকৃতিক সৌন্দর্য (খ) স্বদেশপ্রেম
(গ) প্রকৃতি প্রীতি (ঘ) প্রকৃতির রহস্যময় সৌন্দর্য

৩০। **"দুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষা ক্ষেত্র"— উক্তিটি কার?**
(ক) হাতেম আলির (খ) তাহেরার
(গ) বহিপীরের (ঘ) হাশেম আলির

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ২০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। বিকেল বেলা লাল গোরুটা ছুটতে ছুটতে এসে হাজির। নিধিরাম উঠানের ধারে বসে বেড়া বাঁধছিল। আর এদিকে-ওদিকে নয়, লাল গোরুটা সোজা গিয়ে লম্বা মুখটা তার কাঁধের উপর তুলে দিল। ঠান্ডা নাকটা গায়ে লাগতেই নিধিরাম চমকে উঠল, এটা আবার কী? ওমা, এ যে লাল গোরুটা। অ্যাঁ, কেমন করে এসে পড়লো? ঐ লাল গোরুটা তার ডাগর চোখ দুটি ওর মুখের দিকে তুলে ধরলো। ওর চোখ দুটো যেন কথা বলছে। যেন বলছে, তোমার এ কেমন আক্কেল বলতো? আমাকে একা কোথায় পাঠিয়ে দিয়েছিলে? আমি কি তোমাদের ছেড়ে থাকতে পারি? গোরু তো মুখ ফুটে কথা বলতে পারে না। কিন্তু মনে মনে সে এ কথাই বলছিল। তারপর তাকে নিয়ে বাড়িসুদ্ধ হৈ হৈ পড়ে গেল। ছেলেমেয়েরা চেঁচামেচি মাতামাতি শুরু করে দিল। নিধিরাম লাল গোরুর গলা জড়িয়ে ধরে বলল, আমার গোরু।

(ক) 'নিয়তি' গল্পে গল্প কথকের কোন অসুখটা বেশ পছন্দ হলো? ১
(খ) 'নিয়তি' গল্পে মুক্তির মহানন্দ বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের লাল গোরুটা 'নিয়তি' গল্পের সাথে যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা বর্ণনা করো। ৩
(ঘ) "উদ্দীপকের নিধিরাম ও 'নিয়তি' গল্পের লেখক যেন একই সূত্রে গাঁথা"— যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

২। **উদ্দীপক-১ :** সব লোকে কয় লালন কী জাত সংসারে।
লালন কয়, জাতের কী রূপ, দেখলাম না এ নজরে।
**উদ্দীপক-২ :** গর্তে গেলে কূপজল কয়/ গঙ্গায় গেলে গঙ্গাজল হয়,
মূলে এক জল সে যে ভিন্ন নয়/ ভিন্ন জানায় পাত্র অনুসারে।

(ক) অভাগীর বাবা কী কাজ করতো? ১
(খ) অভাগী কাঙালির হাতের আগুন পেতে আকাঙ্ক্ষী ছিলো কেন? ২
(গ) উদ্দীপক-১ এর চরণে 'অভাগীর স্বর্গ' গল্পের সমাজজীবনের কোন বাস্তব চিত্র পরিলক্ষিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপক-২ এর প্রকাশিত ভাবধারা যদি অভাগীর গ্রামবাসীরা পালন করতো তা হলে অভাগীর শেষ আকাঙ্ক্ষা পূরণ হতো বলে তুমি মনে করো কি? যুক্তি দাও। ৪

৩। তরুতলে বসি পান্থ শ্রান্তি করে দূর/ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙ্গে লয়,/তরু তবু অকাতর কিছু নাহি কয়।

(ক) বনফুল একপাতা-আধপাতার গল্প লিখতেন কোন পত্রিকায়? ১
(খ) নিমগাছটা বাড়ির পিছনে আবর্জনার স্তূপের মধ্যেই দাঁড়িয়ে রইল কেন? ২
(গ) উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটিতে 'নিমগাছ' রচনার সমগ্রভাব প্রকাশ পায়নি"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৪। তোমার ছেলে আসল ফিরে/হাজার ছেলে হয়ে
আর কেঁদো না মা, কেননা/ মা তো কাঁদে না।
মার চোখে নেই অশ্রু, কেবল/ শত্রুহননের আহ্বান।

(ক) 'একাত্তরের দিনগুলি' রচনায় আকাশযুদ্ধ-বিরতি কয়টা পর্যন্ত বাড়ানো হয়েছে? ১
(খ) "ডলির কথা মনে পড়ে মনটা খারাপ হয়ে গেল"— কেন? ২
(গ) উদ্দীপকের কবিতাংশে 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি ফুটে উঠেছে— তা বর্ণনা করো। ৩
(ঘ) "উদ্দীপকের ছেলে এবং 'একাত্তরের দিনগুলি' রচনার রুমীর মতো তরুণদের অদম্য চেতনাই আমাদের স্বাধীনতা এনে দিয়েছে"— মন্তব্যটি যথার্থতা নিরূপণ করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। অসহায় জাতি মরিছে ডুবিয়া জানে না সন্তরণ,
কাণ্ডারি আজ দেখিব তোমার মাতৃমুক্তি পণ।
'হিন্দু না ওরা মুসলিম' ওই জিজ্ঞাসে কোন জন?
কাণ্ডারি বল ডুবিছে মানুষ, সন্তান মোর মার।

(ক) 'তেরিয়া' শব্দের অর্থ কী? ১
(খ) "ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বার"— কেন বলা হয়েছে? ২
(গ) কবিতার চরণগুলোতে 'মানুষ' কবিতার যে ভাবের বহিঃপ্রকাশ ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের উদ্দিষ্ট চেতনাই এককভাবে গড়তে পারে মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬। 'আসাদের মৃত্যুতে আমি/ অশ্রুহীন; অশোক' কেননা
নয়ন কেবল বজ্রবর্ষী, কেননা/ আমার বৃদ্ধ পিতার শরীরে
এখন পশুদের প্রহারের / চিহ্ন; কেননা আমার বৃদ্ধ মাতার
কণ্ঠে নেই আর্ত হাহাকার, নেই/ অভিসম্পাত – কেবল
দুর্মর ঘৃণার আগুন।'

(ক) 'সাহসী জননী বাংলা' কবিতায় কবি 'নীলকমল' বলতে কাদের বুঝিয়েছেন ? ১
(খ) 'কবিতার হাতে রাইফেল' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
(গ) উদ্দীপকে 'সাহসী জননী বাংলা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে আলোচ্য কবিতার সমগ্র অনুভূতি দৃশ্যমান"— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৭। কার জামাটা ময়লা হয়েছে, কে চা খাবে, কখন খালাম্মার ওষুধ খাওয়াতে হবে– প্রায় সব কাজ একা সামলায় দশ বছরের ফুলি। বাড়ির সকলের প্রতি তার সমান দায়িত্ব। বাইরের কোনো মানুষ দেখে বুঝতেই পারবে না যে, সে এ বাড়ির কাজের মেয়ে। বাড়ির সবাই তাকে অনেক আদর-যত্নে রেখেছে। ফুলির সামান্য সর্দি-জ্বরে সবাই অস্থির হয়ে ওঠে। ফুলি নিজেকে খুব ভাগ্যবতী মনে করে।

(ক) সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মৃত্যুবরণ করেন? ১
(খ) রানারের কাছে পৃথিবীটা 'কালো ধোঁয়া' মনে হয় কেন? ২
(গ) উদ্দীপকের 'ফুলি' ও 'রানার' কবিতার রানারের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের বাড়ির লোকজন যেন 'রানার' কবিতার রচয়িতার চেতনারই ধারক"– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রচার দপ্তর

'মোনাফেকদের ক্ষমা নাই'

.... 'সিরাজদ্দৌলা' নাটকে নাট্যকার নবাব সিরাজদ্দৌলার মুখ দিয়ে জানিয়েছেন : "মীরজাফর, জগৎশেঠ, রাজবল্লভ, উমিচাঁদের দল কি আর জন্মগ্রহণ করবে না গোলাম হোসেন?" নাট্যকারের সে আশা অমূলক নয়। বাংলায় বহু বিশ্বাসঘাতক জন্ম নিয়েছে এবং তারা বহাল তবিয়তে বাংলাদেশ ও বাঙালির সাথে বেঈমানি করে চলেছে।... বিশ্বাসঘাতককে তাদের কাজের জন্য চরম মূল্য দিতে হবে। কোনো ক্ষমা নেই।
(সূত্র : বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস ও দলিলপত্র, পৃষ্ঠা : ৫০৮, ৫০৯)

(ক) 'এইসব প্রজাপতি তোর জন্য'– উক্তিটি কে করেছিল? ১
(খ) 'আমরা তিনজন নই, একজন।' উক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের মীরজাফর, জগৎশেঠ, রাজবল্লভ ও উমিচাঁদ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতীক? বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সারবস্তু ফুটে উঠেছে– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৯। ১৮৬০ সালে ইংরেজ নীল ব্যবসায়ীরা বড় বড় কুঠিবাড়ি তৈরি করে এদেশে নীলের চাষ শুরু করে। তারা বাংলার কৃষকের ভালো ধানের জমিতে নীল চাষ করার জন্য কৃষককে দাদন দিয়ে বাধ্য করতো। ইংরেজরা ত্রিশ টাকার নীলে ভাগ পেত পঁচিশ টাকা, কিন্তু কৃষকরা পেত মাত্র পাঁচ টাকা। ফলে এতে কৃষকের খরচের টাকাও উঠে আসতো না। আবার বাংলার কোনো কৃষক যদি নীলচাষ করতে অনিচ্ছা প্রকাশ করতো, তাহলে তাকে লাঠিয়াল দিয়ে ধরে এনে কুঠিবাড়ির কয়েদখানায় বন্দি করে নিষ্ঠুরভাবে অত্যাচার করা হতো।

(ক) কত সালে সেলিনা হোসেন 'কাকতাড়ুয়া' উপন্যাস রচনা করেন? ১
(খ) 'কাকতাড়ুয়া' উপন্যাসে কাকতাড়ুয়া বলতে ঔপন্যাসিক কী বুঝাতে চেয়েছেন? ২
(গ) উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসে কোন ভাবটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের অবস্থার অবসান ঘটানোর জন্যে প্রয়োজন যুগে যুগে বুধা আর শাহাবুদ্দিনের মতো অতন্দ্র প্রহরী।– বক্তব্যের সত্যাসত্য বিচার করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। বিয়ের পর শিক্ষকতাকে পেশা হিসেবে বেছে নেয় রুনি। কিন্তু তার স্বামী ধর্মের দোহাই দিয়ে তাকে চাকরি করতে নিষেধ করে। সে জানায় তাদের ঘরের কেউ পর্দা ঠেলে বাইরে গিয়ে কাজ করে না। তবু নিজের সিদ্ধান্তে অটল থাকে রুনি। হঠাৎ এক সড়ক দুর্ঘটনায় তার স্বামী চলার শক্তি হারায়। ফলে রুনিকেই সংসারের হাল ধরতে হয়। রুনির স্বামী উপলব্ধি করে– সুখী, সুন্দর ও টেকসই সমাজ গঠনে নারীর আত্মনির্ভরতা আবশ্যক।

(ক) 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১
(খ) "একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব"– কথাটি হাশেম কেন বলেছিল? ২
(গ) উদ্দীপকের স্বামীর সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "সাদৃশ্য থাকলেও উদ্দীপকটি 'বহিপীর' নাটকের মূলভাবকে ধরতে ব্যর্থ হয়েছে"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

১১। শহরের বিশিষ্ট শিল্পপতি ফজল সাহেব। হঠাৎ একদিন অগ্নিকাণ্ডে তাঁর কারখানা ধ্বংসপ্রাপ্ত হয়। পরে বন্ধু আলফাজের সহযোগিতার আশ্বাসে পুনরায় কারখানা চালুর উদ্যোগ নিয়েও ব্যর্থ হন। ঋণের জালে জর্জরিত ফজল সাহেব এখন প্রায়ই বিমর্ষ হয়ে বসে থাকেন। বড়ো ছেলে রাহেল বাবাকে হতাশ না হয়ে ধৈর্য ধরতে বলেন। সে ছোটো বোন রঞ্জুকে বিবাহ দিতে চাইলে সে তা প্রত্যাখ্যান করে ভাইয়ের সাথে অনলাইনে ব্যাবসা শুরু করে সংসারের হাল ধরে।

(ক) নাটকের প্রাণ কী? ১
(খ) "আর একটা রাত। এতদিনের পুরোনো জমিদারির শেষ রাত।"– হাতেম আলি এ উক্তিটি করেছিলেন কেন? ২
(গ) উদ্দীপকে ফজল সাহেব 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিবিম্ব? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের রঞ্জু 'বহিপীর' নাটকের তাহেরার সার্থক প্রতিনিধি"– যৌক্তিক মতামত দাও। ৪

# 05 নাছিমা কাদির মোল্লা হাই স্কুল এন্ড হোমস্, নরসিংদী

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। **যে প্রকৃতি সুভার ভাষার অভাব পূরণ করিয়া দেয় সেই প্রকৃতির প্রাকৃতিক অনুষঙ্গগুলো হলো–**
i. নদীর কলধ্বনি
ii. পাখির ডাক
iii. ঝিরঝির বাতাস
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২। **যিনি যথার্থ গুরু, তিনি–**
i. শিষ্যের অন্তর্নিহিত সকল প্রচ্ছন্ন শক্তিকে মুক্ত এবং ব্যক্ত করে তোলেন
ii. শিক্ষার পথ দেখিয়ে দিতে পারেন
iii. জ্ঞানপিপাসাকে জ্বলন্ত করতে পারেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩। **ইসলাম ধর্মের কোন মতবাদের ব্যাখ্যার সূত্র ধরে পীর সমাজের সৃষ্টি?**
ⓚ সুফিবাদ ⓚ অবতারবাদ
ⓖ আস্তিক্যবাদ ⓖ মানবতাবাদ

৪। **সবকিছু ছেড়ে পীরসাহেব কোথায় চলে যেতে চায়?**
i. গুহা-গহ্বরে
ii. মক্কা-মদিনায়
iii. ইরান-তুরান-কাবলিস্থানে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫। **'আমি পয়সা চাই না'– 'বহিপীর' নাটকে উক্তিটি কার?**
ⓚ হাসেম আলি ⓚ হাতেম আলি
ⓖ পীর সাহেব ⓖ তাহেরার চাচাতো ভাই

৬। **ক্ষার কেচে কার গা-গতর ব্যথা হয়ে গিয়েছে?**
ⓚ দুর্গা ⓚ অভাগী
ⓖ সর্বজয়া ⓖ বিন্দির মা

৭। **'সৈয়দ আহমদ' গ্রন্থটি কার রচিত?**
ⓚ মোতাহের হোসেন চৌধুরী
ⓚ হায়াৎ মামুদ
ⓖ মোহাম্মদ ওয়াজেদ আলী
ⓖ সৈয়দ মুজতবা আলী

৮। **'একঝাঁক নক্ষত্র নেমে এসেছে যেনো নীল আকাশ থেকে সবুজ সায়রে' বাক্যে 'সবুজ সায়র' বলতে কী বুঝানো হয়েছে?**
ⓚ নিমপাতা ⓚ নিমের ফুল
ⓖ নিমগাছ ⓖ নিমের কচি ডাল-পালা

৯। **'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের কোন প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?**
ⓚ দুর্দিনের যাত্রী ⓚ যুগবাণী
ⓖ রাজবন্দীর জবানবন্দী ⓖ সিন্ধুহিন্দোল

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
'বাংলার হিন্দু
বাংলার বৌদ্ধ
বাংলার খ্রিষ্টান
বাংলার মুসলমান
আমরা সবাই বাঙালি।'

১০। **উদ্দীপকটিতে 'পয়লা বৈশাখ' প্রবন্ধে বিধৃত দিকটি হলো–**
ⓚ অসাম্প্রদায়িকতা ⓚ সাম্যবাদিতা
ⓖ বাঙালি জাতীয়তা ⓖ বাংলাদেশি জাতীয়তা

১১। **উদ্দীপকে প্রতিফলিত ভাবের সঙ্গে নিচের কোনটির সামঞ্জস্য রয়েছে?**
ⓚ উগ্র জাতীয়তা
ⓚ ধর্মনিরপেক্ষতা
ⓖ বহুমুখী ভাবনা
ⓖ সাম্রাজ্যবাদী চেতনা

১২। **বিশ্বসাহিত্যে সর্বাপেক্ষা প্রাচীন শাখা কোনটি?**
ⓚ নাটক ⓚ উপন্যাস
ⓖ প্রবন্ধ ⓖ মহাকাব্য

১৩। **উপন্যাসের প্রধান উপজীব্য হলো–**
ⓚ চরিত্র ⓚ পরিবেশ ⓖ কাহিনি ⓖ দৃশ্য

১৪। **রসিক বেল গাছটি কী কাজে ব্যবহার করতে চেয়েছিলো?**
ⓚ ঘরবাড়ি তৈরি ⓚ অভাগীর শবদাহ
ⓖ রান্নার কাঠ সংগ্রহ ⓖ কাঙালীর জন্য

১৫। **সরস প্রাণের জীবন্ত উৎস কোনগুলো?**
ⓚ প্রবাদ-প্রবচন
ⓚ কবিতা ও গান
ⓖ ছড়া ও গান
ⓖ রূপকথা ও উপকথা

১৬। **'বঙ্গদেশী বাক্য' বলতে কবি বুঝিয়েছেন–**
ⓚ বাংলা ভাষা ⓚ হিন্দি ভাষা
ⓖ মাতৃভাষা ⓖ সকল ভাষা

১৭। **'যোগ্যমতো' শব্দের অর্থ কী?**
ⓚ যোগী ⓚ উপযুক্ত
ⓖ ধাইল ⓖ পদযুগল

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
'সব লোকে কয় লালন কী জাত সংসারে,
লালন কয় জাতের কী রূপ দেখলাম না এ নজরে।'

১৮। **উদ্দীপকের ভাবের সাথে সাদৃশ্য রয়েছে যে চরণের–**
ⓚ নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি
ⓚ তব মসজিদ-মন্দিরে প্রভু নাই মানুষের দাবি
ⓖ ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়
ⓖ তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়!

১৯। **উদ্দীপক ও 'মানুষ' কবিতার মধ্যে সাদৃশ্য প্রকাশ পেয়েছে–**
i. মানবমুক্তি
ii. সাম্যবাদ
iii. মানুষের শ্রেষ্ঠত্ব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ ii ⓚ iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০। **প্রকৃতপক্ষে মানুষের মৃত্যু আছে কিন্তু–**
ⓚ সভ্যতার ধ্বংস নেই
ⓚ ব্যাবিলন টিকে থাকবে
ⓖ মানুষের স্বপ্নের মরণ নেই
ⓖ প্রাকৃতিক সৌন্দর্য নষ্ট হবে

২১। **এক কোঁচ ভরা কোন ফল ঝামুর ঝুমুর বাজে?**
ⓚ নাটা ফল ⓚ ঢ্যাঁপের ফল
ⓖ বেথুল ⓖ জামরুল

২২। **'আশা' কবিতায় বিত্ত-সুখের দুর্ভাবনায় কী কমে যায়?**
ⓚ পারস্পরিক সম্প্রীতি ⓚ শান্তি
ⓖ আনন্দ ⓖ আয়ু

২৩। **আহসান হাবীব কার চিরচেনা স্বজন?**
ⓚ পাখির ⓚ কদম আলীর
ⓖ জোনাকির ⓖ জমিলার মার

২৪। **'দস্যুর ভয়, <u>তারো চেয়ে ভয় কখন সূর্য ওঠে</u>' নিচে দাগ দেওয়া অংশে রানারের মনের কোন ভাবনা প্রকাশ পেয়েছে?**
ⓚ স্বাধীনতাবোধ ⓚ সুদিন চলে আসবে
ⓖ দায়িত্ববোধ ⓖ সমৃদ্ধ ভবিষ্যতের

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
চিনতে নাকি সোনার ছেলে
ক্ষুদিরামকে চিনতে?
রুদ্ধশ্বাসে প্রাণ দিল যে
মুক্ত বাতাস কিনতে।

২৫। **উদ্দীপকের ক্ষুদিরাম 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কাদের প্রতিনিধিত্ব করে–**
i. মুক্তিযোদ্ধাদের
ii. ব্রিটিশ বিদ্রোহীদের
iii. আত্মত্যাগী মানুষের
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৬। **এরূপ প্রতিনিধিত্বের কারণ কী?**
ⓚ ঐক্যচেতনা ⓚ স্বজাত্যবোধ
ⓖ দেশপ্রেম ⓖ সাহসিকতা

২৭। **শিল্পের সমৃদ্ধ ঐতিহ্যের প্রতীক কোনটি?**
ⓚ সওদাগরের ডিঙার বহর
ⓚ পাহাড়পুরের বৌদ্ধবিহার
ⓖ বরেন্দ্রভূমের সোনা মসজিদ
ⓖ পালযুগের চিত্রকলা

২৮। **তিনুর বয়স কত বছর ছিলো?**
ⓚ এক ⓚ দেড়
ⓖ দুই ⓖ আড়াই

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
ঝড়ে গাছচাপা পড়ে তোরাবের মা-বাবা, ভাই-বোন সবাই মারা গেলো। শুধু কেমনভাবে যেনো বেঁচে গেলো তোরাব।

২৯। **উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে নির্দেশ করে?**
ⓚ কলেরা ⓚ যুদ্ধ
ⓖ অগ্নিকাণ্ড ⓖ হত্যাকাণ্ড

৩০। **উদ্দীপকের তোরাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মতো–**
ⓚ এতিম ও অসহায় ⓚ এতিম ও সাহসী
ⓖ প্রতিবাদী ⓖ বন্ধুত্বসুলভ ও সহৃদয়বান

## বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ-সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ থেকে ন্যূনতম ২টি, খ বিভাগ থেকে ন্যূনতম ২টি, গ বিভাগ থেকে ন্যূনতম ১টি এবং ঘ বিভাগ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়। সকল প্রশ্নের মান সমান।]

### ক–বিভাগ : গদ্য

১। দশম শ্রেণির শিক্ষার্থী পরশি সাহিত্য পড়তেই বেশি আগ্রহী। মামার সাথে একুশের বই মেলায় গিয়ে সে বাংলা সাহিত্যের বইগুলোই কিনে। তার এই সাহিত্যপ্রীতিকে আরও শানিত করার জন্য তার মামা তাকে বিশ্ব সাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ পাঠাগারে ভর্তি করে দেন। তিনি সাহিত্য পড়ার ব্যাপারে পরশিকে অনুপ্রাণিত করে বলেন, জ্ঞান-রাজ্যের এক সমৃদ্ধ অঙ্গ হলো সাহিত্য। সাহিত্য ছাড়া কোনো জাতিই বিকশিত হতে পারে না। তবে এর জন্য প্রয়োজন সাহিত্যের বাতিঘর প্রতিষ্ঠা করা।

(ক) প্রমথ চৌধুরীর ছদ্ম নাম কী? ১
(খ) 'ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়।'– কথাটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের পরশির মামার মধ্যে 'বই পড়া' প্রবন্ধের লেখকের কোন অনুভূতির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের মামার অনুপ্রেরণামূলক বক্তব্যটিতে 'বই পড়া' প্রবন্ধের লেখকের মনোভাবের প্রতিফলন ঘটেছে। – মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

২। **এক.** তরুতলে বসি পান্থ শ্রান্তি করে দূর
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর
বিদায়ের কালে হাতে ডাল ভেঙে লয়
তরু তবু অকাতর, কিছু নাহি কয়।

**দুই.** জগতের যত বড় বড় জয় বড় বড় অভিযান
মাতা ভগ্নি ও বধূদের ত্যাগে হইয়াছে মহীয়ান।
কোন রণে কত খুন দিল নর, লেখা আছে ইতিহাসে
কত নারী দিল সিঁথির সিঁদুর, লেখা নাই তার পাশে।

(ক) বনফুলের প্রকৃত নাম কী ১
(খ) নিমগাছটি না কাটলেও কেউ তার যত্ন করে না কেনো? ব্যাখ্যা করো। ২
(গ) **উদ্দীপক 'এক'**-এর সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) **উদ্দীপক 'দুই'** 'নিমগাছ' গল্পের সমগ্রভাবকে তুলে ধরে কী? তোমার মতামতের পক্ষে উত্তর দাও। ৪

৩। শত্রুর প্রলোভনে পড়ে ইমাম হাসান (র.) কে তাঁর প্রিয়তমা স্ত্রী জায়েদা বিষ প্রয়োগ করেন। মৃত্যু পথযাত্রী ইমাম হাসান (র.) বিষয়টি জানতে পেরেও তা গোপন রাখেন। তার অনুজ বিষ দাতার নাম জানতে চাইলে তিনি তাতে অস্বীকৃতি জানান এবং ভবিষ্যতে জানতে পারলেও তাকে ক্ষমা করতে বলেন।

(ক) পরহিতব্রতী দম্পতির নাম কী? ১
(খ) সুমহান প্রতিশোধ বলতে কী বুঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে ইমাম হাসান (র.) এর চরিত্রে হযরত মুহম্মদ (স.) এর যে মহৎ গুণের প্রভাব পড়েছে তা 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকে প্রতিফলিত গুণটি হযরত মুহম্মদ (স.) এর পরিপূর্ণ গুণের অংশবিশেষ'– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৪। স্বামীর মৃত্যুর পরে দুই ছেলে ও এক মেয়ে নিয়ে বিপাকে পরে যায় সালেহা খাতুন। আশ্রয় নেয় বাবার বাড়িতে ভাইয়ের সংসারে। কিছুদিন যেতে না যেতেই মনে হয় সে সংসারে বোঝা হয়ে গেছে। সালেহার বাবার সহায়-সম্পত্তিও কম নয়। তারপরেও বাবার বাড়িতে ছেলেমেয়ে নিয়ে ভাইয়ের পরিবারে আজ সে আশ্রয়হীনা। বাধ্য হয়ে সে পরের বাড়িতে সামান্য বেতনে গৃহস্থালির কাজ নেয়। সেই বাড়িতে তাকে সামান্য বেতন দিলেও যথেষ্ট সম্মান দিয়ে থাকে।

(ক) 'দিবারাত্রির কাব্য' কোন ধরনের রচনা? ১
(খ) 'কারো কাছে যা পাই না, তুমি তা দেবে কেনো?'– কথাটি মমতাদি কেনো বলেছিলো? ২
(গ) উদ্দীপকের সালেহার সাথে 'মমতাদি' গল্পের মমতাদির বৈসাদৃশ্য আলোচনা করো। ৩
(ঘ) উদ্দীপকের সালেহা ও মমতাদি গল্পের মমতাদি'র মধ্যে অবস্থানগত পার্থক্য রয়েছে কী? তোমার মতামতের পক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। সিয়াম এখন কানাডায় থাকে। বিদেশে পাড়ি জমানোর উদ্দেশ্য পড়ালেখা। শৈশব কেটেছে তার ব্রহ্মপুত্র নদের তীরে। সাঁতার কেটেছে, মাছ ধরেছে এই নদীতে। চাঁদের আলোতে নদীর তীরে তার অপার সৌন্দর্য উপভোগ করা, বন্ধুদের সাথে আড্ডা দেওয়া সবকিছু মিলিয়ে এক অসাধারণ সময় কেটেছে নদীমাতৃক এই দেশে। বিদেশের মাটিতে বসে চরমভাবে অনুভব করে দেশকে।

(ক) মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তির নাম কী? ১
(খ) 'এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে'– বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের সিয়ামের সাথে কবি মাইকেল মধুসূদন দত্তের কপোতাক্ষ নদের প্রতি টান কতটুকু সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার সমগ্রভাব প্রকাশ পেয়েছে কী? তোমার যুক্তিনির্ভর মতামত দাও। ৪

৬। হাশরের দিন খোদা বলিবেন, হে আদম সন্তান
আমি চেয়েছিনু ক্ষুধায় অন্ন, তুমি কর নাই দান।
মানুষ বলিবে তুমি জগতের প্রভু
আমরা তোমারে কেমনে খাওয়াব সে কাজ কি হয় কভু?
বলিবেন খোদা-ক্ষুধিত বান্দা গিয়েছিল তব দ্বারে
মোর কাছে ফিরে পেতে তাহা যদি খাওয়াইতে তারে।

(ক) কালাপাহাড়ের প্রকৃত নাম কী? ১
(খ) 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'– কেনো? ২
(গ) উদ্দীপকের আদম সন্তানের আচরণে 'মানুষ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের বক্তব্য 'মানুষ' কবিতার মোল্লা ও পুরোহিতদের জন্য শিক্ষনীয় হতে পারে।" তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৭। **উদ্দীপক-১ :** বর্গি এলো খাজনা নিতে
মারল মানুষ কত
পুড়ল শহর পুড়ল নগর
গ্রাম যে শত শত।

**উদ্দীপক-২ :** হানাদারের সঙ্গে জোরে
লড়ে মুক্তিসেনা
তাদের কথা এদেশের মানুষ
কখনো ভুলবে না।

(ক) 'হাড্ডিসার অনাথ কিশোরী' কোথায় বসে আছে? ১
(খ) 'একটি নতুন পৃথিবীর জন্য হতে চলেছে'– বলতে কবি কী বুঝিয়েছেন? ২
(গ) **উদ্দীপক-১** এ 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার যে সাদৃশ্যপূর্ণ চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) **উদ্দীপক-২** এর 'মুক্তিসেনার জন্যই নতুন নিশান উড়িয়ে স্বাধীনতা এসেছে'– কবিতার আলোকে মন্তব্যটি যথার্থতা যাচাই করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮। কলেজ পড়ুয়া আবু মঈন। দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। তার নেতৃত্বে একের পর এক গেরিলা আক্রমণে অতিষ্ঠ পাকসেনারা। অপারেশন জ্যাকপটের সফল অভিযানের পর পাকসেনারা আবু মঈনের গ্রামে আক্রমণ করে। বাড়ি-ঘর জ্বালিয়ে দেয়। আর যাকে যেখানে পেয়েছে সেখানেই নির্মমভাবে হত্যা করে। কিন্তু সে আপসহীন। তার একটাই প্রতিজ্ঞা, এ দেশের মাটি থেকে ওদের তাড়াতেই হবে।

(ক) আধুনিক বাংলা উপন্যাসের জনক বলা হয় কাকে? ১
(খ) ফজু মিয়া সন্ধ্যার আগে বাড়ি ফিরতে চায় কেনো? ২
(গ) উদ্দীপকে বর্ণিত কাহিনি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটির ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের আবু মঈন-এর মনোভাবই যেনো কাকতাড়ুয়া উপন্যাসের মূল বক্তব্য।" যুক্তিসহ প্রমাণ করো। ৪

৯। i. তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
তোমাকে পাওয়ার জন্যে
আর কতবার ভাসতে হবে রক্ত গঙ্গায়.....
স্বাধীনতা তোমার জন্য উজাড় হয়েছে কত গ্রাম-শহর বস্তি
কেড়ে নিয়েছে হায়েনারা কত তাজা প্রাণ
শিশু-কিশোর-যুবক আর বৃদ্ধের।

ii. গ্রেনেড উঠেছে হাতে ..... কবিতার হাতে রাইফেল
এবার বাঘের থাবা, ভোজ হবে আজ প্রতিশোধে
যার সঙ্গে যেরকম, সেরকম খেলবে বাঙালি
খেলছি, মেরেছি সুখে .... কান কেটে দিয়েছি তোদের।

(ক) 'উপন্যাস' শব্দের সংস্কৃত ব্যুৎপত্তি কী? ১
(খ) 'দিন যাপনে ওর কোনো কষ্ট নেই।'– কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের প্রথমাংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের দ্বিতীয়াংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সম্পূর্ণ ভাবের প্রতিফলন ঘটেনি।"– বিশ্লেষণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০। সুমির বাবা দিনমজুর। যৌতুকের টাকার অভাবে সুমির বাবা বৃদ্ধ মোড়লের সাথে তার বিয়ে ঠিক করে। সুমি রাজি না হয়ে কর্মের সন্ধানে বেরিয়ে পড়তে গেলে সবাই মিলে তাকে ধরে জোড় করে বিয়ে দিতে চায়। তখন রাহুল প্রতিবাদ করে এ বিয়ে ঠেকায়। অবশেষে সে নিজেই বিনা যৌতুকে তাকে বিয়ে করার সিদ্ধান্ত নেয়।

(ক) সূর্যাস্ত আইন কী? ১
(খ) "ইহা পরাজিত শত্রুর শেষ দাবি"– বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের সুমি চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ– ব্যাখ্যা করো। ৩
(ঘ) "প্রতিবাদের প্রতীক চরিত্র হিসেবে উদ্দীপকের রাহুল ও 'বহিপীর' নাটকের হাশেম আলি অভিন্ন"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

১১। তামশু মহাজনের জমি বেদখল হয়ে যাচ্ছে। সে কারণে তার মনে শান্তি নেই। বাড়িতে না জানিয়ে তিনি জমি দখলের জন্য কোর্টে যান। এসব খরচ জোগানোর অর্থ জোগাড়ের জন্য বিপথ অবলম্বন করতে গিয়ে তার বোধোদয় হয়।

(ক) ১৯৫৫ সালে 'বহিপীর' নাটক কোন পুরস্কার লাভ করে? ১
(খ) "একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব।"– এ কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের তামশু মহাজনের সাথে 'বহিপীর' নাটকের যে চরিত্রটি সাদৃশ্যপূর্ণ তা আলোচনা করো। ৩
(ঘ) "উদ্দীপকের বিষয়বস্তু 'বহিপীর' নাটকের সামগ্রিক দিক প্রকাশ করে না।"– বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

06

# সৃষ্টি একাডেমিক স্কুল, টাঙ্গাইল

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। সরস প্রাণের জীবন্ত উৎস কোনগুলো?**
ক প্রবাদ ও প্রবচন খ ছড়া ও কবিতা
গ রূপকথা ও উপকথা ঘ ছড়া ও গান

**২। 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল সুর কী?**
ক জীবন ঘনিষ্ঠতা খ প্রকৃতি ঘনিষ্ঠতা
গ দারিদ্র্য ঘ চিরায়ত শৈশব

**৩। 'নিয়তি' গল্পের লেখক আনন্দ ও আতঙ্কে শিউরে উঠতেন–**
ক কাঁপুনি দিয়ে জ্বর এলে
খ বনের বিচিত্র শব্দ শুনলে
গ ঘরে সাপ ঢুকলে
ঘ বনে বেড়াতে বের হলে

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রিনা একজন সচেতন মা। তাঁর একমাত্র মেয়ে আনু অষ্টম শ্রেণিতে পড়ে। তিনি আনুকে পাঠ্যবইয়ের পাশাপাশি অন্য বই পড়তে বলেন। বিভিন্ন উপলক্ষ্যে মেয়েকে বই উপহার দেন।

**৪। 'বইপড়া' প্রবন্ধের আলোকে রিনার মধ্যে কোন উদ্দেশ্যটি লক্ষণীয়?**
ক আনুকে যথার্থ শিক্ষিত করা
খ আনুর জ্ঞান পরিপূর্ণ করা
গ আনুর পরীক্ষার ফল ভালো করা
ঘ আনুকে সকল বিষয়ে পারদর্শী করা

**৫। 'বইপড়া' প্রবন্ধের লেখকের ইচ্ছা আনুর মধ্যে প্রকাশিত হলে আনু–**
i. স্বশিক্ষিত হবে
ii. নিষ্কর্মার দলভুক্ত হবে
iii. আত্মার অপমৃত্যু থেকে রক্ষা পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৬। অপু কলের পুতুলের মতো তাড়াতাড়ি কোন জিনিসগুলো লুকিয়ে ফেলে?**
ক শুকনো নাটা ফল
খ জারানো আমের চাকলা
গ গঙ্গা-যমুনা খেলার খাপড়া
ঘ লক্ষীর চুপড়ির কড়ি

**৭। 'প্রবাস বন্ধু' রচনায় আব্দুর রহমানের মধ্যে ফুটে উঠেছে–**
i. সরলতা
ii. দেশপ্রেম
iii. আতিথেয়তা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৮। নির্দিষ্ট ও ক্ষুদ্র পরিসরে বর্ণাত্মক রচনাকে কী বলা হয়?**
ক কথিকা খ ছোটগল্প
গ প্রবন্ধ ঘ নাটিকা

**৯। হুদায়বিয়ার সন্ধিতে হযরত মুহম্মদ (স.) এর চরিত্রের কোন দিকটির পরিচয় মেলে?**
ক ধর্মীয় চেতনার
খ রাজনৈতিক দূরদর্শিতার
গ ধর্মনিরপেক্ষতার
ঘ উদার মানসিকতার

**১০। নিমগাছের প্রশংসায় কবিরাজরা পঞ্চমুখ কারণ নিমের–**
i. হাওয়া স্বাস্থ্যের জন্য ভালো
ii. ডাল দাঁত ভালো রাখে
iii. পাতা যকৃতের জন্য উপকারী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১। সুভার গ্রামের নাম কী?**
ক চণ্ডীপুর খ রসুলপুর
গ হোসেনপুর ঘ ফরিদুর

**১২। 'নিয়তি' গল্পের লেখক আনন্দ ও আতঙ্কে শিউরে উঠতেন–**
ক কাঁপুনি দিয়ে জ্বর এলে
খ বনের বিচিত্র শব্দ শুনলে
গ ঘরে সাপ ঢুকলে
ঘ বনে বেড়াতে বের হলে

**১৩। 'ঝরনার গান' কবিতায় কার সৌন্দর্য তুলনারহিত?**
ক জলধারার খ ঝুম পাহাড়ের
গ নির্জন দুপুরের ঘ কালসারের

**১৪। 'জুতা-আবিষ্কার' কবিতায় কার পাকা দাড়ি ভেসেছিল?**
ক গোবুর খ হবুর
গ পণ্ডিতের ঘ চামারের

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
চিড়া বলো, মুড়ি বলো ভাতের সমান নয়
মাসি বলো, পিসি বলো মায়ের সমান নয়।

**১৫। উদ্দীপকে 'বঙ্গবাণী' কবিতায় কোন ভাষার গুরুত্বকে বোঝানো হয়েছে?**
ক আরবি খ ফারসি গ বাংলা ঘ হিন্দি

**১৬। উদ্দীপকের মূলভাব নিচের কোন চরণের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**
ক দেশি ভাষা উপদেশ মনে হিত অতি
খ আরবি ফারসি হিন্দে নাই দুই মত
গ দেশি ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়
ঘ আরবি ফারসি শাস্ত্রে নাই দুই মত

**১৭। শিশিরের জলে কোন ফুল ভেজার কথা বলা হয়েছে?**
ক কদম ফুল খ শিউলি ফুল
গ হিজল ফুল ঘ চালতা ফুল

**১৮। ঢাকার রিকশাওয়ালা কে?**
ক কেস্ট দাস খ মতলব মিয়া
গ রুস্তম শেখ ঘ সগীর আলী

**১৯। 'আমার পরিচয়' কবিতায় কবি আমাদের লোক-সাহিত্যের ঐতিহ্য বোঝাতে উল্লেখ করেছেন–**
i. কমলার দীঘি
ii. মহুয়ার পালা
iii. চর্যাপদ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২০। 'স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় 'লালসালু' কীসের প্রতীক?**
ক ঐক্যের খ সংহতির
গ বিপ্লবের ঘ দেশপ্রেমের

**২১। সনেটের অষ্টকে কী থাকে**
ক স্মৃতিকাতরতা খ অত্যুজ্জ্বল দেশপ্রেম
গ ভাবের পরিণতি ঘ ভাবের প্রবর্তনা

**২২। 'আমি কোন আগন্তুক নই'– কবিতায় উল্লিখিত মাছরাঙা কোন গাছে বসে আছে?**
ক জারুল খ জামরুল
গ ডুমুর ঘ হিজল

**২৩। 'সাহসী জননী বাংলা' কবিতায় শত্রুরা বাঙালিকে কোন জাতি মনে করত?**
ক আর্য খ অনার্য
গ দ্রাবিড় ঘ অস্ট্রিক

**২৪। 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি কীসের উন্নতির কথা বলেছেন?**
ক মানুষের খ জাতির
গ ভবের ঘ দেশের

**২৫। বুধা কাকে ভীতুর ডিম বলেছিল?**
ক কুন্তিকে খ রানিকে
গ ফুলকলিকে ঘ মধুকে

**২৬। 'মনে হয় তুই আমার মুরব্বি'– উক্তিটি কার?**
ক বুধার মায়ের খ নোলক বুয়ার
গ বুধার চাচির ঘ হরি কাকুর

**২৭। গাঁয়ের লোকে বুধাকে কী নামে ডাকে?**
ক কাকতাড়ুয়া খ ছন্নছাড়া
গ জয় বাংলা ঘ মানিক রতন

**২৮। 'বহিপীর' নাটকটি কার লেখা?**
ক সিকানদার আবু জাফর
খ আলাউদ্দীন আল আজাদ
গ সৈয়দ শামসুল হক
ঘ সৈয়দ ওয়ালীউল্লাহ

**২৯। 'বহিপীর' নাটকে প্রধান চরিত্র নয় কোনটি?**
ক খোদেজা খ হাশেম আলি
গ হাতেম আলি ঘ বহিপীর

**৩০। উত্তম কথা, কেন বলেছেন পীর সাহেব? উক্তিটি কার?**
ক হাতেম আলির খ হাশেম আলির
গ খোদেজার ঘ তাহেরার

## বাংলা (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : গদ্য

১। আরিফ চৌধুরির বাবার মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে বিরাট আয়োজন। এলাকার ধনী-গরিব সবাইকে নিমন্ত্রণ করা হয়েছে। দরিদ্র কৃষক খায়ের আলী ছেলে রনি ও মেয়ে রেনুকে নিয়ে সমাজের বন্ধু-বান্ধব ব্যক্তিদের বসার স্থানে ভুল করে খেতে বসেছে। চৌধুরীর স্ত্রী চিৎকার করে বললেন, এসব অসভ্য ছোটোলোকদের দাওয়াত দেওয়াই ভুল হয়েছে। জনাব আরিফ সাহেব, স্ত্রীকে বুঝিয়ে বললেন এরা সকলেই আমার মেহমান। তিনি রনি ও রেনুকে আদর করলেন এবং স্ত্রীর আচরণের জন্য খায়ের আলীর নিকট দুঃখ প্রকাশ করলেন।

(ক) জমিদারের গোমস্তার নাম কী? ১

(খ) 'মাকে বিশ্বাস করাই কাঙ্গালির অভ্যাস'– কেন? বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকে জনাব আরিফ চৌধুরির আচরণে 'অভাগীর স্বর্গ'– গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

(ঘ) 'সমাজে ধনী ব্যক্তিরা যদি উদ্দীপকের আরিফ চৌধুরির মতো হতো তাহলে অভাগীকে বৈষম্য শিকার হতে হতো না'– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২। কবি আল মাহমুদ একজন দেশের ঐতিহ্য প্রিয় মানুষ। তার চোখে বাংলাদেশের অপূর্ব সৌন্দর্য সম্ভার ভেসে উঠে। কবি সেই সৌন্দর্যে মুগ্ধ ও আপ্লুত। কিন্তু তিনি এটাও ভেবে ব্যথিত হন যে, বিশ্বায়নের যুগে আমাদের দেশে অনেক সম্পদ ও নিজস্ব ঐতিহ্য দিন দিন হারিয়ে যাচ্ছে। তাই তিনি বাংলাদেশের হারানো ঐতিহ্য ও সম্পদ পুনরায় ফিরে পাওয়ার জন্য বিভিন্ন স্থানে খোঁজার ব্যাকুলতা প্রকাশ করেছেন। তার রূপক ধর্মী 'নোলক' কবিতায় সে কথাই ফুটে উঠেছে।

(ক) ফোকলোর কী? ১

(খ) 'পল্লী সাহিত্যে হিন্দু মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার'– উক্তিটি বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকে 'পল্লী সাহিত্য'-প্রবন্ধে যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

(ঘ) প্রেক্ষাপট ভিন্ন হলেও দুই লেখকের একই উদ্দেশ্য একই চেতনা গ্রোথিত হয়েছে– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৩। **স্তবক-১ :** নর কহে ধূলিকণা তোর জন্ম মিছে
চিরকাল পড়ে রলি চরণের নিচে
**স্তবক-২ :** ধূলিকণা কহে তাই কেন কর ঘৃণা
তোমার দেহে আমি পরিণাম কি না।

(ক) মসীময় শব্দের অর্থ কী? ১

(খ) 'ইহা তো আত্ম ধর্ম নয়'– বলতে কী বোঝানো হয়েছে? ২

(গ) উদ্দীপকে স্তবক-১ এর বক্তব্যে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন'– প্রবন্ধের যে দিকটি প্রতীয়মান হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

(ঘ) 'উদ্দীপকের স্তবক-২ এর ভাবার্থ থেকে কাজী নজরুল ইসলামের সাম্যবাদী মানসিকতার বহিঃপ্রকাশ ঘটেছে– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৪। মরিয়ামের স্বামী বেকার। অসুস্থ সন্তানদের চিকিৎসা ও সংসারের খরচ চালাতে আমজাদ সাহেবের বাসায় কাজ নেন মরিয়ম। কাজের ফাঁকে ফাঁকে সে আমজাদ সাহেবের ছোট মেয়ে সীমাকে পড়ায় ও গল্পগুজব করে। এমনই ভাবে তাদের মধ্যে গভীর সখ্যতা গড়ে উঠলেও মিসেস আমজাদ মরিয়মকে তিরস্কার করতেন এবং মেয়ের সাথে মিশতে দিতেন না। মিসেস আমজাদ কখনো কখনো মরিয়মের গায়ে হাত তুললেও সে নীরবে সহ্য করে যায়।

(ক) মমতাদির ঘরে কীসের দীনতা ছিল? ১

(খ) 'মমতাদিকে ছায়াময়ী মানবী'– বলার কারণ কী বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকের মিসেস আমজাদ এর সঙ্গে 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

(ঘ) 'অবস্থানগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের মরিয়ম ও মমতাদি গল্পের মমতাদির চেতনাগত বৈশাদৃশ্য বিদ্যমান'– বিশ্লেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। তাজপুর গ্রামের মসজিদে মিলাদ মাহফিল শেষে মানুষের মাঝে বিরিয়ানির প্যাকেট বিতরণ করা হয়। বিতরণ শেষে কিছু প্যাকেট বেঁচে যায়। এমন সময় একজন ফকির এসে বলে, 'বাবা আজ সাতদিন কিছু খেতে পাইনি। আমাকে কিছু খেতে দিন।' তার কথা শুনে মৌলবি সাহেব ব্যথিত হয়ে তাকে পেটপুরে খাইয়ে দেন।

(ক) মুসাফির কত বছর প্রভুকে ডাকেনি? ১

(খ) 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'– বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকের মৌলবি সাহেবের সাথে 'মানুষ' কবিতার মোল্লা সাহেবের অমিল কোথায় তা ব্যাখ্যা করো। ৩

(ঘ) "উদ্দীপকে ফুটে ওঠা ভাব 'মানুষ' কবিতার কবি চেতনারই পরিপূরক"– মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৬। উদ্দীপক-১ : সবাই তো সুখী হতে চায়......
তবু কেউ সুখী হয় কেউ হয় না
জানিনা বলে যা লোকে সত্যি কি না
কপালে সবার নাকি সুখ সয় না
আশায় আশায় তবু এই আমি থাকি
যদি আসে কোনদিন সেই সুখ পাখি।
উদ্দীপক-২ : আর কি দিব? মুখের হাসি ভরসা ভরা প্রাণ,
সুখের মাঝে দুখের মাঝে আনন্দময় গান।

(ক) 'আশা' কবিতায় উল্লিখিত মানুষ কোথায় আলো জ্বালাতে পারে? ১

(খ) বিত্ত-সুখের দুর্ভাবনায় কীভাবে মানুষ আয়ু কমায়? ২

(গ) কোন দৃষ্টিকোণ থেকে উদ্দীপক-১ 'আশা' কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) উদ্দীপক-২ এর বক্তব্য 'আশা' কবিতায় বর্ণিত কবির প্রত্যাশাকে তুলে ধরেছে বলা যায় কি? তোমার মতামত ব্যক্ত করো। ৪

৭। শুধু বিধাতার সৃষ্টি নহ তুমি নারী
পুরুষ গড়েছে তোরে সৌন্দর্য সঞ্চারি
আপন অন্তর হতে বসি কবিগণ
সোনার উপমাসূত্রে বুনিছে বসন।

(ক) অক্ষয়কুমার দত্তের সম্পাদিত পত্রিকার নাম কী? ১

(খ) 'উপল-ঘায় দিই ঝিলিক, ঝিলমিলাই দিগ্বিদিক'– বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকের সঙ্গে 'ঝর্ণার গান' কবিতার কোন দিক থেকে মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

(ঘ) "ভিন্ন পরিস্থিতিতে হলেও বিষয়গত দিক থেকে উদ্দীপক ও 'ঝর্ণার গান' কবিতা একে অপরের প্রতিনিধিত্ব করে"– বিশ্লেষণ করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮। ১৯৭১ সালে সাজিদ ছিল কলেজ ছাত্র। মুক্তিযুদ্ধ শুরু হতে তিনি দেশকে স্বাধীন করার জন্য যুদ্ধে যোগ দেন বন্ধুদের সাথে। যুদ্ধ শেষে তার বন্ধুরা ফিরে এলেও সাজিদ যুদ্ধে শহিদ হন। এখনো সাজিদের বন্ধুদের দেখলে সাজিদের মা কান্না চেপে রাখতে পারে না।

(ক) বুধার মা-বাবা কোন রোগে মারা যায়? ১

(খ) 'ঘুঘু দেখেছ কিন্তু ফাঁদ দেখনি চাঁদ।' উক্তিটি কোন প্রসঙ্গে বলা হয়েছে? ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপকের সাজিদের মায়ের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

(ঘ) সাজিদের মতো মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের কারণে আজ আমরা স্বাধীন– মন্তব্যটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯। মুক্তিযুদ্ধ শুরু হলে এদেশের সুবিধাবাদী কিছু মানুষ পাক বাহিনীর সাথে হাত মিলিয়ে অত্যাচার চালায় নিজের ভাইয়ের উপর। অথচ অনাথ কিশোরটিও সেদিন যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল দেশ শত্রুমুক্ত করার জন্য।

(ক) চাচির মুখে কোন শব্দটি শুনে বুধা হোঁচট খায়? ১

(খ) 'আমরা তিনজন নই, একজন।' বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকের উল্লিখিত 'অনাথ কিশোর' 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা করো। ৩

(ঘ) 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে উদ্দীপকে উল্লিখিত সুবিধাবাদী মানুষদের স্বরূপ বিশ্লেষণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০। ১২ বছরের অপির জন্য তার বাবা পাত্র ঠিক করেছেন। পাত্রের বয়স ৫০ বছর। তাকে জোর করে বিয়ে দিচ্ছেন। কিশোরী অপি তাই মায়ের কোলে বসে কাঁদছেন কিন্তু বাবার বিরুদ্ধে প্রতিবাদের শক্তি নেই তার।

(ক) নাটকে প্রাণ কোনটি? ১

(খ) 'দুনিয়াটা সত্যিই কঠিন পরীক্ষা ক্ষেত্র'– কেনো এ কথা বলেছিলেন? বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকে ঘটনার সঙ্গে 'বহিপীর'–নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধর। ৩

(ঘ) উদ্দীপকের অপি 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের সম্পূর্ণ প্রতিনিধিত্ব করেছে কি? মতামত দাও। ৪

১১। ভর দুপুরে দিঘির ঘাটে পানি আনতে গিয়ে জ্ঞান হারিয়ে ফেলে সাদিয়া। তার বাবা-মা ও প্রতিবেশীদের বিশ্বাস তার মধ্যে ভূতের আসর আছে। তাড়াতাড়ি কোনো পীর বা ফকিরের কাছে নিতে হবে এ সিদ্ধান্তে ঘোর বিরোধিতা করে সাদিয়ার ভাই প্রিন্স। সে তাকে দ্রুত নিকটতম স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে ডাক্তার দেখালে, সে সুস্থ হয়ে ওঠে মূলত সাদিয়ার শারীরিক দুর্বলতার জন্য এমনটি হয়েছিল।

(ক) 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১

(খ) 'আসলে বেড়ালের যে ভাব'– উক্তিটি কোন উদ্দেশ্যে বলা হয়েছে? বুঝিয়ে দাও। ২

(গ) উদ্দীপকে প্রিন্সের সঙ্গে 'বহিপীর'– নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

(ঘ) "উদ্দীপকে উল্লিখিত সমাজব্যবস্থা থেকে পরিত্রাণই 'বহিপীর'– নাটকের শিক্ষণীয় বিষয়"– বিশ্লেষণ করো। ৪

07

# বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। ডেমোক্রেসি সাহিত্যের মর্মকথা বুঝে না কেন?**
ক বাজার মূল্য নেই বলে
খ মানবিক মূল্য নেই বলে
গ জৈবিক মূল্য নেই বলে
ঘ সামাজিক মূল্যের অভাব বলে

**২। বাঘের অন্য বাঘিনী ছিল– এখানে অন্য বাঘিনী কে?**
ক কাঙালির মা
খ বাঘের স্ত্রী
গ রসিকের দ্বিতীয় স্ত্রী
ঘ মুখোপাধ্যায়ের স্ত্রী

**৩। দারা পুত্র পরিবার তুমি কার, কে তোমার– এসব বলে কবি কী করতে নিষেধ করেছেন?**
ক আনন্দ খ ক্রন্দন
গ দান ঘ উল্লাস

**৪। ফরাসি সাহিত্যিক 'রোঁমা রোঁলা' ময়মনসিংহ গীতিকার কোন চরিত্রের সৌন্দর্যে মুগ্ধ হয়েছিলেন?**
ক কাজল রেখা খ মহুয়ার
গ মদিনা বিবির ঘ বেহুলার

**৫। কোনটি মুসাফির শব্দের সমার্থক?**
ক রাহী খ যাযাবর
গ নিঃস্ব ব্যক্তি ঘ পরিব্রাজক

**৬। 'নিমগাছ' গল্পের উপস্থাপনা কৌশল–**
i. নাটকীয়
ii. রম্য কথিকা জাতীয়
iii. কাব্যধর্মী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৭। আমরা কত আনা শক্তিকে উপেক্ষা করছি?**
ক পাঁচ খ ছয় গ আট ঘ দশ

**৮। হরিহর কখন কাজ সেরে বাড়িতে আসেন?**
ক বেলা পড়ে এলে
খ দুপুরের কিছু পরে
গ সূর্য উঠার পর
ঘ সূর্য অস্ত গেলে

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
রহমত সাহেব সরকারি চাকরি করেন। বেতনের টাকায় সংসার চলে না, তাই অনৈতিকভাবে অতিরিক্ত টাকা আয় করেন। যদিও বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় অন্যরকম স্বপ্ন ছিল।

**৯। 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকের প্রভাবে রহমত সাহেব অনৈতিক কাজ করেছেন?**
ক মনুষ্যত্ববোধ খ মানবিকতা
গ ক্ষুৎপিপাসা ঘ মূল্যবোধ

**১০। উদ্দীপকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি নেই?**
i. মুক্তির স্বাদ
ii. মূল্যবোধ
iii. অর্থচিন্তা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

**১১। গুরুজনের দিকে তাকাতে নেই-কথাটি আফগানিস্তানে কী হিসেবে গণ্য হয়?**
ক সংস্কার খ আদব
গ আচার ঘ তমিজ

**১২। জাহানারা ইমাম কত মাস পর তাঁর বাগানের কাজ করতে গেলেন?**
ক এক খ দুই গ তিন ঘ চার

**১৩। "সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন"– এখানে সেই বাক্য বলতে কী বুঝানো হয়েছে?**
ক বাংলা ভাষাকে
খ সকল ভাষাকে
গ কোরআনের ভাষাকে
ঘ হাদিসের ভাষাকে

**১৪। 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি মায়ের দুধের সাথে তুলনা করেছেন–**
ক কপোতাক্ষ এর জলকে
খ গঙ্গার জলকে
গ স্বদেশের প্রেম রসকে
ঘ কবির অশ্রুকে

**১৫। শিলার গায়ে কেমন রং ধরে?**
ক পাথরের খ ডালচিনির
গ সবুজ ঘ শ্যাওলার

**১৬। ভর্ৎসনা নয় আবেদন–কথাটি প্রকাশ করে–**
i. আগ্রহ
ii. অনুরোধ
iii. আর্জি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৭। 'ব্যাবিলন' বলতে কী বুঝানো হয়েছে?**
ক ব্যাবিলনীয় সংস্কৃতি
খ ব্যাবিলনীয় ভূখণ্ড
গ ব্যাবিলনীয় সভ্যতা
ঘ ব্যাবিলনীয় উদ্যান

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আমার দেশের মাটির গন্ধে
ভরে আছে সারা মন
শ্যামলা কোমল পরশ ছাড়া যে
নেই কিছু প্রয়োজন।

**১৮। উদ্দীপকটিতে 'আমি কোনো আগন্তুক নই'– কবিতার কোন ভাবটি ফুটে উঠেছে?**
ক জমিনের গন্ধে বিরক্ত হওয়া
খ গাঁয়ের শ্যামল বরণ রূপ নেই
গ প্রকৃতির রূপের কোনো প্রয়োজন নেই
ঘ দেশের মাটির গন্ধে মন ভরা

**১৯। এই ফুটে উঠা দিকটি হলো–**
i. শরীরে মাটির সুবাস লেগে থাকা
ii. মাটিতে কবির গাঁয়ের গন্ধ থাকা
iii. সামনে ধু ধু নদীর কিনারা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২০। "তারও চেয়ে ভয় কখন সূর্য উঠে"- রানারের সূর্য উঠাকে ভয় পাওয়ায় তার যে বৈশিষ্ট্য ধরা পড়ে–**
ক দায়িত্ববোধ খ কর্তব্যনিষ্ঠা
গ কাজের প্রতি শ্রদ্ধা ঘ সময়ানুবর্তিতা

**২১। "তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা"– কবিতাটি কোন ঘটনাকে নির্দেশ করে?**
ক ৪৭-এর দেশভাগ
খ ৫২-এর ভাষা আন্দোলন
গ ৭১-এর মুক্তিযুদ্ধ
ঘ ৬৯-এর গণ অভ্যুত্থান

**২২। চর্যাপদের পদগুলোতে কাদের জীবন চিত্র ফুটে উঠেছে?**
ক উচ্চবিত্ত
খ মধ্যবিত্ত
গ অতি সাধারণ মানুষের
ঘ ভবঘুরের

**২৩। "স্বাধীনতা প্রিয় প্রাণের সবুজ এসে মিশেছিল"– কোথায়?**
ক বাংলার আলপথে
খ সংসদ ভবনের পাশে
গ লক্ষ মানুষের মনে
ঘ ধু ধু মাঠের সবুজে

**২৪। বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস কোনটি?**
ক গোরা
খ আলালের ঘরের দুলাল
গ দুর্গেশনন্দিনী
ঘ পথের পাঁচালী

**২৫। কারা ভাত খেয়ে শহীদের মায়ের বুক জুড়ায়?**
ক পাখিরা খ কাকেরা
গ শকুনেরা ঘ বানরেরা

**২৬। বাপমা হারানো মাজহারুল, মাঝে মাঝে রাজা সাজে–মাজহারুল উপন্যাসের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক বুধা খ মিঠু
গ শাহাবুদ্দিন ঘ আলি

**২৭। 'বহিপীর' নাটকে প্রথম সংলাপ কার?**
ক হাকিকুল্লাহ খ হাতেম আলি
গ বহিপীর ঘ হাশেম

**২৮। "বুঝি, তবু যেন বুঝি না"– এখানে হাতেম আলির কী প্রকাশ পেয়েছিল?**
ক নির্বুদ্ধিতা খ অসহায়ত্ব
গ কপটতা ঘ দুর্বোধ্যতা

**২৯। কোনটি আকারে সংক্ষিপ্ত?**
ক ট্র্যাজেডি খ মহাকাব্য
গ গীতিকাব্য ঘ উপন্যাস

**৩০। আমি কোনো অভ্যাগত নই–এখানে আমি দ্বারা কী বুঝানো হয়েছে?**
ক ভিনদেশি খ আগন্তুক
গ ভাগ্যহত ঘ আশ্রয়প্রার্থী

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। স্ত্রীর দেওয়া বিষপানে মৃত্যুকালে ইমাম হাসান (রা.) তাঁর বিষদাতার পরিচয় জানতে পেরেও তাকে উদ্দেশ্য করে বলেন, "তোমাকে বড়ই ভালোবাসিতাম, বড়ই স্নেহ করিতাম, তাহার উপযুক্ত কার্যই তুমি করিয়াছ। তোমার চক্ষু হইতে হাসান চিরতরে বিদায় হইয়াছে। সুখে থাকো, তোমাকে আমি ক্ষমা করিলাম।

(ক) ধী শব্দের অর্থ কী? ১
(খ) সুমহান প্রতিশোধ বলতে কী বুঝ? ২
(গ) উদ্দীপকে 'মানুষ মুহাম্মদ (স:)' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) প্রতিফলিত দিকটি ছাড়াও মুহাম্মদ (স:) আরও অজস্র গুণে গুণান্বিত ছিলেন। 'মানুষ মুহাম্মদ (স:)' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৪

২। শিক্ষা হচ্ছে বাধ্যতামূলক একটি পদ্ধতি। আর সাহিত্য আত্মার লীলামাত্র। শিক্ষা হচ্ছে সেই বস্তু যা লোকে অনিচ্ছা সত্ত্বেও গলাধঃকরণ করতে বাধ্য হয়। অপরপক্ষে কাব্যরস শুধু স্বেচ্ছায় নয় সানন্দে পান করে। শাস্ত্রমতে, সে বস্তু অমৃত। সুতরাং শিক্ষা ও সাহিত্য সম্পূর্ণ বিপরীত।

(ক) শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কোনটি? ১
(খ) পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়—ব্যাখ্যা করো। ২
(গ) আমাদের স্কুল-কলেজের প্রথাগত শিক্ষার নেতিবাচক পরিণাম উদ্দীপক ও 'বই পড়া' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) "শিক্ষার মাধ্যমে আত্মোন্নতি সম্ভব"—উক্তিটি উদ্দীপক ও 'বই পড়া' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৪

৩। প্রাণ পুড়িয়ে দিচ্ছ আলো
কেউ কি তবু বাসলো ভালো?
অন্ধকারে রাখছে হাতে
সকাল হতেই পদাঘাতে ঠেলছে দূরে;
তাও তুমি আঁধার নাশের, গান গেয়ে যাও মধুর সুরে।

(ক) 'নিমগাছ' গল্পটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ১
(খ) বনফুল রচিত 'নিমগাছ' গল্পে "মাটির ভেতরে শেকড় অনেক দূর চলে গেছে"- বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের ভাববস্তু 'নিমগাছ' গল্পের কোন দিক নির্দেশ করে? ৩
(ঘ) উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্রভাব প্রকাশ করে কি? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৪। রহিমা একটি অনাথ শিশুদের আশ্রয়কেন্দ্রে চাকরি করে। সে তার নিয়মিত দায়িত্বের পাশাপাশি আশ্রয়কেন্দ্রের শিশুদের সাথে খুব সুন্দর ব্যবহার করে। তাদের সাথে মমত্বের সম্পর্ক গড়ে তোলে। তাই আশ্রয়কেন্দ্রের শিশুরা তাকে খুব ভালোবাসে। সে অসুস্থতার জন্য একদিন যোগ দিতে না পারায় আশ্রয়কেন্দ্রের তত্ত্বাবধায়ক তাকে তিরস্কার করে।

(ক) মমতাদির মাইনে কত টাকা ঠিক ছিল? ১
(খ) 'সবাই যদি তোমার মতো ভালোবাসত'-মমতাদি এই কথা দ্বারা কী বুঝিয়েছেন? ২
(গ) উদ্দীপকের রহিমা চরিত্রে 'মমতাদি' গল্পের মমতাদির কোন গুণটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের আশ্রয়কেন্দ্রের তত্ত্বাবধায়ক 'মমতাদি' গল্পের প্রত্যাশিত চরিত্রের বিপরীত— মন্তব্যটির সপক্ষে যুক্তি দাও। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। সময় গেলে সাধন হবে না
তুমি দিন থাকতে দ্বীনের সাধন, কেন করলে না
জানো না মন খালে বিলে থাক না মিল জল শুকালে
কী হবে আর বাধা দিলে, শুকনা মোহনা।

(ক) ধ্বজা অর্থ কী? ১
(খ) কবি সংসারকে 'সমরাঙ্গন' বলেছেন কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিক প্রতিফলিত হয়েছে? আলোচনা করো। ৩
(ঘ) উদ্দীপকে উল্লিখিত বিষয় ছাড়াও 'জীবন-সঙ্গীত' কবিতায় উঠে এসেছে জীবনের আরো কিছু লক্ষ্য-উদ্দেশ্য— যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৬। কাহারে করিছ ঘৃণা ভাই, কাহারে মারিছ লাথি?
হয়ত উহারই বুকে ভগবান জাগিছেন দিবারাতি
অথবা হয়তো কিছুই নহে সে, মহান উচ্চ নহে,
আছে ক্লেদাক্ত ক্ষত-বিক্ষত পড়িয়া দুঃখ-দহে।
তবু জগতের যত পবিত্র গ্রন্থ ভজনালয়
ঐ একখানি ক্ষুদ্র দেহের সম পবিত্র নয়!

(ক) ভুখারি শব্দের অর্থ কী? ১
(খ) 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান' ব্যাখ্যা করো। ২
(গ) কবিতাংশের ভাব 'মানুষ' কবিতার যে ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের ভাবটুকু কার্যকরী করার লক্ষ্যে 'মানুষ' কবিতায় কবি যে পদক্ষেপ গ্রহণের কথা বলেছেন তা বর্ণনা করো। ৪

৭। সোহানা আট বছর পূর্বে সরকারি বৃত্তি নিয়ে অস্ট্রেলিয়া যান। পড়াশোনা শেষ করে সেখানেই একটি বিশ্ববিদ্যালয়ে চাকরিতে যোগদান করেন। তারপরও তিনি সুখী নন। বিদেশে থেকেও সেখানের প্রকৃতি পরিবেশ কিছুই তাকে আকৃষ্ট করতে পারেনি। তার মনটা পড়ে থাকে বাংলার সবুজ-শ্যামল প্রান্তরে। যেখানে রয়েছে সবুজ বনানী, নদীতীরের সূর্যাস্তের দৃশ্য পথ কেটেছে তার শৈশব থেকে যৌবনের সোনালি দিন।

(ক) 'কপোতাক্ষ নদ' কোন ধরনের কবিতা? ১
(খ) "কিন্তু এ স্নেহের তৃষ্ণা মেটে কার জলে" বলতে কবি কী বুঝিয়েছেন। ২
(গ) সাদৃশ্যগত দিক দিয়ে সোহানার উপলব্ধি 'কপোতাক্ষ নদ' কবিতার সাথে কতটুকু সংগতিপূর্ণ– ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের প্রতিফলন ঘটেছে– মন্তব্যটির সত্যতা বিশ্লেষণ করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো। রিকয়েললেস রাইফেল
আর মেশিনগান খই ফোটাল যত্রতত্র।

(ক) শান্তিকমিটির চেয়ারম্যান কে ছিল? ১
(খ) "একটি ভয়াবহ কুটিল রাত" বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিক প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ৩
(ঘ) উদ্দীপটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক প্রতিনিধিত্ব করে —উক্তিটির সত্যতা আলোচনা করো। ৪

৯। ৪ ডিসেম্বর, ১৯৭১ সাল। পাকিস্তানি হানাদার বাহিনী পিছু হটছে। মুক্তিযোদ্ধারা তিনদিক থেকে তাদেরকে ধাওয়া করে একটি ব্রিজের উপর উঠিয়েছে। প্রচণ্ড বিস্ফোরণের শব্দে ব্রিজটা উড়ে গেল। এই বিস্ফোরণটি ঘটাল সাহসী দুজন কিশোর।

(ক) উপন্যাসের উৎস কী? ১
(খ) স্বাধীনতা ভীষণ আনন্দের—বুধা কোন স্বাধীনতার কথা বুঝিয়েছে? ২
(গ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকের সাথে সম্পর্কিত আলোচনা করো। ৩
(ঘ) "এই বিস্ফোরণটি ঘটাল সাহসী দুজন কিশোর" উপন্যাসের আলোকে বিশ্লেষণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। রমজান আলির অভাব অনটনের সুযোগ নিয়ে গ্রামের প্রভাবশালী ও ধনবান ব্যক্তি জমির উদ্দিন তার মেয়ে শিউলিকে বিয়ে করতে চায়। শিউলির বাবা এ বিয়েতে রাজি থাকলেও সে রাজি নয়। সে নিজের পায়ে দাঁড়িয়ে তার পরিবারকে সহযোগিতা করতে চায়। শিউলিকে বিয়ে করতে না পেরে জমির উদ্দিন শেষ মুহূর্তে পিছু হটতে বাধ্য হয়।

(ক) নাটকের প্রাণ কী? ১
(খ) "ইহা পরাজিত শত্রুর শেষ দাবি"-বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের জমির উদ্দিন এর শেষ মুহূর্তের চেতনার মধ্যে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা করো। ৩
(ঘ) উদ্দীপকের শিউলি 'বহিপীর' নাটকের তাহেরার মতোই জেগে উঠা নারীর প্রতিচ্ছবি—মন্তব্যটির যথার্থতা ব্যাখ্যা করো। ৪

১১। করিম মিয়া বাপ-দাদার নিজস্ব সম্পত্তিতে ফ্ল্যাট নির্মাণের জন্য ব্যাংক থেকে বিপুল পরিমাণ টাকা লোন নেয়। ফ্ল্যাটটি পুরোপুরিভাবে তৈরি হওয়ার আগেই তার লোনের সব টাকা ফুরিয়ে যায়। এমতাবস্থায় ধনাঢ্য চাচাত ভাই এর কাছে আর্থিক সাহায্য চায়। তার ভাই তাকে সাহায্যের বিনিময়ে ফ্ল্যাটটির ৫০ শতাংশ দাবি করে যা শুনে করিম মিয়া হতাশ হয়।

(ক) অ্যারিস্টটল নাটকে কতটি ঐক্যের কথা বলেছেন? ১
(খ) "দুনিয়াটা সত্যিই কঠিন পরীক্ষা ক্ষেত্র"—বহিপীর এ কথা দ্বারা কী বুঝিয়েছেন? ২
(গ) করিম মিয়ার চাচাত ভাই এর মানসিকতায় 'বহিপীর' নাটকের কোন চরিত্র প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ করো। ৩
(ঘ) উদ্দীপকের আলোচ্য দিকটি 'বহিপীর' নাটকের একটি মাত্র দিক, সামগ্রিক দিক নয়— সত্যতা বিশ্লেষণ করো। ৪

08

# আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা

## নির্বাচনি পরীক্ষা−২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। **'বহিপীর' নাটকে বাইরের আবছায়ায় বসে হুঁকা খায় কে?**
ক বহিপীর খ হাতেম
গ হাশেম ঘ হকিকুল্লাহ

২। **'ও পাথরের চোখ মেলে মৃত্যু দেখে।' −এখানে পাথরের চোখ বলতে কী বোঝানো হয়েছে?**
ক স্থির দৃষ্টি খ দৃষ্টিহীন চোখ
গ গভীর দৃষ্টি ঘ অন্তর্দৃষ্টি

৩। **'রেকি করার কাজটা তোকে করতে হবে।'− এখানে রেকি দ্বারা কী বোঝানো হয়েছে?**
ক আক্রমণের আগে শত্রুর অবস্থান অনুসন্ধান
খ শত্রুকে ধরাশায়ী করার কূটকৌশল
গ ছলনা করার পদ্ধতি
ঘ আক্রমণের জন্য সংঘটিত করা

৪। **'বহিপীর' নাটকে 'তাহেরা' কীসের প্রতীক?**
ক সচেতনতার খ নির্যাতিতার
গ নতুন দিনের ঘ বীরত্বের

৫। **'ঝোপ বুঝে কোপ মারা'− এ প্রবাদের ভাবার্থ ধারণ করা চরিত্র কোনটি?**
ক বহিপীর খ হাতেম আলি
গ খোদেজা ঘ হাশেম আলি

৬। **'নীল কমল' শব্দটি কোন কবিতার উপাত্ত?**
ক আমার সন্তান
খ কপোতাক্ষ নদ
গ ঝরনার গান
ঘ সাহসী জননী বাংলা

৭। **'পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়।'− এ মতবাদের বিরুদ্ধ মতবাদ কোনটি?**
ক বিদ্যার সাধনা শিষ্যকে নিজে অর্জন করতে হয়
খ সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত
গ শিক্ষা অর্জন ও গ্রহণের ব্যাপার
ঘ জ্ঞানহীনে জ্ঞান দেন গুরু মহাশয়

৮। **'মরণের কথা মনে করলে যুদ্ধ করা যায় না'− কথাটি কে বলেছে?**
ক বুধা খ শাহাবুদ্দিন
গ ফুলকলি ঘ কুন্তি

৯। **সুভা মুক্তির আনন্দ কোথায় খুঁজে পায়?**
ক স্বচ্ছ আকাশের সৌন্দর্যে
খ বিপুল নির্বাক প্রকৃতিতে
গ সর্বশী ও পাঙ্গুলির স্পর্শে
ঘ প্রতাপের সঙ্গে সময় কাটিয়ে

১০। **"দাও বাবা, দাও একটু পায়ের ধুলো।" এ কথা কে বলেছিলেন?**
ক কাঙালি খ ঈশ্বর নাপিত
গ বিন্দির পিসি ঘ রাখালের মা

১১। **'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' গ্রন্থটি কে সম্পাদনা করেন?**
ক মুহম্মদ শহীদুল্লাহ
খ মোতাহের হোসেন চৌধুরী
গ হুমায়ুন আজাদ
ঘ সিকান্দার আবু জাফর

১২। **'আম-আঁটির ভেঁপু'− গল্পের মূলসুর কী?**
ক জীবন ঘনিষ্ঠতা খ প্রকৃতি ঘনিষ্ঠতা
গ দারিদ্র্য ঘ চিরায়ত শৈশব

১৩। **'ধী' শব্দের অর্থ কী?**
ক ধারী খ স্থির
গ বুদ্ধি ঘ শক্তিধারী

১৪। **'শিক্ষার আসল কাজ জ্ঞান পরিবেশন নয়, মূল্যবোধ সৃষ্টি' কে বলেছেন?**
ক প্রমথ চৌধুরী
খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ মোতাহের হোসেন চৌধুরী
ঘ হায়াৎ মামুদ

১৫। **'কার গোয়াল কে দেয় ধোঁয়া' লেখক আবদুর রহমানের মাঝে কী দেখে এ কথা বলেছেন?**
ক আন্তরিকতার বাড়াবাড়ি
খ শক্তিমত্তার পরিচয়
গ ভোজন বিলাসের পরিচয়
ঘ জ্ঞানের বহর

১৬। **মমতাদির দুচোখ সজল হয়ে উঠার কারণ কী?**
ক ভালোবাসায় খ শ্রদ্ধায়
গ কৃতজ্ঞতায় ঘ অভিমানে

১৭। **পয়লা বৈশাখের শভিনিষ্টিস দিকটি বুঝতে হলে কী করতে হবে?**
ক সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করতে হবে
খ অসাম্প্রদায়িক চেতনায় উজ্জীবিত হতে হবে
গ নিজেদের স্বাধীন মানুষ ভাবতে হবে
ঘ সাধারণ মানুষের সাথে মিশতে হবে

১৮। **কোন শ্রেণির নাটক দর্শক হৃদয়ে ভয় ও করুণা প্রশমিত করে করুণ রসের আনন্দ সৃষ্টি করে?**
ক ট্র্যাজেডি খ কমেডি
গ প্রহসন ঘ নৃত্যনাট্য

১৯। **বেঙ্গল টাইগারটি কার পোষা ছিল?**
ক লেখকের
খ মহারাজার
গ লেখকের বাবার
ঘ জগদলের বড়োকর্তার

২০। **কবি আবদুল হাকিম কোন শতকের কবি?**
ক ষোড়শ খ সপ্তদশ
গ অষ্টাদশ ঘ উনিশ শতক

২১। **'জীবন-সঙ্গীত' কবিতায় কবি মানবজীবনকে বৃথা বলতে চাননি। কারণ−**
i) মানবজীবন সাফল্যে পরিপূর্ণ
ii) মানবজীবন তাৎপর্যময়
iii) মানুষের অনেক দায়িত্ব রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২২। **'মাটির ভয়ে রাজা হবে মাটি।'− পঙ্ক্তিতে কী প্রকাশ পেয়েছে?**
ক রাজ্য ধুলোয় ভরে যাওয়া
খ পরিকল্পনা ভেস্তে যাওয়া
গ সভাসদদের কাজ পণ্ড হওয়া
ঘ রাজ্য অচল হয়ে পড়া

২৩। **"পৃথিবীর এই সব গল্প বেঁচে রবে চিরকাল" বলতে কবি কী বুঝিয়েছেন?**
ক সভ্যতার বিনির্মাণ খ মানুষের নশ্বরতা
গ সময় গতিশীল ঘ প্রকৃতি চিরন্তন

২৪। **'বিরহিনী ডাক ডাকিতেছে ঝুরিঝুরি'-এখানে কোন পাখির কথা বোঝানো হয়েছে?**
ক বাদুড় খ কানা কুয়ো
গ ডাহুক ঘ হুতুম

২৫। **'আশা' কবিতায় কবির দৃষ্টিতে মানুষের আয়ু কমায়−**
ক সারাদিনের পরিশ্রম
খ দুরাশা গ্লানি
গ দীনতা ও সংশয়
ঘ বিত্তসুখের দুর্ভাবনা

২৬। **'আমি ছিলাম এখানে− এখানে থাকার নাম সর্বত্রই থাকা'− কবি কোন নিয়মে সর্বত্র থাকেন?**
ক প্রকৃতির খ স্বাভাবিক
গ সময়ের ঘ স্বাপ্নিক

২৭। **'তারও চেয়ে ভয় কখন সূর্য ওঠে।' রানারের সূর্য ওঠাকে ভয় পাওয়ায় তার যে বৈশিষ্ট্য ধরা পড়ে−**
ক কর্তব্যনিষ্ঠা
খ দায়িত্ববোধ
গ সময়ানুবর্তিতা
ঘ কাজের প্রতি শ্রদ্ধা

২৮। **'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীতা'− কবিতাটি কোন ঐতিহাসিক ঘটনাকে নির্দেশ করে?**
ক ৪৭-এর দেশভাগ
খ ৫২-এর ভাষা আন্দোলন
গ ৬৯-এর গণ অভ্যুত্থান
ঘ ৭১-এর মুক্তিযুদ্ধ

২৯। **'পায়ের আওয়াজ পাওয়া যায়' কোন জাতীয় রচনা?**
ক প্রবন্ধ খ উপন্যাস
গ নাটক ঘ ছোটগল্প

৩০। **কোথায় স্বপ্ন নিয়ে মধ্যবিত্তরা রেসকোর্স ময়দানে এসেছিল?**
ক হৃদয়ে খ ললাটে
গ চেতনায় ঘ চোখে

## বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক–বিভাগ : গদ্য

১। "ছোটো প্রাণ, ছোটো ব্যথা ছোটো ছোটো দুঃখ কথা
নিতান্তই সহজ সরল........
নাহি বর্ণনার ছটা ঘটনার ঘনঘটা
নাহি তত্ত্ব নাহি উপদেশ
অন্তরে অতৃপ্তি রবে সাঙ্গ করি মনে হবে
শেষ হয়ে হইল না শেষ।" [বর্ষাযাপন- রবীন্দ্রনাথ ঠাকুর]

(ক) 'নিমগাছ' গল্পের ম্যাজিক বাক্যটি কী? ১
(খ) নিমগাছটা লোকটার সঙ্গে চলে যেতে পারেন কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের কবিতাংশের বক্তব্যের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের ছোটো ছোটো দুঃখ কথা যেন 'নিমগাছ' গল্পে বড়ো দুঃখ কথা হিসেবে চিত্রিত হয়েছে"—বিশ্লেষণ করো। ৪


২। সবারে বাসিব ভালো, করিব না আত্মপর ভেদ
সংসারে গড়িব এক নতুন সমাজ
মানুষের সাথে কভু মানুষের রবে না বিচ্ছেদ
সর্বত্র মৈত্রীর ভাব করিবে বিরাজ।
[মৈত্রী- আবদুল কাদির]

(ক) 'যুগবাণী' কোন ধরনের রচনা? ১
(খ) 'বোধন-বাঁশি' বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকে বর্ণিত কবি আবদুল কাদিরের দৃষ্টিভঙ্গির সঙ্গে 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধে বর্ণিত কাজী নজরুল ইসলামের দৃষ্টিভঙ্গির সাদৃশ্য দেখাও। ৩
(ঘ) 'মানুষের প্রতি মানুষের একাত্মবোধ পারে সমাজ থেকে যাবতীয় বৈষম্য দূর করতে' মন্তব্যটি 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধ ও উদ্দীপকের আলোকে বিচার করো। ৪

৩। ডায়েরির পাতা উল্টাতে গিয়ে এক জায়গায় চোখ আটকে যায় ক্যাম্প কমান্ডারের। গেরিলাদের প্রশ্ন করেন তোমরা যুদ্ধ করছ কেন? সমস্বরে উত্তর ভেসে আসে। মাকে বাঁচাতে '.....' দেশের অস্তিত্ব রক্ষার জন্য। কমান্ডারের চোখের সামনে ভেসে ওঠে রক্তমাখা কিশোর যোদ্ধার মুখ, যে শত অত্যাচারেও মাথা নত করেনি।

(ক) স্বাধীন বাংলা বেতারে আবু মোহাম্মদ আলী কার ছদ্মনাম ছিল? ১
(খ) 'অবরুদ্ধ নিষ্ক্রিয়তায় ওর হাঁপিয়ে উঠবে না'— কারা? কেন, তা ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'একাত্তরের দিনগুলি' রচনার যে দিক প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে বর্ণিত দিকটিই 'একাত্তরের দিনগুলি' রচনার জাহানারা ইমাম ও শরীফ ইমামের মতকে সমর্থন করেছে।" — মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৪।




(ক) সাহিত্যের প্রধান লক্ষণ কোনটি? ১
(খ) খবরের কাগজে প্রকাশিত সব লেখাকে প্রবন্ধ বলা যায় না কেন? ২
(গ) উদ্দীপকে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের কোন আঙ্গিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উৎকর্ষ সৃষ্টিতেই নাটকের মাহাত্ম্য'— 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। 'শিখর হইতে শিখরে ছুটিব
ভূধর হইতে ভূধরে লুটিব,
হেসে খলখল গেয়ে কলকল তালে তালে দিব তালি।
এত কথা আছে, এত গান আছে, এত প্রাণ আছে মোর,
এত সুখ আছে, এত সাধ আছে, প্রাণ-হয়ে আছে ভোর।

(ক) 'আংরাখা' অর্থ কী? ১
(খ) 'অঙ্গ মোর ঝলমলে' বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকটির সাথে 'ঝরনার গান' কবিতাটির সাদৃশ্যপূর্ণ দিকটি উপস্থাপন করো। ৩
(ঘ) "উদ্দীপকের বর্ণনা 'ঝরনার গান' কবিতার সমধর্মী হলেও পুরোপুরি এক নয়"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬। "কাহারে করিছ ঘৃণা ভাই, কাহারে মারিছ লাথি,
হয়তো উহারই বুকে ভগবান জাগিছেন দিবারাতি।
অথবা হয়তো কিছুই নহে সে, মহান উচ্চ নহে,
আছে ক্লেদাক্ত ক্ষত-বিক্ষত পড়িয়া দুঃখ দহে।
তবু জগতের যত পবিত্র গ্রন্থ-ভজনালয়
ঐ একখানি ক্ষুদ্র দেহের সম পবিত্র নয়।"

(ক) 'কালাপাহাড়'-এর প্রকৃত নাম কী? ১
(খ) "ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়"— চরণটির দ্বারা কী বোঝানো হয়েছে? ২
(গ) কবিতাংশের ভাব 'মানুষ' কবিতার যে ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের ভাবটুকু কার্যকরী করার লক্ষ্যে 'মানুষ' কবিতায় কবি যে পদক্ষেপ গ্রহণের কথা বলেছেন তা বর্ণনা করো। ৪

৭। "তিতাস একটি নদীর নাম। তার কূলজোড়া জল, বুকভরা ঢেউ, প্রাণভরা উচ্ছ্বাস। স্বপ্নের ছন্দে সে বহিয়া যায়। ভেতরের তন্দ্রায় তার তন্দ্রা ভাঙে, দিনের সূর্য তাকে তাতায়, রাতের চাঁদ ও তারারা তাকে নিয়া ঘুম পাড়াইতে বসে, কিন্তু পারে না।"
[তথ্যসূত্র : তিতাস একটি নদীর নাম– অদ্বৈত মল্লবর্মণ]

(ক) অষ্টককে ইংরেজিতে কী বলা হয়? ১
(খ) চতুর্দশপদী কবিতার অষ্টক ও ষষ্টকের সম্পর্ক ব্যাখ্যা করো। ২
(গ) 'কপোতাক্ষ নদ' কবিতার সঙ্গে উদ্দীপকের সাদৃশ্য আলোচনা করো। ৩
(ঘ) 'নদীমাতৃক বাংলায় নদী মানুষের প্রাণের সখা'- 'কপোতাক্ষ নদ' কবিতা ও উদ্দীপকের আলোকে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮। ওরা তিনজন জনস্রোতে মিশে যায়। রবিনের মনে হয় ওরা আর বালক নেই। ওরা বাবা তো জানেন না যে রবিন স্কুলের ছেলেদের সঙ্গে মিছিলে চলে এসেছে। আজ বাবাকে গিয়ে ও বলবে, মিছিলে এসে ও বড়ো হয়ে গেছে। সে বড়োদের সঙ্গে সমান তালে হাঁটতে পেরেছে। রবিনের মনে হয় ওর চারিদিক খোলা। হঠাৎ মিলিটারিরা গ্যাস ছাড়ে। ওর চোখ জ্বালা করে। এই যন্ত্রণায় সে আরও ক্ষিপ্ত হয়ে ওঠে।

(ক) শাহাবুদ্দিনের নৌকা কোন দিকে যায়? ১
(খ) দুঃখকে বুধা 'হিংস্র শকুন' বলে বিবেচনা করে কেন? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের রবিনের মিছিলে অংশগ্রহণের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বুধা চরিত্রের কোন দিকটির মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনাকে ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। বিদেশি সেনার কামানে বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান-বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।

(ক) 'কাকতাড়ুয়া' উপন্যাসের মিঠুর ভাইয়ের নাম কী? ১
(খ) "এমন খুশি আমার জীবনে আর আসেনি"- বুধার এ উক্তির কারণ কী? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের প্রথম দুই চরণে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তুর খণ্ডিত অংশ মাত্র"-মন্তব্যটির সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০। নন্দী গ্রামের সহজ-সরল মানুষকে ঠকানোই হচ্ছে ভণ্ডপীর গিয়াসের কাজ। সে নানা কূটকৌশলে গ্রামের সহজ-সরল মানুষের কাছে তাবিজ বিক্রি করে। ঝাড়ফুঁক দিয়ে প্রচুর আর্থিক ফায়দা লাভ করে। মুরিদদের বিশ্বাস পীরের অনেক ক্ষমতা রয়েছে। পীর খুশি থাকলে আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট থাকবেন। কিন্তু তার কাজে বাধা হয়ে দাঁড়ায় বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলে রাশিক। সে গ্রামের মানুষকে বোঝায় আল্লাহর সন্তুষ্টির জন্য ভণ্ডপীরের দরকার নেই। স্রষ্টা নির্দেশিত পথে ইবাদতের মাধ্যমেই আল্লাহর সন্তুষ্টি নির্ভর করে।

(ক) 'বহিপীর' নাটকের হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
(খ) "এবার তার সাধের স্বপ্নও ভাঙবে।" হাতেম আলির একথা বলার কারণ কী? ২
(গ) উদ্দীপকের গিয়াসের আচরণ 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের রাশিকের মানসিক চেতনা 'বহিপীর' নাটকের মূলসুরকেই তুলে ধরে।"-মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

১১। পিতার দরিদ্রতার সুযোগ নিয়ে পার্শ্ববর্তী গ্রামের প্রভাবশালী ও ধনবান কছির মিয়া রেশমাকে বিয়ের প্রস্তাব দেয়। বাবা এ বিয়েতে রাজি থাকলেও রেশমাকে রাজি করাতে না পেরে কছির মিয়া শেষ মুহূর্তে পিছু হটতে বাধ্য হয়।

(ক) "একজন চেঁচামেচি করে আর একজন কাঁদে"— উক্তিটি কার? ১
(খ) "ইহা পরাজিত শত্রুর শেষ দাবি"— বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের কছির মিয়ার শেষ মুহূর্তের চেতনার মধ্যে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের রেশমা 'বহিপীর' নাটকের তাহেরার মতোই জেগে ওঠা নারীর প্রতিচ্ছবি।" মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

09

# বগুড়া জিলা স্কুল, বগুড়া

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। সুভার ভাষার অভাব পূরণ করে দেয়–**
ⓚ গোয়ালের গাভী ⓚ গোসাইদের ছেলে
ⓖ বিড়াল শাবক ⓘ তরুর মর্মর

**২। ডেমোক্রেসি কীসের সার্থকতা বোঝে না?**
ⓚ শিক্ষার ⓚ সাহিত্যের
ⓖ অর্থের ⓘ দর্শনের

**৩। 'মা মরেচে ত যা নীচে নেবে দাঁড়া।'–অধর রায় কেন এ কথা বলেছিল?**
ⓚ কাঙালি গরিব বলে ⓚ অশৌচের ভয়ে
ⓖ অহমিকার কারণে ⓘ শূদ্র বলে

**৪। রায় বাড়িতে হরিহরের বেতন কত টাকা ছিল?**
ⓚ আট ⓚ দশ
ⓖ বারো ⓘ চৌদ্দ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
"কিশোর মোরা উষার আলো আমরা হাওয়া দুরন্ত মনটি চির বাঁধন হারা পাখির মতো উড়ন্ত।"

**৫। উদ্দীপকে 'আম আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে?**
ⓚ গ্রামীণ প্রকৃতি ঘনিষ্ঠ জীবন
ⓚ মানুষের আনন্দময় শৈশব
ⓖ অপু ও দুর্গার হতদরিদ্র জীবন
ⓘ শিশুদের বিস্ময় ও কৌতূহল

**৬। উক্ত দিক প্রকাশে প্রযোজ্য বাক্য–**
i. রৌদ্রে বেড়াইয়া তাহার মুখ রাঙা হইয়া উঠিয়াছে
ii. বাছা আমার তাই পরে হাসি মুখে নেচে নেচে বেড়ায়
iii. বাক্সের সমুদয় সম্পত্তি সে উপুড় করিয়া মেঝেতে ঢালিয়াছে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৭। নিমগাছের ফুলকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?**
ⓚ তারা ⓚ নক্ষত্র
ⓖ চাঁদ ⓘ আকাশ

**৮। 'চাই, চাই আরও চাই'–এই চাওয়ার কারণ–**
i. চিন্তা দূর করা
ii. অন্ন চিন্তা দূর করা
iii. জীবসত্তাকে বাঁচিয়ে রাখা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৯। 'বারকোশ' বলতে কী বুঝায়?**
ⓚ মাটির তৈরি থালা
ⓚ বড় থালা
ⓖ স্টিলের তৈরি থালা
ⓘ কাঠের তৈরি বড় থালা

**১০। মমতাদি কৃতজ্ঞতা প্রকাশ করেছিল কীভাবে?**
ⓚ হাসিতে ⓚ বিস্ময়ে
ⓖ কলহাস্যে ⓘ নীরবে

**১১। হালখাতা ও মিঠাই বিতরণ কোন অনুষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ?**
ⓚ পুণ্যাহ ⓚ নববর্ষ
ⓖ পৌষপার্বণ ⓘ চড়ক পূজা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
হিন্দু না ওরা মুসলিম? ওই জিজ্ঞাসে কোন জন। কান্ডারি বল, ডুবিছে মানুষ-সন্তান মোর মার।

**১২। চরণ দুটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে?**
ⓚ সাম্প্রদায়িক চেতনা
ⓚ অসাম্প্রদায়িক চেতনা
ⓖ ধর্মীয় চেতনা
ⓘ অন্তর বেদনা

**১৩। এই চেতনা লালন করলে আমরা পাব–**
i. শৃঙ্খলমুক্তি
ii. সামাজিক সম্প্রীতি
iii. মানব মুক্তি ও সহযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**১৪। মূল্যবোধ সৃষ্টির উপায় হিসেবে কোনটি আসে?**
ⓚ অর্থ পরিবেশন ⓚ জ্ঞান পরিবেশন
ⓖ ক্ষুৎপিপাসা ⓘ সামাজিকতা

**১৫। 'নিমগাছ' গল্পে নিমগাছটিকে কী অর্থে ব্যবহার করা হয়েছে?**
ⓚ তাৎপর্যপূর্ণ অর্থে ⓚ ভিন্নার্থে
ⓖ রূপকার্থে ⓘ প্রশংসার্থে

**১৬। কবি কাদের জন্ম পরিচয় সম্পর্কে সন্ধিহান?**
ⓚ জমিদারদের
ⓚ অশিক্ষিতদের
ⓖ এদেশের হিন্দুদের
ⓘ মাতৃভাষা অবজ্ঞাকারীদের

**১৭। 'আর কি হে হবে দেখা'?–এখানে প্রকাশ পেয়েছে কবির–**
ⓚ অসহায়ত্ব ⓚ অনিশ্চয়তা
ⓖ সংকোচ ⓘ বিরহ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
**"এমন জীবন করিবে গঠন,
মরণে হাসিবে তুমি কাঁদিবে ভুবন।"**

**১৮। উদ্দীপকটি নিচের কোন কবিতার সাথে সাযুজ্যপূর্ণ?**
ⓚ রানার ⓚ সেইদিন এই মাঠ
ⓖ মানুষ ⓘ জীবন-সঙ্গীত

**১৯। সাযুজ্যপূর্ণ হবার কারণ হিসেবে নিচের যে বিষয়টি প্রণিধানযোগ্য–**
i. পরর্থপ্রীতি
ii. মানবপ্রীতি
iii. আত্মপ্রীতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**২০। ভুখারি কত বছর বয়সী?**
ⓚ ষাট বছর ⓚ সত্তর বছর
ⓖ আশি বছর ⓘ নব্বই বছর

**২১। 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল'– বলতে কবি কী বুঝিয়েছেন?**
ⓚ সভ্যতার বিনির্মাণ ⓚ মানুষের নশ্বরতা
ⓖ সময় গতিশীল ⓘ প্রকৃতি চিরন্তন

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
"এদিকে দিগন্তে যতদূর চাহি, পাংশু মেঘের জাল, পায়ে জড়াইয়া পথে দাঁড়ায়েছে আজিকার মহাকাল।"

**২২। উদ্দীপকের সাথে 'পল্লিজননী' কবিতার কোনটির মিল আছে?**
ⓚ রাতের ⓚ প্রকৃতির
ⓖ গ্রামের ⓘ অন্ধকারের

**২৩। 'পল্লিজননী' কবিতার কোন চরণে কথিত ভাবের প্রতিফলন আছে?**
ⓚ রাত থম থম স্তব্ধ নিঝুম, ঘোর-ঘোর-আন্ধার
ⓚ আঁধারের সাথে যুঝিয়া তাহার ফুরায়ে এসেছে তেল
ⓖ চলে বুনো পথে জোনাকি মেয়েরা কুয়াশা কাফন ধরি
ⓘ শিয়রের কাছে নিবু নিবু দীপ ঘুরিয়া ঘুরিয়া জ্বলে

**২৪। কবি কার ডিঙার বহন থেকে এসেছেন?**
ⓚ বাউলের ⓚ সওদাগরের
ⓖ কৈবর্তের ⓘ সূর্যসেনের

**২৫। "পথ ওকে ডাকে–আয়। ও হেসে বলে, এই তো এসেছি।"–এখানে 'ওকে' বলতে কাকে বুঝানো হয়েছে?**
ⓚ কুন্তি ⓚ বুধা
ⓖ মিঠু ⓘ আলি

**২৬। "পানিতে ঝাঁপ দিয়ে মরব, তবু যাব না"–উক্তিটিতে তাহেরা চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে?**
ⓚ সাহসিকতা ⓚ প্রতিবাদ
ⓖ অবাধ্যতা ⓘ দৃঢ়তা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
রসুলপুর ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে শফিক আলীর বেশ সুনাম রয়েছে। তার অর্থবিত্ত না থাকলেও নৈতিকতাই ছিল তার বড় সম্বল।

**২৭। উদ্দীপকের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**
ⓚ হকিকুল্লাহর ⓚ বহিপীর
ⓖ হাশেম আলির ⓘ হাতেম আলির

**২৮। যে কারণে উক্ত চরিত্রটি একটি উজ্জ্বল চরিত্র–**
i. মানবিক মূল্যবোধসম্পন্ন
ii. আত্মনিমগ্নবোধে জাগ্রত
iii. উচ্চ মানবিক চেতনা সম্পন্ন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**২৯। বুধা রাজাকারের বাড়িতে আগুন দেয় কেন?**
ⓚ প্রতিশোধ নিতে ⓚ প্রতিহিংসায়
ⓖ অন্যের প্ররোচনায় ⓘ দেশ রক্ষায়

**৩০। বুধার কাজে আগ্রহ দেখে কে খুশি হয়?**
ⓚ মতিউর ⓚ আহাদ মুন্সি
ⓖ ফজুমিয়া ⓘ কুদ্দুস

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্যাংশ

১। সত্তর বছরের বৃদ্ধা আয়েশা অবহেলায় পড়ে আছে সংসারের এককোণে। অথচ অল্প বয়সে যখন বিয়ে হয়ে এসেছিল, তখন দু'হাতে এই সংসারের জন্য, সংসারের মানুষ, আত্মীয়-স্বজন সকলের জন্য কত কিছুই না করেছে। তার অবজ্ঞার কথা ভেবে সংসার ছেড়ে যেতে চায় কিন্তু সংসারের মায়ায় আটকে যাওয়ায় আর কোথাও যেতে পারে না।
(ক) নিমের কচি পাতাগুলো অনেকে খায় কেন? ১
(খ) কবিরাজরা নিমপাতার প্রশংসায় পঞ্চমুখ কেন? ২
(গ) উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সম্পূর্ণ ভাব ধারণ করে কী? ব্যাখ্যা করো। ৪

২। গাহি সাম্যের গান–
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।
নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি,
সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি।
(ক) মহাজাগরণের দিন কোন শক্তিকে ভুললে চলবে না? ১
(খ) লেখক বোধন বাঁশিতে সুর দিতে বলেছেন কেন? ২
(গ) পঙ্‌ক্তিটিতে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে বিষয়ের প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের মূলভাব এবং 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মূলভাব একসূত্রে গাঁথা"–বিশ্লেষণ করো। ৪

৩। ঢাকার অন্যতম একটি দর্শনীয় স্থান লালবাগ কেল্লা। সতেরো শতকে সম্রাট আযম এর নির্মাণ কাজ শেষ করেন। বাংলাদেশের ঐতিহ্যবাহী স্থাপনাগুলোর মাঝে এটি অন্যতম। কিন্তু অবহেলা ও উদাসীনতার কারণে স্থানটি তার সৌন্দর্য হারাতে বসেছে।
(ক) রোঁমা রোঁলা কার সৌন্দর্যে মুগ্ধ হয়েছিলেন? ১
(খ) 'নচেৎ এ সকল কেবলি ভুয়া কেবলি ফক্কিকার'–বুঝিয়ে লেখ। ২
(গ) উদ্দীপকে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা করো। ৩
(ঘ) "লালবাগ কেল্লা ও বাংলার পল্লিসাহিত্য উভয়ই অস্তিত্ব সংকটে ভুগছে।"–'পল্লিসাহিত্য' প্রবন্ধ এবং উদ্দীপকের অনুসারে উক্তিটি মূল্যায়ন করো। ৪

৪। গফুর লজ্জিত হইয়া বলিল, বাপ-বেটিতে দুবেলা পেটভরে খেতে পর্যন্ত পাইনে। ঘরের পানে চেয়ে দেখ, বৃষ্টি বাদলে মেয়েটিকে নিয়ে কোণে বসে রাত কাটাই; পা ছড়িয়ে শোবার ঠাঁই মেলে না। মহেশকে একটি বার তাকিয়ে দেখ, পাঁজরা গোনা যাচ্ছে। দাও না ঠাকুর মশাই কাহন দুই ধার, গোরুটাকে দু'দিন পেট পুরে খেতে দিই। বলিতে বলিতেই গফুর ধপ করিয়া ব্রাহ্মণের পায়ের কাছে বসিয়া পড়িল। তর্করত্ন কহিলেন– "আ মর্‌ ছুঁয়ে ফেলবি নাকি"?
(ক) গ্রামে নাড়ি দেখতে কে জানত? ১
(খ) রসিক হতবুদ্ধির মতো দাঁড়াইয়া রহিল কেন? ২
(গ) উদ্দীপকের গফুর চরিত্রটি কোন দিক দিয়ে 'অভাগীর স্বর্গ' গল্পে কাঙালী চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের তর্করত্ন কী 'অভাগীর স্বর্গ' গল্পের অধর রায়ের সার্থক প্রতিনিধি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## খ-বিভাগ : পদ্যাংশ

৫। মোরা এক বৃন্তে দু'টি কুসুম হিন্দু-মুসলমান
মুসলিম তার নয়নমণি হিন্দু তার প্রাণ।
এক সে আকাশ মায়ের কোলে
যেন রবি-শশী দোলে,
এক রক্ত বুকের তলে, এক সে নাড়ির টান
(ক) মসজিদে কে তালা দিল? ১
(খ) 'ঐ মন্দির পূজারীর, হায় দেবতা তোমার নয়।'–ভুখারির এমন অনুভূতির কারণ কী? ২
(গ) উদ্দীপকের ভাবনার সাথে 'মানুষ' কবিতার বৈসাদৃশ্য তুলে ধরো। ৩
(ঘ) "উদ্দীপকের চেতনাই 'মানুষ' কবিতার মূল প্রতিপাদ্য।" –বিশ্লেষণ করো। ৪

৬। বাঙালির ঐতিহ্য হাজার বছরের। চিত্রকলা, নাট্যকলা, সংগীতকলা ইত্যাদিতে বাংলার সংস্কৃতি সমৃদ্ধ। বিদ্রোহে বাঙালির ইতিহাস বীরত্বপূর্ণ। কর্ম নৈপুণ্যে বাঙালি দক্ষ। সম্পদে এ ভূমি ভরপুর। আমি বাংলার সন্তান। বাংলার ঐতিহ্যই আমার পরিচয়। বাংলার সংস্কৃতি আমি মনে প্রাণে লালন করি।
(ক) চর্যাপদ কে আবিষ্কার করেন? ১
(খ) 'এসেছি বাঙালি আউল-বাউল মাটির দেউল থেকে'–উক্তিটি বুঝিয়ে লেখ। ২
(গ) উদ্দীপকের সাথে 'আমার পরিচয়' কবিতার কোন বিষয়ে সাদৃশ্য আছে? উপস্থাপন করো। ৩
(ঘ) 'বাংলার ঐতিহ্যই আমার পরিচয়'–উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৭। তিস্তার তীব্র ভাঙনে দোতলা বাড়ি আর বেশ কিছু ফসলি জমি হারিয়ে মরিয়মের ঠাঁই হয়েছে সরকারি আশ্রয়ন প্রকল্পে। সব হারিয়ে দমে না গিয়ে মরিয়ম ক্ষুদ্র ঋণ নিয়ে নিজেকে স্বাবলম্বী করে তোলে। তার স্বামী অতীত বিত্ত বৈভবের জন্য হাহাকার করলেও সে স্বামীকে সান্ত্বনা দেয় এবং তাকে সাহস জোগায়।
(ক) কবি আয়ুকে কীসের সঙ্গে তুলনা করেছেন? ১
(খ) জীবাত্মা অনিত্য নয় কেন? ২
(গ) উদ্দীপকের মরিয়মের স্বামীর মানসিকতায় 'জীবনসঙ্গীত' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "হতাশা নয় বরং মরিয়মের ধৈর্য ও আত্মপ্রত্যয় মনোভাবই 'জীবনসঙ্গীত' কবিতার মূল প্রতিপাদ্য বিষয়"–মূল্যায়ন করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। তানভীর তার পরিবারের সাথে সাভারে বেড়াতে গিয়ে জাতীয় স্মৃতিসৌধ দেখে অবাক হয়। সে মায়ের কাছে এ স্মৃতিসৌধ সম্পর্কে জানতে চায়। মা তাকে বলে–মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণে এই স্মৃতিসৌধটি নির্মিত হয়েছে। স্মৃতিসৌধ তরুণ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল হিসেবে দাঁড়িয়ে আছে।
(ক) শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১
(খ) আলো আঁধার বুধার কাছে সমান কেন? ২
(গ) উদ্দীপকের স্মৃতিসৌধ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন স্মৃতি মনে করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের স্মৃতিসৌধ 'কাকতাড়ুয়া' উপন্যাস উভয়ই মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল"–বিশ্লেষণ করো। ৪

৯। গ্রামের নাম নিশ্চিন্তপুর। যেমন নাম তেমনি শান্ত, পরিপাটি ও আনন্দমুখর পরিবেশ সে গ্রামের। হঠাৎ একদিন বিকট শব্দে আঁতকে ওঠে গ্রামের ছেলে-বুড়ো সবাই। কয়েক মিনিটের মধ্যেই সবকিছু লন্ডভন্ড করে দিয়ে মুখোশধারী কিছু লোক চলে যায় বুটের শব্দের আওয়াজ তুলে। ছিন্ন ভিন্ন গ্রামের কুটির থেকে আর্তনাদ–এরা আমাদের পরিচিতজন নয়, এরা সবাই লুটেরা। এই আর্তনাদের কঠিন জবাব দেয় গ্রামের এক অল্প বয়সী ছেলে আজাদ। সে বলে, এই লুটেরাদের দেশ ছাড়া করবো, নয়তো মরব।
(ক) বুধার দৃষ্টিতে লোহার টুপি পরা মানুষেরা কী করে? ১
(খ) বুধার চাচি কেমন স্বভারের মানুষ ছিলেন? বুঝিয়ে লেখ। ২
(গ) উদ্দীপকের উল্লিখিত বিষয়টি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটির ইঙ্গিত বহন করে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের আজাদের প্রতিবাদী চেতনা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধারই প্রতিধ্বনি।" –মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। ব্যাংক ঋণের কারণে আশরাফ সাহেবের কোটি টাকার বাড়িটি নিলামে উঠে। দিশেহারা হয়ে যান আশরাফ সাহেব। কোনো উপায় না দেখে বন্ধু জহিরের কাছে সাহায্যের আবেদন করেন। জহির বাড়িটাকে নিলাম থেকে রক্ষা করে নিজের নামে করিয়ে নেয়। অসহায় আশরাফ সাহেব এ দৃশ্য দেখে হতভম্ব হয়ে যান।
(ক) "বদান্যতার জোরে জান যায় মানুষের"–উক্তিটি কার? ১
(খ) "মেয়েটার যেন একটু লজ্জা শরম নাই"–কথাটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২
(গ) উদ্দীপকের জহিরের সাথে 'বহিপীর' নাটকের বহিপীরের যে দিক থেকে বৈসাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের আশরাফ সাহেব এবং বহিপীর' নাটকের হাতেম আলি পুরোপুরি এক নয়"–বিশ্লেষণ করো। ৪

১১। বাস দুর্ঘটনায় আহত রেহেনুমা হাসপাতালে ভর্তি অবস্থায় জ্ঞান ফিরলে জানা যায় যে, সে সৎ মায়ের অত্যাচার সহ্য করতে না পেরে পালিয়েছিল। কিন্তু বিধি বাম। প্রথমে সে বাড়ি ফিরে যেতে অস্বীকৃতি জানালেও উপস্থিত সকলে তার আহত অবস্থার কথা স্মরণ করালে নিরুপায় হয়ে বাড়িতে ফিরে যেতে রাজি হয়।
(ক) হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১
(খ) হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়ে ফিরে এসেছিলেন কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের রেহেনুমার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার বৈসাদৃশ্য তুলে ধর। ৩
(ঘ) উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সামগ্রিক প্রতিচ্ছবি ধারণ করেনি –উক্তিটি মূল্যায়ন করো। ৪

10

# পাবনা জিলা স্কুল, পাবনা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। 'পিতা-মাতার নীরব হৃদয়ভার' বলতে 'সুভা' গল্পে মা-বাবার হৃদয়ের কোনটিকে বুঝানো হয়েছে?
ক) মমতা খ) ভালোবাসা
গ) ব্যাকুলতা ঘ) দুশ্চিন্তা

২। 'বইপড়া' প্রবন্ধে লেখক লাইব্রেরিকে হাসপাতালের উপরে স্থান দিয়েছেন কেন?
ক) মানসিক সুস্থতার জন্য
খ) শারীরিক সুস্থতার জন্য
গ) উচ্চশিক্ষা অর্জনের জন্য
ঘ) জ্ঞানে বড় হওয়ার জন্য

৩। 'আম-আঁটির ভেঁপু' গল্পে ফুটে উঠেছে–
ক) প্রকৃতির বৈচিত্র্য
খ) সামাজিক জীবন
গ) মুক্ত জীবনের প্রতি আসক্ত
ঘ) প্রকৃতির সাথে জীবনের মিল

■ নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :
"তুমি আঘাত করলেও আমি বলি তোমায় বন্ধু ভাই– তোমার সুখ কেমনে হবে সে পথ খুঁজি সর্বদাই।"

৪। অনুচ্ছেদের চরণদ্বয়ের ভাবার্থ কোন রচনার বিষয়বস্তুকে নির্দেশ করে?
ক) নিমগাছ খ) মানুষ মুহম্মদ (স.)
গ) মমতাদি ঘ) নিয়তি

৫। উক্ত রচনার বিষয়বস্তুতে প্রকাশ পেয়েছে–
i. মহানুভবতা
ii. পরোপকারিতা
iii. ক্ষমতাশীলতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬। নিমপাতা কোন রোগের মহৌষধ?
ক) চর্মের খ) দাঁতের
গ) পেটের ঘ) যকৃতের

৭। একঝাঁক কী নেমে এসেছিল নীল আকাশ থেকে?
ক) ফুল খ) পাতা
গ) নক্ষত্র ঘ) তারা

৮। হাঁটার আনন্দকে লেখক কীসের সঙ্গে তুলনা করেছেন?
ক) বাকস্বাধীনতার খ) মুক্তির
গ) মনুষ্যত্বের ঘ) শিক্ষার

৯। কোনটি আফগানিদের একটা সংস্কার?
ক) আপ্যায়ন খ) বিনয়
গ) গুরুভক্তি ঘ) অতিথি সেবা

১০। মমতাদির ঘরে বিশৃঙ্খলতার অন্ত নেই কেন?
ক) আলো-বাতাসের দীনতা
খ) সযত্নে গুছিয়ে না রাখা
গ) শ্রীহীনতা
ঘ) সংকীর্ণতা

১১। গোয়েবলস-এর সময়কাল কত?
ক) ১৮৭০ – ১৯২১ খ) ১৮৯৭ – ১৯৪৫
গ) ১৮৫০ – ১৯১০ ঘ) ১৮৯১ – ১৯৬৫

১২। সাহিত্যের প্রধান লক্ষণ কোনটি?
ক) সৃজনশীলতা খ) সৌন্দর্য সৃষ্টি
গ) আনন্দ দান ঘ) নান্দনিকতা

১৩। 'বঙ্গবাণী' কবিতায় কবি 'হিন্দুর অক্ষর' বলতে কোন ভাষার অক্ষরকে বুঝিয়েছেন?
ক) বাংলা খ) আরবি
গ) ফারসি ঘ) হিন্দি

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :
"অবসাদে ঘুম নেমে এলে
আবার দেখেছি সেই ঝিকিমিকি শবরী তিতাস
কী গভীর জলধারা ছড়াল হৃদয়ে আমার।"

১৪। উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
ক) নদীর প্রতি অনুরাগ
খ) স্মৃতিকাতরতা
গ) স্বদেশপ্রেম
ঘ) নদীর প্রতি মিনতি

১৫। ফুটে ওঠা দিকটি প্রকাশ পেয়েছে যে চরণে তা হলো–
i. সতত তোমার কথা ভাবি এ বিরলে
ii. জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে
iii. বহু দেশে দেখিয়াছি বহু নদ দলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬। 'ওহে জীব কর আকিঞ্চন'–বাক্যে 'আকিঞ্চন' শব্দের অর্থ কী?
ক) উন্নতি খ) ক্রন্দন
গ) আকাঙ্ক্ষা ঘ) আকৃতি

১৭। 'বীর্যবান' শব্দটি 'জীবন-সঙ্গীত' কবিতায় ব্যবহৃত হয়েছে–
i. পরাক্রম অর্থে
ii. পরাক্রমশালী অর্থে
iii. শক্তিশালী অর্থে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮। 'মানুষ' কবিতায় পথিকের কণ্ঠ ক্ষীণ ছিল কেন?
ক) তৃষ্ণায় খ) ভয়ে
গ) রোগে ঘ) ক্ষুধায়

১৯। 'পল্লিজননী' কবিতায় মায়ের আদরের সম্বোধন হলো–
ক) বাছারে খ) যাদু
গ) মুখপোড়া ঘ) খোকা

২০। কবি সুকান্ত ভট্টাচার্য কত বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন?
ক) ১৩৩৩ বঙ্গাব্দ খ) ১৩৩৪ বঙ্গাব্দ
গ) ১৩৩৫ বঙ্গাব্দ ঘ) ১৩৩৬ বঙ্গাব্দ

২১। তেজি তরুণ কে?
ক) কেষ্টদাস
খ) থুথুরে বুড়ো
গ) দামামা বাজানো যুবক
ঘ) বনে-জঙ্গলে ঘুরে বেড়ানো যুবক

২২। তিতুমীর কত সালে শহিদ হন?
ক) ১৭৮১ খ) ১৭৮২
গ) ১৮৩১ ঘ) ১৮৪০

২৩। প্রকৃতপক্ষে বাংলার স্বাধীনতাসূর্য কত সালে অস্তমিত হয়?
ক) ১৯৪৭ খ) ১৭৪৭
গ) ১৮৫৭ ঘ) ১৭৫৭

২৪। 'কখন আসবে কবি'–এখানে কাকে 'কবি' বলা হয়েছে?
ক) নির্মলেন্দু গুণকে
খ) বিষ্ণু দে কে
গ) শেখ মুজিবুর রহমানকে
ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরকে

২৫। সৈয়দ ওয়ালীউল্লাহ কত সালে জন্মগ্রহণ করেন?
ক) ১৯২১ খ) ১৯২২
গ) ১৯২৩ ঘ) ১৯২৪

২৬। কার কাঁধে মাথা রেখে তিনু ঘুমিয়ে যেত?
ক) বিনুর খ) শিলুর
গ) তালেবের ঘ) বুধার

২৭। "তোমার সঙ্গে আমি কেন যাব? গাঁয়ে থাকে কে"? এ বক্তব্যে প্রকাশ পেয়েছে–
i. দেশাত্মবোধ
ii. সাহস
iii. প্রতিশোধস্পৃহা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :
পিতৃ-মাতৃহীন মিতুকে তার চাচি গ্রামের প্রভাবশালী ব্যক্তি বুড়ো মকবুল মিয়ার সাথে বিয়ে দিতে চায়। মিতু পালিয়ে গিয়ে পাশের গ্রামের সমাজহিতৈষী ব্যক্তি সগীর সাহেবের বাড়িতে আশ্রয় নেয়। এতে উভয় পক্ষের হুমকি ও পাল্টা হুমকিতে পরিস্থিতি ভয়ংকর হয়ে ওঠে। অবশেষে মকবুল মিয়া বাস্তব অবস্থা অনুধাবন করে সবকিছু মেনে নেয়।

২৮। উদ্দীপকের মিতু 'বহিপীর' নাটকের তাহেরার সাথে কোন বৈশিষ্ট্যে সাদৃশ্যপূর্ণ?
ক) মা-বাবা হারা হওয়া
খ) চাচির ঘরে আশ্রয় গ্রহণ
গ) বাল্যবিবাহের শিকার
ঘ) পালিয়ে যাওয়া

২৯। উদ্দীপকের সগীর সাহেবের ভূমিকা হাতেম আলির চারিত্রিক বৈশিষ্ট্যের অনুরূপ। কারণ, উভয়ের মধ্যে রয়েছে–
i. দূরদর্শিতা
ii. মানবিকতা
iii. সহমর্মিতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০। "মনে হয় তুই আমার মুরব্বি"–উক্তিটি কার?
ক) বুধার মায়ের খ) নোলক বুয়ার
গ) বুধার চাচির ঘ) হরি কাকুর

## বাংলা (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক, খ, গ, ও ঘ বিভাগ থেকে কমপক্ষে ১টি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান সমান। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত রীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১। বিয়ের ছয় মাস পর নাজমার স্বামী মারা যায়। সন্তানহীন নাজমা সংসারে অভাব আছে বলেই মর্যাদাসম্পন্ন নারী হয়েও কবির সাহেবের বাড়িতো কাজ নেয়। কবির সাহেবের মাতৃহারা শিশুসন্তান রনি ও রানাকে নাজমা সন্তানের স্নেহে লালন-পালন করে। উচ্চ শিক্ষিত রনি ও রানা এখন নাজমাকে মায়ের মতো সম্মান করে। কবির সাহেবের সংসারে স্বর্গসুখ এনে দিয়েছে নাজমা।

(ক) গৃহকর্মে মমতাদির মাইনে কত টাকা ঠিক হয়েছিল? ১
(খ) "বেশি আস্কারা দিও না। জ্বালিয়ে মারবে"–ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে নাজমা 'মমতাদি' গল্পের কোন চরিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের কবির সাহেবের পরিবারের স্বর্গসুখ এনে দিতে নাজমার যে ভূমিকা ছিল, তা 'মমতাদি' গল্পের সমগ্র মূলভাবকে ধারণ করে–যৌক্তিক মতামত দাও। ৪

২। গ্রামের ডানপিটে ও দুষ্টু ছেলেদের দেখে স্কুলের নতুন স্যার তাদের একটি পাঠাগার গড়ার পরামর্শ দিলেন। অল্পদিনের মধ্যে স্কুলের একটি অব্যবহৃত কক্ষ পাঠাগারে পরিণত হলো। নতুন স্যারের তত্ত্বাবধানে ঐসব ছেলের মাটির ব্যাংকে জমানো টাকায় পাঠাগারটি বিভিন্ন স্বাদের বইয়ে ভরে উঠল। ধীরে ধীরে ওরাসহ অন্য শ্রেণির অনেকেই বই পড়ায় আগ্রহী হয়ে উঠল।

(ক) প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কী? ১
(খ) 'পাস করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়'–বুঝিয়ে লেখ। ২
(গ) নতুন স্যারের চেতনাবোধ 'বইপড়া' প্রবন্ধের কোন চেতনাকে সমর্থন করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) গ্রামের ছেলেদের মানসিক পরিবর্তনের দিকটি 'বইপড়া' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩। জ্ঞানের কথা জানা হয়ে গেলে আর জানতে ইচ্ছে করে না–তা মেনে মনে আনন্দও জন্মে না। সূর্য পূর্বাকাশে ওঠে–এই তথ্য আমাদের মন জানে না। কিন্তু সূর্যোদয়ের যে সৌন্দর্য ও তা দেখার যে আনন্দ তা সৃষ্টির আদিকাল থেকেই বিদ্যমান। তাই সৌন্দর্য ও আনন্দানুভূতি পাঠক হৃদয়ে জাগিয়ে তোলাই সাহিত্যের কাজ।

(ক) মহাকাব্যের মূল লক্ষ্য কী? ১
(খ) কমেডি নাটক কীভাবে আমাদের সুস্থ ও স্বাভাবিক করে তোলে? ২
(গ) উদ্দীপকের রচনাটি কোন সাহিত্যের অন্তর্গত? 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের সাহিত্যের রূপটির সাথে উপন্যাসের মিল থাকলেও দুটি ভিন্ন ধারার–বিশ্লেষণ করো। ৪

৪। 'সেই ছেলেটি' নাটিকাটিতে একটি বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর প্রতি সহানুভূতি প্রকাশ পেয়েছে। একই সাথে প্রকাশ পেয়েছে শিশুর প্রতি বড়দের মমত্ববোধ। আরজু, সোমেন ও সাবু তিন বন্ধু একই স্কুলে একই শ্রেণিতে পড়ে। কিন্তু বিদ্যালয়ে হেঁটে আসতে আরজুর খুব কষ্ট হয়। মাঝে মাঝে তার পা অবশ হয়ে আসে। বন্ধুদের সাথে সমান তালে চলতে পারে না।

(ক) 'সুভা' গল্পে কোন তিথির কথা উল্লেখ আছে? ১
(খ) প্রতাপ সুভার মতো সঙ্গী প্রত্যাশা করেছে কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের সাথে 'সুভা' গল্পের সাদৃশ্য চিহ্নিত করো। ৩
(ঘ) 'উদ্দীপকের আরজুর কষ্ট আর 'সুভা' গল্পের সুভার কষ্ট এক সুতোয় গাঁথা'–মন্তব্যটি তুমি সমর্থন কর কি? তোমার মতের পক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। সৌহার্দ্য ব্যারিস্টারি পড়ার জন্য কানাডা গেলেও মন পড়ে থাকে কর্ণফুলীর তীরের সেই ছায়াঘেরা গ্রাম নন্দীপুরে। নদীর দুতীরের প্রাকৃতিক শোভা ও শৈশবের স্মৃতি মনে করতেই সে আবেগতাড়িত হয়। তার ধারণা, বাংলা সাহিত্যসম্ভারের অনেক অংশ জুড়ে রয়েছে নদীর উপস্থিতি।

(ক) বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তন করেন কে? ১
(খ) 'স্নেহের তৃষ্ণা' বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকে সৌহার্দ্যের অনুভূতি 'কপোতাক্ষ নদ' কবিতার আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে যে ভাবটি প্রতিফলিত হয়েছে তা যেন 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাব"–উক্তিটি মূল্যায়ন করো। ৪

৬। শিলাইদহে পদ্মার উচ্ছল কল্লোল শুনে মনটা উদ্যমী হয়ে গেল। এই সেই পদ্মা যার মোহন রূপে তৈরি হয়েছিল সৃষ্টির মায়াজাল। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর গীতাঞ্জলি কাব্যের অধিকাংশ কবিতা রচনা করেছিলেন পদ্মার বুকে। পদ্মার অপূর্ব সান্নিধ্য, তার বিস্তৃত কল্লোল কবিমনকে জাগিয়ে তুলেছিল। আর প্রকৃতির এই অপূর্ব সান্নিধ্যেই কবি সৃষ্টি করেছেন তার অপূর্ব কবিতাবলি।

(ক) লক্ষ্মীপেঁচা কার জন্য গান গাইবে? ১
(খ) 'আমি চলে যাব বলে' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
(গ) উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকে বর্ণিত পদ্মার অপূর্ব সৌন্দর্য কবিকে দিয়েছে কাব্য রচনার অনুপ্রেরণা।' উক্তিটি 'সেইদিন এই মাঠ' কবিতার আলোকে মূল্যায়ন করো। ৪

৭। শিল্পী, কবি, দেশি কি বিদেশি সাংবাদিক, খদ্দের, শ্রমিক, ছাত্র, বুদ্ধিজীবী, সমাজসেবিকা সবাই এলেন ছুটে পল্টনের মাঠে, শুনবেন দুর্গত এলাকা প্রত্যাগত বৃদ্ধ মওলানা ভাসানী কী বলেন। রৌদ্রালোকে দাঁড়ালেন তিনি দৃঢ়, ঋজু শোনালেন কিছু কথা, যেন নেতা নন, অলৌকিক স্টাফ রিপোর্টার।

(ক) বর্তমান বৃক্ষশোভিত সোহরাওয়ার্দী উদ্যানের পূর্বনাম কী? ১
(খ) বঙ্গবন্ধুকে কবির সাথে তুলনা করা হয়েছে কেন? ২
(গ) উদ্দীপকের সাথে 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকের 'আলৌকিক স্টাফ রিপোর্টার' এবং নির্মলেন্দু গুণের 'কবি' একসূত্রে গাঁথা'–উক্তিটির যৌক্তিকতা বিচার করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮। জমিদার মফিজ খাঁর নাম শুনলে প্রজারা ভয়ে কাঁপতে থাকে। তার হুকুমের অবাধ্য হলে সে প্রজার আর রক্ষা নেই। ইদানীং তার চেলা হিসেবে কাজ করছে হাসেম ব্যাপারী। সারাক্ষণ তাকে কুপরামর্শ দেয় আর নানা অজুহাতে প্রজাদের হালের বলদ, ঘরের টিন, পুকুরের মাছ ধরে নিয়ে আসে। কেউ প্রতিবাদ করলে তাকে গ্রামছাড়া করে। গ্রামের সালিশ-বিচার সবই হাসেম ব্যাপারীর ইঙ্গিতে চলে। তাই সাধারণ মানুষ কানাঘুষা করে হাসেম ব্যাপারী যেন জমিদারের জমিদার।

(ক) শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১
(খ) যে মানুষের দৃষ্টিতে ভাষা নেই, বুধার মতে সে মানুষ কোন মানুষ নয়? ২
(গ) উদ্দীপকের হাসেম ব্যাপারীর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত আহাদ মুন্সি চরিত্রের সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত দিকটিই 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র দিক নয়–যুক্তিসহ বুঝিয়ে লেখ। ৪

৯। ৭ই মার্চের ভাষণ শুনে গর্জে ওঠে কলেজ পড়ুয়া আবু সাঈদ। ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে। তাঁর নেতৃত্বে একের পর এক গেরিলা আক্রমণে অতিষ্ঠ পাকসেনারা। অপারেশন জ্যাকপটের সকল অভিযানের পর পাকসেনারা আবু সাঈদের গ্রামে আক্রমণ করে। বাড়িঘর জ্বালিয়ে দেয়। আর যাকে যেখানে পেয়েছে সেখানেই তাকে নির্মমভাবে হত্যা করে। এক সময় আবু সাঈদ জানতে পায় স্বজন হারানোর খবর। কিন্তু সে আপসহীন। তার একটাই প্রতিজ্ঞা, এদেশের মাটি থেকে ওদের তাড়াতেই হবে।

(ক) কে বুধাকে 'মানিক রতন' বলে ডাকত? ১
(খ) 'এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ'। এ কথা বলার কারণ কী? ২
(গ) উদ্দীপকে বর্ণিত কাহিনি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটির ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের আবু সাঈদ-এর মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল বক্তব্য।" –যুক্তিসহ প্রমাণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০। মা কেঁদে কয়, 'মঞ্জুলী মোর ওই তো কচি মেয়ে
ওরই সঙ্গে বিয়ে দেবে, বয়সে ওর চেয়ে
পাঁচগুণো সে বড়–
তাকে দেখে বাছা আমার ভয়েই জড়োসড়ো
এমন বিয়ে ঘটতে দেব নাকো।'
বাবা বললে, 'কান্না তোমার রাখো।
পঞ্চাননকে পাওয়া গেছে অনেক দিনের খোঁজে
জাননা কি মস্ত কুলীন ওযে!
সমাজে তো উঠতে হবে
সেটা কি কেউ ভাবো?
ওকে ছাড়লে পাত্র কোথায় পাব!'

(ক) 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১
(খ) হাতেম আলি তাহেরাকে পীরের হাতে দিলেন না কেন? ২
(গ) উদ্দীপকে 'বহিপীর' নাটকের কোন সামাজিক অসংগতি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের মঞ্জুরির বাবা কি তাহেরার বাবার সার্থক প্রতিনিধি? তোমার মতামত দাও। ৪

১১। লালসালু উপন্যাসের ভণ্ডপীর মজিদ কিশোরী জমিলাকে বিয়ে করে মাজারের সেবায় নিয়োজিত করে। কিন্তু জমিলা মজিদের ভণ্ডামির রহস্য বুঝতে পারে। সে মজিদের অবাধ্য হয়ে ওঠে। মজিদের গায়ে থু-থু মারে। স্বামী হিসেবে মজিদকে মেনে নেয়নি। বরং সে মজিদের বিরুদ্ধে আরও প্রতিবাদী হয়ে ওঠে। মজিদ শুধু বলে, নাফরমানি করিয়ো না।

(ক) "কিন্তু আমাদের বজরায় কী হচ্ছে বুঝতে পারছি না"–উক্তিটি কার? ১
(খ) বহিপীর বইয়ের ভাষার কথা বলেন কেন? ২
(গ) উদ্দীপকের মজিদ ও 'বহিপীর' নাটকের বহিপীর চরিত্রের সাদৃশ্য দেখাও। ৩
(ঘ) উদ্দীপকের জমিলা চরিত্রটি 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রটিকে পুরোপুরি নির্দেশ করে কি? বিচার করো। ৪

11

# ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। 'জীবন-সঙ্গীত' কবিতার মূল প্রতিপাদ্য বিষয় হলো–**
i. ক্ষণস্থায়ী জীবনে সংগ্রামী হতে হবে
ii. মহাজ্ঞানী ও মহান ব্যক্তিদের পথ অনুসরণ করতে হবে
iii. লক্ষ্য স্থির করেই কর্তব্যকর্ম করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

**২। চাতক পাখি ডাকলে কেমন শব্দ শোনা যায়?**
ⓚ কিচিরমিচির ⓚ বাঁশির সুরের মতো
ⓖ ফটিক জল ⓖ মনোহর শব্দ

**৩। 'গর্তে গেলে কুপজল কয়, গঙ্গায় গেলে গঙ্গাজল হয়।' এ পঙ্‌ক্তির সাথে 'মানুষ' কবিতার সাদৃশ্য–**
i. মানবতা
ii. সাম্যবাদে
iii. অসাম্প্রদায়িকতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৪। 'সেইদিন এই মাঠ' কবিতায় কবির ভাবনায় ধরা পড়েছে–**
i. জীবনের ক্ষণস্থায়িত্ব
ii. সভ্যতার চিরন্তনতা
iii. প্রকৃতির চিরসৌন্দর্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ ii ⓚ i ও ii
ⓖ iii ⓖ ii ও iii

**৫। সুপারির বাগান কীসে আলোড়িত হয়?**
ⓚ ঝাপটা বাতাসে
ⓚ বাদুড়ের পাখার বাতাসে
ⓖ পাখির ডাকে
ⓖ বাদুড়ের ডাকে

**৬। 'এর জীবনের দুঃখ কেবল জানবে পথের তৃণ'–এর পরের চরণ কোনটি?**
ⓚ দরদে তারার চোখ কাঁপে মিটিমিটি
ⓚ এর কথা ঢাকা পড়ে থাকবেই কালো রাত্রির খামে
ⓖ এর দুঃখের কথা জানবে না কেউ শহরে ও গ্রামে
ⓖ এ-কে যে ভোরের আকাশ পাঠাবে সহানুভূতির চিঠি–

**৭। কবিতার উপমা ও চিত্রকল্পে'র ব্যবহারে শামসুর রহমান ছিলেন–**
ⓚ প্রকৃতিনির্ভর
ⓚ সমাজনির্ভর
ⓖ লোকায়ত জীবননির্ভর
ⓖ আধ্যাত্মিক চেতনানির্ভর

**৮। কৈবর্ত বিদ্রোহ কার বিরুদ্ধে সংঘটিত হয়েছিল?**
ⓚ মহীপাল ⓚ হরিপাল
ⓖ গোপাল ⓖ অনন্তপাল

**৯। 'শাবাশ! তোকে দেখেই বুঝতে পারছি যে দেশটা স্বাধীন হবে'– কে, কাকে উদ্দেশ্য করে এ উক্তি করেছেন?**
ⓚ আলি, মিঠুকে ⓚ আলি, বুধাকে
ⓖ আহাদ মুন্সি, বুধাকে ⓖ বুধা, মিঠুকে

**১০। 'মগজের মধ্যে শকুনের পাখা-ঝাপটানি'– প্রতীকীকে বুধার কোন স্মৃতির সাথে তুলনা করা যায়?**
ⓚ বাবা-মা-ভাই বোনের মৃত্যু
ⓚ মিলিটারিদের বাজার পোড়ানো
ⓖ হরিকাকুদের চলে যাওয়া
ⓖ চাচির গঞ্জনা অপমান

**১১। 'কিন্তু বার্তাবাহককে যে দলহীন হতে হয়'– এখানে বার্তাবাহক কে ছিলেন?**
ⓚ খোদেজা ⓚ হকিকুল্লাহ
ⓖ হাতেম ⓖ হাশেম

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
বন্ধু তোমার ছাড়ো উদ্বেগ, সুতীক্ষ্ণ কর চিত্ত
বাংলার মাটি দুর্জয় ঘাঁটি বুঝে নিক দুর্বৃত্ত।

**১২। উদ্দীপকে 'আমাদের পরিচয়' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?**
ⓚ বাঙালির বিদ্রোহীচেতনা
ⓚ বাঙালির দুর্বৃত্তপনা
ⓖ বাঙালির সাম্যচেতনা
ⓖ বাঙালি সৎসাহস

**১৩। উল্লিখিত চরণদ্বয়ের অভিব্যক্তি ধারণ করে আছেন–**
i. তিতুমীর, ক্ষুদিরাম
ii. অবন ঠাকুর. জয়নুল
iii. সূর্য সেন, হাজী শরিয়তউল্লাহ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৪। অবনীন্দ্রনাথ ছিলেন একজন–**
ⓚ নৃত্যশিল্পী ⓚ কারুশিল্পী
ⓖ চিত্রশিল্পী ⓖ সংগীতশিল্পী

**১৫। সাহিত্য ছাড়া অপরাপর শাস্ত্রের মাঝে যা আছে সেসব মানুষের মনের–**
ⓚ কল্পনা ⓚ আবেগ
ⓖ ভগ্নাংশ ⓖ যুক্তি

**১৬। বিন্দির মা কাঙালীর মাকে কোন বিশেষণে বিশেষিত করেছেন?**
ⓚ অসতী ⓚ সতী-লক্ষ্মী
ⓖ ভাগ্যিমানী ⓖ অভাগী

**১৭। 'আলাউদ্দিনের আশ্চর্য প্রদীপ'–গল্পটির ঘটনাস্থল কোথায়?**
ⓚ আবর দেশ ⓚ আফ্রিকা মহাদেশ
ⓖ কম্বোডিয়া ⓖ চীন দেশ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আশপাশের কোনো ধনাঢ্য ব্যক্তির বাড়িতে মন্ত্র পাঠের ডাক পড়লে, সেদিনটা গোবিন্দ বাবুর খুব ভালো যায়। ভালো দক্ষিণা পেলে মন্ত্রদানে তিনি কোনো জাত বিচার করেন না। পার্শ্ববর্তী গ্রামে মন্ত্রদান করতে গেলে এক কন্যাদায়গ্রস্ত বাবা তার হাতেই কন্যাকে সম্প্রদান করতে চান। গোবিন্দ বাবু তখন বলেন ঘরে দুটো বউ থাকা সত্ত্বেও বিয়ে করলে লোকে বলেন, "বুড়ো বয়সে ভীমরতি ধরেছে।"

**১৮। গোবিন্দ বাবু 'আম-আঁটির ভেঁপু' গল্পে কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
ⓚ মজুমদার মশায় ⓚ নীলমণি রায়
ⓖ হরিহর রায় ⓖ ভুবন মুখুয্যে

**১৯। গোবিন্দ বাবুর উক্তিটি 'আম-আঁটির ভেঁপু' গল্পে যে উক্তির সাথে সাদৃশ্যপূর্ণ–**
i. ঠাকুরের হাঁড়ি দেখছি শিকেয় উঠেছে
ii. ও সন্ন এতো বেলা করে এলে কী বাঁচে
iii. ভদ্দর লোকেরই হা ভাত যো ভাত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২০। 'বড়ো সুন্দর, বড়ো মনোহর সেই অপরূপ রূপের অধিকারী –হযরত মুহম্মদ (স.) এর রূপ-লাবণ্যের বর্ণনা দিতে গিয়ে কে একথা বলেছিলেন?**
ⓚ হযরত খাদিজা ⓚ উম্মে মা'বদ
ⓖ হযরত আয়েশা ⓖ আবু মা'বদ

**২১। 'নিমগাছ' বনফুল রচিত কোন ধরনের গল্প?**
ⓚ আখ্যানমূলক ⓚ প্রেমমূলক
ⓖ প্রতীকী ⓖ ব্যঞ্জনাধর্মী

**২২। 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে আত্মা শিহরিয়া ওঠার কথা বলা হয়েছে যে প্রেক্ষিতে–**
ⓚ জন্মগত বৈষম্যের নির্মমতা বুঝাতে
ⓚ কলুষিত আত্মার কষ্ট বুঝাতে
ⓖ ভদ্রলোকদের চরিত্র বুঝাতে
ⓖ জাতির যুগান্তর আনা বোঝাতে

**২৩। মনুষ্যত্বের স্বাদ না পেলে কোন চিন্তা থেকে মুক্তি পেয়েও মানুষ যেখানে আছে সেখানে পড়ে থাকতে পারে?**
ⓚ অপ্রয়োজনীয় ⓚ মনুষ্যত্ববোধের
ⓖ অন্নবস্ত্রের ⓖ আত্মিক মুক্তির

**২৪। 'দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে মাথা উঁচু রাখিস।'– এ বক্তব্যের প্রতিফলন দেখা যায় কোন চরিত্রটির মধ্যে?**
ⓚ অভাগী ⓚ মমতাদি
ⓖ নিরুপমা ⓖ সর্বজয়া

**২৫। 'আমাদের ঐতিহ্য তো মীর মদন ও মোহন লালের' বলতে কী বুঝানো হয়েছে?**
ⓚ ব্রিটিশবিরোধী মনোভাব
ⓚ সৌহার্দ্য
ⓖ অসাম্প্রদায়িকতা
ⓖ শভিনিস্টিক

**২৬। পয়লা বৈশাখকে এ অবস্থা থেকে উদ্ধার করা প্রয়োজন–লেখক এখানে কোন অবস্থার কথা বলেছেন?**
ⓚ ধর্মনিরপেক্ষতার আদর্শ
ⓚ ধর্মের নামে নৃশংসতা
ⓖ বুর্জোয়া বিলাস ও ফ্যাশন
ⓖ বাঙালি জাতীয়তাবাদী চেতনা

**২৭। স্বাধীন বাংলা বেতারে নতুন প্রোগ্রামটি কী নামে প্রচারিত হতো?**
ⓚ সংবাদ পাঠ ⓚ প্রবাহ
ⓖ বিভীষিকা ⓖ চরমপত্র

**২৮। "এই পূর্ব বাংলার কোন 'প্রতিভাধর' বিবৃতিটি তৈরি করেছেন"–এখানে প্রতিভাধর কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
ⓚ ইতিবাচক অর্থে ⓚ নেতিবাচক অর্থে
ⓖ প্রতিভাবনা অর্থে ⓖ পরিহাস অর্থে

**২৯। ক্লাসিক্যাল নাটকের বাংলা পরিভাষা কোনটি?**
ⓚ কাব্যধর্মী নাটক ⓚ চরিত্র নাটক
ⓖ সাংকেতিক নাটক ⓖ ধ্রুপদী নাটক

**৩০। 'বহুদেশে দেখিয়াছি বহু নদ-দলে/কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?' 'কপোতাক্ষ নদ' কবিতার উক্ত দুই চরণের মিলবিন্যাস কোনটি?**
ⓚ ক খ ⓚ গ ঘ ⓖ খ ক ⓖ খ খ

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম একটি, নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলতি ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক-বিভাগ : গদ্য

১। শিপু ফাইয়াজ বাবার সাথে রমনাপার্কে বেড়াতে যায়। সেখানে নানা বয়সী নারী-পুরুষ, শিশু-বৃদ্ধ, রঙ-বেরঙের পোশাক পরে ঘুরে বেড়ায়। সবার হাতে বেলুন, বাঁশি, মাথায় ফেস্টুন। এসব দেখে ফাইয়াজ আনন্দে অভিভূত হয়। সে অনেকগুলো খেলনা ও মজার-মজার খাবার ক্রয় করে বাড়ি ফিরে আসে।
(ক) "আইন-ই-আকবরী' গ্রন্থ কার লেখা? ১
(খ) বাংলা নববর্ষের ঐতিহ্য সুপ্রাচীন ও গৌরবমণ্ডিত কেন? ২
(গ) উদ্দীপকে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের কোন দিকটি নির্দেশ করা হয়েছে? তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত বিষয় আলোকপাত করাই লেখকের মূল উদ্দেশ্য নয়– 'পয়লা বৈশাখ' প্রবন্ধের আলোকে মূল্যায়ন করো। ৪

২। শহুরে মেয়ে কাবেরী দীর্ঘদিন পর গ্রামে দাদুর বাড়িতে চৈত্রসংক্রান্তির মেলা দেখতে গেছে। মেলায় বয়াতির গানের আসর বসেছে। বয়াতি দরদ দিয়ে গাইছে– 'হলদিয়া পাখি সোনারই বরন, পাখিটি ছাড়িলো কে.....' কাবেরী মুগ্ধ হয়ে শুনে। গানের সুর ও বাণী তাকে বিমোহিত করে। সে তন্ময় হয়ে দাদুকে বলে–বয়াতির গানের মতো এত সুন্দর গান আমরা শহরে কখনো শুনি না কেন?
(ক) পল্লিসাহিত্য প্রবন্ধে লেখকের মতে আমাদের বর্তমান সাহিত্যে শহুরে সাহিত্য কয় আনা? ১
(খ) 'পল্লি গানগুলো অমূল্য রত্নবিশেষ' –কেন? ২
(গ) কাবেরী এতদিন বয়াতির মতো গান শুনেনি কেন? 'পল্লিসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো। ৩
(ঘ) কাবেরীর মতো শহুরে মেয়েদের কাছে পল্লিসাহিত্যের কদর বাড়ানোর জন্য কী করা যেতে পারে?–যুক্তি দাও। ৪

৩। দশম শ্রেণির শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে প্রধান শিক্ষক বলেন, "মানুষের মনকে আলোকিত করার প্রধানতম উপায় হলো শিক্ষা। প্রকৃত শিক্ষায় মানুষের সার্বিক কল্যাণ নিশ্চিত হয় এবং মানব মনের পরিপূর্ণ মুক্তি ঘটে। আর মুক্তি না থাকলে মনুষ্যত্বের স্বাদ পাওয়া যায় না।"
(ক) মোতাহের হোসেন চৌধুরীর অনুবাদ গ্রন্থ দুটির নাম লেখ। ১
(খ) শিক্ষার অপ্রয়োজনীয় দিকই শ্রেষ্ঠ দিক কেন? ২
(গ) উদ্দীপকের প্রধান শিক্ষকের নীতিবোধের সাথে "শিক্ষা ও মনুষ্যত্ব" প্রবন্ধের প্রতিপাদ্য বিষয়ের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) "মুক্তি না থাকলে মনুষ্যত্বের স্বাদ পাওয়া যায় না"–উক্তিটির তাৎপর্য 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪। 'পালামৌ' গল্পে লেখক প্রতিদিন বিকালবেলা পাহাড়ের বন দেখতে যেতেন। সেখানে বাঘ থাকে। শিকারিরা তাকে নিষেধ করত একা একা বনে ভ্রমণ করতে। একদিন দেখেন–এক ব্রাক্ষণ সন্তান বন্দুক নিয়ে বাঘ মারতে রওনা হয়। লেখক তাকে বাঘ মারার কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেন, তার গোরু বাঘে খেয়েছে।
(ক) 'নিয়তি' গল্পের উৎস কী? ১
(খ) 'এক সময় নিজেকে বিশাল দৈত্যের মতো মনে হয়' বলতে কী বুঝায়? ২
(গ) উদ্দীপকের সাথে নিয়তি গল্পের কোন বিষয়ের সংগাত রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে ফুটে ওঠা দিকটিই 'নিয়তি' গল্পের একমাত্র দিক নয়।" উক্তিটি 'নিয়তি' গল্পের আলোকে বিচার করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। রফিকের ছেলেমেয়েরা ইংরেজি মাধ্যম স্কুলে পড়ছে। রফিক বিদেশি গান বাজনা বেশি পছন্দ করে। কথাও বলে ইংরেজিতে। অন্যরা তার সাথে ইংরেজিতে তাল মেলাতে না পারলে অবজ্ঞা করে বলে, "তোরা এখনো বাঙাল-ই রয়ে গেলি"। রফিকের মা প্রায়ই ছেলেকে বলেন- বাবা, 'তোর সাথে কথা বলে সুখ নাই।'
(ক) 'বঙ্গবাণী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
(খ) 'হিন্দুর অক্ষর' বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) "তোরা এখনো বাঙাল-ই রয়ে গেলি"। উক্তিটির মাধ্যমে রফিকের যে মানসিকতার পরিচয় পাওয়া যায় সে সম্পর্কে কবির অভিমত ব্যাখ্যা করো। ৩
(ঘ) "তোর সাথে কথা বলে সুখ নাই" রফিকের মায়ের এ উক্তি কবির মানসিকতাকেই সমর্থন করে–'বঙ্গবাণী' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

৬। 'দিগন্ত বিস্তৃত তব হাস্যের কল্লোল তারি মতো
চলিয়াছে তরঙ্গিরা– চিরদৃপ্ত, চিরঅব্যাহত।'
(ক) 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক কে ছিলেন? ১
(খ) 'কেবল গাই পরীর গান' বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের সঙ্গে 'ঝর্ণার গান' কবিতার সাদৃশ্য তুলে ধর। ৩
(ঘ) "উদ্দীপকটিতে 'ঝর্ণার গান' কবিতার একটি বিশেষ দিক প্রতিফলিত হয়েছে মাত্র"–মন্তব্যটির সত্যতা যাচাই করো। ৪

৭। সামাদ সাহেব ব্যাংকে ক্যাশিয়ার হিসেবে ৩০ বছর যাবৎ কর্মরত আছেন। সবার আগে অফিসে আসেন এবং সবশেষে অফিস ত্যাগ করেন। একদিন ভাইয়ের মৃত্যু সংবাদ পেয়ে অপরাহ্নে তিনি বাড়ি যান। পরদিন যথাসময়ে তিনি পুনরায় ফিরে আসেন। তার কারণে কারো এতটুকু কষ্ট যাতে না হয় সে ব্যাপারে তিনি বেশ সচেতন।
(ক) রানার ভোরে কোথায় পৌঁছে যাবে? ১
(খ) 'রাত নির্জন, পথে কত ভয়, তবুও রানার ছোটে।' রানার কেন ছোটে? ২
(গ) উদ্দীপকের সামাদ সাহেবের মাঝে 'রানার' কবিতার রানার চরিত্রের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'সামাদ সাহেব রানার চরিত্রের বিশেষ দিককে ধারণ করলেও রানার স্বতন্ত্র' মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। পাকসেনারা থানায় ঘাঁটি স্থাপন করলে এলাকার মানুষের মাঝে আতঙ্ক বিরাজ করে। সবাই পালাতে শুরু করলে কলিমদ্দি দফাদার ভিন্ন পরিকল্পনা করেন। তিনি পাকসেনাদের ঘায়েল করার জন্য তাদের সাথে যোগাযোগ শুরু করেন। আর গোপনে সব খবর পৌঁছে দেন, প্রস্তুত থাকতে বলেন। একদিন সুযোগমতো পাকসেনাদের গ্রামে এনে ভাঙা পুলের গোড়ায় দাঁড় করিয়ে কলিমদ্দি দফাদার তা পার হতে গিয়ে পরিকল্পনামাফিক জলে পড়ে যান। সাথে সাথে গর্জে ওঠে ওৎ পেতে থাকা মুক্তিযোদ্ধাদের অস্ত্র আর খতম হয় সবকজন পাকসেনা।
(ক) বুধা প্রায় কী সাজত? ১
(খ) 'আধা-পোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে' কেন? ২
(গ) উদ্দীপকের কলিমদ্দি দফাদারের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র ভাবকে ধারণ করে কি? যুক্তিসহ প্রমাণ করো। ৪

৯। ১৯৭১ সাল ২৫ মার্চ, নিরীহ বাঙালির উপর হঠাৎ আক্রমণ করে বসে পশ্চিম পাকিস্তানি শত্রুরা। আমাদের মুক্তিযোদ্ধাদের কাছে পর্যাপ্ত পরিমাণ অস্ত্র ও সামরিক প্রশিক্ষণ না থাকায় পাকিস্তানি সৈন্যদের সাথে সম্মুখ যুদ্ধ করা সম্ভব হতো না। তাই আপোসহীন মুক্তিযোদ্ধারা গেরিলা আক্রমণ শুরু করে।
(ক) 'মেশিনগান বল, 'আমার নাম মেশিনগান।' বুধা কাকে এ কথা বলেছে? ১
(খ) গাঁয়ের মানুষ ঘরবাড়ি ছেড়ে পালাতে থাকে কেন? ২
(গ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত দিকটিই 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র দিক নয়–যুক্তিসহ বুঝিয়ে লেখ। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। সুমির বাবা দিনমজুর। যৌতুকের টাকার অভাবে সুমির বাবা বৃদ্ধ মোড়লের সাথে তার বিয়ে ঠিক করে। সুমি রাজি না হয়ে কর্মের সন্ধানে বেরিয়ে গেলে সবাই মিলে তাকে ধরে জোর করে বিয়ে দিতে চায়। তখন রাহুল প্রতিবাদ করে এ বিয়ে ঠেকায়। অবশেষে সে নিজেই বিনা যৌতুকে তাকে বিয়ে করার সিদ্ধান্ত নেয়।
(ক) নৌকার সঙ্গে কীসের ধাক্কা লেগেছিল? ১
(খ) এমন মেয়েও কারো পেটে জন্মায় জানতাম না–এ কথাটি বুঝিয়ে বল। ২
(গ) উদ্দীপকের সুমি চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ–তা তুলে ধর। ৩
(ঘ) "প্রতিবাদের প্রতীক চরিত্র হিসেবে উদ্দীপকের রাহুল ও 'বহিপীর' নাটকের হাশেম আলি অভিন্ন"–মূল্যায়ন করো। ৪

১১। মাতব্বর নিজের দ্বিতীয় স্ত্রী হিসেবে 'ফজল মিয়ার' মেয়ে ফুলজান কে বিয়ে করতে চায়। মাতব্বর ফুলজানের বাবাকে নগদ টাকা ও জমির লোভ দেখায়। লোভী ফজলু মিয়া এতে রাজি হয়। ফুলজান এই বিয়ে করতে অস্বীকৃতি জানায় এবং বাড়ি থেকে পালিয়ে গিয়ে পোশাক কারখানায় চাকরি নেয়।
(ক) জমিদার হাতেম আলি শহরে কার কাছে আর্থিক সাহায্যের জন্য এসেছেন? ১
(খ) 'একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারবো'–এ কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের ফজল মিয়ার সঙ্গে তাহেরার বাপজান চরিত্রের তুলনামূলক বিচার করো। ৩
(ঘ) ফুলজান ও তাহেরা নিজেদের স্বাধীন সত্তার পরিচয় দিয়েছে –মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

# 12 ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১ ।]

**১। অপু লক্ষ্মীর চুপরির কড়িগুলো কীভাবে লুকিয়ে ফেলল?**
ⓚ সিঁধেল চোরের মতো
ⓚ কলের পুতুলের মতো
ⓖ সুবোধ বালকের মতো
ⓖ ধূর্ত শেয়ালের মতো

**২। 'একলা গাই, একলা ধাই' –'ঝরনার গান' কবিতায় পরের চরণ কোনটি?**
ⓚ বিজন দেশ, কূজন নাই
ⓚ দিবস রাত, সাঁঝ সকাল
ⓖ নিজের পায় বাজায় তাল
ⓖ ঝিমায় পথ ঘুমায় বন

**৩। 'বই পড়া' প্রবন্ধে লেখক মনের সতেজতার জন্য কোনটি করতে বলেছেন?**
ⓚ স্বশিক্ষিত হতে
ⓚ সাহিত্যচর্চা করতে
ⓖ লাইব্রেরি প্রতিষ্ঠা করতে
ⓖ শিক্ষাপদ্ধতি বদলাতে

**৪। 'বুঝি তবু বুঝি না'-উক্তিটিতে প্রকাশ পেয়েছে হাতেম আলির–**
ⓚ সিদ্ধান্তহীনতা ⓚ রহস্যময়তা
ⓖ অসহায়ত্ব ⓖ নির্বুদ্ধিতা

**৫। বোবা মেয়ে সুভা কোথায় চুপচাপ বসে থাকত?**
ⓚ নদীর ধারে ⓚ বিলের পাড়ে
ⓖ ক্ষুদ্র তরুচ্ছায়ায় ⓖ বনের ধারে

**৬। মিনারে কে স্বার্থের জয়গান গায়?**
ⓚ পূজারী ⓚ মোল্লা
ⓖ ফুকারি ⓖ ভণ্ড

**৭। 'আশা' কবিতায় কবি কীসের অন্তরালে হারিয়ে যেতে চান?**
ⓚ নিশুত রাতের ⓚ বিত্ত-সুখের
ⓖ আঁধার ঘরের ⓖ কান্না-হাসির

**৮। 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধে "মহাজাগরণের দিন" বলতে বোঝানো হয়েছে–**
(i) জাতি গঠনে নতুন চেতনায় উদ্‌বুদ্ধ হওয়া
(i) স্বাধীনতার আকাঙ্ক্ষায় ঐক্যবদ্ধ হওয়া
(ii) বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠায় প্রত্যয়ী হওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৯। 'টলমল শিশির' কোন ঋতুকে স্পর্শ করে?**
ⓚ হেমন্ত কালকে ⓚ শরৎকালকে
ⓖ শীতকালকে ⓖ বসন্ত কালকে

**১০। 'অনুভূতির জগতে সে ফতুর হয়ে পড়ে'– এখানে 'সে' বলতে বোঝানো হয়েছে–**
ⓚ যার শিক্ষার অভাব
ⓚ যার মূল্যবোধের অভাব
ⓖ যার আত্মিক মৃত্যু ঘটে
ⓖ যিনি মৃত্যুবরণ করেছেন

**১১। রানারের দুঃখ-কষ্টের কথা জানবে না–**
(i) পথের তৃণ
(i) শহরের মানুষ
(ii) গ্রামের মানুষ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২। পানশির কোথায় অবস্থিত?**
ⓚ উত্তর আফগানিস্তানে
ⓚ দক্ষিণ আফগানিস্তানে
ⓖ পূর্ব আফগানিস্তানে
ⓖ পশ্চিম আফগানিস্তানে

**১৩। কানা কুয়ো কোথায় বসে ডাকে?**
ⓚ বাঁশবনে ⓚ সুপারির গাছে
ⓖ সেগুনবনে ⓖ শালবনে

**১৪। সবাই যদি তোমার মতো ভালোবাসতো- বাক্যটিতে প্রকাশ পেয়েছে মমতাদির–**
ⓚ আকাঙ্ক্ষা ⓚ হতাশা
ⓖ প্রত্যাশা ⓖ আক্ষেপ

**১৫। বিনুর হাসিকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?**
ⓚ পূর্ণিমার চাঁদের সঙ্গে
ⓚ ঝিঁঝি ডাকা রাতের সঙ্গে
ⓖ পূর্ণিমার রাতের সঙ্গে
ⓖ বিলের জলের ঢেউয়ের সঙ্গে

**১৬। কোন যুদ্ধে হযরত মুহাম্মদ (স:)-এর পরাজয়ের মিথ্যা সংবাদ শোনা গিয়েছিল?**
ⓚ খন্দকের যুদ্ধে ⓚ বদর যুদ্ধে
ⓖ খয়বরের যুদ্ধে ⓖ আহযাব যুদ্ধে

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**

অবসাদে ঘুম নেমে এলে
আবার দেখেছি সেই ঝিকিমিকি শবরী তিতাস
কী গভীর জলধারা ছড়াল হৃদয়ে আমার।

**১৭। উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?**
ⓚ নদীর প্রতি অনুরাগ
ⓚ স্মৃতিকাতরতা
ⓖ স্বদেশপ্রেম
ⓖ নদীর প্রতি মিনতি

**১৮। ফুটে উঠা দিকটি প্রকাশ পেয়েছে যে চরণে তা হলো—**
(i) সতত তোমার কথা ভাবি এ বিরলে
(ii) জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে
(iii) বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৯। রবীন্দ্রনাথ ঠাকুর প্রত্যাশা করেছেন, ধরা সুচি হবে–**
ⓚ তাপসনিশ্বাসবায়ে ⓚ অশ্রুবাষ্পে
ⓖ অগ্নিস্নানে ⓖ বৈশাখী ঝড়ে

**২০। 'সোনার ঘর' বলতে কী বোঝানো হয়েছে?**
ⓚ আশ্রয়স্থল ⓚ আশ্রয়ের সংকট
ⓖ একাকিত্ব ⓖ আশ্রয়হীন

**২১। 'বহিপীর' নাটকে তাহেরা কীসের প্রতীক?**
ⓚ উচ্ছৃংঙ্খল নারীর
ⓚ নারী অধিকার ও জাগরণের
ⓖ কর্মজীবী নারীর
ⓖ প্রতিবাদী নারীর

**২২। সাহিত্য-রসিক রোঁমা রোঁলা পর্যন্ত কীসের সৌন্দর্যে মুগ্ধ হয়েছেন?**
ⓚ ঠাকুরমার ঝুলির
ⓚ সখিনা বিবির
ⓖ আরব্য উপন্যাসের
ⓖ মদিনা বিবির

**২৩। সরকার স্কুল-কলেজ খোলার ব্যবস্থা করলেও জামীর স্কুলে যাওয়া হচ্ছে না । কারণ–**
(i) দেশে এখন যুদ্ধাবস্থা
(i) সরকারি সিদ্ধান্তের প্রতিবাদের জন্য
(ii) জামী পড়াশোনায় অমনোযোগী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪। মশক কাঁখে কত লক্ষ ভিস্তি ছুটল?**
ⓚ ১৯ লক্ষ ⓚ ২০ লক্ষ
ⓖ ২১ লক্ষ ⓖ ২২ লক্ষ

**২৫। নাটকে সাধারণত কয়টি উপাদান থাকে?**
ⓚ ২টি ⓚ ৩টি ⓖ ৪টি ⓖ ৫টি

**২৬। 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি কীসের আশা করতে নিষেধ করেছেন?**
ⓚ সুখের ⓚ লাভের
ⓖ সম্পদের ⓖ দীর্ঘায়ুর

**২৭। প্রকৃতি কী দিয়ে মানুষের স্বপ্ন-সাধ ও কল্পনাকে তৃপ্ত করে যায়?**
ⓚ বিচিত্র বিবর্তন
ⓚ গভীর মমত্ব
ⓖ অফুরন্ত ঐশ্বর্য
ⓖ রহস্যময় আবির্ভাব

**২৮। 'বঙ্গবাণী' কবিতায় 'সর্ববাক্য' দ্বারা কী বুঝানো হয়েছে?**
ⓚ সকল কথা ⓚ সকল ভাষা
ⓖ সকল শব্দ ⓖ সকল জ্ঞান

**২৯। চলার পথে ঝর্ণা কার বোল সাধে?**
ⓚ টিয়ার ⓚ চকোরের
ⓖ শালিকের ⓖ বুলবুলির

**৩০। 'পল্লিজননী' কবিতায় সন্তানের জন্য অমঙ্গলের প্রতীক কোনটি?**
ⓚ ঘোর অন্ধকার ⓚ মশকের গান
ⓖ কুয়াশার কাফন ⓖ হুতুমের ডাক

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক–বিভাগ : গদ্য

১। রুমা আগামী বছর এসএসসি পরীক্ষা দেবে। বাবা তাকে বিদ্যালয়ের একজন শিক্ষকের তত্ত্বাবধানে লেখা পড়ার দায়িত্ব দিলেন এবং বললেন, মেয়েটি যাতে ভালো ফলাফল করতে পারে সেদিকে খেয়াল রাখতে। অন্যদিকে রুমার বান্ধবী রুমানার বাবার মতে, বিদ্যা অর্জন করতে হয় শিক্ষার্থীকে এবং তা অর্জনে শিক্ষক গুরু সহায়কমাত্র। কারণ পরীক্ষায় ভালো ফলাফল লাভ আর সুশিক্ষিত হওয়া এক নয়। সুশিক্ষিত হতে হলে মনের প্রসার দরকার যা শুধু শিক্ষা প্রতিষ্ঠান থেকে লব্ধ শিক্ষা কিংবা শিক্ষকের তত্ত্বধানে লেখাপড়া করলেই হয় না। তার জন্য বই পড়ার অভ্যাস বাড়াতে হবে।

(ক) 'বই পড়া' প্রবন্ধে কাকে উত্তর সাধক বলা হয়েছে? ১
(খ) লেখক লাইব্রেরিকে স্কুলকলেজের উপরে স্থান দিতে চেয়েছেন কেন? ২
(গ) উদ্দীপকে কার দৃষ্টিভঙ্গি 'বই পড়া' প্রবন্ধের লেখকের সঙ্গে সংগতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) রুমার বাবার মানসিকতাই 'বই পড়া' প্রবন্ধের মূলসুর যুক্তি দিয়ে বিচার করো। ৪

২। সাহিত্যের একটি শাখায় জীবন সম্বন্ধীয় ধারণার বাহ্যিক প্রকাশ ঘটে, যা অভিনেতারা রূপ দিতে পারে এবং শব্দমাধুর্য শুনিয়ে ও আঙ্গিক ক্রিয়াদি দেখিয়ে উপস্থিত দর্শকদের আনন্দ দান করতে পারে। সাহিত্যের এই শাখাটির ইতিহাস বহুপ্রাচীন।

(ক) সাহিত্যের প্রধান বাধা কয়টি? ১
(খ) "যা নেই ভারতে তা নেই ভারতে"– কথাটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকে বাংলা সাহিত্যের কোন শাখার কথা বলা হয়েছে? 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত দিকটি সাহিত্যের বিশাল জায়গা জুড়ে রয়েছে– উক্তিটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৪

৩। জনাব ইমরান সাহেব একজন অভিজ্ঞ শিক্ষক। বাস্তব জীবনের দিক বিবেচনা করে তিনি শিক্ষা দান করেন। মূল্যবোধ সৃষ্টি না হলে বাস্তব জীবন সুন্দর হয় না। এ ধারণা দিয়ে তিনি বলেন, মূল্যবোধ অর্জনের উপায় হচ্ছে শিক্ষা। শিক্ষার মাধ্যমে মনুষ্যত্বের জাগরণ ঘটে।

(ক) শিক্ষার আসল কাজ কী? ১
(খ) শিক্ষার অপ্রয়োজনীয় দিককে কেন শ্রেষ্ঠ দিক বলা হয়েছে– ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে ইমরান সাহেবের দৃষ্টিভঙ্গি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'শিক্ষার মাধ্যমে মনুষ্যত্বের জাগরণ ঘটে'– 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

৪। সেবিকা ফুলমনি মুক্তিযোদ্ধাদের অস্থায়ী ক্যাম্পে যুদ্ধাহতদের সেবা-শুশ্রূষা করেছিলেন। হৃদয়বিদারক সেই স্মৃতি আজো তাকে তাড়িত করে। অবসর সময়ে তিনি নাতি-নাতনিদের নিয়ে মুক্তিযোদ্ধাদের ত্যাগের কথাগুলো স্মৃতিচারণ করেন।

(ক) স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে হাসান ইমামের ছদ্মনাম কী ছিল? ১
(খ) রুমীকে মুক্ত করার জন্য তার বাবা-মা মার্সি পিটিশন করেননি কেন? ২
(গ) উদ্দীপকের বিষয়টি নবীন প্রজন্মকে কীভাবে উদ্বুদ্ধ করবে তা 'একাত্তরের দিনগুলি' রচনার আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের ফুলমনির কর্মকাণ্ড এবং 'একাত্তরের দিনগুলি' রচনার লেখিকার প্রয়াস এক ও অভিন্ন–উক্তিটি বিশ্লেষণ করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। আমাদের সমাজে শ্রেণিভেদ, ধর্মভেদ, জাতিভেদ মানুষকে বিভক্ত করে রেখেছে যুগে যুগে। এ ব্যবধান যেন কোনোমতেই ঘুচবার নয়। কিন্তু মানুষ সৃষ্টির সেরা জীব। তাই মহামানবেরা সবকিছুর উর্ধ্বে মানবধর্মকেই বড়ো করে দেখেছেন। প্রমাণ করেছেন, 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।'

(ক) ভুখারি কত বছর সৃষ্টিকর্তাকে ডাকেনি? ১
(খ) কবি কেন চেঙ্গিস, গজনির মাহমুদ ও কালাপাহাড়কে আহবান জানিয়েছেন? ২
(গ) উদ্দীপকের সাথে তোমার পঠিত 'মানুষ' কবিতার ভাবগত সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।' উক্তিটির যথার্থতা 'মানুষ' কবিতার আলোকে যাচাই করো। ৪

৬। বাংলা নদী কি শোভাশালিনী
মধুর তার কুল কুল ধ্বনি
দু'ধারে তাহার বিটপীর শ্রেণি
হেরিল জুড়ায় হিয়া।

(ক) নদী কাকে প্রজারূপে বারী-রূপ কর দান করে? ১
(খ) "দুগ্ধস্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে"– ব্যাখ্যা করো। ২
(গ) 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের সাথে উদ্দীপকের মূলভাবের সাদৃশ্য বর্ণনা করো। ৩
(ঘ) "'কপোতাক্ষ নদ' কবিতার পরিণতির দিকটি উদ্দীপকে অনুপস্থিত"– বিশ্লেষণ করো। ৪

৭। দুর্গম পথ পাড়ি দিয়ে যারা দুর্জয়ে করে জয়
তাহাদের পরিচয়
লিখে রাখে মহাকাল,
সব যুগে যুগে সব কালে টিকা ভাস্করে শোভে ভাল।
সব ক্ষয়ক্ষতি খেয়াল খুশিতে পশ্চাতে যায় ফেলে
বন্ধুর পথ একদা তাদের পদতলে ধরে মেলে
আনন্দ শতদল–
সেই তো জীবন, জয়গৌরবে হেসে উঠে ঝলমল।

(ক) রানারের কাঁধে কীসের বোঝা? ১
(খ) "কাজ নিয়েছে সে নতুন খবর আনার" চরণটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের চরণগুলোতে প্রকাশিত ভাবের সঙ্গে 'রানার' কবিতার রানারের চলার পথের সাদৃশ্যতা নির্ণয় করো। ৩
(ঘ) "উদ্দীপকের অভিযাত্রিকের জয়গৌরব যেন 'রানার' কবিতার রানারের মহৎ কাজের প্রতিফলন"– উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। মুক্তিযুদ্ধে পাকহানাদার বাহিনীর হাতে শহিদ হয় রুমী। রুমীর বন্ধু সাগর প্রায়ই রুমীদের বাসায় আসে। ওকে পেলে রুমীর মা জাহানারা ইমাম যেন নিজের ছেলেকেই ক্ষণিকের জন ফিরে পান। সাগর রুমীর মাকে সান্ত্বনা জানাতে গেলে তিনি বলেন– আমার ছেলে দেশের জন্য যুদ্ধ করে শহিদ হয়েছে। তাই রুমীকে নিয়ে আমার কষ্ট নয়, গর্ব হয়।

(ক) বুধার পরিবারের সবাই কেন রোগে মারা যায়? ১
(খ) 'মরণের কথা ভাবলে যুদ্ধ করা যায় না'– কথাটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের ঘটনাটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের একটি খণ্ডচিত্র মাত্র"– মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৯। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করতে নেপথ্য ভূমিকা রেখেছিল। তারেক মাসুদ 'মুক্তির গান' প্রামাণ্যচিত্রে দেখিয়েছেন শিল্পীরা বিভিন্ন মুক্তিযুদ্ধের ক্যাম্পে গিয়ে মুক্তিযোদ্ধাদের উজ্জীবিত করেছেন। যুদ্ধ কেবল মুক্তিযোদ্ধারাই করেননি। এ যুদ্ধে শিল্পী, কলাকুশলী ও শব্দসৈনিকের ভূমিকাও ছিল।

(ক) ফুলকলি বুধাকে কী নামে ডাকতে চায়? ১
(খ) 'লোহার টুপি ওদের মগজ খেয়েছে'– এ উক্তিতে কী বোঝানো হয়েছে? ২
(গ) সমাজের সর্বস্তরের মানুষের অংশগ্রহণে সংঘটিত হয়েছিল মুক্তিযুদ্ধ, এসেছিল স্বাধীনতা। উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ৩
(ঘ) "উদ্দীপকের শিল্পী, কলাকুশলী ও মুক্তিযোদ্ধা শিল্পী শাহাবুদ্দিন যেন একই সূত্রে গাঁথা।"– মূল্যায়ন করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। বৃদ্ধ মনু মিয়ার স্ত্রী মারা গেছেন বিশ বছর আগে। তার কোনো সন্তান না থাকাতে তিনি এ দীর্ঘ সময় নিঃসঙ্গভাবে কাটান। দ্বিতীয় বিয়ে পর্যন্ত করেন নাই। এই বৃদ্ধ বয়সে এসে তার খেদমতের জন্য একজন সঙ্গী দরকার। তিনি চল্লিশ বছরের এক দরিদ্র বিধবাকে বিয়ে করলেন। তাতে বিধবার ভরণপোষণ ও নিঃসঙ্গতা দূর হয়।

(ক) 'বহিপীর' নাটকের প্রথম সংলাপটি কার? ১
(খ) 'পীরসাহেব সাবধানী লোক'– কে, কাকে এবং কেন এ কথা বলেছিল? ২
(গ) উদ্দীপকের বৃদ্ধ মুন মিয়ার সাথে 'বহিপীর' নাটকের বাস্তবতার কতখানি সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "বৃদ্ধ মনু মিয়ার দৃষ্টিভঙ্গির বৈপরীত্য ফুটে উঠেছে বহিপীরের মধ্যে"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

১১। আমেনা গ্রামের স্কুলে পড়ে। তার পিতা গ্রামের টাকাওয়ালা ব্যবসায়ীর সাথে তার বিয়ে ঠিক করে। পিতার বয়সি ব্যবসায়ীকে বিয়ে করতে চায় না আমেনা। সে তার বাবাকে বাল্যবিবাহের কুফল বোঝাতে গিয়ে ব্যর্থ হয়। অবশেষে বৃদ্ধ ব্যবসায়ীর সাথে তার বিয়ে হয়।

(ক) বজরা কোন ঘাটে থেমেছিল? ১
(খ) 'বদ লোকেরা তোমাকে গিলে খাচ্ছে'– কথাটি কেন বলা হয়েছে? ২
(গ) উদ্দীপকের আমেনার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার বৈসাদৃশ্য তুলে ধর। ৩
(ঘ) "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের আংশিক ভাব ধারণ করে"–উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

13

# কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা

## নির্বাচনি পরীক্ষা−২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট    পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। **সুভা নদীর তীরে কখন আসে?**
ⓚ দুপুরে ⓚ বিকেলে
ⓖ একাকিত্ববোধ করলে ⓖ অবসরে

২। **প্রমথ চৌধুরীর মতে মনোরাজ্যের ঐশ্বর্যের সন্ধান দিতে পারেন কে?**
ⓚ সহপাঠী ⓚ প্রকৃত বন্ধু
ⓖ সাহিত্যিক ⓖ শিক্ষক

৩। **'আপনারা আমাদের গুরুতুল্য লোক'– এ কথাটি কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?**
ⓚ মাতবরকে ⓚ জমিদারকে
ⓖ নীলমণি রায়কে ⓖ হরিহরকে

৪। **'সে যেন একটা উৎসব বাঁধিয়া গেল'– এখানে কোন উৎসবের কথা বলা হয়েছে?**
ⓚ কাঙালী ভোজের ⓚ শবযাত্রার
ⓖ শ্রাদ্ধের ⓖ রথযাত্রার

৫। **ভূয়োদর্শনের পরিপক্ব ফল কোথায় সঞ্চিত হয়ে আছে?**
ⓚ ডাক ও খনার বচনে ⓚ পল্লিগানে
ⓖ প্রবাদে ⓖ ছড়া গানে

৬। **সমাচ্ছন্ন শব্দের অর্থ কী?**
ⓚ আঘাত ⓚ অভিভূত
ⓖ অত্যাচার ⓖ অনাদর

৭। **'নিমগাছ' গল্পে মূল বিষয়বস্তু হিসেবে ফুটে উঠেছে–**
i. আত্মত্যাগ
ii. বৃক্ষের অবদান
iii. উপেক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৮। **কোনো দেশের গণতন্ত্র প্রতিষ্ঠার অন্তরায় কোনটি?**
ⓚ সাধারণ মানুষ
ⓚ শ্রেণি বৈষম্য
ⓖ অশিক্ষা
ⓖ তথাকথিত ছোটোলোক সম্প্রদায়

৯। **'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখকের মতে কারাগার কাদের কাছে স্বর্গতুল্য?**
ⓚ মুক্তির স্বাদ বঞ্চিতদের
ⓚ দরিদ্রদের
ⓖ লেফাফাদুরস্তদের
ⓖ ক্ষুৎপিপাসায় কাতরদের

১০। **আবদুর রহমানের সঙ্গে ডাক্তারি কলেজের ছাত্রদের সাদৃশ্য হলো–**
i. একনিষ্ঠতায়
ii. তন্ময়তায়
iii. কৌতূহল প্রবণতায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
হালখাতা পয়লা বৈশাখের এক বিশেষ অনুষ্ঠান। ব্যবসায়ীমহল নানা উপকরণে দোকান সাজিয়ে এ উৎসবের আয়োজন করেন।

১১। **উদ্দীপকে উল্লিখিত অনুষ্ঠানটির উদ্দেশ্য কী?**
ⓚ বর্ষবরণ ⓚ পাওনা আদায়
ⓖ ব্যবসার প্রচার ⓖ ক্রেতাদের আপ্যায়ন

১২। **হালখাতা অনুষ্ঠানটি বর্তমানে কমে যাওয়ার কারণ কী?**
ⓚ মানুষের আর্থিক অবস্থার উন্নয়ন
ⓚ দৃষ্টিভঙ্গির পরিবর্তন
ⓖ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
ⓖ ব্যবসায়ীদের আগ্রহের অভাব

১৩। **'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি' এখানে হিত বলতে বোঝানো হয়েছে–**
ⓚ মাতৃভাষা সহজ-সরল
ⓚ মাতৃভাষা কল্যাণকর
ⓖ মাতৃভাষা আমাদের মর্ম স্পর্শ করে
ⓖ মাতৃভাষার প্রতি শ্রদ্ধাশীল

১৪। **'আর কি হে হবে দেখা' কবির এ কথায় প্রকাশ পেয়েছে–**
i. সংশয়
ii. সন্দেহ
iii. বিস্ময়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৫। **'বেগে ধায়, নাহি রহে স্থির'– এখানে কার ছুটে চলার কথা বলা হয়েছে?**
ⓚ সময় ⓚ জীবন ⓖ মানুষ ⓖ নদী

১৬। **'মাটির ভয়ে রাজ্য হবে মাটি'– পঙক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
ⓚ রাজ্য ধুলোয় ভরে যাওয়া
ⓚ রাজ্য অচল হয়ে যাওয়া
ⓖ রাজ্যের মানুষ নাখোশ হওয়া
ⓖ মন্ত্রীদের কাজ পণ্ড হওয়া

১৭। **'আমরা ধাই তার আশেই'– এখানে 'তার' বলতে কাকে বোঝানো হয়েছে?**
ⓚ সৌন্দর্য প্রেমিক ⓚ ফটিকজল
ⓖ বুলবুলি ⓖ কাকসার

১৮। **'পূজারী দুয়ার খোলো'–এটি কার কথা?**
ⓚ পথিকের ⓚ সাধুর
ⓖ দৈব আদেশ ⓖ প্রতিবেশীর

১৯। **নক্ষত্রের তলে সেদিনো কে স্বপ্ন দেখবে?**
ⓚ পৃথিবী ⓚ মাঠ
ⓖ নদী ⓖ সভ্যতা

২০। **'কৃষাণ ছেলেরা কালকে তাহার বাচ্চা করেছে চুরি।'– কার?**
ⓚ হুতুমের ⓚ ডাহুকের
ⓖ কানাকুয়োর ⓖ বাদুড়ের

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।

২১। **উদ্দীপকের অবনী শব্দটি 'আশা' কবিতার কোন শব্দটির সাথে মিল রয়েছে?**
ⓚ পাহাড় ⓚ প্রতিবেশী
ⓖ মানুষ ⓖ জগৎ

২২। **উদ্দীপকের সাথে 'আশা' কবিতার মিল কোথায়?**
ⓚ পরার্থপরতায় ⓚ অল্পতে তুষ্ট থাকা
ⓖ নির্ভাবনার জীবন ⓖ সংগ্রামী জীবন

২৩। **"আমার পরিচয় কবিতায় কবি কমলার দীর্ঘ ও মহুয়ার পালার কথা কোন ঐতিহ্যকে স্মরণ করে উল্লেখ করেছেন?**
ⓚ প্রাচীন ঐতিহ্যের
ⓚ প্রাকৃতিক সৌন্দর্যের
ⓖ প্রত্নতাত্ত্বিক নিদর্শনের
ⓖ লোকসাহিত্যের

২৪। **ভীরুতা পিছনে ফেলে রানারকে কী নিয়ে চলতে বলা হয়েছে?**
ⓚ সাহস ⓚ আগ্রহ
ⓖ শপথের চিঠি ⓖ লণ্ঠন

২৫। **বুধাকে মিলিটারি ক্যাম্প উড়িয়ে দেওয়ার দায়িত্ব কে দিয়েছে?**
ⓚ ফজু চাচা ⓚ হরিকাকু
ⓖ শাহাবুদ্দিন ⓖ ফুলকলি

২৬। **উপন্যাসের প্রধান উপাদান কী?**
ⓚ চরিত্র ⓚ পরিবেশ
ⓖ বর্ণনা রীতি ⓖ কাহিনি

২৭। **বুধা মতিউরের দিকে কীভাবে তাকায়?**
ⓚ ভয়ার্ত চোখে ⓚ ঘুম-জড়ানো চোখে
ⓖ করুণার দৃষ্টিতে ⓖ স্বাভাবিক দৃষ্টিতে

২৮। **বহিপীর নাটকের অনমনীয় ও মানবিক চরিত্র কোনটি?**
ⓚ হাতেম আলি ⓚ হাশেম আলি
ⓖ তাহেরা ⓖ বহিপীর

২৯। **'আপনার সম্পূর্ণ পরিচয়-তো এখনো পাইলাম না।' উক্তিটি বহিপীর কাকে উদ্দেশ্য করে বলেছে?**
ⓚ মুরিদকে ⓚ হাতেম আলিকে
ⓖ হাশেম আলিকে ⓖ তাহেরাকে

৩০। **বহিপীর কথ্যভাষা সম্পর্কে বলেন এটিতে–**
i. পবিত্রতা নাই
ii. গাম্ভীর্য নাই
iii. সৌন্দর্য নাই
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

## বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক–বিভাগ : গদ্য

১। লাইব্রেরির মধ্যে আমরা সহস্র পথের চৌমাথার উপরে দাঁড়াইয়া আছি। কোনো পথ অনন্ত সমুদ্রে গিয়েছে, কোনোপথ অনন্ত শিখরে উঠিয়াছে, কোনো পথ মানব হৃদয়ের অতল স্পর্শে নামিয়াছে। যে যে দিকে ধাবমান হও, কোথাও বাধা পাইবে না। মানুষ আপনার পরিত্রাণকে এতটুকু জায়গার মধ্যে বাঁধিয়া রাখিয়াছে।

(ক) সুসার শব্দের অর্থ কী? ১
(খ) 'মনের দাবি রক্ষা না করলে মানুষের আত্মা বাঁচে না'— কেন? ২
(গ) উদ্দীপকে 'বইপড়া' প্রবন্ধের কোন বিশেষ দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) তুমি কি মনে করো 'বইপড়া' প্রবন্ধের মূলভাব উদ্দীপকে প্রতিফলিত হয়েছে? সপক্ষে মতামত দাও। ৪

২। 'কোনখানে কোন সদূর দেশে, কোন মায়ের বুকে,
কাদের খোকা মিষ্টি এমন ঘুমায় মনের সুখে?
অজানা কোন দেশে সেথা কোনখানে তার ঘর?
কোন সমুদ্র কত নদী, কত দেশের পর?
কেমন সুরে, কি বলে মা ঘুমপাড়ানি গানে
খোকার চোখে নিত্যি সেথা ঘুমটি ডেকে আনে?'

(ক) 'ঠাকুরমার ঝুলি' বা 'ঠাকুরদার থলে'— কে সংগ্রহ করেছেন? ১
(খ) আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) পল্লি সাহিত্যের কোন বিশেষ দিকটি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) পল্লি সাহিত্যের আরো বিশিষ্ট দিক রয়েছে যা উদ্দীপকে অনুপস্থিত। এগুলো উল্লেখপূর্বক সংরক্ষণের প্রয়োজনীয়তা যৌক্তিকতা তুলে ধর। ৪

৩। 'জেনেছি সত্য বহুদিন মনে মনে
মুক্তির পথ মিশে গেছে জনগণে,
যেখানে লক্ষ লোকের রুক্ষ হাত
সৃষ্টির মাঝে নিয়োজিত দিনরাত,
যেখানে মানুষ দৈনন্দিন কাজে
প্রাণপাত করে দুঃস্বপ্নের মাঝে,
মাটিতে শিকড় গেড়ে যারা বেঁচে আছে,
অধমরা হয়ে পাষাণের রসে বাঁচে
সেই জনতার দীপ্ত মিছিল ধরে
নবযুগ আসে রক্ত দিনের ভোরে।'

(ক) বোধন বাঁশি কী? ১
(খ) 'ইহা তো আত্মার ধর্ম নয়'— বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) 'উদ্দীপকে উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধের ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের মূলভাবের বাইরেও 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধের বিশদ ব্যাখ্যা রয়েছে— মূল্যায়ন করো। ৪

৪। মাহবুব সাহেব ভোজন প্রিয় মানুষ। ভোজনে শুধু নিজেই রস নেন না- অন্যকে দিয়ে আনন্দ পান। অবসরে বা ছুটির দিনে রান্না করে ছেলে-মেয়ে ও আত্মীয়-স্বজনকে খাওয়াতে বড়ই আনন্দ পান।

(ক) কাবুলের হাওয়া কীসের মতো? ১
(খ) 'অল্প শোকে কাতর অধিক শোকে পাথর'— এ কথাটি কেন বলা হয়েছে? ২
(গ) উদ্দীপকের মাহবুব সাহেব 'প্রবাস বন্ধু' গল্পের কোন চরিত্রকে ধারণ করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'প্রবাস বন্ধু' গল্পের খণ্ডাংশই প্রতিফলিত হয়েছে— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। নানান দেশের নানান ভাষা
বিনে স্বদেশি ভাষা মিটে কি আশা?
কত নদী সরোবরে কী বলা ফল চাতকীর;
ধারাজল বিনে কভু ঘুচে কি তৃষা?

(ক) হাবিলাষ শব্দের অর্থ কী? ১
(খ) দেশী ভাষে বুঝিতে ললাটে পুরে ভাগ'— বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকের মূলভাবের সাথে 'বঙ্গবাণী' কবিতার সাদৃশ্য তুলে ধর। ৩
(ঘ) উদ্দীপকে উঠে আসা বিষয়বস্তুর বাইরেও 'বঙ্গবাণী' কবিতার বিষয়বস্তু আরো বিস্তৃত— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬। সেই সোনামুখ গোলগাল হাত সকলি তেমন আছে
কি জানি সাপের দংশন পেয়ে মা আমার চলে গেছে।
আপন হাতে সোনার প্রতিমা কবরে দিলাম গাড়ি,
দাদু ধর-ধর বুক ফেটে যায়, আর বুঝি নাহি পারি।
এইখানে এ কবরের পাশে, আরও কাছে আর দাদু
কথা কসনাক, জাগিয়া উঠবে ঘুম ভোলা মোর যাদু।

(ক) ঘরের চালে কে ডাকে? ১
(খ) 'বিরহি মায়ের একেলা পরাণ দোলে' কেন? ২
(গ) উদ্দীপকের সাথে 'পল্লিজননী' কবিতার বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের সাথে পল্লিজননী কবিতার বিষয়বস্তুর অমিল হলেও আত্মবিলাপের করুণ সুর এক ও অভিন্ন– উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৭। রমিজ মিয়া একটি বহুতল ভবনের সিকিউরিটি গার্ড। সকাল-সন্ধ্যা ডিউটি। রোগ-শোক সব কিছুকে তুচ্ছ করে দায়িত্ব পালন করেন। কাছ থেকেই জীবনের চাকচিক্য আর জৌলুস দেখেন। কিন্তু নিজের জীবনের অন্ধকারের কথা স্মরণ করে কখনো কখনো আক্ষেপ করেন। এ যেন আলো-আঁধারের সমান্তরাল অবস্থান।

(ক) কে রানারের জীবনের দুঃখকে জানবে? ১
(খ) 'শপথের চিঠি' বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) 'রানার' কবিতার রানারের কোন বৈশিষ্ট্য উদ্দীপকের রমিজ মিয়া চরিত্রে দেখা যায়? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'এ যেন আলো আঁধারের সমান্তরাল অবস্থান' 'রানার' কবিতার সাথে উক্তিটি কীভাবে সম্পর্কিত তোমার মতামত দাও। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮। মাগো, ভাবনা কেন?
আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি
তোমার ভয় নেই মা, আমরা প্রতিবাদ করতে জানি।

(ক) বুধা মাইনটা কীসের সঙ্গে বেঁধে নেয়? ১
(খ) 'আমরা তিনজন নই, একজন'— বুধাকে একথা কেন বলা হয়েছিল? ২
(গ) উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রকে ধারণ করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে কাকতাড়ুয়া উপন্যাসের সম্পূর্ণ ভাবের প্রতিফলন ঘটেনি।" বিশ্লেষণ করো। ৪

৯। দশ বছর বয়সে সবুজের বাবা মারা যায়। মা তাকে কোলে পিঠে করে মানুষ করে। এ বাড়ি ঐ বাড়ির সাহায্যে সবুজ লেখাপড়া শিখে প্রতিষ্ঠা পায়। সে মনে মনে প্রতিজ্ঞা করে দেশ ও মানুষের কল্যাণের মধ্যেই হবে প্রতিবেশীদের সাহায্যের প্রতিদান।

(ক) বুধাকে কাকতাড়ুয়া নাম দিয়েছে কে? ১
(খ) যে মানুষের দৃষ্টিতে ভাষা নেই, বুধার মতে সে মানুষ কেন মানুষ নয়? ২
(গ) উদ্দীপকের 'সবুজের' জীবনের সাথে কাকতাড়ুয়া উপন্যাসের বুধার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের 'সবুজ' আর কাকতাড়ুয়া উপন্যাসের বুধা কি একই দৃষ্টিভঙ্গি ধারণ করে? সপক্ষে যুক্তি দাও। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০। নাজমা গরিব ঘরের মেয়ে। উপার্জনক্ষম বাবা দুর্ঘটনায় একেবারেই ঘরে বসা। পরিবারের আয়ের পথও বন্ধ। উপায়ন্তর না দেখে নাজমার বিয়ের জন্য এক ধনী বয়স্ক পাত্র ঠিক করে। কিন্তু নাজমা নিজের পায়ে দাঁড়াবে এ প্রত্যয়ে বিয়ে প্রত্যাখ্যান করে।

(ক) বহিপীরের বয়স কত? ১
(খ) এমন মেয়েও কারো পেটে জন্মায়, জানতাম না– উক্তিটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের নাজমার সাথে বহিপীর নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে বহিপীর নাটকের একটি বিশেষ দিক প্রতিফলিত হয়েছে— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

১১। আজমল সাহেব কয়েকশ বিঘা জমিতে মাছে চাষ করেন। এ জন্য ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন। কিন্তু ভয়াবহ বন্যায় সমস্ত মাছের খামার তলিয়ে যায়। তিনি একেবারে দিশেহারা হয়ে পড়েন। বিভিন্ন দিকে হাত পেতেও বিফল হন।

(ক) হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১
(খ) জমিদার হাতেম আলির মনে শান্তি নেই কেন? ২
(গ) উদ্দীপকের আজমল সাহেবের সাথে বহিপীর নাটকের জমিদার হাতেম আলির মিল কোথায়? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের বিষয়বস্তু 'বহিপীর' নাটকের মূল বিষয়বস্তু নয়— উক্তিটির সপক্ষে মতামত দাও। ৪

# নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী

14

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। **কাবুল থেকে কত দূরে খাজামোল্লা গ্রামটির অবস্থান?**
ক দেড় মাইল খ দুই মাইল
গ আড়াই মাইল ঘ তিন মাইল

২। **মমতাদি কত নম্বর বাড়িতে থাকতেন?**
ক ২৭ খ ২৮ গ ২৯ ঘ ৩০

৩। **বাংলা নববর্ষ উৎসব প্রাবন্ধিকের মতে, কোন চেতনার ধারক?**
ক বাঙালি খ স্বদেশি
গ ধর্মনিরপেক্ষ ঘ জাতীয়

৪। **মহাকাব্যের মূল লক্ষ্য কী?**
ক যুদ্ধ বিগ্রহের কাহিনি বলা
খ আয়তনে দীর্ঘ করা
গ গদ্যে লেখা
ঘ গল্প বলা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**

সুচন্দা বাক্‌প্রতিবন্ধী হলেও পরিবারের কাছে সে বোঝা নয়। সে বাসায় পায়রা পোষে। এদের সাথেই তার অনেকাংশে সময় কাটে। পায়রার বাকবাকুম শব্দের সুচন্দার মানসিক অস্থিরতা অনেকটা কাটে।

৫। **উদ্দীপকের বিষয়বস্তুর সাথে নিচের কোন গল্পের আংশিক সাদৃশ্য রয়েছে?**
ক অভাগীর স্বর্গ খ নিমগাছ
গ সুভা ঘ দেনাপাওনা

৬। **উক্ত গল্পে যে বিষয়টি ফুটে উঠেছে–**
i. প্রতিবন্ধীদের প্রতি মমত্ববোধ
ii. নির্বাক পশুর সাথে নিবিড় সম্পর্ক
iii. পণপ্রথা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭। **সুভা কখন নদীতটে শস্পশয্যায় লুটিয়ে পড়ে?**
ক পূর্ণিমা রাতে খ তৃতীয়া চতুর্দশীতে
গ শুক্লাদ্বাদশী রাতে ঘ বিজয়া দশমীতে

৮। **একজন যথার্থ শিক্ষকের সার্থকতা সেখানে যদি শিক্ষার্থীর–**
i. খেলাধুলায় উন্নতি হয়
ii. আত্মা উদ্‌বোধিত হয়
iii. আন্তর্নিহিত প্রচ্ছন্ন শক্তি জাগ্রত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯। **"তোর হাতের আগুন যদি পাই বাবা, বামুন-মার মতো আমিও সগ্যে যেতে পাবো"– উক্তিতে কী প্রকাশ পেয়েছে?**
ক ধর্মবিশ্বাস খ কুসংস্কার
গ সন্তানবাৎসল্য ঘ শোককাতরতা

১০। **'পল্লিসাহিত্য' প্রবন্ধে খোকা-খুকির ছড়াকে সরস-প্রাণের জীবন্ত উৎস বলা হয়েছে কেন?**
ক প্রাণের উচ্ছ্বাস আছে বলে
খ প্রাচীনকাল থেকে প্রচলিত হওয়ায়
গ জাতির পুরোনো ইতিহাসের গোপন কথা খুঁজে পাওয়া যায় বলে
ঘ মন থেকে উৎসারিত হওয়ায়

১১। **গরম তেলে ভাজলে নিমপাতা–**
i. মচমচে হয়
ii. উপাদেয় হয়
iii. ঔষধি গুণসম্পন্ন হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২। **প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কোনটি?**
ক বনফুল খ বীরবল
গ নীল লোহিত ঘ পদ্মভূষণ

১৩। **'দেশী ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়' কবি তাকে কী করতে বলেছেন?**
ক দেশপ্রেমী হতে খ দেশত্যাগী হতে
গ সাহিত্যপ্রেমী হতে ঘ উদার হতে

১৪। **'কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে? দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে।' পঙক্তিদ্বয়ে ফুটে উঠেছে–**
i. দেশপ্রেম
ii. স্মৃতিকাতরতা
iii. হৃদয়ের কাতরতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫। **'আয়ু যেন শৈবালের নীর'– কথাটির দ্বারা কবি হেমচন্দ্র কী বোঝাতে চেয়েছেন? জীবন–**
ক পানির মতো খ শিশিরের ন্যায়
গ ক্ষণস্থায়ী ঘ দীর্ঘস্থায়ী

১৬। **কবি সত্যেন্দ্রনাথ দত্ত কত বছর বয়সে মারা যান?**
ক বাইশ খ আটাশ গ আটত্রিশ ঘ চল্লিশ

১৭। **'বেলা অবেলা কালবেলা' গ্রন্থটি কার লেখা?**
ক সত্যেন্দ্রনাথ দত্ত খ জীবনানন্দ দাশ
গ যতীন্দ্রমোহন বাগচী ঘ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

১৮। **'পল্লিজননী' কবিতায় 'ফুরায়ে এসেছে তেল' পঙক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
ক রাতের অবসান হয়েছে
খ বাতির তেল ফুরিয়ে আসছে
গ চিকিৎসার টাকা ফুরিয়ে গেছে
ঘ মৃত্যু ঘনিয়ে আসছে

১৯। **পৌঁছে দাও এ নতুন খবর, অগ্রগতির 'মেলে'– এখানে 'মেলে' শব্দের অর্থ কী?**
ক বিকশিত খ সাদৃশ্য
গ ডাকে ঘ সন্ধানে

২০। **"তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা" কবিতায় শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্কের তুলনা করা হয়েছে–**
ক যুদ্ধ খ দানব
গ বীরত্ব ঘ গণহত্যার

২১। **'আমার পরিচয়' কবিতায় কবি বাঙালি জাতির বিদ্রোহের ঐতিহ্য নিম্নের কোন পঙক্তির মাধ্যমে প্রকাশ করেছেন?**
ক আমি তো এসেছি কৈবর্তের বিদ্রোহী গ্রাম থেকে
খ আমি তো এসেছি সার্বভৌম বারো ভুঁইয়া থেকে
গ এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্য সেনের থেকে
ঘ আমি সে এসেছি একাত্তরের মুক্তিযুদ্ধ থেকে

২২। **প্রাণের সবুজ কোথায় মিশেছে?**
ক মাঠের সবুজে খ জনতার মঞ্চে
গ বিমুখ প্রান্তরে ঘ ফুলের বাগানে

২৩। **নিচের কোন কবিতায় উদ্দীপকে উল্লিখিত মনোভাবের সাদৃশ্য রয়েছে?**
ক জীবন-সঙ্গীত
খ সাহসী জননী বাংলা
গ আমার পরিচয়
ঘ তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা

২৪। **উক্ত মনোভাবের সাথে আলোচ্য কবিতার সাদৃশ্যপূর্ণ চরণ কোনটি?**
ক এবার বাঘের থাবা ভোজ হবে আজ প্রতিশোধে
খ কর যুদ্ধ বীর্যবান, যায় যাবে যাক প্রাণ
গ বুকে চাপা মৃতের আগুন রাত জাগে পাহারায়
ঘ আর কতবার দেখতে হবে খাণ্ডবদাহন

২৫। **"বুকের ভেতরের চমৎকার নকশা করা রঙিন বাক্স" বুধার মধ্যে–**
ক স্বাধীনতার স্বপ্ন তৈরি করে
খ সংগ্রামের উদ্দীপনার তৈরি হয়
গ প্রতিশোধ পরায়ণতা তৈরি হয়
ঘ দুঃখবোধ জাগিয়ে তোলে

২৬। **'কাকতাড়ুয়া' উপন্যাসে ঔপন্যাসিকের জীবন ভাবনা প্রকাশ পেয়েছে–**
i. অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে
ii. প্রতিশোধ গ্রহণ করতে হবে
iii. কিশোরদের যুদ্ধ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭। **সৈয়দ ওয়ালীউল্লাহ সাহিত্যকর্মের জন্য মরণোত্তর পুরস্কার লাভ করেন–**
i. বাংলা একাডেমি
ii. একুশে পদক
iii. আদমজী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮। **'একটি স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব।' এ উক্তি দ্বারা হাশেম চরিত্রের কোন বৈশিষ্ট্যের প্রকাশ পেয়েছে?**
ক আত্মবিশ্বাস খ সাহসিকতা
গ নির্ভীকতা ঘ ধৈর্যশীলতা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**

আবু মুসা আব্দুল্লাহ আফগানিস্তানের অধিবাসী হলেও সে বিদেশি সেনাবাহিনীর গুপ্তচর হিসেবে কাজ করে। আফগানযোদ্ধার বিভিন্ন অবস্থান সম্পর্কে সে বিদেশি বাহিনীকে নানারকম তথ্য প্রদান করে। বিদেশি বাহিনী তার স্বজাতীয় ভাইদের হত্যা করলেও তার বিন্দুমাত্র খারাপ লাগে না।

২৯। **উদ্দীপকের আবু মুসা আব্দুল্লাহ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
ক আহাদ মুন্সি খ শাহাবুদ্দিন
গ হরিকাকু ঘ বুধা

৩০। **উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ ভাব হলো–**
i. ভিনদেশিদের অত্যাচার
ii. দেশীয় কতিপয় লোকদের বিশ্বাসঘাতকতা
iii. যুদ্ধের ভয়াবহতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। গফুর লজ্জিত হইয়া বলিল, বাপ বেটিতে দু বেলা দুটো পেটভরে খেতে পর্যন্ত পাইনে। ঘরের পানে চেয়ে দেখ, বিষ্টি বাদলে মেয়েটিকে নিয়ে কোণে বসে রাত কাটাই, পা ছড়িয়ে শোবার ঠাঁই মেলে না। মহেশকে একটিবার তাকিয়ে দেখ, পাঁজরা গোনা যাচ্ছে। দাও না ঠাকুর মশাই কাহন-দুই ধার, গরুটাকে দু'দিন পেটপুরে খেতে দিই। বলিতে বলিতেই গফুর ধপ করিয়া ব্রাহ্মণের পায়ের কাছে বসিয়া পড়িল। তর্করত্ন কহিলেন, "আ মর, ছুয়ে ফেলবি না কি?"

(ক) গ্রামে নাড়ি দেখতে জানত কে? ১
(খ) 'রসিক হতবুদ্ধির মতো দাঁড়াইয়া রহিল'— কেন? ২
(গ) উদ্দীপকের গফুর চরিত্রটি কোন দিক দিয়ে 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালী চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের তর্করত্ন কি 'অভাগীর স্বর্গ' গল্পের অধর রায়ের সার্থক প্রতিনিধি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। এনজিও কর্মী জলিকে চাকরির সুবাদে বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে যেতে হয়। বিভিন্ন শ্রেণিপেশার মানুষের সাথে কথা বলতে হয়। একদিন লক্ষ করলেন অক্ষরজ্ঞানহীন এক নারী অবলীলায় ছন্দোবদ্ধ কথা বলছেন। অজস্র ছড়া গান তিনি মুখে মুখে কথায় কথায় বানিয়েছেন। জলি সিদ্ধান্ত নেন কাজের ফাঁকে ফাঁকে তিনি পল্লির এসব সাহিত্য সংগ্রহ ও সংরক্ষণ করবেন এবং এগুলোর শিল্পীদের আমাদের সাহিত্য আসরে নিয়ে আসবেন।

(ক) 'ঠাকুরমার ঝুলি' কে রচনা করেন? ১
(খ) 'এবার ফিরাও মোরে' কবি সম্রাটের এ বক্তব্যের মর্মার্থ লেখো। ২
(গ) উদ্দীপকের অক্ষরজ্ঞানহীন নারীর মাধ্যমে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকের জলি যেন 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের কাঙ্ক্ষিত প্রতিনিধি।'— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৩। সুমন ও রাজন উচ্চ শিক্ষা শেষ করে অনলাইনে বিভিন্ন খাদ্যপণ্যের ব্যবসায় শুরু করে। পণ্যের ব্যাপক চাহিদা বৃদ্ধি পেলে সুমন বলে— ব্যবসায় তো দাঁড়িয়ে গেছে, চলো আমরা কিছু ভেজাল পণ্যও ক্রেতাদেরকে সরবরাহ করি। এতে আমাদের আরও বেশি লাভ হবে। রাজন সুমনের প্রস্তাবে রাজি না হয়ে বলে, 'বেশি লাভের আশা নয়, পণ্যের গুণগত মান আর ক্রেতাসন্তুষ্টিই আমার মূল লক্ষ্য।'

(ক) কোন চেষ্টাকে অভিনন্দনযোগ্য বলা হয়েছে? ১
(খ) 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়ো'— কথাটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের সুমনের মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের শিক্ষার কোন দিকটি অনুপস্থিত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) রাজনের জীবনে শিক্ষা সোনা ফলাতে পেরেছে কি? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে যৌক্তিক মতামত দাও। ৪

৪। রাবেয়া একটি অনাথ শিশুদের আশ্রয়কেন্দ্রে চাকরি করে। সে তার নিয়মিত দায়িত্বের পাশাপাশি আশ্রয়কেন্দ্রের শিশুদের সাথে অত্যন্ত সুন্দর ব্যবহার করে এবং তাদের সাথে মমত্বের সম্পর্ক গড়ে তোলে। তাই আশ্রয়কেন্দ্রের শিশুরা তাকে খুব ভালোবাসে। কিন্তু অসুস্থতার কারণে একদিন কাজে যোগ দিতে না পারায় আশ্রয়কেন্দ্রের তত্ত্বাধায়ক তাকে তিরস্কার করে।

(ক) 'অপ্রতিভ' শব্দের অর্থ কী? ১
(খ) 'কারো কাছে যা পাই না, তাই তা দেবে কেন?'— কথাটি মমতাদি কেন বলেছিল? ২
(গ) উদ্দীপকের রাবেয়া চরিত্রে 'মমতাদি' গল্পের মমতাদির কোন গুণটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের আশ্রয়কেন্দ্রের তত্ত্বাবধায়ক 'মমতাদি' গল্পের কথকের প্রত্যাশিত চরিত্রের বিপরীত"— মন্তব্যটির সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। কামাল লেখাপড়া শেষ করে চাকরির জন্য অনেক চেষ্টা করেও সফল হয় না। বন্ধু জামালকে দুঃখ করে বলে, "আমি যে কাজই করি, যেদিকেই হাঁটি-কেবল ব্যর্থতা আর ব্যর্থতা।" জবাবে জামাল বলে, "তোমার এই নৈরাজ্যের কারণ অমনোযোগে আর কুঁড়েমি।"— প্রতিদিন কিছু না কিছু কাজ করো। বছর শেষে, এমনকি মাস শেষে তোমার কাজ দেখে তুমি নিজেই বিস্মিত হবে। জীবনকে ব্যবহার করো, দেখবে মৃত্যু জীবনের হাজার কীর্তির নিশান উড়িয়ে দিয়েছে।

(ক) কবি আয়ুকে কীসের সঙ্গে তুলনা করেছেন? ১
(খ) 'মহিমাই জগতে দুর্লভ' কবি কেন এ কথা বলেছেন? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের কামালের মধ্যে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের জামালের বক্তব্যে 'জীবন-সঙ্গীত' কবিতার কবির আকাঙ্ক্ষার প্রকাশ ঘটেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬। উদ্দীপক (i) : ঈদ এলো, ঈদ এলো চান্দু মিয়ার ঘরে,
রঙিন পোশাক দামি খাবার আপনজনের তরে
পাশের ঘরে পড়ে আছে, রহিমুদ্দির মা,
পেটের ক্ষুধায় কেঁদে মরে তাকে দিলাম না।
এইতো মোদের ঈদ!
উদ্দীপক (ii) : জাতি-ধর্ম-রাষ্ট্র-ন্যায় সকলি যে মানুষের তরে,
মানুষ সবার উর্ধ্বে-নহে কিছু তাহার উপরে।

(ক) কালাপাহাড়ের প্রকৃত নাম কী? ১
(খ) 'মানুষ' কবিতায় কবি মানুষকে মহীয়ান বলেছেন কেন? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের চান্দু মিয়ার সাথে 'মানুষ' কবিতার মোল্লা-পুরোহিত চরিত্রের যে সাদৃশ্য পরিলক্ষিত হয়, তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের দ্বিতীয় অংশ মানুষ কবিতায় বর্ণিত কবি চেতনারই প্রতিচ্ছবি।"— মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭। দৃশ্যকল্প-(i) শতাব্দীলাঞ্ছিত আর্তের কান্না
প্রতি নিঃশ্বাসে আনে লজ্জা;
মৃত্যুর ভয়ে ভীরু বসে থাকা, আর না—
পরো পরো যুদ্ধের সজ্জা।
দৃশ্যকল্প-(ii) চিমনির মুখে শোনো সাইরেন-শঙ্খ,
গান গায় হাতুড়ি ও কাস্তে
তিল তিল মরণেও জীবন অসংখ্য
জীবনকে চায় ভালোবাসতে।

(ক) রানার কী কাজ নিয়েছে? ১
(খ) 'জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে'— উক্তিটির কারণ বর্ণনা করো। ২
(গ) দৃশ্যকল্প-(i) এর ভাবধারার সাথে 'রানার' কবিতার 'এ বোঝা টানার দিন কবে শেষ হবে?—চরণটির সাদৃশ্যগত দিক ব্যাখ্যা করো। ৩
(ঘ) "দৃশ্যকল্প-(ii) যেন 'রানার' কবিতার মূলভাবনারই প্রতিফলন"— উক্তিটি মূল্যায়ন করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। মুক্তিযুদ্ধের সময় এদেশের কিছু লোক পাকিস্তানি সেনাদের সাথে মিলে চুকনগর গ্রামের সমস্ত বাড়িঘর জ্বালিয়ে-পুড়িয়ে দেয়। বারেক মিয়া তাদেরই একজন, যিনি শান্তির কথা বলে গ্রামে শান্তি কমিটি গঠন করেন। ওদিকে গ্রামের নারী-পুরুষ সবাই প্রাণের ভয়ে গ্রাম ছাড়তে শুরু করলে অসীম সাহসী, যুবক আনিস তার বন্ধুদের নিয়ে গ্রামকে শত্রুমুক্ত করার দৃঢ় শপথ গ্রহণ করেন।

(ক) উপন্যাস কোন কালের সৃষ্টি? ১
(খ) "আমরা লড়াই না করলে গ্রামটা একদিন ভূতের বাড়ি হবে।"— বুধার এ কথা বলার কারণ কী? ২
(গ) উদ্দীপকের বারেক মিয়ার চরিত্রের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যগত চরিত্র কোনটি? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে আনিসের মনোভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল উপজীব্য বিষয়।"— মন্তব্যটির যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

৯। উদ্দীপক-১ : তেতাল্লিশের দুর্ভিক্ষে মুর্দা ফকির স্ত্রী-পুত্র কন্যাদের অনাহারে মৃত্যুবরণ করতে দেখেছেন। লাশগুলোকে কবর পর্যন্ত দিতে পারেনি। সেগুলো শিয়াল-শকুনে খুবলে খেয়েছে। এসব দৃশ্য দেখে তিনি পাগল হয়ে গেছেন।
উদ্দীপক-২ : দুঃসহ বেদনার এ কন্টক পথ বেয়ে
শোষণের নাগপাশ ছিঁড়লে যারা
আমরা তোমাদের ভুলব না।

(ক) বুধাকে রেকি করার কাজ কি দিয়েছিল? ১
(খ) 'লোহার টুপি কি মানুষের মগজ খায়'— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপক-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপক-২ এর আত্মত্যাগ ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের মুক্তিবাহিনীর আত্মত্যাগ স্বদেশপ্রেমের অত্যুজ্জ্বল উদাহরণ।"—মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। 'পাশের গ্রামে রহমত হুজুরকে আনা হলো অসুস্থ রহিমার ভূত ছাড়ানোর জন্য। স্থানীয় স্কুলের শিক্ষিকা ও সমাজকর্মী সখিনা বেগম মেয়েটিকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। কারণ তিনি জানতেন এটি কুসংস্কার। কিন্তু গ্রামের লোক মনে করে হুজুরের অভিশাপে ক্ষতি হতে পারে। বাবা এই ভয়ে কিশোরী রহিমাকে দ্রুত বিয়ে দেওয়ার ব্যবস্থা করেন।

(ক) 'বহিপীর' নাটকের কেন্দ্রীয় চরিত্র কোনটি? ১
(খ) 'শাবাশ মেয়ে তুমি' তাহেরাকে এ কথা কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের গ্রামের লোকের ধারণা 'বহিপীর' নাটকে প্রতিফলিত তৎকালীন সমাজব্যবস্থার যে দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের সখিনা বেগমকে নারী অধিকার ও জাগরণের প্রতীক চরিত্র বলা যায় কি? 'বহিপীর' নাটক অবলম্বনে যৌক্তিক মতামত দাও। ৪

১১। আরমান সাহেবের ছেলে কঠিন রোগে আক্রান্ত। টাকার অভাবে চিকিৎসা করাতে পারছেন না। একান্ত নিরুপায় হয়ে তিনি প্রতিবেশী ধনী জোতদার বাদশা মিয়ার শরণাপন্ন হন। তিনি টাকা ধার দিতে রাজি হলেও শর্ত দেন যে, তাঁর ছেলের সাথে আরমান সাহেবের মেয়ের বিয়ে দিতে হবে। কিন্তু আরমান সাহেবের মেয়ে এ বিয়েতে রাজি নন। বিয়ের শর্তে টাকা ধার না নেওয়ার বিষয়টি জানাতে গেলে বাদশা মিয়া বলেন যে, "শর্ত ছাড়াই প্রতিবেশী হিসেবে আমি আপনাকে ধার দেব।"

(ক) খোদা কার দিলে রুহানি শক্তি দিয়েছেন? ১
(খ) "এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না"— খোদেজার উক্তিটির কারণ বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের আরমান সাহেবের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "বহিপীরের মতোই উদ্দীপকের বাদশা মিয়ার শেষ পর্যন্ত বোধোদয় ঘটেছে।"— উক্তিটি যৌক্তিকতা বিচার করো। ৪

15

# চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। **'কপোতাক্ষ নদ' কবিতায় কোনটিকে কর হিসেবে উল্লেখ করা হয়েছে?**
ⓚ নদী ⓚ পানি ⓖ সাগর ⓖ প্রজা

২। **সুভা সাধারণের দৃষ্টিপথ হতে নিজেকে গোপন রাখতে সর্বদা চেষ্টা করতো কেন?**
ⓚ সে নিজেকে ভাবত বিধাতার অভিশাপ।
ⓚ সে নিজেকে ভাবত মায়ের গর্ভের কলঙ্ক।
ⓖ সে ছিল শব্দহীন ও সঙ্গীহীন।
ⓖ সে ছিল অলৌকিক ক্ষমতা প্রত্যাশী।

৩। **প্রমথ চৌধুরীর মতে কোন সত্য আমরা প্রত্যক্ষ করি?**
ⓚ ধনের সৃষ্টি জ্ঞান সাপেক্ষ।
ⓚ জ্ঞানের সৃষ্টি মন সাপেক্ষ।
ⓖ মনে বড় না হলে জ্ঞানে বড় হয় না।
ⓖ জ্ঞানের ভান্ডার যে ধনের ভান্ডার নয়।

৪। **কবি আবদুল হাকিম মাতৃভাষায় গ্রন্থ রচনায় মনোনিবেশ করেছেন কেননা–**
i. তা সবার বোধগম্য
ii. অন্যের সাথে ভাব বিনিময় করা যায়
iii. ভিন্ন ভাষার প্রতি বিদ্বেষ পোষণ করেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ ii ও iii

৫। **ধ্বজা শব্দের অর্থ কী?**
ⓚ মুষ্টিবদ্ধ ⓚ ধরে রাখা
ⓖ উত্তোলন ⓖ পতাকা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
গফুর অল্প কিছু খড়ের জন্য তর্করত্নের কাছে হাতজোড় করে। একসময় সে তর্করত্নের পা ধরতে গেলে তর্করত্ন দু পা পিছিয়ে গিয়ে বলে, "ও মর! আমায় ছুঁয়ে ফেলবি নাকি?"

৬। **উদ্দীপকের তর্করত্নের সাথে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**
ⓚ রসিক বাঘ ⓚ মুখুয্যে মশায়
ⓖ অধর রায় ⓖ দারোয়ান

৭। **উক্ত সাদৃশ্যের কারণ হলো–**
i. জাতভেদ মেনে চলা
ii. দরিদ্রতাকে ঘৃণা করা
iii. ধর্মীয় কুসংস্কার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৮। **ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে কোনটিতে পল্লিজননীর হিন্দু-মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার?**
ⓚ রূপকথা ⓚ পল্লিগাথা
ⓖ ছড়া ⓖ পল্লিসাহিত্য

৯। **"একটুখানি কুটো গাছটা ভেঙে দু'খানা করা নেই"– দুর্গার মায়ের এই উক্তিতে দুর্গা চরিত্রের কোন দিকটি প্রকাশ পায়?**
ⓚ দুরন্তপনা
ⓚ গৃহকর্মে অমনোযোগী
ⓖ মা-মেয়ের তিক্ত সম্পর্ক
ⓖ সংসারী মনোভাব

১০। **"মানুষের একজন হয়েও তিনি দুর্লভ"– 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উক্তিটি কার?**
ⓚ ওমর (রা.) ⓚ আবু বকর (রা.)
ⓖ আয়েশা (রা.) ⓖ তায়েফবাসীর

১১। **'নিমগাছ' কবির সাথে চলে যেতে চায় কেন?**
ⓚ কবি খুব ভালো
ⓚ নিজের প্রশংসা শুনে
ⓖ অকৃতজ্ঞদের হাত থেকে বাঁচতে
ⓖ কবির উপকার করার জন্য

১২। **'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে প্রাবন্ধিকের সাম্যবাদিতার সুর ফুটে উঠেছে কোন উক্তিতে?**
ⓚ অপমানে হতে হবে তাহাদের সবার সমান।
ⓚ তাহার আভিজাত্যের গৌরব নেই, পদগৌরবের অহংকার নেই।
ⓖ তাহার আত্মা তোমার আত্মার মতো ভাস্বর।
ⓖ দেশের অধিবাসী লইয়াইতো দেশ এবং ব্যক্তির সমষ্টিইতো জাতি।

১৩। **'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে "নিচ থেকে ঠেলা" বলতে কী বোঝানো হয়েছে?**
ⓚ লোভের ফাঁদে পা না দেওয়া
ⓚ সুশিক্ষার ব্যবস্থা করা
ⓖ মনুষ্যত্ব অর্জনের পথ প্রশস্ত করা
ⓖ সুশৃঙ্খল সমাজব্যবস্থা নিশ্চিত করা

১৪। **"কৃতজ্ঞতায় মমতাদির দু'চোখ সজল হয়ে উঠল"– এখানে কোন কৃতজ্ঞতার কথা বলা হয়েছে?**
ⓚ আর একটি লেবু চাওয়ায়
ⓚ প্রত্যাশার চেয়ে প্রাপ্তি বেশি
ⓖ প্রাপ্য সম্মান পাওয়ায়
ⓖ মানবিক আশ্রয় পাওয়া

১৫। **রুমীর প্রাণ ভিক্ষা চেয়ে মার্সিপিটিশন না করায় লেখিকার কোন মনোভাব প্রকাশ পেয়েছে?**
ⓚ মাতৃত্বে নির্মমতা ⓚ অমানবিকতা
ⓖ স্বাধীনচেতা ⓖ আত্মমর্যাদাবোধ

১৬। **বুধাকে 'সোনা বাবা' ডাকত কে?**
ⓚ হাশেম মিয়া ⓚ জয়নাল চাচা
ⓖ হরিকাকু ⓖ নোলক বুয়া

১৭। **"চারিদিকে মাঠ, বাড়ি, ধানক্ষেত, নদী, আকাশ, গাছ-গাছালি জুড়ে ছেলেটি এক আশ্চর্য বীর কাকতাড়ুয়া। রুখে দিচ্ছে শত্রুর গতি। বুকের ভেতর ধরে রেখেছে মুক্তিযুদ্ধ।" 'কাকতাড়ুয়া' উপন্যাসের এ অংশটিকে কী বলা হয়?**
ⓚ প্রতীকী চিত্র ⓚ দৃশ্য বর্ণনা
ⓖ চিত্রকল্প ⓖ উপমা সমৃদ্ধ

১৮। **"সুন্দরের তৃষ্ণা যার
আমরা ধাই তার আশেই।"
'ঝরনার গান' কবিতায় 'যার' বলতে কাদের বোঝানো হয়েছে?**
ⓚ ঝরনাকে
ⓚ পাখিদের
ⓖ ঝরনার পানি ব্যবহারকারীদের
ⓖ প্রাকৃতিক সৌন্দর্য উপভোগকারীদের

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
"বেতন দিয়েছ? চুপ রও যত মিথ্যেবাদীর দল
কত পাই দিয়ে কুলিদের তাই কত কোর পেলি বল।"

১৯। **উদ্দীপকে মিথ্যেবাদীর দল এর সাথে 'মানুষ' কবিতার কাদের মিল রয়েছে?**
ⓚ মোল্লা-পুরোহিত ⓚ পথিক-মুসাফির
ⓖ চেঙ্গিস-গজনি ⓖ ঠাকুর-দেবতা

২০। **উক্ত মিলের কারণ হলো–**
i. স্বার্থপরতা
ii. ধর্মান্ধ
iii. ভণ্ডামি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১। **"বালাই বালাই, ভাল হবে যাদু মনে মনে জাল বোনে"– পঙ্‌ক্তিটিতে পল্লিমায়ের কোন অনুভূতি প্রকাশ পেয়েছে?**
ⓚ আশঙ্কা ⓚ দুরাশা
ⓖ ভীতু ⓖ প্রত্যাশা

২২। **নিচের কোন পঙ্‌ক্তিতে প্রকাশ পেয়েছে এরা একে অন্যের পরিচিত?**
ⓚ পুবের পুকুর, তার ঝাকড়া ডুমুরের ডালে স্থির দৃষ্টি মাছরাঙা আমাকে চেনে
ⓚ খর রৌদ্র জলজ বাতাস মেঘ ক্লান্ত বিকেলের পাখিরা আমাকে চেনে
ⓖ ছিলাম এখানে, আমি স্বাপ্নিক নিয়মে এখানেই থাকি আর
ⓖ মাটিতে আমার গন্ধ, আমার শরীরে লেগে আছে এই স্নিগ্ধ মাটির সুবাস।

২৩। **'বহিপীর' নাটকে হাতেম আলি সমাজের কাদের প্রতিনিধিত্ব করে?**
ⓚ সমাজ পরিবর্তনকারীদের
ⓚ জমিদারদের
ⓖ ধর্মব্যবসায়ীদের
ⓖ সম্পদ আত্মসাৎকারীদের

২৪। **বহিপীর এর পেয়ারা মুরিদ কে?**
ⓚ খোদেজা ⓚ তাহেরার বাবা-মা
ⓖ হাতেম আলি ⓖ হকিকুল্লাহ্

২৫। **'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় খাণ্ডবদাহন বলতে কী বোঝানো হয়েছে?**
ⓚ ধ্বংসযজ্ঞ ⓚ ভস্মীভূত জনপদ
ⓖ গণহত্যা ⓖ লুণ্ঠন

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
তুমি আসবে বলে ছাই হলো গ্রামের পর গ্রাম।
তুমি আসবে বলে বিধ্বস্ত পাড়ার প্রভু বাস্তুভিটার ভগ্নস্তূপে দাঁড়িয়ে একটানা আর্তনাদ করল একটা কুকুর।

২৬। **উদ্দীপকের কবিতাংশটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রকাশ পেয়েছে?**
ⓚ পাকিস্তানিদের বর্বরতা
ⓚ পাকিস্তানি সৈন্যের নৃশংসতা
ⓖ পাকিস্তানি সৈন্যের ধ্বংস
ⓖ রাজাকারদের কার্যক্রম

২৭। **উক্ত দিকের পক্ষে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কারা ছিল?**
ⓚ আহাদ মুন্সি – কুদ্দুস
ⓚ ফজু মিয়া – মতিউর
ⓖ হাবিব ভাই – জয়নাল চাচা
ⓖ আলি – মিঠু

২৮। **'সাহসী জননী বাংলা' কবিতায় বাংলাদেশকে কোন ধরনের দেশ বলেছে?**
ⓚ চির সবুজের দেশ ⓚ চির বসন্তের দেশ
ⓖ চির কবিতার দেশ ⓖ চির গানের দেশ

২৯। **'কালো মেঘের ভেলা' উপন্যাসটি কার লেখা?**
ⓚ নির্মলেন্দু গুণ ⓚ সৈয়দ শামসুল হক
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ শামসুর রাহমান

৩০। **কবি জীবনানন্দ দাশ এর মতে পৃথিবীতে চিরকাল কোনটি বেঁচে থাকবে?**
ⓚ সভ্যতা ⓚ প্রকৃতি
ⓖ চালতাফুল ⓖ স্বপ্ন

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। হালকা বৃষ্টি হওয়ার কারণে শামীম স্কুলে যেতে পারেনি। ফেব্রুয়ারি মাসে বৃষ্টি হতে পারে তা ওর জানা ছিল না। মাকে প্রশ্ন করলে তার দাদি উত্তরে বলে,

"যদি বর্ষে মাঘের শেষ
ধন্যি রাজার পুণ্যি দেশ।"

শামীম দাদির কথার অর্থ বুঝতে পারেনি। মা বলল, "মাঘ মাসের শেষে বৃষ্টি হলে ফসল ভালো হয়।"

(ক) 'ঠাকুরমার ঝুলি'– শিশুতোষ বইটির লেখক কে? ১
(খ) "পল্লিসাহিত্য পল্লিজননীর হিন্দু মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার"– উক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের শামীম এর দাদির কথাটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিকের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের মূল উদ্দেশ্য প্রকাশ পায়নি– মন্তব্যটির সত্যতা যাচাই করো। ৪

২। গৃহকর্মী আসমা অনলাইনে কেক বানানো শিখেছে। শিহাব এর জন্মদিনে সে কেক বানায়। শিহাবের মা দেখে বলে "বাহ্! চমৎকার হয়েছে।" শিহাব বলল পুরো কেকটা আমি একাই খাব। আসমার চোখে পানি এসে গেল বলল, "তাহলে আমি কৃতার্থ হব।"

(ক) মমতাদির কোনটি দেখে সকলে খুশি হলেন? ১
(খ) "গুরু নিন্দা বাঁচাতে মিথ্যে বললে?"– মমতাদি প্রশ্নটি কেন করেছিল তা ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের ঘটনাটির সাথে 'মমতাদি' গল্পের কোন দিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "কিছুটা মিল থাকলেও আসমাকে মমতাদির প্রতিমূর্তি বলা যাবে না"– মন্তব্যটির সত্যতা বিশ্লেষণ করো। ৪

৩। প্রচণ্ড তাপদাহে গ্রামের তিনটি পুকুরের পানি শুকিয়ে গেছে। মুখুয্যে বাড়ির পেছনের পুকুরটায় বেশ পানি আছে। কিন্তু অপবিত্র হবে বিধায় সাধারণের সে পানি ব্যবহারের কোনো অনুমতি নেই।

(ক) কত সময়ের অভিজ্ঞতায় কাঙালী বুড়ো হয়ে গিয়েছিল? ১
(খ) রসিক হতবুদ্ধির মতো দাঁড়িয়ে রইল কেন? তা ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিককে ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের মূল দিক উপস্থাপিত হয়েছে। মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৪। বইমেলা থেকে ঐশি অনেকগুলো গল্পের বই কিনে। যে গল্পগুলো শেষ হওয়ার পর আরো জানার আগ্রহ বাড়িয়ে দেয় সেগুলো ঐশির খুব প্রিয়। ঐশির মা কিনেছেন 'সভ্যতার সংকট'। এতে রয়েছে বর্তমান সময়ের সামাজিক অস্থিরতার চিত্র।

(ক) বাংলা সাহিত্যের গীতিকবিতার আদি নিদর্শন কোনটি? ১
(খ) সাহিত্যের কোন শাখা সর্বাধিক বহুল পঠিত ও জনপ্রিয়তার শীর্ষে এবং কেন তা ব্যাখ্যা করো। ২
(গ) সাহিত্যের কোন শাখা ঐশির প্রিয়? উক্ত শাখার বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো। ৩
(ঘ) ঐশির মায়ের কেনা বইটি কোন ধরনের লেখা? 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে শুধুমাত্র ঐ ধরনের লেখার কথাই বর্ণিত হয়েছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। মিস্ত্রি, কামার, শিল্পী, দরজি এরা কি সত্যিই নিম্নস্তরের লোক? অশিক্ষিত বলেই কি সভ্য সমাজে এদের স্থান নেই? যা তুমি সামান্য বলে অবহেলা করছ তা কতখানি জ্ঞান, চিন্তা ও সাধনার ফল তা কি ভেবে দেখেছ?

[উদ্যম ও পরিশ্রম– মোহাম্মদ লুৎফর রহমান]

(ক) 'জুতা-আবিষ্কার' কবিতায় কয়টা ঝাঁটা কিনেছিল? ১
(খ) "মাটির ভয়ে রাজ্য হবে মাটি"– রাজার এ উক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকটি 'জুতা-আবিষ্কার' কবিতার কোন দিকটিকে ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে 'জুতা-আবিষ্কার' কবিতার একটি বিশেষ দিক প্রকাশ পায়নি।"– মন্তব্যটির সত্যতা যাচাই করো। ৪

৬। খেতের পরে খেত চলেছে, খেতের নাহি শেষ
সবুজ হাওয়ায় দুলছে এ কার এলো মাথার কেশ।
সেই কেশেতে গয়না পরায় প্রজাপতির ঝাঁক,
চঞ্চুতে জল ছিটায় সেথা কালো কালো কাক
সাদা সাদা বক কনেরা রচে সেথায় মালা
শরৎকালের শিশির সেথা জ্বালায় মানিক আলা।

(দেশ – জসীমউদ্‌দীন)

(ক) প্রকৃতি কী নিয়ে চিরকাল প্রাণময় থাকে? ১
(খ) "পৃথিবীর এই সব গল্প বেঁচে রবে চিরকাল" বলতে কবি কী বুঝিয়েছেন? ২
(গ) উদ্দীপকটিতে 'সেইদিন এই মাঠ'– কবিতার কোন দিকটি উঠে এসেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের কবিতাংশটির মূলভাব ও 'সেইদিন এই মাঠ' কবিতার মূলভাব কি এক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। আমাদের স্বাধীনতার ইতিহাস রক্তে রঞ্জিত। বায়ান্ন থেকে একাত্তর দীর্ঘ সময় সংগ্রামের মধ্য দিয়ে অর্জিত হয়েছে স্বাধীন বাংলাদেশ। এই স্বাধীনতার মূল শক্তি হিসেবে সবচাইতে বেশি কাজ করেছে বাঙালির ঐক্য।

(ক) 'মহুয়ার পালা' কী? ১
(খ) "তেরোশত নদী শুধায় আমাকে, কোথা থেকে তুমি এলে?"– পঙ্‌ক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার কোন ভাবের প্রতিনিধিত্ব করে? তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "'আমার পরিচয়' কবিতার সমগ্র ভাব উদ্দীপকে ফুটে উঠেনি"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। তোদের অসুর নৃত্য .... ঠা ঠা হাসি .... ফিরিয়ে দিয়েছি
তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয়মাসে
চির কবিতার দেশ .... ভেবেছিলি অস্ত্রে মাত হবে
বাঙালি অনার্য জাতি খর্ব দেহ .... ভাত খায় ভীতু
কিন্তু কি ঘটল শেষে, কে দেখাল মহাপ্রতিরোধ।

(ক) বুধা দুঃখকে কী ভাবে? ১
(খ) বিদেশি মানুষ এবং নিজেদের মানুষ সবার ওপর ওর ঘৃণা বাড়তে থাকে– কেন? তা ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকটি বুধা চরিত্রের সাথে কতটুকু সংগতিপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে উল্লিখিত কবিতাংশের মূলভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূলভাবের প্রতিনিধিত্ব করে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। সড়ক দুর্ঘটনায় পরিবারের সবাইকে হারায় কিশোর নাজমুল। মামা তাকে আশ্রয় দিলেও সেটা ভালো চোখে দেখে না। তাকে মামাতো ভাই-বোনদের সাথে মিশতে দেয় না। একাকিত্বকে সঙ্গী করে তার দিন কাটে।

(ক) "এখানে থাকার ভাগ্য যেন আমাদের না হয়"– উক্তিটি কার? ১
(খ) "ছেলেটি এক আশ্চর্য বীর কাকতাড়ুয়া"– উক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের নাজমুল এর সাথে বুধার কিছুটা মিল থাকলেও বুধার চরিত্রে ছিল অসীম সাহসিকতা"– মন্তব্যটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে মূল্যায়ন করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। আসমার বাবা তাকে কলেজে ভর্তি করতে চান না। আসমা সিদ্ধান্ত নেয় কোথাও কাজ করে সে পড়ালেখা চালিয়ে যাবে। এজন্য সে বাড়ি থেকে পালিয়ে দূরসম্পর্কের খালার বাড়িতে আশ্রয় নেয়। খালা সব শুনে বলেন, "তোমার বাবার সিদ্ধান্তটা মেনে নেওয়া উচিত, কেননা মেয়েদের এত সাহস ভালো নয়।"

(ক) হাতেম আলি কী ভেবে অসুখের ভান করেছিল? ১
(খ) 'বহিপীর' নাটকে কিস্তিমাত করা চাল কোনটি তা ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে আসমার মাঝে তাহেরা চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের আসমা চরিত্র কি তাহেরা চরিত্রের মূর্ত প্রতীক?– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১। অফিসের বড়ো কর্মকর্তা সন্তানের উচ্চশিক্ষার জন্য লোন এর আবেদন করলে জুনিয়র অফিসার বলেন, লোন ছাড়াই টাকার ব্যবস্থা হবে যদি আপনি এই ফাইল সই করে দেন। বড়ো কর্মকর্তা বলেন আমি অর্থসংকটে আছি তবে অন্যায়ভাবে অর্থ নেওয়ার প্রয়োজন নেই।

(ক) "আপনি যেন দাবার গুটি"– সংলাপটি কার? ১
(খ) "দুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষা ক্ষেত্র"– উক্তিটি কে এবং কেন করেছিলেন? ২
(গ) উদ্দীপকের ঘটনাটির সাথে 'বহিপীর' নাটকের কোন ঘটনা সংগতিপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের বড়ো কর্মকর্তার সাথে হাতেম আলির কিছুটা মিল থাকলেও হাতেম আলি ছিলেন উদার মানবিক চরিত্রের অধিকারী। – মন্তব্যটি যথার্থতা বিশ্লেষণ করো। ৪

16

# নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। তায়েফ সৌদি আরবের কোন অঞ্চলে অবস্থিত?**
ⓚ উত্তরাঞ্চল ⓚ দক্ষিণাঞ্চল
ⓖ পূর্বাঞ্চল ⓖ পশ্চিমাঞ্চল

**২। সুভা অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত—**
i. প্রতাপকে আশ্চর্য করতে
ii. প্রতাপকে সাপের মণি দিতে
iii. জলকুমারী হতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ⓖ i, ii ও iii

**৩। 'বই পড়া' প্রবন্ধ অনুসারে স্কুল-কলেজ আমাদের কী 'অপকার' করেছে?**
ⓚ সুশিক্ষিত করেনি
ⓚ মুখস্থবিদ্যা নির্ভর করেছে
ⓖ পাশ করতে শিখিয়েছে
ⓖ স্বশিক্ষিত হবার শক্তি নষ্ট করেছে

**৪। "ছোটজাত বলে তখন কেউ ঘেন্না করতে পারবে না।" –উক্তিটিতে ফুটে উঠেছে অভাগীর–**
i. আক্ষেপ
ii. বাসনা
iii. অনুরাগ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৫। 'নিমগাছ' গল্পটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**
ⓚ সরীসৃপ ⓚ বিন্দুবিসর্গ
ⓖ উর্মিমালা ⓖ অদৃশ্যলোক

**৬। হাবিলাস শব্দের অর্থ কী?**
ⓚ আগ্রহ ⓚ কপাল
ⓖ গুণ ⓖ প্রবল ইচ্ছা

**৭। 'কপোতাক্ষ নদ' কবিতায় ভালোবাসার মাত্রা ছড়িয়ে গেছে?**
ⓚ শতত তোমার কথা ভাবি এ বিরলে
ⓚ জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে
ⓖ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে
ⓖ দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
বুড়ি গ্রামের পথে ভিক্ষে করে। ভিক্ষা করার আড়ালে তিনি মিলিটারি ও রাজাকারদের খবর সংগ্রহ করে মুক্তিযোদ্ধাদের জানিয়ে দেন। একদিন বুড়ির ভূমিকা জেনে যায় বজলু রাজাকার। সে বুড়িকে ধরে নিয়ে যায় ক্যাম্পে। কিন্তু বুড়ি ভয় পায় না, ভাবে– "মরলে, দেশের জন্যই মরব।"

**৮। উদ্দীপকের বজলু 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**
ⓚ আহাদ ⓚ বুধা
ⓖ শাহাবুদ্দিন ⓖ মিঠু

**৯। উদ্দীপকের বুড়ি ও বুধা যে বৈশিষ্ট্যে সাদৃশ্যপূর্ণ–**
i. দেশপ্রেম
ii. নির্ভীক
iii. ত্যাগী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১০। "আমি পালাব না, লড়াই করব।" – উক্তিটিতে প্রকাশ পেয়েছে বুধার–**
ⓚ অহমিকা ⓚ দায়িত্ব
ⓖ সরলতা ⓖ সাহসিকতা

**১১। ঝরনার মন কেমন?**
ⓚ বিজন ⓚ শিথিল
ⓖ দোদুল ⓖ বিভোল

**১২। "তোমরা শুধু বেতন লহ বাঁটি" – চরণে প্রকাশ পেয়েছে–**
i. অসন্তোষ
ii. তিরস্কার
iii. অহংকার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii
ⓖ iii ⓖ i, ii ও iii

**১৩। "আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করেনি প্রভু।" – চরণে ফুটে উঠেছে ভুখারির–**
ⓚ নিষ্ঠুরতা ⓚ কৃতজ্ঞতা
ⓖ প্রতিবাদ ⓖ আক্ষেপ

'আমাদের ছোট গ্রামে
ছোট ছোট ঘর
থাকি সেথা সবে মিলে
নাহি কেহ পর।'

**১৪। উদ্দীপকটি সাদৃশ্যপূর্ণ–**
i. আশা
ii. আমার পরিচয়
iii. পল্লিজননী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ⓖ ii ও iii

**১৫। সাদৃশ্যের কারণ–**
ⓚ গ্রাম্যপ্রকৃতি ⓚ সংস্কৃতি
ⓖ ঐক্য ⓖ বাৎসল্য

"আর যদি না ফিরি এই ভুবনডাঙ্গার বনে,
রিক্ত মনে ক্লান্ত পায়ে হেঁটে,
ফসল কাটার অবসরে, পড়বে কি মনে?"

**১৬। উদ্দীপকটি 'কপোতাক্ষ নদ' কবিতার কোন চরণের সাথে সাদৃশ্যপূর্ণ?**
ⓚ আর কি হে হবে দেখা
ⓚ এ প্রবাসে মজি প্রেম-ভাবে
ⓖ গাবে বঙ্গজ জনের কানে
ⓖ লইছে যে নাম তব বঙ্গের সংগীতে

**১৭। সাদৃশ্যপূর্ণ চরণে ফুটে উঠেছে–**
ⓚ স্মৃতিচারণ ⓚ দেশপ্রেম
ⓖ সন্দেহ ⓖ প্রকৃতিপ্রেম

**১৮। "সেই মেঠোপথ, নদীর কিনার, বাঁশের সাঁকো, শাপলা দুপুর, হিজলবনে দোয়েল-শ্যামার উদাস সুর।" উদ্দীপকটি কোন বৈশিষ্ট্যে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ?**
i. প্রকৃতিপ্রেম
ii. প্রকৃতি ঘনিষ্ঠতা
iii. পল্লি সংলগ্নতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৯। রানারকে সহানুভূতির চিঠি কে পাঠাবে?**
ⓚ তারা ⓚ জোনাকি
ⓖ ভোরের আকাশ ⓖ কালো রাত্রি

**২০। কেষ্ট দাস কে ছিলেন?**
ⓚ জেলে ⓚ মাঝি
ⓖ কৃষক ⓖ রিকশাওয়ালা

**২১। 'আমার পরিচয়' কবিতায় কমলার দীঘি কীসের প্রতীক?**
ⓚ লোকসাহিত্য ⓚ স্থাপত্য
ⓖ সভ্যতা ⓖ বিপ্লব

**২২। উপেক্ষিতদের বেদনা অনুভব করতে কাজী নজরুল কী পরামর্শ দিয়েছেন?**
ⓚ তাদের ভাই বলে কোল দিতে
ⓚ বোধন বাঁশিতে সুর দিতে
ⓖ চণ্ডাল বংশে জন্মের কল্পনা করতে
ⓖ তাদের শক্তির উন্মেষ করতে

**২৩। 'পিঞ্জরাবদ্ধ পাখি' বলতে বোঝানো হয়েছে–**
i. অর্থচিন্তার নিগড়ে বন্দি
ii. ক্ষুৎপিপাসায় কাতর
iii. লেফাফাদুরস্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪। "ফ্রান্সে নাকি নিত্যি নিত্যি ঘরে" – কথাটি বলার কারণ–**
ⓚ অধ্যক্ষ জিরারের সৌজন্যবোধ
ⓚ লেখক অধ্যক্ষের ধমক দেওয়া
ⓖ অধ্যক্ষের স্ত্রীর স্বামীকে সমর্থন করা
ⓖ মন্ত্রীর দপ্তরে অধ্যক্ষের ঝগড়া-বচসা করা

**২৫। মমতাদির চরিত্রের কোন বৈশিষ্ট্যটি সর্বদা সমুন্নত ছিল?**
ⓚ দারিদ্র্য ⓚ আত্মমর্যাদাবোধ
ⓖ নীরবতা ⓖ কাজের শৃঙ্খলা

**২৬। "তোমার দীর্ঘ ছায়ায় জেগে ওঠে সবুজ ব-দ্বীপ তোমার কণ্ঠনিনাদে জ্বলে কোটি প্রাণে স্বপ্নপ্রদীপ মার্চের সাত-সাত কোটি মানুষের দীপ্ত শপথ।" উদ্দীপকটি কোন কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ?**
ⓚ আমার পরিচয়
ⓚ তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
ⓖ সাহসী জননী বাংলা
ⓖ স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো

**২৭। তাহেরাকে কোন ঘাট থেকে উদ্ধার করা হয়েছে?**
ⓚ কদমতলী ⓚ ডেমরা
ⓖ রেশমগঞ্জ ⓖ সুনামগঞ্জ

**২৮। "আমি কি কোরবানির বকরি।" – কথাটিতে ফুটে উঠেছে তাহেরার–**
i. চারিত্রিক দৃঢ়তা
ii. অধিকার সচেতনতা
iii. প্রতিবাদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**"সংসার সাগরে আছে সুখ-দুঃখের ঢেউ
ভয় পেয়ে জীবনে কখনো জিতে না কেউ।"**

**২৯। উদ্দীপকটি 'জীবন সঙ্গীত' কবিতার কোন চরণের সাথে সাদৃশ্যপূর্ণ?**
ⓚ করো নিত্য নিজ কাজ ভবের উন্নতি যাতে হয়
ⓚ যুদ্ধ করো দৃঢ়পণে ভয়ে ভীত হইও না মানব
ⓖ পরো না দুখের ফাঁস জীবনের উদ্দেশ্য তা নয়
ⓖ সমর-সাগর তীরে পদাঙ্ক অঙ্কিত করে

**৩০। 'পল্লিজননী' কবিতায় মায়ের অসহায়ত্ব কার সাথে তুলনা করা হয়েছে?**
ⓚ প্রদীপ ⓚ জোনাকি
ⓖ নীড়ের পাখি ⓖ ডাহুক

## বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : গদ্য

১। খেলতে গিয়ে পা ভেঙে যায় সৈকতের। চিকিৎসকের পরামর্শে সৈকত তিন মাস সম্পূর্ণ বিশ্রামে থাকে। সারাদিন সে একা বিছানায় শুয়ে থাকে। বাড়ির সবাই বিভিন্ন কাজে ব্যস্ত। সৈকত জানালা দিয়ে বাইরের প্রকৃতি দেখে। গাছের ডালে পাখিদের কলকাকলি শোনে। পাখিদের সাথে আপনমনে কথা বলে। সৈকতের বন্ধুরা মাঝে মাঝে দেখা করতে আসে। গল্প করে, লেখাপড়ার সাহায্য করে।

(ক) সুভা কখন নদীতীরে এসে বসত? ১
(খ) সুভাকে 'নীরব হৃদয়ভার' বলা হয়েছে কেন? ২
(গ) উদ্দীপকের সৈকতের সাথে 'সুভা' গল্পের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ– ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে সৈকতের বন্ধুদের আচরণ লেখকের প্রত্যাশিত আচরণ।" – মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

২। দিলন ছোটোবেলা থেকেই মায়ের কাছ থেকে বই পড়ার অনুপ্রেরণায় বিভিন্ন সাহিত্যগ্রন্থ পাঠ করে। মা তাকে যেমন বই কিনে দেন, তেমনি বিশ্বসাহিত্য কেন্দ্রের সদস্য হতে বলেন। দিলন বই পড়ার পাশাপাশি আবৃত্তি প্রতিযোগিতায় সবসময় পুরস্কার জিতে নেয়। স্কুলে ভদ্র ও চৌকশ শিক্ষার্থী হিসেবে সকল শিক্ষকের কাছে সে প্রিয়। দিলনের সাহিত্যপ্রেমী মা সন্তানকে নিয়ে তাই গর্বিত।

(ক) শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কী? ১
(খ) "শিক্ষক তার জ্ঞানতৃষ্ণাকে প্রজ্জ্বলিত করতে পারেন"–কথাটি বুঝিয়ে লেখো। ২
(গ) 'বই পড়া' প্রবন্ধে বর্ণিত অভিভাবক ও উদ্দীপকের দিলনের মায়ের বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) দিলন কি 'বই পড়া' প্রবন্ধের লেখকের প্রত্যাশার প্রতিফলন ঘটাচ্ছে? – তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। পারভীন যখন এইচএসসি পরীক্ষা দেয়, তখন তার বাবা মারা যান। সংসারের দায়িত্ব, ছোটো দুই ভাই-বোন সব দায়িত্ব পারভীনের ওপর। সে একটি স্কুলে চাকরি নেয়, চাকরির পাশাপাশি ক্যাটারিং এর কাজ করে সংসার খরচ, ভাই-বোনের পড়াশোনা চালিয়ে যায়। ভাই-বোন পড়াশোনা করে উচ্চপদে চাকরি নেয়। এখন তারা অল্পশিক্ষিত পারভীনের সাথে যোগাযোগ রাখতে চায় না।

(ক) বনফুলের প্রকৃত নাম কী? ১
(খ) "কবিরাজ নয়, কবি" – কথাটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের পারভীনের সাথে 'নিমগাছ' গল্পের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? – ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে পারভীনের ভাই-বোনদের আচরণে 'নিমগাছ' গল্পের মূলসত্যটি প্রকাশ পেয়েছে।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

৪। বিশ্ববিদ্যালয় হলে সিট না পেয়ে মৌমিতা নাজমা বেগমের বাড়িতে পেইং গেস্ট হিসেবে বসবাস শুরু করে। তিনি মৌমিতাকে খুব আদর-যত্ন করেন। সবসময় খোঁজখবর নেন, প্রতিদিন নতুন নতুন খাবার রান্না করে খাওয়ান। এত যত্নে মৌমিতা বিরক্ত হয়। একদিন কথা প্রসঙ্গে মৌমিতাকে জানান, নাজমা বেগমের একমাত্র মেয়ে স্কলারশিপ নিয়ে অস্ট্রেলিয়াতে থাকেন। মৌমিতাকে দেখে তিনি তার মেয়ের কথা ভেবেই তাকে স্নেহ করেন।

(ক) পানশির কোথায় অবস্থিত? ১
(খ) অধ্যক্ষ জিরার লেখককে ধমক দিয়েছিলেন কেন? ২
(গ) উদ্দীপকের মৌমিতার সাথে 'প্রবাস বন্ধু' রচনার কোন চরিত্রের সাথে সাদৃশ্য রয়েছে? – ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের নাজমা বেগম এবং 'প্রবাস বন্ধু' রচনার আবদুর রহমান অভিন্ন চরিত্র নয়।" – মন্তব্যটির সাথে কি তুমি একমত? যুক্তি দাও। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। প্রবাসী তন্ময় প্রতিবছর হৃদয়ের টানে বাংলাদেশে বেড়াতে আসেন। প্রথমেই তিনি চলে যান নিজ গ্রাম মধ্যনগরে। গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া মেঘনা নদীর পাড়ে বসে তিনি শৈশবের কথা স্মরণ করেন। নদীতে মাছ ধরা, সাঁতার কাটা, প্রতিটি স্মৃতি আজও তার মনে ভাস্বর হয়ে আছে।

(ক) মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি? ১
(খ) "জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে" –চরণটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের তন্ময়ের সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'কপোতাক্ষ নদ' কবিতার খণ্ডাংশ মাত্র– যৌক্তিকতা নিরূপণ করো। ৪

৬। বন্যাদুর্গত মানুষের জন্য আসা ত্রাণসামগ্রী চেয়ারম্যান আজাদ সাহেব সোনাইমুড়ি থানার অধিবাসীদের বিতরণ না করে আত্মসাৎ করে নেন। দুর্গত মানুষ তার কাছে এলে তিনি নানা অজুহাতে তাদের ফিরিয়ে দেন।

(ক) মুসাফির কত বছর প্রভুকে ডাকেনি? ১
(খ) "ঐ মন্দির পূজারীর, হায় দেবতা তোমার নয়।" – চরণটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের আজাদ সাহেবের আচরণ 'মানুষ' কবিতার কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটিতে 'মানুষ' কবিতার সমগ্র ভাব প্রকাশিত হয়নি– বিশ্লেষণ করো। ৪

৭। দৃশ্য-১ : আসমানীদের দেখতে যদি তোমরা সবে চাও? রহিমুদ্দীর ছোট্ট বাড়ী রসুলপুরে যাও। বাড়িত নয় পাখির বাসা ভেন্না পাতার ছানি, একটুখানি বৃষ্টি হলেই গড়িয়ে পড়ে পানি।
দৃশ্য-২ : সহসা বাবর ফুকারি উঠিল। "নাহি ভয় নাহি ভয়, প্রার্থনা মোর কবুল করেছে আল্লাহ যে দয়াময়, পুত্র আমার বাঁচিয়া উঠিবে, মরিবে না নিশ্চয়।"

(ক) 'পল্লিজননী' কবিতায়–সাত নরি সিকা ভরে কী রাখার কথা বলা হয়েছে? ১
(খ) "মুসলমানের আড়ং দেখিতে নাই", 'পল্লিজননী' কবিতায় 'মা' একথা বলেছেন কেন? ২
(গ) দৃশ্য-১ এ 'পল্লিজননী' কবিতার সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩
(ঘ) দৃশ্য-২ এ 'পল্লিজননী' কবিতার পুত্রের পরিণতি ভিন্ন মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮। কিশোর রাশেদ পাক মিলিটারির পাশবিকতা দেখে রাতের আঁধারে পালিয়ে যায়, যোগ দেয় মুক্তিবাহিনীতে। মুক্তিবাহিনীর কমান্ডারের নির্দেশে গেরিলা যুদ্ধে অংশ নেয়। একদিন রাশেদ মায়ের সাথে দেখা করতে বাড়ি আসে। এলাকার আলবদর বাহিনীর আবদুল্লাহ সেটা দেখে মিলিটারিদের খবর দেয়। আবদুল্লাহর সাথে মিলিটারি এসে রাশেদের বাড়ি আক্রমণ করে। রাশেদ ও তার মা'কে বেয়নেট দিয়ে খুঁচিয়ে হত্যা করে।

(ক) হরিকাকু বুধাকে কী নামে ডাকতো? ১
(খ) রাজাকার কমান্ডার ফুলকলিকে মেরেছিল কেন? ২
(গ) উদ্দীপকের আবদুল্লাহ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ– ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের রাশেদ উপন্যাসের বুধা চরিত্রের প্রতিরূপ– বিশ্লেষণ করো। ৪

৯। সন্ত্রাসীদের চাঁদা না দেওয়ায় জাফর আলির গার্মেন্টসে আগুন ধরিয়ে দেয় সন্ত্রাসীরা। আগুন দেওয়ার আগে দারোয়ানকে মেরে লুটপাট করে। গার্মেন্টসের অনেক পোশাক শ্রমিক আহত হয়। মুহূর্তের মধ্যে কর্মহীন হয়ে পড়ে প্রায় কয়েক'শ মানুষ। নিরাপত্তাহীনতা ও অনিশ্চয়তার মধ্যে পড়ে শ্রমিকরা। বাধ্য হয়ে তারা শহর ছেড়ে গ্রামে চলে যায়।

(ক) মতিউর ফজু মিয়াকে বকা দিয়েছিল কেন? ১
(খ) রাত নিয়ে বুধার ভাবনা নেই কেন? ২
(গ) উদ্দীপকের সন্ত্রাসীরা 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাদের প্রতিনিধিত্ব করে– ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের শ্রমিকদের শহর ত্যাগ ও উপন্যাসের গ্রাম ত্যাগের কারণ ভিন্ন হলেও অবস্থা একই।" – বিশ্লেষণ করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০। ব্যাংক ঋণের কারণে লতিফ সাহেবের কোটি টাকার বাড়িটি নিলামে চলে আসে। দিশেহারা হয়ে যান লতিফ সাহেব। কোনো উপায় না দেখে বন্ধু আরমানের কাছে সাহায্যের আবেদন করেন। আরমান বাড়িটাকে নিলামের হাত থেকে রক্ষা করে নিজের নামে করিয়ে নেয়। অসহায় লতিফ এ দৃশ্য দেখে হতভম্ব হয়ে যান।

(ক) হাতেম আলী শহরে এসেছেন কেন? ১
(খ) "এমন মেয়ে কারও পেটে জন্মায়, জানতাম না।" খোদেজা এ কথা বলেছেন কেন? ২
(গ) উদ্দীপকের লতিফ সাহেবের সাথে 'বহিপীর' নাটকের বহিপীরের যেদিক থেকে বৈসাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের লতিফ সাহেব এবং 'বহিপীর' নাটকের হাতেম আলি পুরোপুরি এক নয়– বিশ্লেষণ করো। ৪

১১। মাতৃহারা রেনু চাচার বাড়িতে বড়ো হয়। চাচি রেনুকে বোঝা মনে করে। ভাবে কোনোরকম পাত্রস্থ করতে পারলেই হয়। অবশেষে চাচি এক বৃদ্ধের সাথে বিয়ে দেন। জীবন সচেতন রেনু এ বিয়ে মেনে না নিয়ে বাড়ি ছেড়ে অজানার পথে পাড়ি জমায়।

(ক) 'বহিপীর' নাটক কত সালে প্রকাশিত হয়? ১
(খ) জমিদার হাতেম আলীর মনে শান্তি নেই কেন? ২
(গ) উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটিতে 'বহিপীর' নাটক সমগ্রভাবে প্রকাশিত হয়নি।" – বিশ্লেষণ করো। ৪

17

# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত কাব্যগ্রন্থ?**
ⓚ শেষের কবিতা ⓚ রক্তকরবী ⓖ চোখের বালি ⓖ সোনার তরী

**২। কাব্যামৃতে আমাদের কেন অরুচি ধরেছে?**
ⓚ গণতান্ত্রিক চর্চার অভাবে
ⓚ আমাদের শিক্ষার দোষে
ⓖ বৈশ্বিক উষ্ণতার কারণে
ⓖ অসুস্থ রাজনীতির কারণে

**৩। আব্দুর রহমানের মতে পানশিরে বরফ পড়া থেমে গেলে বাইরে বেরিয়ে দম নিলে–**
i. ক্ষুধা কমে যাবে
ii. আয়ু বেড়ে যাবে
iii. রোগ বালাই দূর হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
গাহি সাম্যের গান–
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।

**৪। উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত কোন প্রবন্ধের সাদৃশ্য রয়েছে?**
ⓚ হযরত মুহাম্মদ (স.)
ⓚ উপেক্ষিত শক্তির উদ্‌বোধন
ⓖ শিক্ষা ও মনুষ্যত্ব
ⓖ একাত্তরের দিনগুলো

**৫। উদ্দীপক ও প্রবন্ধের ভাবগত ঐক্য–**
i. অসাম্প্রদায়িকতায়
ii. সাম্যবাদিতায়
iii. সত্যবাদিতায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬। তায়েফ সৌদি আরবের কোন অঞ্চলের একটি উর্বর প্রদেশ?**
ⓚ পশ্চিম ⓚ পূর্ব ⓖ দক্ষিণ ⓖ উত্তর

**৭। 'আম-আঁটির ভেঁপু' গল্পে ফুটে উঠেছে–**
i. চিরায়ত শৈশব
ii. প্রকৃতির সাথে ঘনিষ্ঠতা
iii. সহজ সরল জীবনযাপনের কথা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৮। 'চরমপত্র' নামে খ্যাত কথিকগুলোর লেখক কে?**
ⓚ জাহানারা ইমাম ⓚ এম আর আখতার মুকুল ⓖ হাসান ইমাম ⓖ আলমগীর কবির

**৯। 'মমতাদি' গল্পে মমতাদির মাঝে সব সময় কী সমুন্নত ছিল?**
ⓚ দুঃখ ⓚ বিলাসিতা ⓖ অহংকার ⓖ আত্মমর্যাদাবোধ

**১০। নওরোজ শব্দের অর্থ কী?**
i. নতুন দিন
ii. মহিমাময়
iii. নতুন বছরের প্রথম দিন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১১। জগদলের বিকেলগুলো লেখকের কাছে রোমাঞ্চকর ছিল কেন?**
ⓚ বনে বেড়াতে যাওয়ার জন্য
ⓚ প্রাকৃতিক সৌন্দর্যের জন্য
ⓖ টিভি দেখার জন্য
ⓖ ফুটবল খেলার জন্য

**১২। আয়তনে বিশাল এবং গুণগতমানে অতি উত্তম-সাহিত্যের কোন শাখা?**
ⓚ নাটক ⓚ গল্প ⓖ প্রবন্ধ ⓖ উপন্যাস

**১৩। 'আজারি' শব্দের অর্থ কী?**
ⓚ ব্যথিত ⓚ ক্ষুধার্থ ⓖ ভিখারি ⓖ ভণ্ড

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
পাকা হোক তবু ভাই পরেরও বাসা,
নিজ হাতে গড়া মোর কাঁচাঘর খাসা।

**১৪। উদ্দীপকে 'আশা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?**
ⓚ কাঁচাঘর থাকা
ⓚ নিজের বাড়িতে থাকা
ⓖ তুচ্ছতে তুষ্ট
ⓖ পরের বাড়িতে থাকা

**১৫। উদ্দীপকের শেষ চরণের সাথে সাদৃশ্যপূর্ণ–**
i. জীর্ণ বেড়ার ঘর
ii. অর্থ-বিত্তের সমারোহ
iii. নির্ভাবনায় ঘুমানো
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৬। 'পল্লিজননী' কবিতায় পল্লিজননীর সঙ্গে মিল রয়েছে?**
ⓚ জোনাকির ⓚ কানা কুয়োর ⓖ ডাহুক পাখির ⓖ হুতুম পেঁচার

**১৭। খোদার কসম আমি ভিনদেশি পথিক নই, আমি কোনো আগন্তুক নই। কবির এই বলিষ্ঠ উচ্চারণের পেছনে যে চেতনা সক্রিয় ছিল–**
i. জন্মভূমির সাথে তার যে অবিচ্ছিন্ন সম্পর্ক
ii. শিকড়ের প্রতি কবির বিশ্বস্ততা
iii. স্বদেশের অস্তিত্বের সাথেই তার অস্তিত্ব বাঁধা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৮। 'জুতা আবিষ্কার' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**
ⓚ কল্পনা ⓚ ক্ষণিকা ⓖ বলাকা ⓖ পুনশ্চ

**১৯। 'বঙ্গবাণী' কবিতাটি রচিত হয় কোন যুগে?**
ⓚ প্রাচীনযুগ ⓚ মধ্যযুগ ⓖ আধুনিকযুগ ⓖ মধ্যযুগ পরবর্তী

**২০। একজন ছাত্রের জন্য রানারের জীবন থেকে শিক্ষণীয় বিষয় হলো–**
i. কাজের প্রতি নিষ্ঠাবান হওয়া
ii. দায়িত্বশীল হওয়া
iii. যে-কোনো পেশার প্রতি শ্রদ্ধাপোষণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২১। 'তোমাকে পাওয়া জন্য, হে স্বাধীনতা' কবিতায় মেঘনা নদীর দক্ষ মাঝি কে?**
ⓚ কেষ্টদাস ⓚ রুস্তম শেখ ⓖ সগীর আলী ⓖ মতলব মিয়া

**২২। 'আমার পরিচয়' কবিতার ডিঙ্গার বহরটির মালিক কে?**
ⓚ বেহুলা ⓚ মনসা ⓖ লখিন্দর ⓖ চাঁদ সওদাগর

**২৩। 'সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি চরণটিতে 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে?**
ⓚ সৃষ্টিকর্তার ⓚ মোল্লা সাহেবকে ⓖ মানুষকে ⓖ মুসাফিরকে

**২৪। সনেটের ষষ্টকে কী থাকে?**
ⓚ ভাবের প্রবর্তনা ⓚ ভাবের পরিণতি ⓖ মূলভাব ⓖ ঘটনার বিস্তৃতি

**২৫। নিজের বোঝা বইব, বুধার এ বক্তব্যে ফুটে ওঠে–**
ⓚ আত্মবিশ্বাস ⓚ দেশপ্রেম ⓖ সাহস ⓖ স্বনির্ভর

**২৬। 'বোঁ করে একটা শব্দের তরঙ্গ উঠে মুহূর্তে মিলিয়ে যায় বাতাসে'– এখানে কীসের শব্দের কথা বলা হয়েছে?**
ⓚ পাকিস্তানিদের আগমনের
ⓚ বোলতার আওয়াজ
ⓖ পাকিস্তানিদের জিপের আওয়াজ
ⓖ ভোমরার আওয়াজ

**২৭। মিলিটারি আক্রমণের দুমাস পর–**
i. অনেকেই শহরে ফিরে যায়
ii. অনেকে ভারতে চলে যায়
iii. মানুষের দিন কঠিন হয়ে পড়ে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
গ্রামের বৃদ্ধ মাতব্বর তোরাব আলীর ভয়ে জিনিয়ার বাবা-মা তার সঙ্গে বিয়ে দিতে রাজি হয়। কিন্তু জিনিয়া সুযোগ পেয়ে রাতের আঁধারে পালিয়ে যায়।

**২৮। উদ্দীপকের মাতব্বরের মধ্য দিয়ে 'বহিপীর' নাটকে কার কথা অনুধাবন করা যায়?**
ⓚ হাতেম আলি ⓚ বহিপীর ⓖ হকিকুল্লাহ ⓖ হাশেম আলি

**২৯। উদ্দীপকের আলোকে 'বহিপীর' নাটকে চিত্রিত হয়েছে নারীর–**
i. অসহায়ত্ব
ii. উশৃঙ্খলতা
iii. প্রতিবাদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩০। নট্ মানে কী?**
ⓚ স্থির থাকা ⓚ লাফানো ⓖ জড়ানো ⓖ নড়াচড়া করা

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্যাংশ

১। তুমি শুয়ে র'বে তেতালার পরে আমরা রহিব নীচে
অথচ তোমারে দেবতা বলিব, সে ভরসা আজ মিছে।
সিক্ত যাদের সারা দেহ-মন মাটির মমতা-রসে
এই ধরণীর তরণীর হাল রবে তাহাদেরি বশে।

(ক) বোধন-বাঁশি কী? ১
(খ) তাহার আত্মা তোমার আত্মার মতোই ভাস্বর'– বাক্যটি বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকে ফুটে ওঠা মনোভাবই 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধের লেখকের প্রত্যাশা'– মূল্যায়ন করো। ৪

২। বিশ্বসাহিত্য একটি সর্বাপেক্ষা প্রাচীন শাখা রয়েছে। এটির লক্ষ্য পাঠক নয়, দর্শকসমাজ। সাহিত্যের সকল শাখার ভিতরে এক শাখাই একমাত্র যা সরাসরি সমাজকে ও পাঠকগোষ্ঠীকে প্রভাবিত করতে চায় এবং সক্ষম হয়।

(ক) নাটক কয় অঙ্কে বিভক্ত? ১
(খ) ট্র্যাজেডি বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার কোন দিকটি নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটি 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার খণ্ডাংশ মাত্র"– বক্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৩। তরুতলে বসি পান্থ শান্তি করে দূর
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙে লয়,
তরু তবু অকাতর, কিছু নাহি কয়।

(ক) বনফুলের প্রকৃত নাম কী? ১
(খ) নিমগাছটা লোকটার সঙ্গে চলে যেতে পারে না কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপক 'নিমগাছ' গল্পের সমগ্র ভাবকে তুলে ধরেছে কি? তোমার মতামত দাও। ৪

৪। রবি তার পরিবারের সাথে বান্দরবানের সাজেক বেড়াতে গিয়েছিল। হঠাৎ প্রাকৃতিক দুর্যোগ বন্যার কবলে পড়ে তাদের আনন্দ ভ্রমণ একেবারে বিষাদে পরিণত হলো। রাস্তাঘাট বন্যার পানিতে ডুবে গেলে তাদের মতো অনেক পর্যটক সেখানে আটকা পড়ল।

(ক) কাবুলিরা কয় পেয়ালা চা খায়? ১
(খ) লেখক থ মেরে দাঁড়িয়ে রইলেন কেন? ২
(গ) উদ্দীপকের 'প্রবাস বন্ধু' রচনার কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'প্রবাস বন্ধু' রচনার সমগ্র ভাবকে প্রকাশ করে না– যুক্তি দাও। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। ওগো আমার জন্মভূমি, ওগো আমার অপরূপা
ফিরে কি আর পাব তোমায়?
এ বিদেশে, বিভুঁইয়ে তোমারে স্মরি আনমনে
আঁখি মুছ সযতনে
তবু আশা পারিনে ছাড়িতে,
বেঁধে রেখেছো যে মা, তোমারই স্নেহডোরে।

(ক) মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি? ১
(খ) 'ভ্রান্তির ছলনে' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
(গ) উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের প্রতিফলন ঘটেছে।– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

৬। বন্যাদুর্গত অসহায় মানুষের জন্য বরাদ্দকৃত ত্রাণসামগ্রী জনপ্রতিনিধি আলীম সাহেব দুর্গতদের মাঝে নিজ হাতে বিতরণ করেন। এমনকি মেয়ের বিয়ের জন্য জমানো টাকাও তিনি বানবাসী মানুষের ঘরবাড়ি মেরামতের জন্য ব্যয় করেন। এজন্য গ্রামের সবাই তাঁর খুব প্রশংসা করেন।

(ক) কাজী নজরুল ইসলাম কত সালে মৃত্যুবরণ করেন? ১
(খ) পূজারি মন্দিরের দ্বার বন্ধ করল কেন? ২
(গ) আলীম সাহেব 'মানুষ' কবিতায় বর্ণিত যে চরিত্রের বিপরীত সত্তা তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে 'মানুষ' কবিতায় কবির প্রত্যাশার প্রতিফলন ঘটেছে– মন্তব্যটির সপক্ষে তোমার মতামত দাও। ৪

৭। রফিক একজন নৈশপ্রহরী। সে তাঁর পরিবার পরিজন রেখে সারারাত এলাকার মানুষের নিরাপত্তার জন্য দায়িত্ব পালন করে যায়। কিন্তু সে যে বেতন পায় তাতে তাঁর সংসার চলে অনেক কষ্টে। তাঁর এ দুঃখের খবর কেউ রাখে না।

(ক) 'দুর্বার' শব্দের অর্থ কী? ১
(খ) রানার সূর্য ওঠাকে ভয় পায় কেন? ২
(গ) উদ্দীপকে রফিকের কাজে 'রানার' কবিতার রানার চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের রফিক 'রানার' চরিত্রের বিশেষ দিকটি ধারণ করলেও রানার স্বতন্ত্র।"– মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। সন্ধ্যায় একটি বিয়ের অনুষ্ঠানে গিয়েছিলেন জামিল সাহেব। সঙ্গে ছিলেন স্ত্রী ও দুই সন্তান। রাতে বাড়ি ফেরার পথে একটি যাত্রীবাহী বাসের সাথে জোরে ধাক্কা লেগে তাদের গাড়িটি উল্টে যায়, এতে জামিল সাহেব বেঁচে গেলেও দুর্ঘটনায় মারা যান তার পরিবারের সবাই। মুহূর্তের মধ্যে নিঃস্ব হয়ে যান জামিল সাহেব।

(ক) গাঁয়ের লোকেরা বুধার নাম কী রেখেছে? ১
(খ) বুধার মাটি কাটার দলে যোগদানের কারণ ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের জামিল সাহেব 'কাকতাড়ুয়া' উপন্যাসের উক্ত চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের জামিল সাহেব কি 'কাকতাড়ুয়া' উপন্যাসের উক্ত চরিত্রের যথার্থ প্রতিনিধি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। বিদেশি সেনার কামানে বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।

(ক) বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস কোনটি? ১
(খ) শাহাবুদ্দিন বুধার জন্য উৎকণ্ঠায় ছিল কেন? ২
(গ) উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তুর খণ্ডিত অংশমাত্র'–মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। মজিদ অভাবগ্রস্ত এলাকার অধিবাসী। বেঁচে থাকার প্রয়োজনে সে একদিন নিজগ্রাম ছেড়ে উপস্থিত হয় মহব্বতনগরে। একটি পুরনো কবর দেখিয়ে সে সহজ সরল ও ধর্মপ্রাণ গ্রামবাসীকে মুদাচ্ছির পীরের মাজার বলে পরিচয় দেয় এবং নিজে পীর সেজে ভক্ত-মুরিদদের হাদিয়া ও মানতের টাকায় প্রচুর অর্থ বিত্ত গড়ে তোলে।

(ক) হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
(খ) 'এবার তার সাধের স্বপ্ন ভেঙে যাবে'– বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকে 'বহিপীর' নাটকের কোন সমাজচিত্রটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকের মজিদের চেয়ে 'বহিপীর' নাটকের পীর সাহেব মানবিক ও বাস্তববাদী।'– মন্তব্যটির সাথে তুমি কি একমত? বিশ্লেষণ করো। ৪

১১। নীরুর মা-বাবা মারা যাওয়ার পর মামার বাড়িতে বড়ো হয়। মামি তাকে বোঝা মনে করে এক অসম বয়সী লোকের সাথে বিয়ে দিতে চায়। কিন্তু নীরু এ বিয়ে করতে চায় না শুনে মামাতো বোন তাকে পালিয়ে যেতে সাহায্য করে।

(ক) নাটকের উপাদান কয়টি? ১
(খ) বহিপীর হাতেম আলির কাছে কী কথা লুকিয়েছেন? ২
(গ) উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকের নীরু 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের পুরোপুরি প্রতিনিধিত্ব করে না।'– মন্তব্যটি যাচাই করো। ৪

18

## বসন্ত কুমারী গোপাল চন্দ্র (বি. কে. জি. সি) সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ
### নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। বাণীকণ্ঠের কান্নার কারণ কী ছিল?**
ⓚ গৃহত্যাগের কষ্ট
ⓖ সুভাকে পাত্রস্থ করা
ⓖ পিতৃ-হৃদয়ের কাতরতা
ⓖ সুভার দুরবস্থা কল্পনা

**২। 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূলসুর কী?**
ⓚ জীবন ঘনিষ্ঠতা ⓚ প্রকৃতি ঘনিষ্ঠতা
ⓖ দারিদ্র্য ⓖ চিরায়ত শৈশব

**৩। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে কোন ঋতুর কথা বলা হয়েছে?**
ⓚ শীত-গ্রীষ্ম ⓚ বর্ষা-হেমন্ত
ⓖ গ্রীষ্ম-বর্ষা ⓖ শীত-বসন্ত

**৪। "এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর"– হযরত মুহম্মদ (স.) এই প্রার্থনা কাদের জন্য করেছিলেন?**
ⓚ মদীনাবাসীর জন্য
ⓚ মক্কার পৌত্তলিকদের জন্য
ⓖ তায়েফবাসীদের জন্য
ⓖ পথভ্রষ্টদের জন্য

**৫। কারাগারকে তারাই স্বর্গতুল্য মনে করে, যারা–**
i. মনুষ্যত্ববোধে জাগ্রত
ii. অন্নচিন্তার নিগড়ে বন্দি
iii. ক্ষুৎপিপাসায় তৃপ্ত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬। 'কালাপাহাড়' নাটকের রচয়িতা কে?**
ⓚ মাইকেল মধুসূদন দত্ত
ⓚ দীনবন্ধু মিত্র
ⓖ গিরিশচন্দ্র ঘোষ
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর

**৭। "আর একটি প্রাণী একটু দূরে থাকিয়া এই দলের সঙ্গী হইল"– এখানে কার কথা বলা হয়েছে?**
ⓚ কাঙালী ⓚ অভাগী
ⓖ রসিক ⓖ অধর

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলা শিক্ষক এক মহীয়সী নারী সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন যে, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় এই নারীর এক সন্তানকে পাকিস্তানি হানাদাররা যুদ্ধে অংশগ্রহণের কারণে বন্দি করে এবং পরবর্তীতে হত্যা করে।

**৮। বাংলা শিক্ষক মহীয়সী নারী বলতে কাকে বুঝিয়েছেন?**
ⓚ বেগম রোকেয়া ⓚ জাহানারা ইমাম
ⓖ সুফিয়া কামাল ⓖ নীলিমা ইব্রাহিম

**৯। উক্ত মহীয়সী নারীর শহিদ সন্তানের নাম কী?**
ⓚ জামী ⓚ রুমী ⓖ শরীফ ⓖ শফি

**১০। 'পল্লিসাহিত্য' প্রবন্ধে বর্ণিত চীন দেশে সংঘটিত গল্প কোনটি?**
ⓚ আলীবাবা ও চল্লিশ চোর
ⓚ আলাউদ্দিনের আশ্চর্য প্রদীপ
ⓖ রাখালের পিঠা গাছের কথা
ⓖ রাক্ষসপুরীর ঘুমন্ত রাজকন্যা

**১১। 'নিয়তি' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত?**
ⓚ আমার ছেলেবেলা ⓚ এলেবেলে
ⓖ জলকন্যা ⓖ ছায়াসঙ্গী

**১২। পয়লা জানুয়ারিকে উদ্দেশ্য করে কে কবিতা লিখেছেন?**
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ অমীয় চক্রবর্তী
ⓖ টেনিসন ⓖ বিষ্ণু দে

**১৩। 'বঙ্গবাণী' কবিতাটি কোন শতকের রচনা?**
ⓚ পঞ্চদশ ⓚ ষোড়শ
ⓖ সপ্তদশ ⓖ অষ্টাদশ

**১৪। "বৃথাজন্ম এ সংসারে"-এর পরের লাইন কোনটি?**
ⓚ এমন পাবে না আর
ⓚ এ জীবন নিশার স্বপন
ⓖ তুমি কার কে তোমার
ⓖ বলো না কাতর স্বরে

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
"নিস্তব্ধ আঁধারে দাঁড়িয়ে আছে মহাকাল।"

**১৫। উদ্দীপকের সাথে 'পল্লিজননী' কবিতার কোনটি মিল আছে?**
ⓚ রাতের ⓚ নির্জীবতা
ⓖ অন্ধকারের ⓖ সময়ের

**১৬। উদ্দীপক ও 'পল্লিজননী' কবিতায় কী ফুটে উঠেছে?**
ⓚ একাকী সময়
ⓚ আসন্ন মৃত্যুর সময়
ⓖ ঝিঁঝি ডাকা আঁধার
ⓖ স্তব্ধতা অন্ধকার

**১৭। রাজার কথা শুনে কে ভেবে খুন হলো?**
ⓚ চামরি ⓚ গোরু
ⓖ পণ্ডিত ⓖ বৈজ্ঞানিক

**১৮। জীবনানন্দ দাশ প্রকৃতিকে কীরূপে দেখেছেন?**
ⓚ মোহনীয় রূপে ⓚ মাতৃরূপে
ⓖ ঈশ্বররূপে ⓖ প্রেমরূপে

**১৯। 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার ফুসফুস এখন পোকার দখলে?**
ⓚ সগীর আলীর ⓚ মতলব মিয়ার
ⓖ কেষ্টদাসের ⓖ রুস্তম শেখের

**২০। 'ঝরনার গান' কবিতায় ঝরনার পায়ে কোন ফুলের নূপুর?**
ⓚ টগর ⓚ বকুল
ⓖ মাধবী ⓖ কামিনী

**২১। বারোভূঁইয়া নামে পরিচিত–**
i. কেদার রায়
ii. প্রতাপাদিত্য
iii. লক্ষণ মাণিক্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২২। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কীসের ছায়ার কথা বলা হয়েছে?**
ⓚ জ্যোৎস্নার ⓚ আসমানের
ⓖ জামরুলের ⓖ নিশিন্দার

**২৩। 'উদ্যত' শব্দটির অর্থ কী?**
ⓚ ক্ষিপ্ত ⓚ প্রবৃত্ত
ⓖ রাগান্বিত ⓖ বিষণ্ণ

**২৪। 'সাহসী জননী বাংলা' কবিতায় নীলকমলেরা কারা?**
ⓚ প্রহরীরা ⓚ সাহসীরা
ⓖ মুক্তিযোদ্ধারা ⓖ হৃদয়বান ব্যক্তিরা

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
হারুন পড়াশোনা করার জন্য শহরে চলে যায়। এজন্য তার বোন অহনা ঝরঝর করে কাঁদতে শুরু করে।

**২৫। অহনার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের মিল আছে?**
ⓚ ফুলকলি ⓚ নোলক বুয়া
ⓖ কুন্তি ⓖ বুধার চাচি

**২৬। এই মিল যে কারণে তা হলো–**
i. বিরোধ
ii. আবেগপ্রবণতা
iii. ভ্রাতৃত্ববোধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৭। বুধাকে 'মানিক রতন' নাম কে দিয়েছিল?**
ⓚ হরিকাকু ⓚ ফুলকলি
ⓖ নোলক বুয়া ⓖ জয়নাল চাচা

**২৮। 'বহিপীর' নাটকে খোদেজা চরিত্রে প্রকাশ পেয়েছে–**
i. খোদাভীরুতা
ii. স্বামীভক্তি
iii. কুসংস্কারাচ্ছন্নতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৯। অস্থিরমতি ও একটুতে রেগে উঠার অভ্যাস কার?**
ⓚ তাহেরার ⓚ খোদেজার
ⓖ বহিপীরের ⓖ হাশেমের

**৩০। কীসের সূত্র ধরে পীর সমাজের সৃষ্টি হয়েছে?**
ⓚ কুসংস্কারের ⓚ ধর্মীয় গোঁড়ামির
ⓖ সুফিবাদী ব্যাখ্যার ⓖ জ্ঞান-গরিমার

## বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : গদ্য

১। "নাহি বর্ণনার ছটা ঘটনার ঘনঘটা
নাহি তত্ত্ব নাহি উপদেশ
অন্তরে অতৃপ্তি রবে সাঙ্গ করি মনে হবে
শেষ হয়েও হইল না শেষ।"

(ক) বাণীকণ্ঠের বোবা মেয়েটির নাম কী? ১
(খ) "কিন্তু তাহার পদশব্দ তাহারা চিনিত"– বাক্যটির প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করো। ২
(গ) "শেষ হয়েও হইল না শেষ"– উদ্দীপকের এ অনুভূতি 'সুভা' গল্পের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'সুভা' গল্পটি একটি সার্থক ছোটোগল্প। উদ্দীপকের বৈশিষ্ট্য অনুসারে মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

২। বেগম রোকেয়ার সময় মেয়েদের লেখাপড়ার প্রচলন ছিল না। মুসলমান মেয়েদের তখন স্কুলে যেতেই দিতেন না অভিভাবকরা। কিন্তু বেগম রোকেয়ার বাংলা শেখার জন্য মন ছটফট করতে লাগল। রাত গভীর হলে মা-বাবা যখন ঘুমিয়ে পড়তেন, তখন ভাইয়ের কাছে শুরু হতো তার জ্ঞানার্জন। এভাবে লেখাপড়া শিখে বিভিন্ন বই লিখে তিনি জাগরণের চেষ্টা করে গেছেন।

(ক) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? ১
(খ) সাহিত্যচর্চার সুফল সম্পর্কে অনেকে সন্দিহান কেন? ২
(গ) "উদ্দীপকে 'বই পড়া' প্রবন্ধের কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে"– তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে 'বই পড়া' প্রবন্ধের সম্পূর্ণ বক্তব্য প্রতিফলিত হয়নি।"– কথাটি কি সঠিক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। গার্হস্থ্য বাড়ির বড়ো বউ সালেহা। বিয়ে হয়ে আসার পর থেকে সে এ সংসারে আষ্টেপৃষ্ঠে বেঁধে আছে। প্রতিনিয়ত সবার সব ধরনের চাহিদা পূরণ করে চলেছে। কিন্তু তার ভেতরের যে সুপ্ত প্রতিভা আছে সে খবর কেউ রাখে না। এমনকি তার সামান্য যত্নের ব্যাপারেও কেউ কোনো খোঁজ নেয় না।

(ক) বাড়ির পাশে নিমগাছ গজালে কারা খুশি হয়? ১
(খ) নিমগাছটি লোকটির সাথে যেতে পারল না কেন? ২
(গ) উদ্দীপকে সালেহার সাথে 'নিমগাছ' গল্পের যে সাদৃশ্য খুঁজে পাওয়া যায় তা তুলে ধরো। ৩
(ঘ) "উদ্দীপকে সালেহার অবস্থা আর 'নিমগাছ' গল্পের লক্ষ্মীবউয়ের অবস্থা সম্পূর্ণভাবে তৎকালীন সমাজ চেতনারই প্রতিফলন।"– তোমার মতামতের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪। দারিদ্র্যের কারণে আরিফা বেশি পড়াশোনা করতে পারেনি। এসএসসি পাশ করে সে একটি হাসপাতালে চতুর্থ শ্রেণির কর্মচারী হিসেবে কাজ করছে। কাজের প্রতি তার দায়িত্বশীলতা দেখে সবাই তার প্রশংসা করে। তবে মাঝেমধ্যে কারো কটু কথা শুনলে তার মনে দুঃখ লাগে। সে মর্মাহত হয়।

(ক) 'মমতাদি' গল্পটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ১
(খ) মমতাদিকে লেখক ছায়াময়ী মানবী বলেছেন কেন? ২
(গ) উদ্দীপকের আরিফা 'মমতাদি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের বিষয়বস্তু 'মমতাদি' গল্পের সামগ্রিক ভাব ধারণ করে কি না যুক্তিসহকারে বিশ্লেষণ করো। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। কবি আল মাহমুদের প্রিয় নদী তিতাস। এ নদী কবির শৈশবের নদী। নদীর বিক্ষুব্ধ তরঙ্গমালা কবিমনকে উদাস করেছিল। নির্মল বাতাস, নদীর শুভ্র তনুশ্রী জয় করে নিয়েছে কবির মন। তাই তো কবি বলেছেন–

"নীরব তৃপ্তির জন্য আনমনে বসে থেকে ঘাসে
নির্মল বাতাস টেনে বহুক্ষণে ভরেছি এক বুক।"

কর্মজীবনে নানা স্থানে তিনি ঘুরেছেন কিন্তু শৈশবের প্রিয় নদী স্মৃতিতে জাগরূক।

(ক) মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তির নাম কী? ১
(খ) "দুগ্ধ স্রোতরূপী তুমি জন্মভূমি স্তনে"– ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি অনুপস্থিত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "কবি আল মাহমুদের অনুভূতি 'কপোতাক্ষ নদ' কবিতার ষটকের ভাবে ফুটে উঠেছে।"– বিশ্লেষণ করো। ৪

৬। "মানুষেরে ঘৃণা করি
ও কারা কোরআন, বাইবেল চুম্বিছে মরি মরি
ও মুখ হতে কেতাব গ্রন্থ নাও জোর করে
যাহারা আনিল গ্রন্থ কেতাব সেই মানুষেরে মেরে
পুঁজিছে গ্রন্থ ভণ্ডের দল।"

(ক) 'আজারি' শব্দের অর্থ কী? ১
(খ) "ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়!"– ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'মানুষ' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'মানুষ' কবিতার আলোকে উদ্দীপকের ভণ্ডদলের স্বরূপ বিশ্লেষণ করো। ৪

৭। বাবুল একজন হকার। প্রতিদিন সকাল হলেই সে খবরের কাগজ নিয়ে দ্বারে দ্বারে যায়। এটাকে সে অনেক বড়ো দায়িত্ব মনে করে। এতে তার কোনো ক্লান্তি নেই। স্বল্প পারিশ্রমিকেও তার অসন্তুষ্টি নেই। সে মনে করে টাকার চেয়ে দায়িত্ব বড়ো।

(ক) রানারের সবচেয়ে বড়ো ভয় কীসে? ১
(খ) "জীবনের সব রাত্রিকে কিনেছে তারা কিনেছে অল্প দামে।"– এ চরণ দ্বারা কবি কী বুঝিয়েছেন? ২
(গ) উদ্দীপকে 'রানার' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটি 'রানার' কবিতার মূলভাবের আংশিক রূপ"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

### গ-বিভাগ : উপন্যাস

৮। সময়টা ১৮ জুলাই, ২০২৪। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে উত্তাল সারাদেশ। মীর মাহফুজুর রহমান মুগ্ধ পানির কেস হাতে নিয়ে ক্লান্ত শিক্ষার্থীদের মাঝে পানি বিতরণ করছিল। তিনি ঠিকমতো তাকাতেও পারছিলেন না। কারণ পুলিশের ছোড়া টিয়ার গ্যাসে তার চোখ জ্বালা করছিল। এমন সময় একটা গুলি এসে লাগে মুগ্ধর কপালে। মারা যায় মুগ্ধ, কিন্তু দমে যায়নি ছাত্র-জনতা।

(ক) বুধাকে স্বাধীন হওয়ার স্বপ্ন কে দিয়েছে? ১
(খ) "আমরা তিনজন নই একজন"– উক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে মুগ্ধর বিক্ষোভে অংশগ্রহণের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বুধা চরিত্রের কোন দিকটির মিল আছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনাকে ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। মেহের আলি পশ্চিম পাকিস্তানের অন্যতম দোসর। সে সাধারণ মানুষদের ধরে এনে নির্যাতন-নিপীড়ন চালাতো এবং অনেককে হত্যা করতো। তাই মানুষ তাকে ঘৃণার চোখে দেখতো। অপরপক্ষে সাজিত সাহেব দেশের স্বার্থে স্বাধীনতার সংগ্রামী চেতনা নিয়ে সাধারণ মানুষকে উৎসাহ-উদ্দীপনা ও অনুপ্রেরণা জুগিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধ করতেন।

(ক) শান্তিকমিটির চেয়ারম্যান কে ছিল? ১
(খ) আলো আঁধার বুধার কাছে সমান কেন? ২
(গ) উদ্দীপকের মেহের আলীর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের চারিত্রিক মিল খুঁজে পাওয়া যায় তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের সাজিদ সাহেব ও উপন্যাসের সাহাবুদ্দিন এর লক্ষ্য-উদ্দেশ্য এক ও অভিন্ন"– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

### ঘ-বিভাগ : নাটক

১০। প্রীতি দশম শ্রেণি পড়ুয়া এক মেধাবী শিক্ষার্থী। বৈষম্য ও অন্যায়ের বিরুদ্ধে সে যথেষ্ট সোচ্চার। হবিগঞ্জ শহরে টমটমে ওঠানামার ভাড়া পাঁচ টাকার পরিবর্তে দশ টাকা করায় সে প্রতিবাদ সভার আয়োজন করে। তার সাথে যোগ দেয় তার সহপাঠীরা।

(ক) বহিপীরের বাড়ি কোথায়? ১
(খ) বহিপীরের বুদ্ধিমত্তা ও বাস্তবজ্ঞান কীভাবে প্রকাশ পায়? ২
(গ) উদ্দীপকের প্রীতির সাথে 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে 'বহিপীর' নাটকের কেবল একটি খণ্ডচিত্র প্রতিফলিত হয়েছে"– মন্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১। নীলার বয়স ষোলো। দেখতে সুন্দরী হওয়ায় অনেকে তাকে বিয়ে করতে চায়। বিনা যৌতুকে বিয়ের প্রস্তাবে তার বাবা রাজিও হয়ে যায়। কিন্তু সে বাবাকে বোঝাতে সক্ষম হয় যে, ভালো করে পড়াশোনা শিখে সংসারের দায়িত্বভার নিতে পারবে। নীলার কথায় বাবা সিদ্ধান্ত বদল করে এবং বিয়ে ভেঙে দেয়।

(ক) হাতেম আলির বন্ধুর নাম কী? ১
(খ) পীরসাহেব বইয়ের ভাষায় কথা বলেন কেন? ২
(গ) উদ্দীপকে নীলার বিয়ে 'বহিপীর' নাটকের কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) তাহেরা যদি উদ্দীপকের নীলার পথ অবলম্বন করত তাহলে 'বহিপীর' নাটকের পরিণতি অন্যরকম হতে পারত? যুক্তিসহকারে আলোচনা করো। ৪

19

# বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। 'সেইদিন এই মাঠ' কবিতায় চারিদিকে "শান্তবাতি ভিজে গন্ধ মৃদু কলরব" কবির কোন ভাবনার বহিঃপ্রকাশ?**
ক মৃত্যুচেতনার
খ প্রকৃতির রহস্যময়তা
গ প্রকৃতির চিরায়ত রূপ
ঘ সময় প্রবহমান

**২। কাদের চেহারা বুধার বুকের মধ্যে গেঁথে রয়েছে?**
ক যারা কলেরায় মারা গেছে
খ যারা বাজারে আগুনে পুড়ে মারা গেছে
গ যারা মিলিটারির গুলিতে মারা গেছে
ঘ যারা যুদ্ধে গেছে

**৩। "কাহারও ইহা অজ্ঞাত নয়"– মানুষ মুহম্মদ (স.)-এর কোন চারিত্রিক গুণটি প্রকাশ পেয়েছে?**
ক দুঃখীদের প্রতি স্নেহ
খ দৈন্যের নির্মল অনুভূতি
গ অকুতোভয়ে আত্মদোষ উদ্‌ঘাটন
ঘ বিনা সংকোচে নিজের তুচ্ছতম ত্রুটি স্বীকার

**৪। পণ্ডিতের মুখ চুন হয়েছিল কেন?**
ক মৃত্যুর ভয়ে ভীত হওয়ায়
খ করণীয় খুঁজে না পাওয়ায়
গ দায়িত্বে অবহেলা করায়
ঘ মন্ত্রীর আদেশ শুনে

**৫। 'অভাগীর স্বর্গ' গল্পে কেন্দ্রীয় চরিত্র কোনটি?**
ক অধর রায় খ রসিক দুলে
গ অভাগী ঘ কাঙালী

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
"বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আজি
কেহ রহিবে না বন্দী কাহারও উঠিছে ডঙ্কা বাজি।

**৬। উদ্দীপকের বর্ণনা অনুযায়ী 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধে কোন মানুষের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে?**
ক অভিজাত মানুষের
খ অবহেলিত মানুষের
গ সংগ্রামী মানুষের
ঘ ভদ্র সমাজের মানুষের

**৭। "উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধের যে দিকটি উদ্দীপকে ফুটে উঠেছে–**
i. মানুষ মানুষের জন্য
ii. সাম্যবাদী মানসিকতা
iii. সবার সমান অধিকার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৮। "আমার দেশের মাটিতে আমার প্রাণ নিতে লভে নব জীবনের সন্ধান।" উদ্দীপকে ফুটে উঠা ভাবটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় যেভাবে তুলে ধরা হয়েছে–**
ক জন্মভূমিকে নিবিড় উপলব্ধি
খ প্রকৃতি ও মানুষের সম্পর্ক
গ শেকড়ের প্রতি কবির বিশ্বস্ততা
ঘ কবির দেশাত্মবোধ

**৯। বুধা সবার সঙ্গে কথা বলতে পারে না কেন?**
ক সবাই ছুটোছুটি করছে বলে
খ প্রতিশোধের নেশায় উন্মত্ত বলে
গ সবাই আত্মরক্ষার্থে পালাচ্ছে বলে
ঘ সকলকে পালাতে সাহায্য করছে বলে

**১০। 'প্রত্যক্ষ অভিঘাত' কথাটি 'পয়লা বৈশাখ' প্রবন্ধে কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক রাজনৈতিক কূটকৌশল
খ তাৎক্ষণিক পরিবর্তন
গ স্বদেশিকতা অর্জন
ঘ উৎসাহের সাথে উদ্‌যাপন

**১১। গল্পে মমতাদির স্বামীর কোন বৈশিষ্ট্যের পরিচয় বহন করে?**
ক অসহায়ত্ব খ অপারগতা
গ দায়িত্বহীনতা ঘ নিষ্ঠুরতা

**১২। রাখিবন্ধন উৎসব হয় কখন?**
ক মাঘী পূর্ণিমায় খ বৈশাখী পূর্ণিমায়
গ নববর্ষে ঘ শ্রাবণ পূর্ণিমায়

**১৩। 'সুসার' শব্দের অর্থ কী?**
i. প্রাচুর্য
ii. সৌন্দর্য
iii. সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪। "আমরা কী করিয়া তাহাদের ঠেকাই, আজ না হয় কাল, যাইবেই।"– বাক্যটিতে বহিপীরের কোন চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?**
ক বাস্তব জ্ঞান খ মানবিকতা
গ পীর বদান্যতা ঘ বোধোদয়

**১৫। নিচের কোনটি ডক্টর দীনেশ চন্দ্র সেনের মৌলিক গ্রন্থ?**
ক দেওয়ানা মদিনা খ ফুল্লরা
গ কমলা সুন্দরী ঘ পূর্ববঙ্গ গীতিকা

**১৬। আনন্দের স্পর্শে মানুষের মন প্রাণ–**
i. সজীব হয়
ii. সতেজ হয়
iii. সরাগ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
গ্রেনেড উঠেছে হাতে কবিতার হাতে রাইফেল,
এবার বাঘের থাবা ভোজ হবে প্রতিশোধে।

**১৭। উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য কোথায়?**
ক ঘৃণায় খ প্রতিরোধে
গ লজ্জায় ঘ প্রতিশোধে

**১৮। উদ্দীপকে ফুটে ওঠা ভাবটি নিচের কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক স্বদেশের জন্য আত্মত্যাগ
খ মুক্তিযোদ্ধাদের শক্তিশালী আক্রমণ
গ হানাদার বাহিনীর নির্মম হত্যাকাণ্ড
ঘ স্বজনহারা মুক্তিযোদ্ধার অসহায়ত্ব

**১৯। 'বই পড়া' প্রবন্ধে 'আত্মার মৃত্যু' বলতে বোঝানো হয়েছে–**
ক উপলব্ধি বোধ না জাগা
খ ব্যক্তিত্ব গড়ে না ওঠা
গ আত্মার বিকাশ না হওয়া
ঘ বিবেকবোধ লোপ পাওয়া

**২০। নিচের কোন চরণে কবির দেশপ্রেম জীবন্ত হয়ে উঠেছে?**
ক বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে,
খ আর কি হে হবে দেখা? যতদিন যাবে,
গ প্রজারূপে রাজরূপ সাগরের দিতে
ঘ লইছে যে নাম তব বঙ্গের সংগীতে

**২১। "অবুঝ শিশু হামাগুড়ি দিল পিতামাতার লাশের উপর"– চরণটি নির্দেশ করছে–**
i. নির্মমতা
ii. নিষ্ঠুরতা
iii. বিবেকহীনতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২২। "ফ্লাইট লেফটেন্যান্ট মতিউরের কথা"– একাত্তরের দিনগুলির কত তারিখের চিঠিতে উল্লেখ রয়েছে?**
ক ১৩ এপ্রিল খ ১২ মে
গ ২৫ জুলাই ঘ ১১ অক্টোবর

**২৩। লেখক আবদুর রহমানের ঠোঁট দুটো দেখতে পাননি, কারণ আবদুর রহমান–**
ক অতিশয় কর্মতৎপর
খ নরদানব আকৃতির
গ আফগান সংস্কার মানে
ঘ ভীমসেন তুল্য

**২৪। "ওতে খেলো হয়ে যেতে হয়" বলতে হরিহর বোঝাতে চেয়েছে–**
ক বামুনদের প্রতি শ্রদ্ধাবোধ কমে যায়
খ বামুনদের প্রতি খারাপ ধারণা তৈরি হয়
গ দরিদ্রতা ধরা পড়ে
ঘ ব্যক্তিত্ব হালকা হয়ে যায়

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
দুর্গম পথ পাড়ি দিয়ে যারা
দুর্জয়ে করে জয়
তাহাদের পরিচয় লিখে রাখে মহাকাল।

**২৫। উদ্দীপকটি কোন কবিতার ভাবকে ইঙ্গিত করেছে?**
ক রানার খ আমার পরিচয়
গ সেইদিন এই মাঠ ঘ জীবন-সঙ্গীত

**২৬। উদ্দীপকটি উক্ত কবিতার যে ভাবটি ইঙ্গিত করেছে?**
i. জীবন সংগ্রামে ব্রতী হওয়া
ii. আত্মস্বার্থে নিমগ্ন থাকা
iii. মহৎ ব্যক্তিদের অনুসরণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭। "রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে?" এখানে 'রাত' কথাটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক আলোর অভাব খ অসহায় জীবন
গ শোষণ-বঞ্চনা ঘ দুঃখ-দুর্দশা

**২৮। "একটি স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব।" এ উক্তি দ্বারা হাশেম চরিত্রের কোন বৈশিষ্ট্যের প্রকাশ পেয়েছে?**
ক আত্মবিশ্বাস খ সাহসিকতা
গ নির্ভীকতা ঘ ধৈর্যশীলতা

**২৯। "মরণের দূত এলো বুঝি হায়, হাঁকে মায়, দূর-দূর"– এ চরণের মধ্য দিয়ে কী ফুটে উঠেছে?**
ক মৃত্যু দেবতার আগমন
খ পল্লিমায়ের কুসংস্কারাচ্ছন্ন মনোভাব
গ সন্তানের রোগ দূর হওয়ার প্রত্যাশা
ঘ হুতুম পেঁচা তাড়ানোর প্রয়াস

**৩০। "ভ্যালা হলো দেখি ল্যাঠা"– মোল্লা সাহেবের এ কথায় কোনটি প্রকাশ পায়?**
ক অবজ্ঞা খ উপহাস
গ ঘৃণা ঘ বিরক্তি

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। জান্নাতুল মহুয়া একজন শারীরিক প্রতিবন্ধী। বাবা-মা বড়ো ভাইয়ের সহযোগিতায় নারীদের পোশাক সেলাইয়ের কাজ শুরু করে মহুয়া আজ সফল নারী উদ্যোক্তা। স্কুল-কলেজে পড়ার সময় তার মা তাকে হুইল চেয়ার ঠেলে প্রতিদিন নিয়ে যেতেন এবং আনতেন। ঘুম থেকে উঠার পর আবার ঘুমাতে যাওয়া পর্যন্ত তার মা-ই ভরসা। মহুয়া শুধু নিজের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটাননি, আরো ৩৫ নারীকেও আর্থিকভাবে স্বাবলম্বী করেছেন। এখন তিনি স্বপ্ন দেখছেন ঘরের গণ্ডি থেকে বেরিয়ে একটি কারখানা স্থাপনের, যেন প্রতিবন্ধী এবং নারীরা স্বাবলম্বী হতে পারে।

(ক) সুভা অলৌকিক ক্ষমতা প্রার্থনা করে কেন? ১
(খ) "আমাকে সবাই ভুলিলেই বাঁচি"– সুভার এমন মনোভাবের কারণ কী? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'সুভা' গল্পের যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে– আলোচনা করো। ৩
(ঘ) উদ্দীপকের মহুয়া 'সুভা' গল্পের লেখকের আকাঙ্ক্ষার প্রতিফলন– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২। সেই হারানো ধুলোমাখা দিনগুলো আজো রঙিন হয়ে ভেসে উঠে স্মৃতির ক্যানভাসে। স্মৃতিতে আজো ভাসে ৩০ বছর আগের সেই সোনা রঙের দিনগুলো। বাবার সাথে শহরে থাকতাম, ছুটিতে রাজাপুরে গ্রামের বাড়িতে যেতাম। ইচিং বিচিং শৈশবের একটি জনপ্রিয় খেলা। এ খেলায় বাঁধভাঙা আনন্দে মেতে উঠতাম। ওপেন-টু-বায়োস্কোপ, নাইন টেন তেইশ কোপ, সুলতানা বিবিয়ানা, সাহেব বাবুর বৈঠকখানা। এ লাইনগুলো মনে হলেই ফেলে আসা দিনগুলোর কথা মনে পড়ে যায়। শীতের মৌসুম এলে খেজুরের রস খাওয়া যেন ছিল অমৃত। চালাতাম সুপারি গাছের পাতার গাড়ি। কী আনন্দময় ছিল শৈশবের দিনগুলো।

(ক) খাপরার কুচি শব্দের অর্থ কী? ১
(খ) "এগুলো তাহার মহামূল্যবান সম্পত্তি"– বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপক ও 'আম-আঁটির ভেঁপু'– গল্পের শৈশবের সাদৃশ্য তুলে ধরো। ৩
(ঘ) "কী আনন্দময় ছিল শৈশবের দিনগুলো"– কথাটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের আলোকে মূল্যায়ন করো। ৪

৩। নানামুখী কষ্ট গঞ্জনা, বাধা-বিপত্তি সত্ত্বেও স্কুলশিক্ষক মাজেদা বেগম গ্রামীণ অসহায় মানুষের পাশে থাকেন। নারীদের ভূমিকা কী, নারীদের অধিকার, নারীদের বাধা, সেই বাধাকে জয় করে কীভাবে কাজে সফল হওয়া যায়। তিনি এ ব্যাপারে নারীদের সাহায্য করতেন। বাল্যবিবাহ রোধ করা, শিক্ষায় পিছিয়ে পড়া শিশুদের শিক্ষামুখী করা, নারীদের অধিকার আদায়ে অনেক সাহায্য করেছেন। তিনি মনে করেন, একটি রাষ্ট্রের অর্ধেক জনগোষ্ঠীর সকলের সফলতা ছাড়া রাষ্ট্র এগিয়ে যেতে পারে না।

(ক) কোনটি আত্মার ধর্ম নয়? ১
(খ) প্রাবন্ধিক মহাত্মা গান্ধীর কথা ভেবে দেখতে বলেছেন কেন? ২
(গ) উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে প্রতিফলিত দিকটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের খণ্ডাংশ মাত্র"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

৪। মানুষের চিন্তন দক্ষতার দুটি দিক আছে। একটি ভালো দিক, একটি মন্দ দিক। শিশু যখন ভূমিষ্ঠ হয়, এ দুটি দিক উপলব্ধি করতে পারে না। চারপাশে শিশু যা দেখে, শুনে ও বোঝে সেই অনুযায়ী শিশুর আত্মিক উন্নতি ঘটে। ছোটোবেলা থেকে যদি একটা শিশুকে শিক্ষা, আচার-ব্যবহার দ্বারা ভালোর প্রতি আকৃষ্ট করা যায়, তবে সে শিশুর মনের ভালো দিকের উন্নতি ঘটবে। আর এ জন্য দরকার সুশৃঙ্খল সমাজব্যবস্থা। শিক্ষা ও সুষ্ঠু সমাজব্যবস্থা একটি শিশুকে তার অন্তরে মূল্যবোধ ও দেশপ্রেম জাগিয়ে তুলতে সক্ষম হবে।

(ক) শিক্ষার আসল কাজ কী? ১
(খ) "লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয়"– কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে ফুটে ওঠা দিকটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের প্রাবন্ধিকের দিকনির্দেশনা একসূত্রে গাঁথা"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। (i)
ধানের গন্ধ আনবে ডেকে
আমার ছেলেবেলা–
বসবে আবার দুচোখ জুড়ে প্রজাপতির মেলা।
পড়বে মনে দিঘির জলে
উথাল-পাথাল নাওয়া,
বাউড়ি বিলে খেলার ঝোঁকে সরু ডিঙি বাওয়া

(ii)
আবার উপভোগ করবো ষড়ঋতু!!
তোমার বুকে বসে নবান্নের উৎসব,
আর বসন্তের হবো মাতাল,
শীতের দমকা হাওয়া গায়ে জড়াতে।
... ... ... ... ... ... ... ... ... ...
আসছি আমার মায়ের মমতা ঘিরে
আরেকবার পিছু ফিরে বাংলাকে দেখতে

(ক) 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের মিলবিন্যাস কী? ১
(খ) "দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে"– ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের প্রথমাংশে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকের সাদৃশ্য রয়েছে? বিশ্লেষণ করো। ৩
(ঘ) "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের দ্বিতীয়াংশ এবং 'কপোতাক্ষ নদ' কবিতার ষষ্টকের মূলবিষয় এক এবং অভিন্ন"– মূল্যায়ন করো। ৪

৬। বাংলাদেশের ১১টি জেলার ওপর দিয়ে বয়ে চলেছে ভয়াবহ বন্যা। এই বন্যার কবলে পড়ে ঘরবাড়ি বসতভিটা রেখে লাখ লাখ মানুষকে পাড়ি জমাতে হয়েছে অজানা ঠিকানায়। খাদ্যাভাবসহ দেখা দিয়েছে নানা সংকট। "মানুষ মানুষের জন্যে, জীবন জীবনের জন্যে" বিখ্যাত এই গানের লাইনটির সঙ্গে আজ মিলে গেছে পুরো বাঙালির আবেগ। ভেদাভেদ ভুলে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে বন্যার্তদের পাশে দাঁড়াতে প্রস্তুত পুরো দেশ ও জাতি। যার যার জায়গা থেকে যতটা সম্ভব অসহায় বন্যার্তদের সহযোগিতায়। বিদ্যালয়ের শিক্ষার্থীরাও পিছিয়ে নেই। এ যেন মানবিকতার এক অনন্য উদাহরণ। ভেদাভেদ বাঁধা ডিঙিয়ে বন্যার্তদের পাশে এমন সাধারণ মানুষের সহযোগিতার হাতই প্রমাণ করে সম্প্রীতির বাংলাদেশ।

(ক) কবি কেন কালাপাহাড়কে আহ্বান করেছিল? ১
(খ) "মোল্লা পুরুত লাগায়েছে তার সকল দুয়ারে চাবি"– উক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'মানুষ' কবিতায় যে বিপরীত দিকগুলো ফুটে উঠেছে তা তুলে ধরো। ৩
(ঘ) "উদ্দীপক ও 'মানুষ' কবিতা মানুষের জয়গানে মুখরিত হয়েছে"– আলোচনা করো। ৪

৭। উদ্দীপক-১ : অর্থ যেমন মানুষের সুখ-শান্তি, মর্যাদা, প্রতিপত্তি সবকিছুর মূলে কাজ করে তেমনি হানাহানি, প্রতিহিংসা, অশান্তি সব অপকর্মের মূলে কাজ করে। অর্থের লোভেই মানুষ নীতিবর্জিত কর্মকাণ্ডে লিপ্ত হয়। অর্থ মানবজীবনে অপরিহার্য হলেও এর যথাযথ ব্যবহার না হলে ব্যক্তি বা সমাজজীবনে নেমে আসতে পারে ঘোর দুর্দিন। অর্থ উপার্জনের পথ যদি বৈধ না হয়, হীনস্বার্থের যদি ব্যক্তিগত বা জাতীয় সম্পদের অপচয় করা হয় তাহলে তা সামগ্রিক জীবনে বিরাট ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়।

উদ্দীপক-২ :
বাংলাদেশে বাড়ি আমার
বাংলাদেশে বাড়ি,
তারই মাঝে বসে আমি
মায়ের আদর কাড়ি।
ঝড়-বাদলে কাঁপি আমি,
বানের জলে ভাসি
তারি মধ্যে মুখে আমার
রোদের মতন হাসি।

(ক) সিকানদার আবু জাফরের কোন গানটি মুক্তিযুদ্ধের সময় জাতিকে অনুপ্রাণিত করেছিল? ১
(খ) 'আশা' কবিতায় প্রতিবেশীর "আঁধার ঘরে আলো জ্বালান" বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপক-১ এর মূলভাব কীভাবে 'আশা' কবিতার সাথে সম্পর্কিত? বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপক-২ এর বক্তব্য 'আশা' কবিতায় বর্ণিত কবির প্রত্যাশাকে তুলে ধরেছে? তোমার মতামত ব্যক্ত করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। পাগল মতন সেই ছেলেটি এল যে আগ বাড়িয়ে
রক্তে আগুন লাগিয়ে দিয়ে সামনে গেল দাঁড়িয়ে,
তারপর আর সেই ছেলেকে কেউ কোথাও পায়নি
ইতিহাসের পাতা খুঁজেও তাকে পাওয়া যায়নি।
তবে কি সে পাখিই হলো, খুঁজে পেল পাখা সে?
স্বপ্নের মানচিত্র রেখে হারিয়ে গেল আকাশে?

(ক) বাঙ্কারের তদারকি করছিল কে? ১
(খ) 'ভারি মজার খেলা' বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকের সাদৃশ্য রয়েছে তা আলোচনা করো। ৩
(ঘ) "পাগল মতন সেই ছেলেটি আর বুধার জন্য আজকের এই স্বাধীন সার্বভৌম বাংলাদেশ"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৯। মুক্তিযুদ্ধের সর্বকনিষ্ঠ বীরপ্রতীক শহীদুল ইসলাম। মুক্তিযোদ্ধাদের চা-পান খাওয়ানোর পাশাপাশি মাঝেমধ্যে অস্ত্র পরিষ্কারের কাজও করতেন। ভারতের তুরা ক্যাম্পে মুক্তিযুদ্ধের প্রশিক্ষণকালে ব্রিগেডিয়ার সামসিং শহীদুল ইসলামের সাথে লালু নামটি যুক্ত করে দেন। প্রশিক্ষণ চলাকালে প্রতিদিন সকাল-সন্ধ্যায় হুইসেল বাজিয়ে সব মুক্তিযোদ্ধাদের লাইনে দাঁড় করিয়ে জাতীয় পতাকা উঠাতেন ও নামাতেন। তাকে দায়িত্ব দেওয়া হয় টাঙ্গাইলের গোপালপুর থানায় হানাদারদের ক্যাম্প উড়িয়ে দেওয়ার। ছোটো বলে তাকে কেউ সন্দেহ করবে না। চা-পান খাওয়ানোর ফাঁকে ফাঁকে কে কোথায় আছে তা দেখে নেয়। সুযোগ বুঝে গ্রেনেডের সেফটিপিন খুলে বাঙ্কারের দিকে ছুড়ে মারেন। এতে তিনটি বাঙ্কারে থাকা সব পাকসেনা নিহত হয়। আর সেদিনই মুক্তিযোদ্ধারা গোপালপুর থানা সহজে দখল করে নেন।

(ক) বুধা দুঃখকে কী ভাবে? ১
(খ) বুধা অনেক রকম মানুষ হতে চায় কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের লালুই বুধার আর এক প্রতিচ্ছবি– বিশ্লেষণ করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক চিত্র মাত্র– আলোচনা করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। হাজারো প্রতিকূলতার পর যারা নিজেদের অবস্থান সুদৃঢ় করেছেন, তাদেরই একজন আর্চারি। (তির-ধনুর্বিদ্যা) খেলোয়াড় ইতি খাতুন। হাজারো বালিকাবধূর মতোই ইতি খাতুনের নাম হারিয়ে যেতে পারত। নিম্নবিত্ত পরিবারের মেয়ে ইতি যখন ষষ্ঠ শ্রেণিতে পড়ে তখন তার বিয়ে ঠিক হয়ে যায়। ওই সময় আর্চারি ফেডারেশনের চুয়াডাঙায় প্রতিভা ক্যাম্প অনুষ্ঠিত হয়। তিনি তখন ওই ক্যাম্পে যোগ দেন এবং নবম জাতীয় আর্চারিতে ২০১৮ সালে জিতেন প্রথম পদক। এসএ গেমসে প্রথম নারী হিসেবে তিনটি সোনা জিতে নতুন ইতিহাস গড়েছিলেন তিনি।

(ক) সূর্যাস্ত আইন কী? ১
(খ) "সেই নিশানাটি হারাইয়াই তো মুশকিল হইয়াছে"– উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপক ও 'বহিপীর' নাটকের ভাবার্থের বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকের ইতি খাতুন এবং 'বহিপীর' নাটকের তাহেরা উভয়ই নবযুগের নারীর প্রতিনিধি"– 'বহিপীর' নাটক অবলম্বনে বিশ্লেষণ করো। ৪

১১। আসিফ প্রতিবাদী এক যুবক। সে অন্যায় এবং কুসংস্কারকে প্রশ্রয় দেয় না। তার কাছে মানবীয় মূল্যবোধ এবং ন্যায়বোধের গুরুত্ব অনেক বেশি। তার এলাকায় অন্যায় দেখলে সে প্রতিবাদ করে। তার পরিবারের যদি কেউ অন্যায় করে তাহলে প্রতিবাদ করে। সে অত্যন্ত যুক্তিবাদী, আধুনিক ও মানবিক গুণসম্পন্ন মানুষ।

(ক) 'বহিপীর' নাটকটি কত সালে প্রথম পুরস্কার পায়? ১
(খ) "নতুন এক জীবনের স্বাদ পেয়েছি"– উক্তিটির তাৎপর্য কী? বুঝিয়ে লেখো। ২
(গ) উদ্দীপকের আসিফের সাথে 'বহিপীর' সাদৃশ্যপূর্ণ চরিত্রটি আলোচনা করো। ৩
(ঘ) "মানবীয় মূল্যবোধ ও ন্যায়বোধ মানুষকে শ্রেষ্ঠ করে তোলে"– মন্তব্যটি উদ্দীপক ও 'বহিপীর' নাটকের ওপর ভিত্তি করে আলোচনা করো। ৪

20

# তাসলিমা মেমোরিয়াল একাডেমী, বরগুনা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

**১। 'ছায়ালোকে'র বঙ্গভূমি কেমন?**
ক সুন্দর খ নির্জীব
গ নিস্তব্ধ ঘ কোলাহলপূর্ণ

**২। প্রমথ চৌধুরী কত সালে এম.এ ডিগ্রি লাভ করেন?**
ক ১৮৮৮ সালে খ ১৮৮৯ সালে
গ ১৮৯০ সালে ঘ ১৮৯২ সালে

**৩। 'মামলার ফল' কোন ধরনের রচনা?**
ক কাব্যগ্রন্থ খ উপন্যাস
গ প্রবন্ধগ্রন্থ ঘ গল্পগ্রন্থ

**৪। 'অমিয় শতক' কোন ধরনের রচনা?**
ক অনুবাদ গ্রন্থ খ গল্পগ্রন্থ
গ শিশুতোষ গ্রন্থ ঘ উপন্যাস

**৫। আজকাল চাষাবাদের ঘরে লক্ষ্মীবাঁধা। ভদ্দর লোকেরাই হয়ে পড়েছে হা ভাত যো ভাত।" হরিহরের এ উক্তিতে প্রকাশ পেয়েছে–**
ক হতাশা খ বিরক্তি
গ আক্ষেপ ঘ ঘৃণা

**৬। "গৃহকর্ম নিপুণা লক্ষ্মীবউটার ঠিক একদশা।" 'নিমগাছ' গল্পে একদশা শব্দটি নিমগাছ ও লক্ষ্মীবউকে সমর্থন করে–**
ক জীবনধারায়
খ উপকারী মনোভাবে
গ প্রশংসা প্রাপ্তিতে
ঘ নিরহংকারী চেতনায়

**৭। গান্ধীর আহ্বানে কোনটি উপস্থিত ছিল বলে কাজী নজরুল ইসলাম ইঙ্গিত করেছেন?**
ক ধর্মভেদ খ বর্ণভেদ
গ জাতিভেদ ঘ অভেদ

**৮। মোতাহের হোসেন চৌধুরীর মৃত্যুসাল কোনটি?**
ক ১৫ সেপ্টেম্বর খ ১৮ সেপ্টেম্বর
গ ২০ সেপ্টেম্বর ঘ ২২ সেপ্টেম্বর

**৯। আবদুর রহমানকে নরদানব বলার কারণ কী?**
i. সে উঁচু লম্বা
ii. তার বিশাল শরীর
iii. সে ভালো রাঁধে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ iii ঘ i, ii ও iii

**১০। মমতাদির কাজের কোন বৈশিষ্ট্য দেখে সকলে মুগ্ধ হলো?**
i. দক্ষতা
ii. ক্ষিপ্রতা
iii. শৃঙ্খলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
পহেলা বৈশাখে সবচেয়ে বেশি চোখে পড়ে হালখাতা উৎসব। বিচিত্র সুন্দর উপকরণে দোকান সাজিয়ে হালখাতা অনুষ্ঠান হয়। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলেই এ উৎসবে যোগ দেয়।

**১১। পহেলা বৈশাখের হালখাতার সাথে মিল আছে আগেকার কোন অনুষ্ঠানের?**
ক মেলা খ পুণ্যাহ
গ পুতুলনাচ ঘ বলীখেলা

**১২। উদ্দীপকের উল্লিখিত অনুষ্ঠানটির উদ্দেশ্যে–**
i. পাওনা আদায়
ii. ক্রেতাদের সাথে সুসম্পর্ক স্থাপন
iii. নতুন ক্রেতাদের আগ্রহ সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩। 'মারফত' শব্দের অর্থ কী?**
ক মরমী সাধন খ বলিষ্ঠ কণ্ঠ
গ সরল পথ ঘ সংকীর্ণচেতা

**১৪। মাইকেল মধুসূদন দত্ত মৃত্যুবরণ করেন ১৮৭৩ সালের–**
ক ১৭ই জুন খ ২৯শে জুন
গ ২৫শে মার্চ ঘ ৩০শে জুন

**১৫। 'বৃত্রসংহার' কী জাতীয় কাব্য?**
ক গীতিকাব্য খ পত্রকাব্য
গ কাহিনি কাব্য ঘ মহাকাব্য

**১৬। রবীন্দ্রনাথকে বিশ্বকবি বলার ক্ষেত্রে কোন মতবাদটি গ্রহণযোগ্য?**
ক নোবেল পুরস্কার প্রাপ্তি
খ আন্তর্জাতিক দৃষ্টিসম্পন্ন
গ বিশ্বব্যাপী সমাদৃত সাহিত্য
ঘ আধুনিক রুচিবোধসম্পন্ন সাহিত্য

**১৭। দুল দুলাই মন ভোলাই**
**ঝিলমিলাই দিগ্বিদিক,**
**এ চরণটিতে ঝরনার কোন রূপটি ফুটে উঠেছে?**
i. অপূর্ব সৌন্দর্য
ii. ছন্দময়
iii. অবিরাম ছুটে চলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৮। 'লেঠা' শব্দের অর্থ কী?**
ক উৎপাত খ লাঠি
গ অচেনা মানুষ ঘ ক্ষোভ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
সব ছেড়ে যাব, প্রিয়ে সম্মুখের পথ দিয়ে
ফিরে দেখা হবে না আর
ফেলে দিও ভোরে– গাঁথ ম্লান মল্লিকার মালাখানি
সেই হবে স্পর্শ তব, সেই হবে বিদায়ের বাণী"

**১৯। উদ্দীপক ও 'সেইদিন এই মাঠ' কবিতায় কবি জানেন?**
ক মানুষ চিরদিন বেঁচে থাকে না
খ মানুষ স্বার্থপর
গ মানুষ প্রেমময়
ঘ মানুষ লোভী

**২০। উদ্দীপক ও 'সেইদিন এই মাঠ' কবিতায় কবি প্রকাশ করেছেন?**
i. প্রকৃতির চিরন্তনতা
ii. প্রকৃতির ক্ষণস্থায়ী রূপ
iii. প্রকৃতির সৌন্দর্য
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

**২১। জীর্ণ অর্থ কী?**
ক ছেড়া খ ক্ষয়প্রাপ্ত
গ গুঁড়া ঘ পুরোনো

**২২। গাঁথা শব্দটির আক্ষরিক অর্থ হিসেবে কোনটি সমর্থনযোগ্য?**
ক রচনা খ মালা গ বর্ণনা ঘ কবিতা

**২৩। কবি শামসুর রাহমানের মাতার নাম কী?**
ক আয়িশা খাতুন খ আমেনা খাতুন
গ খাদিজা বেগম ঘ আসমা বেগম

**২৪। 'ঈর্ষা' কোন ধরনের রচনা?**
ক উপন্যাস খ গল্পগ্রন্থ
গ প্রবন্ধগ্রন্থ ঘ কাব্যনাটক

**২৫। আধুনিক উপন্যাসের কাল কত?**
ক পনেরো শতক খ ষোলো শতক
গ সতেরো শতক ঘ আঠার শতক

**২৬। উপন্যাস কোন যুগের সৃষ্টি?**
ক মধ্যযুগের খ প্রাচীন যুগের
গ আদিমযুগের ঘ আধুনিক যুগের

**২৭। শ্রীকান্ত উপন্যাস কার লেখা?**
ক রবীন্দ্রনাথ ঠাকুর
খ মানিক বন্দ্যোপাধ্যায়
গ আবদুল হাকিম
ঘ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

**২৮। আধুনিক কালের নাটকের বিকাশ কয়টি অঙ্কে বিভক্ত?**
ক তিনটি খ পাঁচটি গ সাতটি ঘ নয়টি

**২৯। নিচের কোনটি রূপক বা সাংকেতিক নাটক?**
ক নূরজাহান খ প্রফুল্ল
গ পদ্মাবতী ঘ রক্তকরবী

**৩০। নিচের কোন ঐতিহ্যটি বেশ পুরোনো?**
ক ছোটোগল্প খ উপন্যাস
গ প্রবন্ধ ঘ যাত্রাপালা

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : গদ্য

১। বই কেনার সামর্থ্য না থাকলেও রফিক বন্ধুদের কাছ থেকে ধার করে বিভিন্ন ধরনের বই পড়ে সাহিত্য, সমালোচনা, মনীষীদের জীবনী থেকে শুরু করে বিজ্ঞান, দর্শন সব তার জন্য চাই। অন্যদিকে তার বন্ধু ফরিদ প্রচুর বই কিনে বন্ধুদের উপহার দেয়। কিন্তু নিজে পড়ে না। তার ধারণা এসব বই পড়ে কী হবে? প্রাতিষ্ঠানিক শিক্ষা শেষে সার্টিফিকেট পাওয়াই বড়ো, তারপর চাকরি এই তো জীবন।

(ক) 'বই পড়া' প্রবন্ধটি প্রমথ চৌধুরীর কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
(খ) প্রাবন্ধিক 'বই পড়া' প্রবন্ধে "অন্তর্নিহিত প্রচ্ছন্ন শক্তি" বলতে কী বুঝিয়েছেন– বুঝিয়ে লেখো। ২
(গ) 'বই পড়া' প্রবন্ধ এবং উদ্দীপকে ফরিদের মতো শিক্ষার্থীর ব্যাপারে প্রাবন্ধিক কী মনোভাব পোষণ করেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে রফিকের স্বেচ্ছায় বই পড়ার আগ্রহের ব্যাপারটি কোন দৃষ্টিতে দেখেন? 'বই পড়া' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

২। বড়ইতলা গ্রামে আজও জমিদারি প্রথার চালচলা অব্যাহত আছে। সেখানে যারা ধনী তারা যে বাজারে যায় গরিবেরা যেতে পারে না। তারা একসাথে কথা বলে না। গরিবরা ধনীদের সবসময় এড়িয়ে চলে। এমনকি এ গ্রামে ধনী কেউ মারা গেলে তার লাশ দাফন করার জন্য অনেকেই যেমন ব্যস্ত হয়, দরিদ্র কেউ মারা গেলে তেমন ব্যস্ততা দেখা যায় না।

(ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মসাল কত? ১
(খ) কার বাবার গাছে তোর বাপ কুড়াল ঠেকাতে যায়– এরূপ উক্তির কারণ কী? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের সঙ্গে 'অভাগীর স্বর্গ' গল্পে যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের সামাজচিত্র আর 'অভাগীর স্বর্গ' গল্পের সমাজচিত্র প্রায় এক হলেও পরিপ্রেক্ষিত আলাদা বিশ্লেষণ করো। ৪

৩। বিষ প্রয়োগকারীর পরিচয় জানতে পেরেও হযরত ইমাম হাসান (রা.) তাকে ক্ষমা করে দেন। আর প্রতিজ্ঞা করেন, তাকে ছাড়া তিনি স্বর্গের সোপানে পা রাখবেন না এমনকি অনুজ হোসেন (রা.) বিষ প্রদানকারীর পরিচয় জানতে পারলেও ক্ষমা করার জন্য অনুরোধ করেন।

(ক) 'ধনী' শব্দের অর্থ কী? ১
(খ) মদিনায় যেন আঁধার ঘনাইয়া আসিল– কেন? ২
(গ) উদ্দীপকে বর্ণিত মূল বিষয়টি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৩
(ঘ) উদ্দীপকটি হযরত মুহম্মদ (স.) চরিত্রের আংশিক প্রতিচ্ছবি মাত্র– প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪। স্বামীর মৃত্যুর পর ফাতেমা অনেক কষ্টে ও যত্নে একমাত্র ছেলেকে লেখাপড়া শিখিয়ে বড়ো করলেন। ছেলে ভালো একটি চাকরি পেয়ে সচ্ছল পরিবারের সুন্দরী শিক্ষিতা মেয়েকে বিয়ে করে শ্বশুড়বাড়িতে স্থায়ী হয়ে গেল। সবকিছু উজাড় করে দিয়ে ফাতেমা দীর্ঘ নিঃসঙ্গ জীবন কাটাতে লাগলেন।

(ক) 'বিন্দু বিসর্গ' বনফুলের কোন ধরনের রচনা? ১
(খ) কবি মুগ্ধ দৃষ্টিতে নিমগাছের দিকে চেয়ে রইল কেন? ব্যাখ্যা করো। ২
(গ) ফাতেমার সঙ্গে নিমগাছ গল্পের কোনো চরিত্রের সাদৃশ্য আছে কি? তোমার মতামত বিশ্লেষণ করো। ৩
(ঘ) নিজেকে অন্যের জন্য উৎসর্গ করে নিঃস্ব হওয়ার চিরাচরিত সত্য অঙ্কিত হয়েছে উদ্দীপক ও 'নিমগাছ' গল্পে– তোমার মতামত দাও। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। অন্যতম ভাষাসৈনিক আব্দুল মতিন বাংলা ভাষার সর্বজনীন ব্যবহার ও প্রতিষ্ঠার ক্ষেত্রে ব্যর্থতা সম্পর্কে আজও ক্ষোভ প্রকাশ করেন। তিনি সব শ্রেণি-পেশার মানুষ ও সরকারের কাছে ৫২-র ভাষা আন্দোলনের চেতনা ও লক্ষ বাস্তবায়নের জন্য সনির্বন্ধ অনুরোধ করেন।

(ক) 'নিরঞ্জন' শব্দটির অর্থ কী? ১
(খ) কালজয়ী আদর্শ বলতে কী বোঝ? ২
(গ) অনুচ্ছেদে উল্লিখিত বিষয়ের সঙ্গে 'বঙ্গবাণী' কবিতার বিষয়ের কতটুকু মিল রয়েছে? নির্ণয় করো। ৩
(ঘ) "ভাষা আন্দোলনের চেতনা ও লক্ষ বাস্তবায়নের জন্য সনির্বন্ধ অনুরোধ জানান"– কথাটি 'বঙ্গবাণী' কবিতার আলোকে মূল্যায়ন করো। ৪

৬। এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়ার পর শাওন ভর্তি হতে যায় বরিশাল শহরে। সে ভর্তি হয় শহরের নামকরা কলেজ অমৃত লাল দে কলেজে। প্রথম প্রথম সে শহরের কলেজে ভর্তি হওয়ার আনন্দে মেতে ওঠে। একদিন সে কলেজ থেকে ঘুরতে চলে যায় কীর্তনখোলা নদীর তীরে। সেখানে গিয়ে তার হঠাৎ মনে পড়ে তার শৈশবের নদীঘাটের কথা। এ নদীর সঙ্গে জড়িয়ে আছে তার ছোটোবেলার নানা স্মৃতি।

(ক) মধুসূদন বাংলা কাব্যে কোন ছন্দের প্রবর্তন করেন? ১
(খ) 'কপোতাক্ষ নদ' কবিতায় কয়টি স্তবক আছে? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের শাওনের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার কবির কোন দিকটির সাদৃশ্য আছে– নির্ণয় করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'কপোতাক্ষ নদ' কবিতার খণ্ডচিত্র– উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৭। বন্যাদুর্গত মানুষের জন্য আসা ত্রাণসামগ্রী চেয়ারম্যান সাহেব দুর্গতদের মধ্যে বিতরণ না করে আত্মসাৎ করে ফেলেন। দুর্গত মানুষ তার কাছে এলে তিনি নানা অজুহাত দেখিয়ে তাদের ফিরিয়ে দেন।

(ক) 'লেঠো' শব্দের অর্থ কী? ১
(খ) কবি মানুষকে মহীয়ান বলেছেন কেন? ২
(গ) উদ্দীপকের চেয়ারম্যান সাহেবের সাথে 'মানুষ' কবিতার যে সাদৃশ্য রয়েছে তা নির্ণয় করো। ৩
(ঘ) উদ্দীপকটিতে 'মানুষ' কবিতার সমগ্রভাব প্রকাশিত হয়নি– মূল্যায়ন করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। সন্ত্রাসীদের ধরার জন্য গোয়েন্দা পুলিশের সদস্যদের অনেক রকমের পন্থা অবলম্বন করতে হয়। যেমন মাদক চোরাচালানকারী চক্রের সন্ধান ও তাদের হাতেনাতে ধরতে অনেক সময় তারা মাদকদ্রব্য ক্রেতার ভূমিকায় অভিনয় করেন।

(ক) Novella শব্দের অর্থ কী? ১
(খ) বুধাকে সাহসী বালক বলা হয়েছে কেন? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের সাথে বুধার যেসব কর্মকাণ্ডের সাদৃশ্য পাওয়া যায় তা বর্ণনা করো। ৩
(ঘ) "উদ্দীপকের গোয়েন্দা পুলিশের কর্মকাণ্ড বুধার সমধর্মী কর্মকাণ্ডসমূহের মতোই গুরুত্বপূর্ণ হলেও বুধার কর্মকাণ্ডের তাৎপর্য অনেক বেশি"– মন্তব্যটির যথার্থতা ব্যাখ্যা করো। ৪

৯। সেপ্টেম্বর মাসের গভীর রাত ১৯৭১ সালে। সারাদিন দুর্গম পথ পাড়ি দিয়ে মুক্তিযোদ্ধারা রাতের খাবার খেয়ে নিজ নিজ তাঁবুতে শুয়ে পড়েছে। কোন এক তাঁবু থেকে ভেসে আসছে একটি গান–
"মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি।
মোরা সারা বিশ্বের শান্তি বাঁচাতে আজকে লড়ি।"
গানটি শুনতে জাতির শ্রেষ্ঠ সন্তানেরা বুকের গভীরে দেশপ্রেম ও বিশ্বজনীন কল্যাণের অনুভূতি অনুভব করেছিল।

(ক) মিলিটারির ব্রাশফায়ারে প্রথম নিহত হয় কে? ১
(খ) বুধার চোখ লাল হয়ে যাওয়ার কারণ কী? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিষয়টির প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের মুক্তিযোদ্ধা এবং 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা একই মানসিকতার– বিশ্লেষণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। কুয়াকাটা সমুদ্র সৈকতে শত শত সাদা বক সারাদিনের ক্লান্তি শেষে সন্ধ্যাবেলায় মোসলেম গাজীর আমগাছে আশ্রয় নেয়। কয়েকজন শিকারি একদিন শিকার করতে এলে মোসলেম গাজী বলেন, পাখিগুলো আমার আশ্রয়ে আছে, তোমরা ওদের হত্যা করতে পারবে না। শিকারিরা তাদের কিছু টাকা দিতে চাইলেও তিনি রাজি হলেন না।

(ক) Drama শব্দটি এসেছে কোন শব্দ থেকে? ১
(খ) এক-আধটু ঠাট্টা-মশকরা করতে শুরু করেছে– ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে মোসলেম গাজী 'বহিপীর' নাটকের যে দিকটি তুলে ধরেছেন তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সমগ্র বিষয়বস্তু তুলে ধরতে পারেনি– বিশ্লেষণ করো। ৪

১১। শেফালির বাবা দিনমজুর রিকশাচালক। যৌতুকের টাকার অভাবে শেফালীর বাবা বৃদ্ধ মোড়লের সঙ্গে তার বিয়ে ঠিক করে। শেফালী রাজি না হয়ে কাজের সন্ধানে বেরিয়ে পড়লে সবাই তাকে জোর করে বিয়ে দিতে চায়। সুজয় প্রতিবাদ করে বিয়ে ঠেকায় এবং সে নিজেই যৌতুক ছাড়া শেফালীকে বিয়ে করে।

(ক) ছেড়া তার কত সালে প্রকাশিত হয়? ১
(খ) এক বিবি গেলে আরেক বিবি আনতে পারেন কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের শেফালীর চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ– তা তুলে ধরো। ৩
(ঘ) প্রতিবাদের প্রতীকদের প্রতীক হিসেবে উদ্দীপকের সুজয় ও 'বহিপীর' নাটকের হাশেম আলি অভিন্ন মূল্যায়ন করো। ৪

# 21 মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **বাংলা ভাষায় মৌলিক ধ্বনি কতটি?**
ক ৭টি খ ৩০টি গ ৩৭টি ঘ ৩৯টি

২। **যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে বক্তব্য জোরালো করে তাকে কী বলে?**
ক বিভক্তি খ প্রত্যয়
গ উপসর্গ ঘ বলক

৩। **'ভিন্ন' অর্থ প্রকাশ করছে কোন উপসর্গযুক্ত শব্দটি?**
ক অবোধ খ নিখাদ গ বিভুঁই ঘ হাভাত

৪। **মুখবিবরের কোন অংশকে ছাদ বলে?**
ক মূর্ধা খ জিভ গ দাঁত ঘ তালু

৫। **বাংলাদেশের মধ্য ও দক্ষিণ অঞ্চলে কোন উপভাষার ব্যবহার পাওয়া যায়?**
ক বরেন্দ্রি খ বাঙালি
গ পূর্বি ঘ কামরূপি

৬। **কোনগুলো ঘোষ ব্যঞ্জন?**
ক শ, ক খ ল, ড গ স, ট ঘ ত, হ

৭। **'আ' বর্ণের স্বাভাবিক উচ্চারণের উদাহরণ?**
ক রাত খ জ্ঞান গ ব্যথা ঘ অধ্যায়

৮। **'নিন্দা' অর্থে কোন শব্দটি ব্যবহার হয়েছে?**
ক কানাই খ জেঠামি
গ ইতরামি ঘ গেঁয়ো

৯। **নিচের কোনটি রূপক কর্মধারয় সমাসের উদাহরণ?**
ক রাজপথ খ সেতার
গ মনমাঝি ঘ বিজয়-পতাকা

১০। **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধির উদাহরণ কোনটি?**
ক তপোবন খ গবাক্ষ
গ সঞ্চয় ঘ বৃহস্পতি

১১। **ধ্বন্যাত্মক দ্বিত্ব কোনটি?**
ক অঙ্ক-টঙ্ক খ ঝমঝম
গ গরমগরম ঘ ঝাঁকে ঝাঁকে

১২। **পারস্পরিক সর্বনামের উদাহরণ কোনটি?**
ক নিজেরা নিজেরা খ সকলে
গ যারা-তারা ঘ এই, এরা

১৩। **"বাঃ কখনো বা দেখা হবে"— বাক্যটিতে কোন ধরনের ক্রিয়াবিশেষণ ব্যবহৃত হয়েছে?**
ক ধরনবাচক খ নেতিবাচক
গ কালবাচক ঘ পদানুবাচক

১৪। **ক্রিয়াজাত অনুসর্গের প্রয়োগ ঘটেছে কোনটিতে?**
ক বহুদিন ধরে অপেক্ষা করে আছি।
খ এমন কাজ তোমার দ্বারা হবে না।
গ কার কাছে গেলে জানা যাবে?
ঘ মাথার উপরে নীল আকাশ।

১৫। **ক্রিয়াবিশেষ্য কোনটি?**
ক শয়ন খ ধৈর্য গ মিছিল ঘ সাগর

১৬। **'গান করা'– গঠন বিবেচনায় কোন প্রকার ক্রিয়ার উদাহরণ?**
ক সরল খ সংযোগ
গ প্রযোজক ঘ যৌগিক

১৭। **"চা না-হয় কফি খান"– বাক্যটি কোন যোজক নির্দেশ করেছে?**
ক সাধারণ খ বিকল্প গ বিরোধ ঘ সাপেক্ষ

১৮। **নিচের কোনটি করুণা আবেগ?**
ক বেশ তবে যাওয়াই যাক।
খ আহ, কী চমৎকার দৃশ্য।
গ আহা! বেচারার এত কষ্ট।
ঘ যাকগে, ওসব কথা থাক।

১৯। **বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে বলে—**
ক উদ্দেশ্য খ কর্ম
গ পূরক ঘ প্রসারক

২০। **নিচের কোনটি সরল বাক্য?**
ক দোষ করেছ; অতএব শাস্তি পাবে।
খ লোকটি অশিক্ষিত হলেও অভদ্র নয়।
গ বিপদ ও দুঃখ একসঙ্গে আসে।
ঘ তুমি চেষ্টা করোনি তাই ব্যর্থ হয়েছ।

২১। **"রাজীব বাংলা ব্যাকরণে ভালো"– এই বাক্যে কোন কারক?**
ক কর্ম খ করণ
গ অপাদান ঘ অধিকরণ

২২। **নিচের কোনটি কর্মবাচ্যের উদাহরণ?**
ক এবার বাঁশিটি বাজাও
খ আমার যাওয়া হলো না
গ চিঠিটা পড়া হয়েছে
ঘ শরতে শিউলি ফোটে

২৩। **"মণিকাঞ্চন যোগ" এর সমার্থক বাগধারা কোনটি?**
ক দুধের মাছি খ সোনায় সোহাগা
গ আকাশ কুসুম ঘ উনিশ-বিশ

২৪। **'পারাবত' কোন শব্দের প্রতিশব্দ?**
ক পাথর খ সমুদ্র
গ কবুতর ঘ মেঘ

২৫। **'তিরস্কার' এর বিপরীত শব্দ কোনটি?**
ক আবিষ্কার খ পরিষ্কার
গ পুরস্কার ঘ অনাচার

২৬। **'শরণ' শব্দের অর্থ কী?**
ক স্মরণ খ স্মৃতি
গ মনে করা ঘ আশ্রয়

২৭। **নিচের কোনটি সাধারণ পূরণবাচকের নারীবাচক রূপ?**
ক দোসরা খ আটাশে গ প্রথমা ঘ চৌথা

২৮। **বিশেষ্য ও বিশেষণ শব্দের সঙ্গে কোন নির্দেশক বসে?**
ক টা, টি খ টুকু গ জন ঘ খানা, খানি

২৯। **বাক্যের মধ্যকার একাধিক পদকে সংযুক্ত করতে ব্যবহৃত হয় কোনটি?**
ক কমা খ সেমিকোলন
গ হাইফেন ঘ ড্যাশ

৩০। **বাক্যের মধ্যে অন্য শব্দের সাথে সম্পর্ক বোঝাতে কোন কোন পদের সঙ্গে অর্থহীন কিছু লগ্নক যুক্ত হয়?**
ক অব্যয়, ক্রিয়া খ বিশেষ্য, সর্বনাম
গ বিশেষণ, ক্রিয়া ঘ সর্বনাম, অব্যয়

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) জাদুঘর;
(খ) বৈশাখি মেলা।

২। (ক) মনে করো তুমি সাজিদ, খুলনার বাসিন্দা। স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখো। ১০

অথবা, (খ) মনে করো, তুমি জিহান। কুমিল্লা জিলা স্কুলের একজন শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় উপলক্ষ্যে একটি মানপত্র রচনা করো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০

অভ্যাস ভয়ানক জিনিস — একে হঠাৎ স্বভাব থেকে তুলে ফেলা কঠিন, মানুষ হবার সাধনাতেও তোমাকে ধীর ও সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক করো সপ্তাহে অন্তত একদিন তুমি মিথ্যা বলবে না। ছয় মাস ধরে এমনি করে নিজে সত্য কথা বলতে অভ্যাস করো। তারপর এক শুভদিনে আর একবার প্রতিজ্ঞা করো, সপ্তাহে তুমি দুই দিন মিথ্যা বলবে না। এক বছর পরে দেখবে সত্য কথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে তখন ইচ্ছা করলেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাৎ জয়ী হতে কখনও ইচ্ছা করো না। তাহলে সব পণ্ড হবে।

অথবা, (খ) **সারমর্ম লেখো :**

ওরে নবীন, ওরে আমার কাঁচা
ওরে সবুজ, ওরে অবুঝ
আধমরাদের ঘা মেরে তুই বাঁচা।
রক্ত আলোর মদে মাতাল ভোরে
আজকে যে যা বলে বলুক তোরে,
সকল তর্ক হেলায় তুচ্ছ করে
পুচ্ছটি তোর উচ্চে তুলে নাচা।
আয় দুরন্ত, আয়রে আমার কাঁচা।

৪। **যে-কোনো একটির ভাব-সম্প্রসারণ করো :** ১০
(ক) বিদ্যার সঙ্গে সম্পর্কহীন জীবন অন্ধ এবং জীবনের সঙ্গে সম্পর্কহীন বিদ্যা পঙ্গু।

অথবা, (খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

৫। (ক) মনে করো, তুমি আরাফ। 'দৈনিক কালের কণ্ঠ' পত্রিকার রংপুর জেলার একজন প্রতিনিধি। এলাকার সড়কের দুরবস্থা সংক্রান্ত একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো। ১০

অথবা, (খ) মনে করো, তুমি রিমন। 'দৈনিক পূর্বাকাশ' পত্রিকার কুড়িগ্রাম জেলা প্রতিনিধি। তোমার জেলার লালপুর উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপন সংক্রান্ত একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) সময়ানুবর্তিতা;
(খ) কৃষিকাজে বিজ্ঞান;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।

22

# মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো ।]

১। বর্তমানে পৃথিবীতে কত কোটি লোকের ভাষা বাংলা?
ক প্রায় বিশ খ প্রায় পঁচিশ
গ প্রায় ত্রিশ ঘ প্রায় পঞ্চাশ

২। মুখবিবরের ছাদকে বলা হয়—
ক মূর্ধা খ তালু
গ আলজিভ ঘ দন্তমূল

৩। কোনটি পার্শ্বিক ব্যঞ্জন ধ্বনি?
ক ল খ র গ ম ঘ শ

৪। যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে বক্তব্য জোরালো করে তাকে কী বলে?
ক বিভক্তি খ নির্দেশক
গ বচন ঘ বলক

৫। 'দর্শনীয়' শব্দের সঠিক শব্দ গঠন কোনটি?
ক দর্‌ + শনীয় খ দৃশ্য + নীয়
গ দৃশ + অনীয় ঘ দৃষ্টি + য়

৬। কোন শব্দে প্রত্যয় 'অবজ্ঞার্থে' ব্যবহৃত হয়েছে?
ক নিমাই খ চোরা
গ কানাই ঘ টেকো

৭। 'পদ্ম আঁখি' কোন কর্মধারয় সমাসের উদাহরণ?
ক মধ্যপদলোপী খ উপমান
গ উপমিত ঘ রূপক

৮। নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?
ক নায়ক খ শুভেচ্ছা
গ হিংসুক ঘ একাদশ

৯। কোন শব্দদ্বিত্ব ধ্বনাত্মক?
ক ঝমঝম খ ঘোরাঘুরি
গ গুটিগুটি ঘ গরম গরম

১০। নিচের কোন নারীবাচক শব্দের সঙ্গে নরবাচক শব্দের গঠনগত মিল নেই?
ক ভাইঝি খ ছেলে বউ
গ বেগম ঘ শ্রীমতী

১১। নিচের কোনটি হিন্দি শব্দ?
ক আনারস খ চাকু গ দোকান ঘ ধোলাই

১২। নিচের কোনটি কালনাম শ্রেণির নাম-বিশেষ্য?
ক হিমালয় খ রমজান
গ লতা ঘ পবন

১৩। সাপেক্ষ সর্বনামের উদাহরণ কোনটি?
ক এই খ পরস্পর
গ যে-সে ঘ অন্য

১৪। নিচের কোনটি যৌগিক ক্রিয়ার উদাহরণ?
ক বুঝে নেওয়া খ মার খাওয়া
গ লজ্জা পাওয়া ঘ মন দেওয়া

১৫। "তাকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না ।"– বাক্যটিতে কোন ধরনের ক্রিয়াবিশেষণ ব্যবহৃত হয়েছে?
ক ধরনবাচক খ কালবাচক
গ স্থানবাচক ঘ পদানু

১৬। নিচের কোনটিতে ক্রিয়াজাত অনুসর্গের প্রয়োগ ঘটেছে?
ক মাথার উপরে নীল আকাশ
খ আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা
গ এমন কাজ তোমার দ্বারা হবে না
ঘ ভালো করে খেয়ে নাও

১৭। "যত পড়েছি, ততই নতুন করে জানছি ।"– বাক্যটি কোন যোজক নির্দেশ করেছে?
ক সাধারণ যোজক খ সাপেক্ষ যোজক
গ কারণ যোজক ঘ বিকল্প যোজক

১৮। নিচের কোনটি সঠিক?
ক বেশ– সিদ্ধান্ত আবেগ
খ আহ– করুণা আবেগ
গ হায় হায়– বিস্ময় আবেগ
ঘ যাকগে– আতঙ্ক আবেগ

১৯। নিচের কোন বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে?
ক ছাত্ররা এসে জড়ো হয়েছে
খ এ নিয়ে আমাদের বলার কিছু নেই
গ বাজারে লোক কম
ঘ হাজার হাজার কৃষক ফুলের চাষ করেন

২০। বাক্যে গৌণকর্মের সঙ্গে কোন বিভক্তির প্রয়োগ হয়?
ক -র খ -এ গ -তে ঘ -কে

২১। নিচের কোন বাক্যে ঘটনা ভবিষ্যতের কিন্তু ক্রিয়ার কাল বর্তমান কালের?
ক তোমরা হয়ত ছয় দফার কথা শুনে থাকবে
খ সবাই যেন সভায় হাজির থাকে
গ যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম
ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৯১ সালে মৃত্যুবরণ করেন

২২। বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকা না থাকা বিবেচনায় বাক্যকে কত ভাগে ভাগ করা যায়?
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

২৩। "পোকায় খাওয়া কাঠ দিয়ে আসবাব বানানো ঠিক নয় ।"– এখানে নিম্নরেখ শব্দগুচ্ছ কোন ধরনের বর্গ?
ক বিশেষ্য বর্গ খ ক্রিয়াবর্গ
গ বিশেষণ বর্গ ঘ ক্রিয়াবিশেষণ বর্গ

২৪। জটিল বাক্যের উদাহরণ কোনটি?
ক পাখিগুলো আকাশে উড়ছে
খ আমরা তিনভাই এবং দুই বোন
গ বিপদ ও দুঃখ একসঙ্গে আসে
ঘ যেসব লোক দুর্জন, তারাই পরিত্যাজ্য

২৫। "জমি থেকে ফসল পাই ।" – বাক্যটিতে 'জমি থেকে' কোন কারক?
ক কর্ম খ করণ
গ অপাদান ঘ অধিকরণ

২৬। বাক্যের মধ্যে কীসের ভূমিকা বদলে গিয়ে একই বাক্যের প্রকাশভঙ্গি আলাদা হয়?
ক যোজক খ অনুসর্গ
গ আবেগ ঘ ক্রিয়া

২৭। অর্থের সংগতি রাখার জন্য উক্তি পরিবর্তনের সময়ে কোন পদের পরিবর্তন প্রয়োজন হয়?
ক সর্বনাম খ বিশেষ্য
গ বিশেষণ ঘ অনুসর্গ

২৮। 'গবাক্ষ' শব্দের দ্বারা জানালা বোঝালে অর্থের কী ধরনের পরিবর্তন হয়?
ক অর্থপ্রসার খ অর্থসংকোচ
গ অর্থবদল ঘ অর্থের উন্নতি

২৯। নিচের কোন অর্থটি 'কৈ মাছের প্রাণ' বাগধারার সঠিক অর্থ প্রকাশ করে?
ক ছোটো মন খ খুব চালাক
গ চাটুকার ঘ যা সহজে মরে না

৩০। 'অশক্ত' ও 'অসক্ত' শব্দজোড়ের অর্থ যথাক্রমে—
ক অন্যায় ও কথিত
খ অক্ষম ও নির্লিপ্ত
গ কীর্তি ও মনোযোগ
ঘ অনবরত ও সুন্দর

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয় । একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০
(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(খ) জলবায়ুর পরিবর্তন ।

২। (ক) সড়ক দুর্ঘটনার কথা জানিয়ে এর প্রতিকারের জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের নিমিত্তে একটি চিঠি লেখো । ১০

অথবা, (খ) মনে করো, তুমি সুমনা । ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে পত্র লেখো ।

৩। (ক) সারাংশ লেখো : ১০

বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ, সে বিষয়ে কোনো সন্দেহ নেই । কিন্তু চরিত্র তদপেক্ষাও অধিকতর মূল্যবান । অতএব, কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না । চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভান্ডার পূর্ণ করিয়াও থাকে তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয় । প্রবাদ আছে যে, কোনো কোনো বিষধর সর্পের মস্তকে মণি থাকে । মণি মহামূল্যবান পদার্থ বটে, কিন্তু তাই বলিয়া যেমন মণি লাভের নিমিত্ত বিষধর সর্পের সাহচর্য লাভ করা বুদ্ধিমানের কার্য নহে, সেইরূপ বিদ্যা আদরণীয় হইলেও বিদ্যালাভের নিমিত্ত বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নহে ।

অথবা, (খ) সারমর্ম লেখো :

বসুমতী, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা ।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস–
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,
আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,
তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে ।

৪। যে-কোনো একটির ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে,
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে ।
যে জাতি জীবনহারা অচল অসাড়,
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার ।

অথবা, (খ) ভোগে নয়, ত্যাগেই মনুষ্যত্বের বিকাশ ।

৫। (ক) 'পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য বৃক্ষরোপণ'– এ শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো । ১০

অথবা, (খ) তোমার এলাকায় ডেঙ্গুজ্বরের প্রকোপ ও প্রতিরোধে করণীয় সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো ।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০
(ক) কৃষিকাজে বিজ্ঞান;
(খ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ;
(গ) মাদকাসক্তি ও এর প্রতিকার ।

# 23 বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো ।]

১। **অনুবর্ণের মূল রূপের নাম কী?**
ⓚ অঘোষবর্ণ ⓚ হলন্তবর্ণ ⓖ ব্যঞ্জনবর্ণ ⓖ ঘোষবর্ণ

২। **জিভের সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী কোনটি পশ্চাৎ স্বরধ্বনি?**
ক অ খ অ্যা গ ই ঘ ঈ

৩। **'পাবক' শব্দের প্রতিশব্দ কী?**
ক আগুন খ পানি গ পর্বত ঘ বাতাস

৪। **বক্তার কথা উপস্থাপনের ধরনকে কী বলে?**
ক বচন খ কথা গ বাচ্য ঘ উক্তি

৫। **'টাকমাথা' শব্দটির ব্যাসবাক্য কোনটি?**
ক টাক ও মাথা খ টাক যে মাথা গ মাথা যে টাক ঘ টাকের ন্যায় মাথা

৬। **দ্বিস্বরধ্বনি কয়টি?**
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

৭। **বৃহৎ অর্থে প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?**
ক ঢাকাই খ বাঘা গ ডিঙা ঘ ঢেপসা

৮। **আরক্ত শব্দে 'আ' উপসর্গটি কোন অর্থে ব্যবহার করা হয়েছে?**
ক অপূর্ণ খ ঈষৎ গ অভাব ঘ বিপরীত

৯। **নিচের কোনটি কৃদন্ত শব্দের উদাহরণ?**
ক কর্তব্য খ চাকতি গ মধুর ঘ চতুর্থ

১০। **নিচের কোনটি ব্যতিক্রম?**
ক ই + অন্য খ পো + অন গ গো + অক্ষ ঘ তনু + ঈ

১১। **নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?**
ক ধানখেত খ গ্রামছাড়া গ গাছপাকা ঘ গরুর গাড়ি

১২। **উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?**
ক চন্দ্রমুখ খ অরুণরাঙা গ কাজলকালো ঘ তুষারশুভ্র

১৩। **বিভক্তিযুক্ত পুনরাবৃত্ত দ্বিত্ব শব্দ কোনটি?**
ক কত কত খ ভালো ভালো গ কথায় কথায় ঘ হায় হায়

১৪। **সাধারণ অর্থে নারীবাচক শব্দ কোনটি?**
ক মানবী খ কোকিলা গ কুমারী ঘ কিশোরী

১৫। **"উড়নচণ্ডী' বাগধারার অর্থ—**
ক উচ্ছৃঙ্খল খ বেহিসেবি গ নির্বোধ ঘ গোঁয়ার

১৬। **পূরণবাচক সংখ্যার উদাহরণ কোনটি?**
ক পাঁচ খ তেরোই গ পনেরো ঘ ১৭

১৭। **'জাকাত' কোন ভাষার শব্দ?**
ক আরবি খ ফারসি গ হিন্দি ঘ তুর্কি

১৮। **নিচের কোনটি ক্রিয়াবিশেষ্য?**
ক ভোজন খ ধৈর্য গ মিছিল ঘ দয়া

১৯। **"আকাশে বিদ্যুৎ চমকায়।" এ বাক্যে কোন ধরনের ক্রিয়া ব্যবহৃত হয়েছে?**
ক সরল ক্রিয়া খ প্রযোজক ক্রিয়া গ যৌগিক ক্রিয়া ঘ নাম ক্রিয়া

২০। **'সঞ্চয়' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক লাভ খ লোকসান গ ব্যয় ঘ অপচয়

২১। **"মিছিলটি সামনে এগিয়ে যায়।" এখানে 'সামনে' কোন ধরনের ক্রিয়াবিশেষণ?**
ক নেতিবাচক খ কালবাচক গ ধরনবাচক ঘ স্থানবাচক

২২। **"সে কাজ ছাড়া কিছুই বোঝে না।" এই বাক্যে অনুসর্গ হচ্ছে—**
ক কাজ খ ছাড়া গ কিছু ঘ বোঝে

২৩। **"সারারাত বৃষ্টি হয়েছে।" এখানে 'সারারাত' কোন বিভক্তি?**
ক শূন্য খ ৭মী গ ৩য়া ঘ ৫মী

২৪। **"তাকে আসতে বললাম, তবু এলো না।" বাক্যটি কোন যোজক নির্দেশ করেছে?**
ক সাধারণ খ বিকল্প গ বিরোধ ঘ সাপেক্ষ

২৫। **অলংকার আবেগের উদাহরণ কোনটি?**
ক আহা! খ হায় হায়! গ ওগো ঘ যাকগে

২৬। **মানী পক্ষের বহুবচন করার সময় নিচের কোন লগ্নক ব্যবহার করা হয়?**
ক সব, আবলি, মালা খ রা, এরা, গুলি গ সমূহ, গুলো, মণ্ডলী ঘ গণ, বৃন্দ, বর্গ

২৭। **"আমার মা চাকরি করেন।" এটি কোন ধরনের বাক্য?**
ক সক্রিয় বাক্য খ অক্রিয় বাক্য গ জটিল বাক্য ঘ যৌগিক বাক্য

২৮। **"অস্ত্রসহ সেনাদল এগিয়ে চলছে।" বাক্যটিতে কোন বর্গ বিদ্যমান?**
ক বিশেষ্য বর্গ খ বিশেষণ বর্গ গ ক্রিয়া বর্গ ঘ ক্রিয়াবিশেষণ বর্গ

২৯। **"চাষিরা ধারালো কাস্তে দিয়ে ধান কাটছে।" বাক্যটিতে 'ধারালো কাস্তে দিয়ে' কোন কারক?**
ক কর্মকারক খ করণ কারক গ অপাদান কারক ঘ অধিকরণ কারক

৩০। **যে বাক্যে ক্রিয়াবিশেষ্য ক্রিয়াকে নিয়ন্ত্রণ করে, তাকে কী বলে?**
ক কর্তাবাচ্য খ কর্মবাচ্য গ ভাববাচ্য ঘ শব্দদ্বিত্ব

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) বইমেলা;
(খ) মোবাইল ফোন।

২। (ক) মনে করো, তুমি দীপক/দীপা। একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার সিলেটের বন্ধুর কাছে একটি পত্র লেখো। ১০

অথবা, (খ) মনে করো, তুমি রাতুল/রীমা। পাঠাগার স্থাপনের জন্য চেয়ারম্যানের কাছে একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০
অভাব আছে বলিয়া জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব-সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব পূরণে এত উদ্যম, এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থাণু-স্থবির হইত, মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মানুষ সেবা করিবার সুযোগ পাইয়াছে। সেবা মানবজীবনের পরম ধর্ম। সুতরাং, অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এই সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা, (খ) **সারমর্ম লেখো :**

বসুমতী, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস–
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,
আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,
তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।

৪। (ক) প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না। ১০

অথবা, (খ) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

৫। (ক) মনে করো, তুমি রেহান/রোজা। তুমি জাতীয় দৈনিক পত্রিকার একজন স্থানীয় প্রতিনিধি। তোমার এলাকার 'সড়কের দুরবস্থা' শিরোনামে যে-কোনো জাতীয় পত্রিকায় প্রকাশ উপযোগী সংক্রান্ত একটি প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা, (খ) মনে করো, তুমি সাজু/সৃজিতা। তুমি ফরিদপুর জিলা স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিত 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপন সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করো।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) কৃষিকাজে বিজ্ঞান;
(খ) সময়ানুবর্তিতা;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।

24

# সেন্ট গ্রেগরী হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো ।]

১। **ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম কী?**
ⓚ কারবর্ণ ⓚ অনুবর্ণ
ⓖ যুক্তবর্ণ ⓖ সংখ্যাবর্ণ

২। **উচ্চ-মধ্য সম্মুখ স্বরধ্বনি কোনটি?**
ⓚ এ ⓚ উ ⓖ ও ⓖ অ

৩। **দন্তমূলীয় ব্যঞ্জনের গৌণ বাক্‌প্রত্যঙ্গ কোনটি?**
ⓚ জিভের ডগা ⓚ উপরের পাটির দাঁত
ⓖ দন্তমূল ⓖ শক্ততালু

৪। **ভরজোয়ার শব্দে উপসর্গটি কোন অর্থের দ্যোতনা তৈরি করেছে?**
ⓚ সম্পূর্ণ ⓚ বিশেষ
ⓖ চূড়ান্ত ⓖ চমৎকার

৫। **নেয়ে শব্দে কোন অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে?**
ⓚ রোগগ্রস্ত ⓚ পেশা
ⓖ নৈপুণ্য ⓖ মালিক

৬। **কনকচাঁপা কোন সমাসের উদাহরণ?**
ⓚ তৎপুরুষ ⓚ কর্মধারয়
ⓖ দ্বন্দ্ব ⓖ বহুব্রীহি

৭। **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধির উদাহরণ?**
ⓚ কুলটা ⓚ গবাক্ষ
ⓖ একাদশ ⓖ সন্তাপ

৮। **নিচের কোন শব্দকে ইনি প্রত্যয়যোগে নারীবাচক শব্দে পরিণত করা যায়?**
ⓚ তেজস্বী ⓚ বাঘ ⓖ পাগল ⓖ জেলে

৯। **বালতি কোন ভাষার শব্দ?**
ⓚ পর্তুগিজ ⓚ ফারসি
ⓖ তুর্কি ⓖ হিন্দি

১০। **যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয়, সেগুলোকে কী বলে?**
ⓚ বিভক্তি ⓚ নির্দেশক
ⓖ প্রত্যয় ⓖ বলক

১১। **আট টাকা– এখানে আট কোন ধরনের বিশেষণ?**
ⓚ গুণবাচক ⓚ পরিমাণবাচক
ⓖ ক্রমবাচক ⓖ পূরণবাচক বিশেষণ

১২। **মিছিলটি সামনে এগিয়ে যায়–এখানে সামনে কোন ধরনের ক্রিয়াবিশেষণ?**
ⓚ ধরনবাচক ⓚ কালবাচক
ⓖ স্থানবাচক ⓖ পদাণু

১৩। **লাল বা নীল কলমটা আনো–এখানে কোন ধরনের যোজক রয়েছে?**
ⓚ বিকল্প যোজক ⓚ বিরোধ যোজক
ⓖ কারণ যোজক ⓖ সাধারণ যোজক

১৪। **দূর! একথা কি বলতে আছে? এখানে কোন ধরনের আবেগ ব্যবহৃত হয়েছে?**
ⓚ করুণা আবেগ ⓚ অলংকার আবেগ
ⓖ বিস্ময় আবেগ ⓖ সম্বোধন আবেগ

১৫। **কিছুটা বা সামান্য অংশ বা অল্প পরিমাণ বোঝাতে কোন নির্দেশক ব্যবহৃত হয়?**
ⓚ -টুক ⓚ -টুকি ⓖ -তা ⓖ তে

১৬। **আবলি লগ্নক যোগে বহুবচনের সঠিক উদাহরণ কোনটি?**
ⓚ নিয়মাবলি ⓚ শিক্ষকাবলি
ⓖ পর্বতাবলি ⓖ সদস্যাবলি

১৭। **যেসব শব্দের শেষে কারচিহ্ন নেই, সেসব শব্দের সঙ্গে কোন বিভক্তি যুক্ত হয়?**
ⓚ -ই ⓚ -রে ⓖ -য়ে ⓖ -এ

১৮। **পুরাঘটিত অতীত কালে সাধারণ ক্রিয়ার সঙ্গে তুমি পক্ষে কোন ক্রিয়াবিভক্তি যুক্ত হয়?**
ⓚ ইয়েছিল ⓚ ইয়েছিলে
ⓖ এছিলি ⓖ এছিলে

১৯। **নিচের কোন বাক্যের ঘটনা ভবিষ্যতের, কিন্তু ক্রিয়ার কাল বর্তমান কালের?**
ⓚ সবাই যেন সভায় হাজির থাকে
ⓚ শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল
ⓖ গত বছর তিনি একুশে পদক পান
ⓖ যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম

২০। **ক্রিয়াবিশেষণ বর্গ আছে নিচের যে বাক্যে—**
ⓚ সকাল আটটার সময় সে রওনা হলো
ⓚ রহিম ও করিম বৃষ্টিতে ভিজছে
ⓖ পোকায় খাওয়া কাঠ দিয়ে আসবাব বানানো ঠিক নয়
ⓖ আমার ভাই পড়তে বসেছে

২১। **লোকটি অশিক্ষিত কিন্তু অভদ্র নয়– এটির সরল বাক্য কী হবে?**
ⓚ যদিও লোকটি অশিক্ষিত, তবুও অভদ্র নয়
ⓚ লোকটি অশিক্ষিত, অথচ অভদ্র নয়
ⓖ লোকটি অশিক্ষিত হলেও অভদ্র নয়
ⓖ লোকটি অশিক্ষিত, অথচ ভদ্র

২২। **যাঁরা দেশের জন্য প্রাণ দিয়েছে, তাঁদের ঋণ আমরা শোধ করতে পারব না– এখানে ঋণ কী?**
ⓚ উদ্দেশ্য ⓚ উদ্দেশ্যের প্রসারক
ⓖ বিধেয়ের পূরক ⓖ বিধেয়

২৩। **সম্বন্ধ কারকের উদাহরণ কোনটি?**
ⓚ ফুলের গন্ধে ঘুম আসে না ।
ⓚ বাবা বাড়িতে আছেন ।
ⓖ কাপটা উঁচু টেবিল থেকে পড়ে গেল ।
ⓖ অসহায়কে সাহায্য করো ।

২৪। **ওখানে কেন গেলে– এ বাক্যটি ভাববাচ্যে কী হবে?**
ⓚ ওখানে কেন গিয়েছ
ⓚ ওখানে যাবে না কেন
ⓖ ওখানে কেন যাওয়া হলো
ⓖ ওখানে কেন তোমা কর্তৃক যাওয়া হলো

২৫। **লিপি বলল, "আমি এখনই বের হচ্ছি"– এর পরোক্ষ উক্তি কোনটি?**
ⓚ লিপি বলল যে, আমি তখনই বের হচ্ছি
ⓚ লিপি বলল যে, তিনি এখনই বের হচ্ছেন
ⓖ লিপি বলল যে, সে তখনই বের হচ্ছে
ⓖ লিপি বললেন যে, সে তখনই বের হচ্ছে

২৬। **অপরূপ শব্দটি পূর্বে কী অর্থ নির্দেশ করত?**
ⓚ শ্রীহীনতা ⓚ অসাধারণ সুন্দর
ⓖ আনন্দ ⓖ অপূর্ব

২৭। **অত্যন্ত গরিব বোঝাতে কোন বাগ্‌ধারাটি ব্যবহৃত হয়?**
ⓚ কুয়োর ব্যাঙ ⓚ ঠোঁট কাটা
ⓖ ছা-পোষা ⓖ তালপাতার সেপাই

২৮। **ত্বরিত শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ⓚ নিস্তেজ ⓚ শিষ্ট
ⓖ নম্র ⓖ শ্লথ

২৯। **দ্বিরদ কোন শব্দের সমার্থক শব্দ?**
ⓚ যামিনী ⓚ সৌদামিনী
ⓖ অশনি ⓖ হাতি

৩০। **শিল শব্দের অর্থ পাথর হলে শীল শব্দের অর্থ কী?**
ⓚ সৈকত ⓚ দীপ্তি
ⓖ চরিত্র ⓖ সদ্ভাব

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে । একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) বইমেলা;
(খ) খাদ্যে ভেজাল ।

২। **যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ১০
(ক) মনে করো, তোমার নাম শিহাব । একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে বন্ধুর নিকট একটি পত্র লেখো ।
(খ) শিক্ষা সফরের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি পত্র লেখো ।

৩। **যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ১০
**(ক) সারাংশ লেখো :**
অতীতকে ভুলে যাও । অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে । অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝা অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড়ো হয়ে দাঁড়ায় । ভবিষ্যৎকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও । আজই তো ভবিষ্যৎ । ভবিষ্যৎকাল বলে কিছু নেই । মানুষের মুক্তির দিন তো আজই । আজই ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও স্নায়বিক দুর্বলতায় । অতএব, অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও আর শুরু করো দৈনিক জীবন নিয়ে বাঁচতে ।

**(খ) সারমর্ম লেখো :**
দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস ।
সুখের সাথি মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস ।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস ।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় ভেঙে পড়ে,
ঊর্ধ্বে দু-হাত বাড়াস ।

৪। **যে-কোনো একটির ভাব-সম্প্রসারণ করো :** ১০
**(ক)** অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে ।
**(খ)** দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য ।

৫। **যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) মনে করো, তোমার নাম ফারহান । এখন দ্রব্যমূল্য বৃদ্ধির ওপর আলোচনা করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন তৈরি করো ।
(খ) মনে করো, তোমার নাম হৃদয় । তোমার এলাকায় ডেঙ্গুজ্বরের প্রকোপ, কারণ ও প্রতিকার সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো ।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) কৃষিকাজে বিজ্ঞান;
(খ) দেশপ্রেম;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ।

25

# নাছিমা কাদির মোল্লা হাই স্কুল এন্ড হোমস্, নরসিংদী

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো ।]

**১। বিভক্তি কত প্রকার?**
ক ৩ প্রকার খ ৬ প্রকার
গ ৭ প্রকার ঘ ২ প্রকার

**২। লেখার সময়ে কোনো কথা অব্যক্ত রাখতে চাইলে কোন বিরামচিহ্ন ব্যবহার করা হয়?**
ক কোলন খ ত্রিবিন্দু গ বিন্দু ঘ ড্যাশ

**৩। "দৃঢ় সংকল্প" অর্থ কোন বাগ্‌ধারার মধ্যে রয়েছে?**
ক এক কথার মানুষ খ অক্ষরে অক্ষরে
গ আদা জল খেয়ে লাগা ঘ একচোখা

**৪। "দশমী" কী বাচক শব্দ?**
ক ক্রমবাচক খ তারিখ পূরণবাচক
গ সাধারণ পূরণবাচক ঘ ভগ্নাংশ পূরণবাচক

**৫। বিরোধ যোজক আছে কোন বাক্যে?**
ক সংখ্যাটি সতেরো কিংবা আঠারো হবে ।
খ লোকটি শিক্ষিত, তবে সৎ নন ।
গ যখন বৃষ্টি থামল, তখন সবাই রওনা হলাম ।
ঘ দুবার বলেছি, ফলে তৃতীয়বার বলার প্রয়োজন বোধ করিনি ।

**৬। উচ্চারণের দিক দিয়ে নিম্ন-মধ্য পশ্চাৎ স্বরধ্বনি কোনটি?**
ক ও খ অ গ অ্যা ঘ উ

**৭। নিচের কোন শব্দজোড় ফারসি ভাষা হতে আগত?**
ক তোশক, রেস্তোরাঁ খ তারিখ, রোজা
গ খোদা, জাকাত ঘ দোকান, বাকি

**৮। বক্তার কথা উপস্থাপনের ধরনকে কী বলা হয়?**
ক বাচ্য খ কারক গ বাক্য ঘ উক্তি

**৯। বিসর্গসন্ধির নিয়মে কোন বানানটি সঠিক নয়?**
ক পুরস্কার খ ভাস্কর গ নিষ্ফল ঘ দুস্কর

**১০। নিচের কোন বাক্যে বাক্‌ভঙ্গির কারণে অর্থের পরিবর্তন ঘটেছে?**
ক হ্যাঁহ্, সে আমাদের রক্ষাকর্তা বটে!
খ সে আমাদের রক্ষাকর্তা
গ আদর দিয়ে দিয়ে ছেলেটাকে মাথায় তুলেছ!
ঘ সে রাস্তার মাথায় অপেক্ষা করছে

**১১। কোনটি উচ্চারণের প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনের শ্রেণিবিভাগের অন্তর্ভুক্ত নয়?**
ক ঘোষ ব্যঞ্জন খ নাসিক্য ব্যঞ্জন
গ কম্পিত ব্যঞ্জন ঘ উষ্ম ব্যঞ্জন

**১২। সাধু রীতির সর্বনামে কোন বর্ণ যুক্ত হয়?**
ক 'ল'-বর্ণ খ 'হ'-বর্ণ
গ 'খ'-বর্ণ ঘ 'ত'-বর্ণ

**১৩। কোনটি কর্তাবাচ্যের উদাহরণ নয়?**
ক আমাদের কঠোর পরিশ্রম করতে হয় ।
খ বিদ্বানকে সকলেই আদর করে ।
গ শরতে শিউলি ফোটে ।
ঘ ঝরনা ছবি আঁকে ।

**১৪। কোন কারকে ক্রিয়ার সাথে পরোক্ষ সম্পর্ক থাকে?**
ক কর্মকারকে খ করণ কারকে
গ সম্বন্ধ কারকে ঘ কর্তাকারকে

**১৫। "শাস্ত্র" শব্দের সঠিক উচ্চারণ কোনটি?**
ক সাসত্রো খ শাস্‌তোরো
গ সাশত্রো ঘ শাস্‌ত্রো

**১৬। কোনটি স্থানবাচক ক্রিয়াবিশেষণ?**
ক <u>গতকাল</u> তিনি ঘুরে গিয়েছেন ।
খ তিনি <u>এখানে</u> এসেছিলেন ।
গ ছেলেটি <u>দ্রুত</u> দৌড়ায় ।
ঘ <u>যথাসময়ে</u> সে হাজির হয় ।

**১৭। ব্যঞ্জনের সঙ্গে কারবর্ণ বা হস্‌চিহ্ন না থাকলে কোন ধ্বনি আছে বলে ধরে নেওয়া হয়?**
ক [আ] খ [ই] গ [অ্যা] ঘ [অ]

**১৮। 'কিরণ' শব্দের প্রতিশব্দ কোনটি?**
ক প্রভাকর খ কর
গ নিশাকর ঘ রত্নাকর

**১৯। নিজ ভিন্ন অন্য কোনো অনির্দিষ্ট ব্যক্তি বোঝাতে কোন সর্বনাম ব্যবহৃত হয়?**
ক অনির্দিষ্ট খ নির্দিষ্ট
গ অন্যবাচক ঘ সকলবাচক

**২০। 'সুনজর' শব্দটিতে উপসর্গ 'সু' শব্দের কোন ধরনের পরিবর্তন সাধন করেছে?**
ক শব্দের অর্থের সংকোচন
খ শব্দের অর্থের সম্প্রসারণ
গ নতুন অর্থবোধক শব্দ তৈরি
ঘ শব্দের অর্থের পূর্ণতা সাধন

**২১। নিচের কোনটি অলুক বহুব্রীহি সমাসের উদাহরণ?**
ক কানেখাটো খ কানাকানি
গ তেলেভাজা ঘ গোঁফখেজুরে

**২২। শব্দ, বর্গ ও বাক্যের ব্যঞ্জনা নিয়ে ব্যাকরণের কোন অংশে আলোচনা হয়?**
ক অর্থতত্ত্বে খ রূপতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ শব্দতত্ত্বে

**২৩। বাক্যের মধ্যে কর্মের উপস্থিতির ভিত্তিতে ক্রিয়া কত প্রকার?**
ক ৩ প্রকার খ ২ প্রকার
গ ৫ প্রকার ঘ ৪ প্রকার

**২৪। প্রসঙ্গ বিবেচনায় কোন শব্দগুলোর পার্থক্য বোঝা যায়?**
ক প্রতিশব্দ খ সমার্থক শব্দ
গ শব্দজোড় ঘ পারিভাষিক শব্দ

**২৫। যৌগিক বাক্য থেকে কোন বাক্যে রূপান্তরের জন্য সমাপিকা ক্রিয়াকে অসমাপিকা ক্রিয়ায় রূপান্তর করতে হয়?**
ক সরল খ জটিল গ মিশ্র ঘ অনুজ্ঞা

**২৬। বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গে কত কোটি লোক বাংলায় কথা বলে?**
ক ৩০ কোটি খ ১৬ কোটি
গ ২৬ কোটি ঘ ১৩ কোটি

**২৭। নিচের কোনটি প্রযোজক ক্রিয়ার ভাবী অসমাপিকা ক্রিয়াবিভক্তি?**
ক –তে (পড়তে) খ –আতে (পড়াতে)
গ –আনো করানো) ঘ –আলে (পড়ালে)

**২৮। "যাঁরা দেশের জন্য প্রাণ দিয়েছে, তাদের ঋণ আমরা শোধ করতে পারব না"– এখানে 'ঋণ' কী?**
ক উদ্দেশ্যের প্রসারক খ বিধেয়ের প্রসারক
গ বিধেয়ের ক্রিয়া ঘ বিধেয়ের পূরক

**২৯। শিকারি পাখিটাকে এইমাত্র গুলি <u>করল</u> । বাক্যটির–**
ক ঘটনা অতীতের; কিন্তু কাল ভবিষ্যৎ ।
খ ঘটনা সাধারণ বর্তমানের; কিন্তু ক্রিয়ার কাল অতীত ।
গ ঘটনা অতীতের; কিন্তু ক্রিয়ার কাল সাধারণ অতীত ।
ঘ ঘটনা পুরাঘটিত বর্তমানের; কিন্তু ক্রিয়ার কাল অতীত ।

**৩০। নিচের কোনটি কৃৎ প্রত্যয় যোগে গঠিত শব্দ নয়?**
ক খেলনা খ গমন
গ নাগর ঘ হামলা

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হওয়া বাঞ্ছনীয় । একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

**১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো : ১০**
(ক) কম্পিউটার;
(খ) বইমেলা ।

**২। যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো :**
(ক) তোমার এলাকায় সড়ক দুর্ঘটনা প্রতিকারের দাবি জানিয়ে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো । ১০
(খ) মনে করো, তোমার নাম হাবিব/হাবিবা । প্রগতী উচ্চ বিদ্যালয়ে 'গণিত' বিষয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখো ।

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০**
**(ক) সারাংশ লেখো :**
তুমি বসন্তের কোকিল, বেশ লোক । যখন ফুল ফোটে, দক্ষিণ বাতাস বহে, এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া উঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ করো । আবার যখন দারুণ শীতে জীবলোকে থরথরি কম্প লাগে, তখন কোথায় থাক, বাপু! যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক চিল ভিজিয়া গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো কালো দুলালি ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও ।

**(খ) সারমর্ম লেখো :**
ওরে নবীন, ওরে আমার কাঁচা,
ওরে সবুজ, ওরে অবুঝ,
আধমরাদের ঘা মেরে তুই বাঁচা ।
রক্ত আলোর মদে মাতাল ভোরে,
আজকে যে যা বলে বলুক তোরে
সকল তর্ক হেলায় তুচ্ছ করে
পুচ্ছটি তোর উচ্চে তুলে নাচা ।
আয় দুরন্ত, আয় রে আমার কাঁচা ।

**৪। যে-কোনো একটির ভাব-সম্প্রসারণ করো : ১০**
(ক) যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে;
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার ।
(খ) বার্ধক্য তাহাই যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়ে থাকে ।

**৫। যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো : ১০**
(ক) মনে করো, তুমি সাকিব/সাদিকা । তুমি প্রচেষ্টা উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষার্থী । সম্প্রতি তোমার বিদ্যালয়ে 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপিত হয়েছে । এ বিষয়ে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো ।
(খ) মনে করো, তুমি তুবা/মুনিম । তুমি 'দৈনিক কালের কণ্ঠ' পত্রিকার একজন জেলা প্রতিনিধি । তোমার এলাকায় অনুষ্ঠিত সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা বিষয়ক একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো ।

**৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০**
(ক) অদম্য অগ্রযাত্রায় বাংলাদেশ;
(খ) ক্রিকেটে বাংলাদেশ;
(গ) মাদকাসক্তি ও এর প্রতিকার ।

26

# সৃষ্টি একাডেমিক স্কুল, টাঙ্গাইল

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১। উপমহাদেশে ব্রাহ্মী লিপির জন্ম হয় কত বছর আগে?**
ⓚ প্রায় ২০০০ ⓚ প্রায় ২৫০০
ⓖ প্রায় ৩০০০ ⓖ প্রায় ৩৫০০

**২। বাংলা ব্যাকরণ প্রথম প্রকাশিত হয় কত খ্রিষ্টাব্দে?**
(ক) ১৫৫৩ (খ) ১৭৪৩
(গ) ১৭৭৮ (ঘ) ১৯৪৮

**৩। মুখবিবরের ছাদকে বলা হয়?**
(ক) জিভ (খ) তালু
(গ) মূর্ধা (ঘ) ওষ্ঠ

**৪। জ্ঞ যুক্ত বর্ণটি কোন কোন বর্ণ দিয়ে তৈরি?**
(ক) ষ্ + ন (খ) ক্ + ষ
(গ) জ্ + ঞ (ঘ) ঞ্ + জ

**৫। অর্ধ স্বরবর্ণের সংখ্যা কয়টি?**
(ক) ৪টি (খ) ৭টি
(গ) ১০টি (ঘ) ১১টি

**৬। স্পষ্ট ব্যঞ্জনবর্ণ কয়টি?**
(ক) ১১টি (খ) ১৫টি
(গ) ২০টি (ঘ) ৩০টি

**৭। ব-ফলার উচ্চারণ নেই কোন শব্দে?**
(ক) অশ্ব (খ) পক্ব
(গ) বিশ্বাস (ঘ) শ্বশুর

**৮। লগ্নক কয় ধরনের–**
(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৭

**৯। ঈষৎ অর্থ প্রকাশ করছে কোন উপসর্গ যুক্ত শব্দটি?**
(ক) আখাম্বা (খ) উপকূল
(গ) অনভিজ্ঞ (ঘ) আরক্ত

**১০। নিচের কোনটি কৃদন্ত শব্দের উদাহরণ?**
(ক) ভাজি (খ) বিবাহিত
(গ) দৈনিক (ঘ) পাগলামি

**১১। নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাস?**
(ক) গ্রামছাড়া (খ) গাছপাকা
(গ) ধানক্ষেত (ঘ) গরুরগাড়ি

**১২। নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?**
(ক) গায়ক (খ) পিত্রালয়
(গ) শুভেচ্ছা (ঘ) একাদশ

**১৩। নিচের কোনটি হিন্দি নিয়মে তারিখবাচক শব্দ নয়?**
(ক) দোসরা (খ) তেসরা
(গ) ২১শে (ঘ) চৌঠা

**১৪। দারোগা কোন ভাষা থেকে আগত শব্দ?**
(ক) ফরাসি (খ) তুর্কি
(গ) ফারসি (ঘ) বাংলা

**১৫। নিচের কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?**
(ক) ইট (খ) পর্বত
(গ) বাহিনী (ঘ) ধৈর্য

**১৬। সাপেক্ষ সর্বনামপদ নিচের কোনটি?**
(ক) যে-সে (খ) সকলকে
(গ) আপনি (ঘ) কেউ

**১৭। বাক্যের মধ্যে কর্মের উপস্থিতির ভিত্তিতে ক্রিয়া কত প্রকার?**
(ক) তিন (খ) পাঁচ
(গ) সাত (ঘ) দশ

**১৮। আবেগ কত প্রকার?**
(ক) ৫ (খ) ৬
(গ) ৭ (ঘ) ৮

**১৯। 'মানী' লোকের বেলায় বহুবচনে কী লগ্নক ব্যবহৃত হয়?**
(ক) বৃন্দ (খ) মালা
(গ) সব (ঘ) রাজি

**২০। কোন কালে অনুজ্ঞা হয় না?**
(ক) বর্তমান (খ) ভবিষ্যৎ
(গ) অতীত (ঘ) ঘটমান

**২১। 'তার মঙ্গল হোক' এটি কোন বাক্য?**
(ক) বিবৃতিমূলক (খ) প্রশ্নবাচক
(গ) অনুজ্ঞাবাচক (ঘ) আবেগবাচক

**২২। বাংলা বাক্যে উদ্দেশ্য কোথায় বসে?**
(ক) বাক্যের শুরুতে (খ) বাক্যের মাঝে
(গ) বাক্যের শেষে (ঘ) যে কোনো জায়গায়

**২৩। 'তিনি ভাত খেয়ে চেয়ারে বসলেন'– বাক্যে সমাপিকা ক্রিয়া কোনটি?**
(ক) ভাত (খ) খেয়ে
(গ) চেয়ারে (ঘ) বসলেন

**২৪। তিলে তৈল আছে 'তিলে' কোন কারকে কোন বিভক্তি?**
(ক) কর্মে ৭মী (খ) সম্প্রদানে ৭মী
(গ) অধিকরণে ৭মী (ঘ) করণে ৭মী

**২৫। পুলিশ কর্তৃক ডাকাত ধৃত হয়েছে এটি কোন বাচ্য?**
(ক) কর্তাবাচ্য (খ) কর্মবাচ্য
(গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

**২৬। প্রত্যক্ষ উক্তিতে গতকল্য থাকলে পরোক্ষ উক্তিতে কী হয়?**
(ক) আগেরদিন (খ) পূর্বদিন
(গ) বিগতদিন (ঘ) আজ

**২৭। বিরাম চিহ্ন কয়টি?**
(ক) ১০টি (খ) ১১টি
(গ) ১২টি (ঘ) ১৩টি

**২৮। 'দৃঢ় সংকল্প' অর্থ কোন বাগধারার মধ্যে রয়েছে?**
(ক) একচোখা (খ) এককথার মানুষ
(গ) উড়নচণ্ডী (ঘ) হংস মামা

**২৯। 'পৃথিবী' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?**
(ক) অবনি (খ) জননী
(গ) নীর (ঘ) জীবন

**৩০। বিপরীত শব্দ একে অন্যের কী?**
(ক) সমার্থক (খ) পরিপূরক
(গ) ভিন্নার্থক (ঘ) সদার্থক

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডান পাশে প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক এবং উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

**১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
(খ) জাদুঘর

**২। যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো :**
(ক) ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখো।
(খ) সড়ক দুর্ঘটনা প্রতিকারের দাবি জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য উপযোগী একটি পত্র লেখো। ১০

**৩। সারাংশ/সারমর্ম লেখো :**
(ক) সারাংশ লেখো : ১০

তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যখন ফুল ফুটে, দক্ষিণা বাতাস বহে, এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া উঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ করো। আবার যখন দারুণ শীতে জীবলোকে থরহরি কম্প লাগে, তখন কোথায় থাক, বাপু! যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক চিল গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো কালো দুলালী ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।

অথবা, (খ) সারমর্ম লেখো :

কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর!
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায়-গো-লয়,
আত্মগ্লানির নরক-অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরি কুঁড়ে ঘরে।

**৪। যে-কোনো একটির ভাবসম্প্রসারণ লেখো :** ১০
(ক) দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।
(খ) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে বয়সের মধ্যে নয়।

**৫। যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) মনে করো, তুমি দৈনিক প্রথম আলো পত্রিকার একজন নিজস্ব প্রতিবেদক। এলাকার সড়কের বেহাল দশা ও যাত্রীদের দুর্ভোগ শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।
(খ) বিদ্যালয়ে মহান বিজয় দিবস উদ্‌যাপন সম্পর্কিত একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।

**৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) নিয়মানুবর্তিতা;
(খ) কৃষি কাজে বিজ্ঞান;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।

# 27 বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ
## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। সাধারণ বাক্যে প্রধান অংশ কয়টি?
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৪ ⓖ ৫

২। গৌণ কর্মের পর কোন বিভক্তি যুক্ত হয়?
ⓚ -র ⓚ -এ ⓖ -কে ⓖ -তে

৩। অধিকাংশ বাংলা ক্রিয়ার কয়টি রূপ আছে?
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৪ ⓖ ৫

৪। যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে না, সেগুলোকে কী বাক্য বলে?
ⓚ সরল ⓚ জটিল ⓖ সক্রিয় ⓖ অসক্রিয়

৫। মেঘ শব্দকে বহুবচন করতে গেলে কোন লগ্নক ব্যবহার করা হয়?
ⓚ সব ⓚ গুলো ⓖ মালা ⓖ আবলি

৬। বাংলা লিপি কোন লিপির বিবর্তিত রূপ?
ⓚ মৈথিলি ⓚ বোড়ো ⓖ কুটিল ⓖ সংস্কৃত

৭। মুখবিবরের ছাদকে কী বলে?
ⓚ ওষ্ঠ ⓚ তালু
ⓖ আলজিভ ⓖ নাসিকা

৮। কোন কারকে কখনো কখনো এ বিভক্তি যুক্ত হয়?
ⓚ করণ ⓚ অপাদান ⓖ কর্তা ⓖ সম্বন্ধ

৯। গৌড়ীয় ব্যাকরণের রচয়িতা কে?
ⓚ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓚ উইলিয়াম কেরি
ⓖ রামমোহন রায়
ⓖ সুনীতিকুমার চট্টোপাধ্যায়

১০। ঘোড়ার ডিম এর সমার্থক শব্দ কোনটি?
ⓚ গুরুত্বহীন ⓚ গুজব
ⓖ কিছুই না ⓖ চাটুকার

১১। 'পাতি' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়?
ⓚ শূন্য ⓚ ছোটো ⓖ বিপরীত ⓖ নিম্ন

১২। ধাতুর পরে যে সকল প্রত্যয় যুক্ত হয় তাদের কী বলে?
ⓚ কৃৎ প্রত্যয় ⓚ তদ্ধিত প্রত্যয়
ⓖ কৃদন্ত পদ ⓖ তদ্ধিতান্ত পদ

১৩। শব্দদ্বিত্ব কত প্রকার?
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৪ ⓖ ৫

১৪। কোনটি নিত্য নরবাচক শব্দ?
ⓚ কৃতদার ⓚ বাবা ⓖ ছেলে ⓖ নেতা

১৫। ভারতের কোন প্রদেশের অন্যতম দাপ্তরিক ভাষা বাংলা?
ⓚ কেরালা ⓚ ওড়িশা
ⓖ ত্রিপুরা ⓖ হরিয়ানা

১৬। বাংলা ভাষায় প্রচলিত যতিচিহ্ন কতটি?
ⓚ ১০ ⓚ ১১ ⓖ ১২ ⓖ ১৩

১৭। বর্গের নাম হয় ——— অনুযায়ী।
ⓚ পদ ⓚ বাক্য ⓖ ধ্বনি ⓖ বর্ণ

১৮। বাংলা ভাষায় কতটি মৌলিক ধ্বনি রয়েছে?
ⓚ ৩২ ⓚ ৩৫ ⓖ ৩৭ ⓖ ৪২

১৯। বাংলা ভাষায় কোন দুটি দ্বি-স্বরধ্বনির জন্য আলাদা আলাদা বর্ণ নির্ধারিত আছে?
ⓚ ঐ, ঔ ⓚ অ্যাঁ, আঁ
ⓖ সেই, নেই ⓖ নয়, হয়

২০। চালাক ছেলে, ঠান্ডা পানি–কোন শ্রেণির বিশেষণ?
ⓚ গুণবাচক ⓚ ভাববাচক
ⓖ বর্ণবাচক ⓖ বিধেয় বিশেষণ

২১। দেশি শব্দের উদাহরণ কোনটি?
ⓚ টেক্কা ⓚ টোপর ⓖ চাবি ⓖ বাকি

২২। অবস্থা, ঘৃণা, বিরক্তি প্রকাশ করে কোন জাতীয় আবেগ শব্দ?
ⓚ বিস্ময় আবেগ ⓚ করুণা আবেগ
ⓖ আতঙ্ক আবেগ ⓖ বিরক্তি আবেগ

২৩। বিশেষ্য, সর্বনাম ও বিশেষ্যের সাথে কোন নির্দেশক বসে?
ⓚ -টা, টি ⓚ -টুকু
ⓖ -জন ⓖ -টু, -টুকু

২৪। এত পড়লাম কিন্তু পরীক্ষায় ভালো করতে পারলাম না–বাক্যে কোন যোজক নির্দেশ করে?
ⓚ বিকল্প যোজক ⓚ বিরোধ যোজক
ⓖ সাধারণ যোজক ⓖ কারণ যোজক

২৫। নিচের কোনটিতে তালব্য চ-এর প্রভাবে ম-হয়েছে ঞ?
ⓚ সন্তাপ ⓚ সন্ধ্যা ⓖ সঞ্চয় ⓖ সম্মান

২৬। বিভক্তি লোপ পাওয়া তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?
ⓚ হাতঘড়ি ⓚ মামাবাড়ি
ⓖ ঘিভাত ⓖ চিনিপাতা

২৭। কোনটি নয়-ছয় এর অর্থ প্রকাশ করে?
ⓚ শ্রমবিমুখ ⓚ অপব্যবহার
ⓖ অসম্ভব ⓖ শত্রুতা

২৮। বাচ্যার্থে শব্দে কোন ধরনের অর্থ প্রকাশ করে?
ⓚ মুখ্য ⓚ গৌণ
ⓖ প্রত্যক্ষ ⓖ পরোক্ষ

২৯। বাংলা বাক্যে উদ্দেশ্য কোথায় বসে?
ⓚ বাক্যের শেষে ⓚ বাক্যের শুরুতে
ⓖ বাক্যের মাঝে ⓖ বাক্যের শেষে ও শুরুতে

৩০। পরোক্ষ উক্তিতে কর্তা অনুযায়ী — পরিবর্তন করতে হয়।
ⓚ সর্বনামের ⓚ ক্রিয়াপদের
ⓖ কালবাচক ⓖ ক্রিয়ার কালের

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০
(ক) সুন্দরবন;
(খ) বিশ্ববিদ্যালয়।

২। যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো :
(ক) মনে করো তোমার নাম আনাবিয়া, তুমি ঢাকায় থাক। তোমার জীবনের লক্ষ্য জানিয়ে মার নিকট পত্র লেখো। ১০
(খ) বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ বিতরণ ও পুনর্বাসন কাজে অংশগ্রহণের অনুমতি চেয়ে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট আবেদনপত্র লেখো।

৩। যে-কোনো একটির ভাব-সম্প্রসারণ করো : ১০
(ক) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।
(খ) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়;
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।

৪। (ক) সারাংশ লেখো : ১০
মাতৃস্নেহের তুলনা নাই; কিন্তু অতি স্নেহ অনেক সময় অমঙ্গল আনয়ন করে। যে স্নেহের উত্তাপে সন্তানের পরিপুষ্টি, তাহারই আধিক্যে সে অসহায় হইয়া পড়ে। মাতৃস্নেহের মমতার প্রাবল্যে মানুষ আপনাকে হারাইয়া আসল শক্তির মর্যাদা বুঝিতে পারে না। নিয়ত মাতৃস্নেহের অন্তরালে অবস্থান করিয়া আত্মশক্তির সন্ধান সে পায় না। দুর্বল, অসহায় পক্ষীশাবকের মতো চিরদিন স্নেহাতিশয্যে আপনাকে সে একান্ত নির্ভরশীল মনে করে। ক্রমে জননীর পরম সম্পদ সন্তান অলস, ভীরু, দুর্বল ও পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়। অন্ধ মাতৃস্নেহ সে কথা বোঝে না–দুর্বলের প্রতি সে স্থিরলক্ষ্য, অসহায় সন্তানের প্রতি মমতার অন্ত নাই–অলসকে সে প্রাণপাত করিয়া সেবা করে–ভীরুতার দুর্দশা কল্পনা করিয়া বিপদের আক্রমণ হইতে ভীরুকে রক্ষা করিতে ব্যস্ত হয়।

অথবা, সারমর্ম লেখো :

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথি মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় ভেঙে পড়ে,
ঊর্ধ্বে দু-হাত বাড়াস।

৫। (ক) মনে করো তুমি রুপা, একজন সংবাদ প্রতিবেদক। তোমার এলাকার সড়কের দুর্দশা সংক্রান্ত সংবাদ প্রতিবেদন লেখো। ১০
অথবা, (খ) মনে করো, তুমি আয়েশা। তোমার স্কুলের শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন সম্পর্কিত সংবাদ প্রতিবেদন লেখো।

৬। প্রবন্ধ লেখো (যে-কোনো একটি) : ২০
(ক) সময়ানুবর্তিতা;
(খ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ;
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প।

28

# আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। 'সীমার মাঝে অসীম তুমি।' বাক্যে 'মাঝে' অনুসর্গ কী অর্থ প্রকাশ করে?
ক ব্যাপ্তি খ মধ্যে গ কারণে ঘ নিমিত্ত

২। বিশেষ্য পদ কত প্রকার?
ক চার খ পাঁচ গ ছয় ঘ সাত

৩। 'তার মঙ্গল হোক।' বাক্যে ক্রিয়ার কোন ভাব রয়েছে?
ক অনুজ্ঞা খ আকাঙ্ক্ষা
গ নির্দেশক ঘ সাপেক্ষ

৪। 'চিক চিক করে বালি কোথা নাই কাদা'– এখানে দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
ক বিশেষ্য খ ক্রিয়াবিশেষণ
গ ক্রিয়া ঘ বিশেষণ

৫। 'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গটি কোন ভাষার?
ক বাংলা খ আরবি গ ফারসি ঘ ইংরেজি

৬। রূপক কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?
ক মহানবি খ সাহিত্যসভা
গ মনমাঝি ঘ মহারাজ

৭। বাংলা উপসর্গ মোট কতটি?
ক ১৮ খ ১৯ গ ২০ ঘ ২১

৮। আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে?– এখানে 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি?
ক কর্তৃকারকে ৭মী খ কর্মে ৭মী
গ অপাদানে ৭মী ঘ অধিকরণে ৭মী

৯। 'বিদ্বান সকলের দ্বারা আদৃত হন।' কোন বাচ্যের উদাহরণ?
ক কর্তৃবাচ্য খ কর্মবাচ্য
গ কর্মকর্তৃবাচ্য ঘ ভাববাচ্য

১০। শব্দের মধ্যে দু'টি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে কী বলে?
ক সমীভবন খ ধ্বনি বিপর্যয়
গ অপিনিহিত ঘ বিষমীভবন

১১। নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?
ক নায়ক খ একাদশ
গ হিংসুক ঘ শুভেচ্ছা

১২। প্রযোজক ক্রিয়ার অপর নাম কী?
ক মিশ্রক্রিয়া খ যৌগিক ক্রিয়া
গ নামধাতুর ক্রিয়া ঘ নিজন্ত ক্রিয়া

১৩। আদি স্বরাগম-এর উদাহরণ কোনটি?
ক সত্য > সত্যি খ আজি> আইজ
গ স্কুল > ইস্কুল ঘ রত্ন > রতন

১৪। রাশি রাশি কোন অর্থে ব্যবহৃত হয়?
ক সামান্য খ আধিক্য
গ তীব্রতা ঘ ধারাবাহিকতা

১৫। শরতের পরে আসে বসন্ত– বাক্যটিতে 'পরে' অনুসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক দীর্ঘবিরতি খ স্বল্পবিরতি
গ সহগামিতা ঘ সঙ্গে

১৬। কর্মকর্তৃবাচ্যের উদাহরণ কোনটি?
ক দস্যুদল গৃহটি লুণ্ঠন করেছে
খ তোমাকে হাঁটতে হবে
গ বাঁশি বাজে ঐ মধুর লগনে
ঘ এবার ট্রেনে ওঠা যাক

১৭। হাতাহাতি কোন বহুব্রীহির সমস্তপদ?
ক সমানাধিকরণ খ ব্যাধিকরণ
গ মধ্যপদলোপী ঘ ব্যতিহার

১৮। 'সূর্য' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক নিশাকর খ অবনী গ দিবাকর ঘ বিধু

১৯। নিচের কোন চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয় শব্দেই পাওয়া যায়?
ক আ, অনা, আন, নি খ অঘা, আড়, আব, বি
গ প্র, পরা, বি, সু ঘ আ, সু, বি, নি

২০। যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে, কাকে কোন কোন ধ্বনি বলে?
ক অল্পপ্রাণ খ মহাপ্রাণ
গ ঘোষ ঘ অঘোষ

২১। "মরি মরি! কী প্রভাতের রূপ।"– এখানে অনন্বয়ী অব্যয়ে কী প্রকাশ পেয়েছে?
ক স্বীকৃতি খ সমর্থন গ সম্মতি ঘ উচ্ছ্বাস

২২। মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন– বাক্যে কোন ক্রিয়া রয়েছে?
ক যৌগিক ক্রিয়া খ প্রযোজক ক্রিয়া
গ মিশ্রক্রিয়া ঘ নামধাতুর ক্রিয়া

২৩। 'গোল্লায় যাওয়া' বাগধারাটির অর্থ কী?
ক নষ্ট হওয়া
খ খারাপ কাজে যাওয়া
গ অসৎ কাজ করা
ঘ দোষের কাজ করা

২৪। পরোক্ষ উক্তিতে কোন চিহ্ন লোপ পায়?
ক পূর্ণচ্ছেদ খ কমা
গ উদ্ধরণ চিহ্ন ঘ কোলন

২৫। বাংলা ভাষায় পরাশ্রয়ী বর্ণ কয়টি?
ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬

২৬। 'শ্রবণ' এর সঠিক প্রত্যয় কোনটি?
ক √শ্রী + অন খ √শ্রে + অনট্
গ √শ্রু + অন ঘ √শ্রু + অনট্

২৭। 'নিরন্তরতা' অর্থে যৌগিক ক্রিয়ার ব্যবহার হয়েছে কোনটিতে?
ক সাইরেন বেজে উঠল
খ তিনি বলতে লাগলেন
গ ঘটনাটা শুনে রাখ
ঘ ছেলেমেয়েরা শুয়ে পড়ল

২৮। বাংলা ব্যঞ্জনবর্ণের ফলা কয়টি?
ক ৫টি খ ৬টি গ ৭টি ঘ ৮টি

২৯। বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দকে কী বলে?
ক পদ খ বিভক্তি
গ ক্রিয়া ঘ বাক্য

৩০। 'তিতাস একটি নদীর নাম' বাক্যে 'নদী' কোন প্রকার বিশেষ্য?
ক নামবাচক খ বস্তুবাচক
গ জাতিবাচক ঘ সমষ্টিবাচক

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০
(ক) জন্মদিনের সন্ধ্যা;
(খ) বিশ্ববিদ্যালয়।

২। যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো : ১০
(ক) মনে করো, তুমি মারুফ, রাজশাহীর অধিবাসী। এসএসসি পরীক্ষার পর অবসর দিনগুলো কীভাবে কাটাবে তা জানিয়ে তোমার ঢাকা'র বন্ধু জামিলকে একখানা পত্র লেখো।

অথবা, (খ) মনে করো, তোমার নাম আসিফ। তুমি বরিশাল জিলা স্কুলের শিক্ষার্থী। দরিদ্র তহবিল থেকে আর্থিক সাহায্য মঞ্জুরের জন্য প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০
তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যখন ফুল ফোটে, দক্ষিণ বাতাস বহে, এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া ওঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ করো। আবার যখন দারুণ শীতে জীবলোকে থরথরি কম্প লাগে, তখন কোথায় থাকো, বাপু! যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক চিল ভিজিয়া গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো কালো দুলালি ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের কোকিল, শীত বর্ষায় কেহ নও।

অথবা, (খ) সারমর্ম লেখো :

ওরে নবীন, ওরে আমার কাঁচা,
ওরে সবুজ, ওরে অবুঝ,
আধমরাদের ঘা মেরে তুই বাঁচা।
রক্ত আলোর মদে মাতাল ভোরে
আজকে যে যা বলে বলুক তোরে,
সকল তর্ক হেলায় তুচ্ছ করে,
পুচ্ছটি তোর উচ্চে তুলে নাচা
আয় দুরন্ত, আয় রে আমার কাঁচা।

৪। যে-কোনো একটির ভাব-সম্প্রসারণ করো : ১০
(ক) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়;
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।

অথবা, (খ) যে সহে, সে বহে।

৫। যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো : ১০
(ক) মনে করো, তুমি রাকিব। ময়মনসিংহ জিলা স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপন সম্পর্কিত একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো।
(খ) মনে করো, তুমি 'দৈনিক প্রথম আলো পত্রিকার সিলেট অঞ্চলের প্রতিনিধি। সম্প্রতি দেশে সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০
(ক) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ;
(খ) ক্রিকেটে বাংলাদেশ;
(গ) সময়ানুবর্তিতা।

29

# বগুড়া জিলা স্কুল, বগুড়া

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **স্বরযন্ত্রের অবস্থান শ্বাসনালির কোথায় অবস্থিত?**
ⓚ উপরে ⓚ নিচে
ⓖ সমান্তরালে ⓖ পেছনে

(ক) উপরে (খ) নিচে (গ) সমান্তরালে (ঘ) পেছনে

২। **প্রথম দিকে চলিত রীতি কীসে সীমাবদ্ধ ছিল?**
(ক) সাহিত্য রচনায় (খ) কথ্য ভাষায় (গ) লেখ্য ভাষায় (ঘ) অফিস-আদালতে

৩। **কত সালে বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ রচিত হয়?**
(ক) ১৭৫৭ (খ) ১৮০১ (গ) ১৮২৬ (ঘ) ১৮৩৩

৪। **ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবারের আদি ভাষা হতে বাংলা ভাষায় বিবর্তনের স্তর নয় কোনটি?**
(ক) ইন্দো-ইরানীয় (খ) বৈদিক (গ) ভারতীয় আর্য (ঘ) প্রাকৃত

৫। **মৌলিক ব্যঞ্জনধ্বনি কয়টি?**
(ক) ৩০ (খ) ৩৭ (গ) ৭ (ঘ) ৩৯

৬। **কোনটি অর্ধ-বিবৃত স্বরধ্বনি?**
(ক) উ (খ) ও (গ) অ (ঘ) আ

৭। **বর্ণের উচ্চারণ অনেক সময় বদলে যায় কেন?**
(ক) একটি বর্ণের একাধিক উচ্চারণ আছে বলে
(খ) বর্ণটি প্রথমে বসার কারণে
(গ) পাশের ধ্বনির প্রভাবে
(ঘ) বর্ণটি শেষে বসার কারণে

৮। **'ব্যতীত' শব্দের উচ্চারণ কী?**
(ক) বেতিতো (খ) ব্যাতিত্ (গ) বেতিত্ (ঘ) বেতীত

৯। **উপসর্গ ও প্রত্যয় কীসের অংশ?**
(ক) পদের (খ) বাক্যের (গ) শব্দের (ঘ) কোনোটিই নয়

১০। **উপসর্গের কাজ হলো–**
(ক) নতুন শব্দ তৈরি করা
(খ) শব্দের অর্থ পরিবর্তন করা
(গ) অর্থদ্যোতনা তৈরি করা
(ঘ) উপরের সবগুলো ঠিক

১১। **নিচের কোনটি কৃদন্ত শব্দের উদাহরণ?**
(ক) জেলে (খ) নারী (গ) গাইয়ে (ঘ) দৈনিক

১২। **নিচের কোনটি অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ?**
(ক) গোরুর গাড়ি (খ) তেলে ভাজা (গ) চোখে মুখে (ঘ) ছেলে ভুলানো

১৩। **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি নয়?**
(ক) গোষ্পদ (খ) একাদশ (গ) গবাক্ষ (ঘ) বৃহস্পতি

১৪। **কোন প্রকার শব্দদ্বিত্বে দ্বিতীয় শব্দটি অর্থহীন হয়?**
(ক) অনুকার (খ) ধ্বন্যাত্মক (গ) পুনরাবৃত্ত (ঘ) ক + খ

১৫। **কোন সংখ্যা শব্দে অসীম সংখ্যার পূর্ব পর্যন্ত ক্রম তৈরি করা যায়?**
(ক) ক্রমবাচক (খ) পূরণবাচক (গ) তারিখবাচক (ঘ) ভগ্নাংশ

১৬। **বাংলা শব্দ ভান্ডারের কোন শ্রেণির শব্দ নিজস্ব উৎসের অন্তর্ভুক্ত?**
(ক) দেশি (খ) বিদেশি (গ) তৎসম (ঘ) আদিবাসীদের ভাষার শব্দ

১৭। **'বৃদ্ধি পাওয়া' কোন ক্রিয়াপদের উদাহরণ?**
(ক) প্রযোজক (খ) নাম (গ) সংযোগ (ঘ) যৌগিক

১৮। **'তাকে আসতে বললাম, তবু এলো না'– এখানে 'তবু' কোন যোজক?**
(ক) সাধারণ (খ) বিকল্প (গ) বিরোধ (ঘ) কারণ

১৯। **শব্দের শেষে দ্বিস্বর ও ই-কারান্ত থাকলে কোন বিভক্তি হয়?**
(ক) –তে (খ) –য়ে (গ) –এর (ঘ) তবু

২০। **সাধারণ ও প্রযোজক ক্রিয়ার ক্ষেত্রে অসমাপিকা ক্রিয়া কত প্রকার?**
(ক) তিন (খ) চার (গ) ছয় (ঘ) দুই

২১। **ক্রিয়াবিভক্তি যে কালের হয়, ঘটনা সেই কালের না হলে, একে কী প্রয়োগ বলে?**
(ক) সূক্ষ্ম (খ) ভুল (গ) বিশিষ্ট (ঘ) অপ

২২। **নিচের কোনটি অক্রিয় বাক্য?**
(ক) সে জ্ঞানী (খ) তারা মাঠে গিয়েছে (গ) তুমি কোথায় যাচ্ছ? (ঘ) আমি এখানে আছি

২৩। **বিধেয়ের কোন সংক্রান্ত প্রসারক উদ্দেশ্যের পূর্বে বসতে পারে?**
(ক) ক্রিয়াবিশেষণ (খ) বিশেষণের বিশেষণ (গ) স্থান ও কাল (ঘ) কোনোটিই নয়

২৪। **'প্রাকার' শব্দের অর্থ কী?**
(ক) শ্রেণি (খ) প্রকারভেদ (গ) দেওয়াল (ঘ) বাহিচর

২৫। **'প্রাচ্য' শব্দের বিপরীত শব্দ কী?**
(ক) পাশ্চাত্য (খ) পশ্চিমা (গ) প্রতীকী (ঘ) প্রতীচ্য

২৬। **'পাষণ্ড শব্দটি ধর্মহীন উৎপীড়ক বোঝালে, সেটি অর্থের–**
(ক) প্রসার (খ) সংকোচ (গ) বদল (ঘ) অবনতি

২৭। **দুটি বাক্যকে এক বাক্যে পরিণত করার কাজ করে কোনটি?**
(ক) কম (খ) ড্যাশ (গ) দাঁড়ি (ঘ) কোলন

২৮। **ভাববাচ্যে ক্রিয়াকে কে নিয়ন্ত্রণ করে?**
(ক) কর্তা (খ) কর্ম (গ) ক্রিয়াবিশেষ্য (ঘ) বিশেষণ

২৯। **'শিক্ষক তমালকে বিষয়টি বুঝিয়ে দিলেন'– বাক্যে গৌণ কর্ম কোনটি?**
(ক) শিক্ষক (খ) তমালকে (গ) বিষয়টি (ঘ) দিলেন

৩০। **কোনটি যৌগিক বাক্য?**
(ক) তুমি চেষ্টা না করায় ব্যর্থ হয়েছ
(খ) কর অথবা মর
(গ) যদি তুমি যাও, তবে তার দেখা পাবে
(ঘ) দুর্জন লোক পরিত্যাজ্য

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো :**
(ক) বিশ্ববিদ্যালয়;
(খ) সুন্দরবন।

২। **যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো :** ১০
(ক) মনে করো তুমি আরিশ। সম্প্রতি পড়া একটি বই সম্পর্কে মতামত জানিয়ে তোমার বন্ধু আরহামের কাছে একটি পত্র লেখো।
অথবা, (খ) মনে করো, তুমি আরিফ। তোমার এলাকায় বিদ্যুৎ বিভ্রাটের আশু প্রতিকার চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

৩। **যে-কোনো একটি বিষয়ে সারাংশ/সারমর্ম লেখো :** ১০
(ক) **সারাংশ :**
অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝা, অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড়ো হয়ে দাঁড়ায়। ভবিষ্যৎকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যৎ। ভবিষ্যৎকাল বলে কিছুই নেই। মানুষের মুক্তির দিন তো আজই। ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও স্নায়বিক দুর্বলতায়। অতএব, অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও আর শুরু কর দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

অথবা, (খ) **সারমর্ম :** ১০
কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনই মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক-অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

৪। **যে-কোনো একটি বিষয়ে ভাব-সম্প্রসারণ করো :** ১০
(ক) পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি।
(খ) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নহে।

৫। **যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) মনে করো, তুমি ফাহিম। 'দৈনিক প্রথম আলো' পত্রিকার একজন প্রতিনিধি। পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য বৃক্ষরোপণের গুরুত্ব বর্ণনা করে একটি প্রতিবেদন তৈরি করো।
(খ) মনে করো, তুমি শিমুল। একটি দৈনিক পত্রিকার নিজস্ব প্রতিবেদক। তোমার এলাকায় মহান বিজয় দিবস উদ্‌যাপন সম্পর্কিত একটি প্রতিবেদন রচনা করো।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) সময়ানুবর্তিতা;
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(গ) জগদীশচন্দ্র বসু।

30

# পাবনা জিলা স্কুল, পাবনা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। 'ডাল' ও 'ঢাল'– শব্দ জোড়ের মধ্যে মিল কোথায়?
ⓚ উচ্চারণে ⓚ শব্দ শ্রেণিতে
ⓖ বানানে ⓖ অর্থে

২। 'মৌন' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ⓚ নীরব ⓚ বিরত ⓖ অমৌন ⓖ মুখর

৩। 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓚ সায়র ⓚ মরুৎ ⓖ মহী ⓖ জলধর

৪। 'গড্ডলিকা প্রবাহ' বাগধারাটির অর্থ কী?
ⓚ অন্ধ অনুকরণ ⓚ নষ্ট হওয়া
ⓖ বিশৃঙ্খলা ⓖ পলায়ন করা

৫। একই ধরনের বর্গকে পাশাপাশি সাজাতে কোনটি ব্যবহৃত হয়?
ⓚ কমা ⓚ কোলন
ⓖ সেমিকোলন ⓖ হাইফেন

৬। বাক্যের মধ্যে কীসের ভূমিকা বদলে গিয়ে একই বাক্যের প্রকাশভঙ্গি আলাদা হয়ে যায়?
ⓚ কর্তা ⓚ কর্ম ⓖ ক্রিয়া ⓖ যোজক

৭। এখনকার দিনে মানুষ আরামপ্রিয় হয়ে উঠেছে– এই বাক্যে 'এখনকার' কোন কারক?
ⓚ অধিকরণ ⓚ অপাদান
ⓖ সম্বন্ধ ⓖ করণ

৮। সাপেক্ষ যোজক কোনটি?
ⓚ যা-তা ⓚ যত-তত ⓖ যে-সে ⓖ যারা-তারা

৯। "যারা আমাদেরকে সাহায্য করেছিল, তাদের টাকা আমরা শোধ করবো"– এখানে 'টাকা' কী?
ⓚ উদ্দেশ্যের প্রসারক ⓚ বিধেয়ের প্রসারক
ⓖ বিধেয়ের পূরক ⓖ বিধেয়ের ক্রিয়া

১০। "সে খেয়ে আর ঘুমিয়ে কাটাচ্ছে"– রেখাঙ্কিত অংশটি কী বর্গ?
ⓚ ক্রিয়াবর্গ ⓚ ক্রিয়াবিশেষণ বর্গ
ⓖ বিশেষ্য বর্গ ⓖ বিশেষণ বর্গ

১১। সাধারণ বাক্যের প্রধান অংশ কয়টি?
ⓚ ২টি ⓚ ৩টি ⓖ ৪টি ⓖ ৫টি

১২। 'এইমাত্র বৃষ্টি থামলো'– কোন কালের বিশিষ্ট প্রয়োগ?
ⓚ পুরাঘটিত বর্তমান ⓚ পুরাঘটিত অতীত
ⓖ সাধারণ অতীত ⓖ নিত্য অতীত

১৩। সাধারণ ক্রিয়ার অনুজ্ঞা ভবিষ্যৎকালে শ্রোতাপক্ষের সাধারণ ক্রিয়াবিভক্তি কোনটি?
ⓚ –বে ⓚ –ও ⓖ –উন ⓖ –উক

১৪। প্রযোজক ক্রিয়ার নিত্য অতীতকালে অন্য পক্ষের মানী ক্রিয়াবিভক্তি কোনটি?
ⓚ –আলেন ⓚ –আচ্ছিলেন
ⓖ –ইয়েছিলেন ⓖ –আতেন

১৫। শব্দের শেষে দ্বিস্বর থাকলে কোন বিভক্তি যুক্ত হয়?
ⓚ –এর ⓚ –য়ের ⓖ –র ⓖ –এ

১৬। মানীপক্ষের বহুবচনে কোন লগ্নকটি যোগ করা যায় না?
ⓚ বর্গ ⓚ গণ ⓖ আবলি ⓖ বৃন্দ

১৭। কোনোকিছুর সামান্য অংশ বা অল্প পরিমাণ বোঝায় কোন নির্দেশকটি?
ⓚ –খানি ⓚ –টা ⓖ –টি ⓖ –টুক

১৮। ঘৃণা প্রকাশে ব্যবহৃত হয় কোনটি?
ⓚ করুণা আবেগ ⓚ বিরক্তি আবেগ
ⓖ যন্ত্রণা আবেগ ⓖ আতঙ্ক আবেগ

১৯। 'লোকটি বিদ্বান, তবে সৎ নন'– এখানে কোন যোজকের প্রয়োগ ঘটেছে?
ⓚ বিকল্প যোজক ⓚ বিরোধ যোজক
ⓖ কারণ যোজক ⓖ সাপেক্ষ যোজক

২০। ক্রিয়াজাত অনুসর্গ আছে কোন বাক্যে?
ⓚ ভালো করে পড়ো ⓚ কাজটি করে ফেলেছি
ⓖ চোর ধরে ফেলব ⓖ আমার কাছে আসো

২১। পদানু ক্রিয়াবিশেষণের ব্যবহার আছে কোনটিতে?
ⓚ তিনি বেড়াতে যাননি
ⓚ সে এখন যাবে না
ⓖ আমি কিছু জানি না
ⓖ একটু বসুন না, ভালো লাগবে

২২। ধাতুর সাথে কী যুক্ত হয়ে ক্রিয়া গঠিত হয়?
ⓚ প্রত্যয় ⓚ অনুসর্গ
ⓖ বিভক্তি ⓖ উপসর্গ

২৩। বিধেয় বিশেষণ আছে কোনটিতে?
ⓚ নদীটি গভীর ⓚ গভীর অরণ্য
ⓖ খুব ভালো খবর ⓖ কতক্ষণ সময়

২৪। পারস্পরিক সর্বনাম কোনটি?
ⓚ নিজে ⓚ স্বয়ং
ⓖ পরস্পর ⓖ একজন

২৫। কোনটি ফারসি শব্দ?
ⓚ আদালত ⓚ বাকি
ⓖ ডিপো ⓖ কারখানা

২৬। নিচের কোন সংখ্যাটির পূর্ণ পূরণবাচক ও সংক্ষিপ্ত পূরণবাচক রূপ দুই রকম?
ⓚ ১৯ ⓚ ১৮ ⓖ ৯ ⓖ ৯৯

২৭। কোন শব্দটির নারীবাচক রূপ গঠনে 'ইনী' প্রত্যয় যোগ করতে হবে?
ⓚ বাঘ ⓚ কাঙাল ⓖ বেদে ⓖ যোগী

২৮। 'আগাগোড়া' কী সমাস?
ⓚ কর্মধারয় ⓚ দ্বন্দ্ব
ⓖ তৎপুরুষ ⓖ বহুব্রীহি

২৯। নৈপুণ্য অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে কোন শব্দে?
ⓚ টেকো ⓚ নেয়ে
ⓖ বাহাদুরি ⓖ ইতরামি

৩০। 'ভরজোয়ার' শব্দে কোন অর্থে উপসর্গ যুক্ত হয়েছে?
ⓚ চূড়ান্ত ⓚ পূর্ণ
ⓖ চমৎকার ⓖ সম্পূর্ণ

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ করো :
(ক) বিশ্ববিদ্যালয়;
(খ) সুন্দরবন।

২। যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো : ১০
(ক) মনে করো, তুমি নাবিল। তুমি পাবনার ফরিদপুর উপজেলার অধিবাসী। তোমার এলাকায় একটি পাঠাগার স্থাপনের জন্য উপজেলা চেয়ারম্যানের নিকট একটি আবেদনপত্র লেখো।

অথবা, (খ) মনে করো তুমি সাগর, কুমিল্লা জেলার লাকসাম উপজেলার নবাবপুর গ্রামের বাসিন্দা। তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখো।

৩। যে-কোনো একটি বিষয়ে সারাংশ/সারমর্ম লেখো : ১০
(ক) সারাংশ :
মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুত চরিত্র বলেই মানুষের যা-কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যেসকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের গৌরবের মূলে চরিত্রশক্তি। তুমি চরিত্রবান লোক– এ কথার অর্থ এই নয় যে, তুমি লম্পট নও। তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ করো, তুমি পরদুঃখকাতর ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতাপ্রিয়– চরিত্র মানে এই।

অথবা, (খ) সারমর্ম : ১০
শৈশবে সদুপদেশ যাহার না রোচে,
জীবনে তাহার কভু মূর্খতা না ঘোচে।
চৈত্র মাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সে হৈমন্তিক ধান্য পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পণ্ডশ্রম,
ফল চাহে, সেও অতি নির্বোধ অধম।
খেয়া-তরী চলে গেলে বসে থাকে তীরে,
কিসে পার হবে, তরী না আসিলে ফিরে?

৪। যে-কোনো একটি বিষয়ে ভাব-সম্প্রসারণ করো : ১০
(ক) ভোগে নয়, ত্যাগেই মনুষ্যত্বের বিকাশ।

অথবা, (খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

৫। যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো : ১০
(ক) মনে করো, তুমি তিতাস, 'দৈনিক ইত্তেফাক' পত্রিকার নাটোর জেলা প্রতিনিধি। তোমার এলাকার সড়কের দুরবস্থা জানিয়ে একটি সংবাদ প্রতিবেদন লেখো।
(খ) মনে করো, তুমি ফাহিম, 'দৈনিক প্রথম আলো' পত্রিকার পাবনা প্রতিনিধি। তোমার জেলার কোনো একটি বিদ্যালয়ে অনুষ্ঠিত সুন্দর হাতে লেখা প্রতিযোগিতা বিষয়ে একটি সংবাদ প্রতিবেদন লেখো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০
(ক) বাংলাদেশের পর্যটন শিল্প;
(খ) ক্রিকেটে বাংলাদেশ;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।

31

# ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **কীসের ভেদে ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে?**
ক দেশ ও কালভেদে
খ দেশ, কাল ও ব্যক্তিভেদে
গ কাল, পরিবেশ ও ব্যক্তিভেদে
ঘ দেশ, কাল ও পরিবেশভেদে

২। **ধ্বনি উৎপাদনের ক্ষেত্রে মুখবিবরে উচ্চারণের মূল উপকরণ বা উচ্চারক হলো—**
ক ফুসফুস ও ওষ্ঠ খ দাঁতের পাটি ও আলজিভ
গ জিহ্বা ও ওষ্ঠ ঘ নরম তালু ও জিহ্বা

৩। **কোন মৌলিক স্বরধ্বনির কোনো লিখিত রূপ নেই?**
ক আ খ অ গ ই ঘ অ্যা

৪। **সঠিক সংযুক্ত বর্ণবিশ্লেষণ কোনটি?**
ক জ্ঞ = ঞ + জ খ জ্ঞ = জ + ঞ
গ জ্ঞ = ঙ + গ ঘ জ্ঞ = ঞ + চ

৫। **কোন ধ্বনির উচ্চারণে জিহ্বা সাধারণত শায়িত থাকে?**
ক 'অ' ধ্বনি খ 'ধা' ধ্বনি
গ 'ই' ধ্বনি ঘ 'উ' ধ্বনি

৬। **শ, ষ, স, হ-এ চারটি বর্ণের নাম—**
ক উষ্ম বর্ণ খ বর্গীয় বর্ণ
গ কণ্ঠ্য বর্ণ ঘ পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ

৭। **যে শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয় তাকে কী বলে?**
ক নির্দেশক খ বলক গ বিভক্তি ঘ বচন

৮। **উপসর্গের কাজ কী?**
ক বর্ণ সংস্করণ খ যতি সংস্থাপন
গ নতুন অর্থবোধক শব্দ গঠন ঘ ভাবের পার্থক্য নিরূপণ

৯। **'ভাব' অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে কোনটিতে?**
ক জমিদারি খ বাহাদুরি
গ ঘরামি ঘ রেশমি

১০। **'মহাকীর্তি' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?**
ক মহান কীর্তি যার খ মহা যে কীর্তি
গ মহতী যে কীর্তি ঘ মহতী যে জ্ঞান

১১। **কোন ক্ষেত্রে সন্ধি করার নিয়ম নেই?**
ক আয়াসের লাঘব হলে
খ ধ্বনিমাধুর্য রক্ষিত না হলে
গ শ্রুতিমধুর হলে
ঘ স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণ হলে

১২। **কোন দ্বিরুক্তিটি ধ্বন্যাত্মক?**
ক শনশন খ শীতশীত
গ পড়োপড়ো ঘ হাতে-নাতে

১৩। **কোনটির লিঙ্গান্তর হয় না?**
ক বেয়াই খ সাহেব
গ কবিরাজ ঘ সঙ্গী

১৪। **কোনটি পূরণবাচক শব্দ?**
ক পাঁচই খ ছয় গ সপ্তম ঘ আট

১৫। **'পাউরুটি' শব্দটি কোন ভাষার?**
ক পর্তুগিজ খ গুজরাটি
গ ফরাসি ঘ পাঞ্জাবি

১৬। **'দুঃখ' কোন বিশেষ্য?**
ক জাতিবাচক খ দ্রব্যবাচক
গ ভাববাচক ঘ গুণবাচক

১৭। **'বেলে মাটি, মেটে কলসি' কোন ধরনের নাম বিশেষণ?**
ক ক্রমবাচক খ অংশবাচক
গ উপাদান বাচক ঘ গুণবাচক

১৮। **ব্যক্তিবাচক কর্মপদটিকে কোন কর্ম বলে?**
ক মুখ্য কর্ম খ গৌণ কর্ম
গ সমধাতুজ কর্ম ঘ ধাতুর্থক কর্ম

১৯। **অনুসর্গ সাধারণত কোথায় বসে?**
ক শব্দের পূর্বে খ শব্দের মধ্যে
গ শব্দের পরে ঘ বাক্যের শেষে

২০। **"তাকে আসতে বললাম, তবু এলো না।" এই বাক্যে কোন ধরনের যোজক ব্যবহৃত হয়েছে?**
ক সাধারণ খ বিরোধ
গ কারণ ঘ সাপেক্ষ

২১। **কেবল অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ/প্রত্যয় কোনটি?**
ক ফুল খ মালা/রাজি
গ সমাজ ঘ মণ্ডলী

২২। **'বিপদ যখন আসে তখন এমনি করেই আসে' যে কালের উদাহরণ—**
ক সাধারণ বর্তমান খ সাধারণ ভবিষ্যৎ
গ ঘটমান বর্তমান ঘ নিত্যবৃত্ত অতীত

২৩। **বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে কী বলে?**
ক বর্গ খ পূরক
গ প্রসারক ঘ উদ্দেশ্য

২৪। **'তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি পাকেনি'— উদাহরণটি কোন বাক্যের?**
ক যৌগিক বাক্য খ সরল বাক্য
গ জটিল বাক্য ঘ সংযুক্ত বাক্য

২৫। **"ঘোড়ায় গাড়ি টানে।"— এখানে ঘোড়ায়' কোন কারকে কোন বিভক্তি?**
ক কর্তৃকারকে সপ্তমী খ করণে দ্বিতীয়া
গ কর্মে সপ্তমী ঘ অপাদানে শূন্য

২৬। **'উড়নচণ্ডী' বাগধারার অর্থ—**
ক উচ্ছৃঙ্খল খ অমিতব্যয়ী
গ নির্বোধ ঘ গোঁয়ার

২৭। **'চিরন্তন' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?**
ক ক্ষয়হীন খ সময়
গ ক্ষয় ঘ কুক্ষণ

২৮। **পূর্ব ভারতীয় কোন ভাষা হতে বাংলা ভাষার জন্ম হয়েছে?**
ক পালি খ হিন্দি
গ উড়িয়া ঘ প্রাকৃত

২৯। **বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি?**
ক মহাভারত খ চর্যাপদ
গ রামায়ণ ঘ জঙ্গনামা

৩০। **প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। অংশগুলো কী কী?**
ক ধ্বনি, শব্দ, বাক্য, অর্থ
খ শব্দ, সন্ধি, সমাস, ধ্বনি
গ অনুসর্গ, উপসর্গ, সমাস, সন্ধি
ঘ ধ্বনি, শব্দ, বর্গ, বাক্য

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :**
(ক) বইপড়া;
(খ) বৃক্ষরোপণ।

২। **যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো :** ১০
(ক) মনে করো, তুমি রিমন/রুম্মান। খুলনা জিলা স্কুলের দশম শ্রেণির একজন শিক্ষার্থী। মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ভবিষ্যৎ জীবনের লক্ষ্য জানিয়ে তোমার বন্ধু সুজন/সাজানাকে একটি পত্র লেখো।
অথবা, (খ) মনে করো, তুমি জিদান। তোমার এলাকায় পাঠাগার স্থাপনের প্রয়োজনীয়তা উল্লেখ করে উপজেলা চেয়ারম্যানের নিকট একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০
অভাব আছে বলিয়া জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব-সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব পূরণে এত উদ্যম, এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থবির হইত, মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানিগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মানুষ সেবা করিবার সুযোগ পাইয়াছে। সেবা মানবজীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এই সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা, (খ) **সারমর্ম লেখো :** ১০
কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক-অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরি কুঁড়ে ঘরে।

৪। **যে-কোনো একটির ভাব-সম্প্রসারণ করো :** ১০
(ক) আপনি আচরি ধর্ম শিখাও অপরে।
অথবা, (খ) সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে মোরা পরের তরে।

৫। **যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন :** ১০
(ক) "মাদকাসক্তি যুব সমাজের অবক্ষয়ের অন্যতম একটি কারণ" এই শিরোনামে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
অথবা, (খ) মনে করো, তুমি আহসান। তুমি 'দৈনিক ইত্তেফাক' পত্রিকার স্টাফ রিপোর্টার। বর্তমান দ্রব্যমূল্য বৃদ্ধির ওপর পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) সময়ানুবর্তিতা;
(খ) মাদকাসক্তি ও এর প্রতিকার;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।

32

# ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১। শব্দের শেষে ই-কার ও উ-কার থাকলে '-এ' বিভক্তির রূপভেদ কী হয়?
ক -এ খ -য়ে গ -তে ঘ -র

২। পারস্পরিক ক্রিয়ার কোনো অবস্থা তৈরি হলে কোন বহুব্রীহি হয়?
ক ব্যতিহার খ সমানাধিকরণ
গ ব্যাধিকরণ ঘ অলুক

৩। মানী পক্ষের বহুবচন করার সময় নিচের কোন লগ্নক ব্যবহার করা হয়?
ক সব, আবলি, মালা খ বা, এরা, গুলি
গ সমূহ, গুলো, মণ্ডলী ঘ গণ, বৃন্দ, বর্গ

৪। নিচের কোনটি নিত্য নরবাচক শব্দ?
ক শিক্ষক খ কৃতদার গ মানুষ ঘ শ্রমিক

৫। নিচের কোনটি কৃৎপ্রত্যয় সাধিত শব্দ?
ক বুদ্ধিমান খ বর্ধমান
গ জ্ঞানবান ঘ দয়াবান

৬। বাক্যের প্রথম অংশের উক্তিকে দ্বিতীয় অংশে ব্যাখ্যা করার সময় কোন যতিচিহ্ন ব্যবহৃত হয়?
ক কোলন খ ড্যাশ
গ হাইফেন ঘ সেমিকোলন

৭। 'বাগ্ধারা' নিয়ে আলোচনা করা হয় কোথায়?
ক ধ্বনিতত্ত্বে খ অর্থতত্ত্বে
গ রূপতত্ত্বে ঘ বাক্যতত্ত্বে

৮। নিচের কোনটি মৌলিক স্বরধ্বনি?
ক অ্যা খ ঐ গ ঔ ঘ ঈ

৯। ভূত, ভাবী এবং শর্ত কোন ক্রিয়ার উদাহরণ?
ক অকর্মক ক্রিয়া খ অসমাপিকা ক্রিয়া
গ যৌগিক ক্রিয়া ঘ প্রযোজক ক্রিয়া

১০। কোন বাক্যটিতে ক্রিয়াবিশেষণ বর্গের উদাহরণ রয়েছে?
ক আমার ভাই পড়তে বসেছে
খ রহিম ও করিম বৃষ্টিতে ভিজছে
গ আমটা দেখতে ভারি সুন্দর
ঘ সকাল আটটার সময়ে সে রওনা হলো

১১। "হে বন্ধু, তোমাকে অভিনন্দন।"– এ বাক্যে কোন আবেগ প্রকাশ পেয়েছে?
ক প্রশংসা খ করুণা
গ সম্বোধন ঘ অলংকার

১২। নিচের কোনটি প্রযোজক ক্রিয়ার ভাবী সমাপিকা ক্রিয়াবিভক্তি?
ক -আনো খ -ইয়ে
গ -আতে ঘ -আলে

১৩। উক্তি পরিবর্তনে অর্থের সংগতি রাখার জন্য কোন পদের পরিবর্তন হয়?
ক বিশেষ্য খ সর্বনাম
গ বিশেষণ ঘ অব্যয়

১৪। 'সাদী' শব্দের অর্থ কী?
ক অশ্বারোহী খ বিয়ে
গ শব্দ ঘ ক্ষরণ

১৫। "বিপদ ও দুঃখ একসঙ্গে আসে।"– কোন ধরনের বাক্য?
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ মিশ্র

১৬। নিচের কোনটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ?
ক নাবিক খ স্বল্প গ গবাদি ঘ গবাক্ষ

১৭। 'লাগাতার' কোন ভাষার শব্দ?
ক আরবি খ ফারসি গ হিন্দি ঘ তুর্কি

১৮। "ফুলের গন্ধে ঘুম আসে না"– এই বাক্যে 'ফুলের' কোন কারক?
ক কর্মকারক খ করণ কারক
গ অপাদান কারক ঘ সম্বন্ধ কারক

১৯। 'শয়ন' কোন ধরনের বিশেষ্য?
ক সমষ্টি বিশেষ্য খ বস্তু বিশেষ্য
গ ক্রিয়াবিশেষ্য ঘ গুণ বিশেষ্য

২০। 'ধৃষ্ট' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক নির্দোষ খ নম্র
গ বিযুক্ত ঘ উগ্র

২১। কোনটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ?
ক চুপচাপ খ দমাদম
গ গরম গরম ঘ টুং টুং

২২। পরিত্যাগ শব্দে 'পরি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক ছোটো খ অসম্পূর্ণ
গ অর্ধেক ঘ সম্পূর্ণ

২৩। বাংলা ভাষায় তারিখ নির্দেশ করার জন্য সংখ্যা শব্দের পূরণবাচকে কী ব্যবহৃত হয়?
ক উপসর্গ খ অনুসর্গ
গ প্রত্যয় ঘ বিভক্তি

২৪। 'খুব যে বলেছিলেন আসবেন'– এ বাক্যে 'যে' কোন বিশেষণের উদাহরণ?
ক পদাণু খ কালবাচক
গ ধরনবাচক ঘ স্থানবাচক

২৫। উচ্চারণস্থান অনুসারে উষ্ম ব্যঞ্জন ধ্বনিগুলোকে কী কী ভাগে ভাগ করা যায়?
ক দন্তমূলীয়, তালব্য, কণ্ঠনালী
খ দন্তমূলীয়, কণ্ঠনালীয়, নাসিক্য
গ তালব্য, কণ্ঠনালীয়, নাসিক্য
ঘ কণ্ঠনালীয়, দন্তমূলীয়, মূর্ধন্য

২৬। নিচের কোন শব্দে তাড়িত ব্যঞ্জনধ্বনি রয়েছে?
ক ভার খ মূঢ় গ লাল ঘ হুংকার

২৭। নিচের কোন শব্দে অর্থের উন্নতি হয়েছে?
ক জেঠামি খ পাষণ্ড গ অপরূপ ঘ মৃগ

২৮। 'চশমখোর' বাগ্ধারাটির অর্থ কী?
ক বেহায়া খ নষ্ট হওয়া
গ কূটবুদ্ধি ঘ নির্লজ্জ

২৯। 'সাধারণ' শব্দের উচ্চারণ কোনটি?
ক সাধারোন্ খ শাধারোণ্
গ শাধারন্ ঘ শাধারোন্

৩০। কুঞ্জর শব্দের প্রতিশব্দ কোনটি?
ক মৃগেন্দ্র খ কুবলয় গ দ্বিরদ ঘ কুঞ্জ

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

১। অনুচ্ছেদ লেখো (যে-কোনো একটি) :
(ক) জাদুঘর;
(খ) রেলগাড়ি।

২। যে-কোনো একটি বিষয়ে পত্র লেখো : ১০
(ক) মনে করো, তুমি সৌধ। একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার রাজশাহীর বন্ধু সীমান্তকে একটি পত্র লেখো।
অথবা, (খ) মনে করো, তুমি ফরিদ/ফরিদা, বগুড়া সদর উপজেলার শাহজাহানপুর ইউনিয়নের বাসিন্দা। সড়ক দুর্ঘটনার প্রতিকার জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি চিঠি লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০
মাতৃস্নেহের তুলনা নাই; কিন্তু অতি স্নেহ অনেক সময় অমঙ্গল আনয়ন করে। যে স্নেহের উত্তাপে সন্তানের পরিপুষ্টি, তাহারই আধিক্যে সে অসহায় হইয়া পড়ে। মাতৃস্নেহের মমতার প্রাবল্যে মানুষ আপনাকে হারাইয়া আসল শক্তির মর্যাদা বুঝিতে পারে না। নিয়ত মাতৃস্নেহের অন্তরালে অবস্থান করিয়া আত্মশক্তির সন্ধান সে পায় না– দুর্বল, অসহায় পক্ষীশাবকের মতো চিরদিন স্নেহাতিশয্যে আপনাকে সে একান্ত নির্ভরশীল মনে করে। ক্রমে জননীর পরম সম্পদ সন্তান অলস, ভীরু, দুর্বল ও পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়। অন্ধ মাতৃস্নেহ সে কথা বোঝে না– দুর্বলের প্রতি সে স্থিরলক্ষ্য, অসহায় সন্তানের প্রতি মমতার অন্ত নাই– অলসকে সে প্রাণপাত করিয়া সেবা করে– ভীরুতার দুর্দশার কল্পনা করিয়া বিপদের আক্রমণ হইতে ভীরুকে রক্ষা করিতে ব্যস্ত হয়।

অথবা, (খ) সারমর্ম লেখো : ১০

ধন্য আশা কুহকিনী! তোমার মায়ায়
অসার সংসারচক্র ঘুরে নিরবধি!
দাঁড়াইত স্থিরভাবে, চলিত না হায়!
মন্ত্রবলে তুমি চক্র না ঘুরাতে যদি!
ভবিষ্যৎ অন্ধ মূঢ় মানব-সকল
ঘুরিতেছে কর্মক্ষেত্রে বর্তুল-আকার;
তব ইন্দ্রজালে মুগ্ধ, পেয়ে তব বল
যুঝিছে জীবন-যুদ্ধে হায় অনিবার।
নাচায় পুতুল যথা দক্ষ বাজিকরে,
নাচাও তেমনি তুমি অর্বাচীন নরে।

৪। ভাব-সম্প্রসারণ করো (যে-কোনো একটি) : ১০
(ক) আপনি আচরি ধর্ম শিখাও অপরে।
অথবা, (খ) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন,
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।

৫। যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো : ১০
(ক) মনে করো, তুমি শ্যামল/শ্যামলী, আখানগর উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপন সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।
(খ) মনে করো, তুমি অভয়/অভয়া, একটি জাতীয় দৈনিকের দিনাজপুরের প্রতিনিধি। বৃক্ষরোপণ বিষয়ক একটি সংবাদ প্রতিবেদন লেখো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০
(ক) একটি ঝড়ের রাত;
(খ) কৃষি উদ্যোক্তা;
(গ) জগদীশচন্দ্র বসু।

33

# কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১ ।]

১। **বাংলা ভাষার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে কোন কোন ভাষার?**
ক অহমিয়া ও ওড়িয়ার খ সংস্কৃত এবং পালির
গ অহমিয়া ও মণিপুরির ঘ সংস্কৃত এবং মৈথিলির

২। **'কারক বিশ্লেষণ' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?**
ক ধ্বনিতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ অর্থতত্ত্ব

৩। **বাংলা ভাষার সবচেয়ে পুরনো রীতি কোনটি?**
ক পদ্য কাব্য রীতি খ গদ্য কাব্য রীতি
গ সাধু রীতি ঘ মান রীতি

৪। **কোমল তালু ও জিভমূলের স্পর্শে কোন ধ্বনি উচ্চারিত হয়?**
ক কণ্ঠ্যধ্বনি খ ওষ্ঠ্যধ্বনি
গ তালব্যধ্বনি ঘ উষ্মধ্বনি

৫। **কানে শোনার বিষয়কে চোখে দেখার বিষয়ে পরিণত করে কোনটি?**
ক ধ্বনি খ বর্ণ গ শব্দ ঘ পদ

৬। **অর্ধ-বিবৃত স্বরধ্বনি কোনগুলো?**
ক এ, ও খ অ, ও গ অ্যা, এ ঘ অ্যা, অ

৭। **কণ্ঠ ব্যঞ্জনধ্বনি উচ্চারণে কোন বাক্ প্রত্যঙ্গের অংশগ্রহণ মুখ্য?**
ক জিভের ডগা খ জিভের সামনের অংশ
গ জিভের পেছনের অংশ ঘ ধ্বনিদ্বারের দুটি পাল্লা

৮। **উচ্চরণের প্রকৃতি অনুযায়ী 'হ' কোন ধরনের ধ্বনি?**
ক কণ্ঠনালীয় ব্যঞ্জন খ মহাপ্রাণ ব্যঞ্জন
গ ঘোষ ব্যঞ্জন ঘ উষ্মব্যঞ্জন

৯। **'ঊনবিংশ' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?**
ক উন্‌বিংশো খ ঊনোবিঙ্শো
গ উনোবিঙ্শো ঘ ঊনবিঙ্শো

১০। **'করলাম' পদের 'লাম' শব্দাংশ হলো–**
ক প্রত্যয় খ ক্রিয়া-বিভক্তি
গ কারক-বিভক্তি ঘ নির্দেশক

১১। **'বিভূঁই শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক ভিন্ন খ বিশেষ গ বিপরীত ঘ বিকৃত

১২। **তদ্ধিতান্ত শব্দের উদাহরণ কোনটি?**
ক চত্বর খ শয়ান গ গাইয়া ঘ মাছুয়া

১৩। **পারস্পরিক ক্রিয়ায় কোনো অবস্থা তৈরি হলে, তাকে বলে–**
ক ব্যাধিকরণ বহুব্রীহি খ ব্যতিহার বহুব্রীহি
গ সমানাধিকার বহুব্রীহি ঘ পদলোপী বহুব্রীহি

১৪। **নিচের কোনটিতে কণ্ঠধ্বনি 'ক' এর প্রভাবে 'ম' হয়েছে 'ঙ'?**
ক শঙ্কা খ সঞ্চয় গ সন্তাপ ঘ বঙ্গজ

১৫। **ধ্বনাত্মক শব্দদ্বিত্বের উদাহরণ কোনটি?**
ক কচর-মচর খ দমাদম
গ ধারধোর ঘ সুরে সুরে

১৬। **উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?**
ক পদ্মআঁখি খ মনমাঝি
গ শশব্যস্ত ঘ টাকমাথা

১৭। **সমাসবদ্ধ শব্দের পূর্বপদ হিসেবে ব্যবহৃত হয় কোন সংখ্যাবাচক শব্দ?**
ক ক্রমবাচক সংখ্যাশব্দ খ পূরণবাচক সংখ্যাশব্দ
গ ভগ্নাংশ সংখ্যাশব্দ ঘ তারিখবাচক সংখ্যাশব্দ

১৮। **উপসর্গ, প্রত্যয় বা সমাস প্রক্রিয়ায় তৈরি হয় কোন শব্দ?**
ক মৌলিক শব্দ খ সাধিত শব্দ
গ তদ্ভব শব্দ ঘ তৎসম শব্দ

১৯। **নিচের কোনগুলো নির্দেশক সর্বনাম?**
ক ও, ওরা, উনি খ অপর, পর, অমুক
গ কেউ, কিছু, একজন ঘ যারা-তারা, যে-সে

২০। **'খুব ভালো খবর'–এখানে 'খুব' কোন ধরনের বিশেষণ?**
ক গুণবাচক খ অবস্থাবাচক
গ ভাববাচক ঘ বিধেয় বিশেষণ

২১। **বিশেষ্য, বিশেষণ বা ধন্যাত্মক শব্দের শেষে আ বা আনো প্রত্যয় যুক্ত হয়ে যে ক্রিয়া গঠিত হয়, তাকে বলে–**
ক সংযোগ ক্রিয়া খ নাম ক্রিয়া
গ যৌগিক ক্রিয়া ঘ সরল ক্রিয়া

২২। **দুর! এ কথা কী বলতে আছে?– এখানে কোন ধরনের আবেগের প্রয়োগ ঘটেছে?**
ক বিরক্তি আবেগ খ বিস্ময় আবেগ
গ করুণা আবেগ ঘ অলংকার আবেগ

২৩। **সাধারণত আ-কারান্ত, ই/ঈ কারান্ত এবং উ/ঊ -কারান্ত শব্দের শেষে কোন বিভক্তি বসে?**
ক -র খ -রে গ -এর ঘ -য়ের

২৪। **প্রযোজক ক্রিয়ার পুরাঘটিত বর্তমান কালে অন্য পক্ষের ক্রিয়াবিভক্তি কোনটি?**
ক -এছে (করেছে) খ -ইয়েছে (করিয়েছে)
গ -আয় (করায়) ঘ -ইয়েছ (করিয়েছ)

২৫। **'শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল'-এখানে কোন কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ ঘটেছে?**
ক সাধারণ বর্তমান কালের খ ঘটমান বর্তমান কালের
গ সাধারণ অতীত কালের ঘ সাধারণ ভবিষ্যৎ কালের

২৬। **'অসুস্থ ছেলেটি আজ স্কুলে আসেনি'–এখানে 'অসুস্থ ছেলেটি' কোন ধরনের বর্গ?**
ক বিশেষ্যবর্গ খ বিশেষণবর্গ
গ ক্রিয়াবিশেষণবর্গ ঘ ক্রিয়াবর্গ

২৭। **'দোষ করেছ; অতএব শাস্তি পাবে'–এটি কোন ধরনের বাক্য?**
ক সরল বাক্য খ যৌগিক বাক্য
গ জটিল বাক্য ঘ মিশ্র বাক্য

২৮। **'আমারে' তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা'–এখানে 'আমারে' কোন কারক?**
ক কর্তা কারক খ কর্ম কারক
গ অপাদান কারক ঘ সম্বন্ধ কারক

২৯। **অনুজ্ঞা ও আবেগসূচক প্রত্যক্ষ উক্তিকে পরোক্ষ উক্তিতে পরিবর্তন করতে কী অনুযায়ী ক্রিয়ার পরিবর্তন করতে হয়?**
ক কর্তা অনুযায়ী খ ভাব অনুযায়ী
গ সর্বনাম অনুযায়ী ঘ যোজক অনুযায়ী

৩০। **'পদ্ম' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?**
ক কুবলয় খ নলিনী গ ললিত ঘ রাজীব

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়।]

১। **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
(খ) বৈশাখী মেলা

২। **চিঠি/আবেদনপত্র লেখো :**
(ক) মনে করো, তুমি কুমিল্লার রাজু। ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে ঢাকার বন্ধু মিঠুর কাছে একটি পত্র লেখো। ১০

অথবা, (খ) তোমার উপজেলায় অবস্থিত স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০

বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু চরিত্র তদপেক্ষাও অধিকতর মূল্যবান। অতএব, কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না, চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভাণ্ডার পূর্ণ করিয়াও থাকে, তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করা শ্রেয়। প্রবাদ আছে যে, কোনো কোনো বিষধর সর্পের মস্তকে মণি থাকে। মণি মূল্যবান পদার্থ বটে। কিন্তু তাই বলিয়া যেমন মণি লাভের নিমিত্ত বিষধর সর্পের সাহচর্য করা বুদ্ধিমানের কার্য নহে, সেইরূপ বিদ্যা আদরণীয় বিষয় হইলেও বিদ্যালাভের নিমিত্ত বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নহে।

অথবা, (খ) **সারমর্ম লেখো :**

এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান;
জীর্ণ পৃথিবীতে ব্যর্থ, মৃত আর ধ্বংসস্তূপ-পিঠে।
চলে যেতে হবে আমাদের।
চলে যাবো– তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ
প্রাণপণে পৃথিবীর সরাবো জঞ্জাল,
এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাবো আমি–
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।

৪। **যেকোনো একটির ভাব সম্প্রসারণ করো :** ১০
(ক) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন,
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।
(খ) মানুষ বাঁচে তাঁর কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

৫। **যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) মনে করো, তোমার নাম রানা। একটি জাতীয় দৈনিক পত্রিকার একজন প্রতিবেদক। তোমার এলাকার সড়কের দুরবস্থা জানিয়ে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।
(খ) মনে করো, তুমি সুমন। তুমি একটি দৈনিক প্রত্রিকার জেলা প্রতিনিধি। তোমার বিদ্যালয়ের নবীন-বরণ ও বিদায়-সংবর্ধনা অনুষ্ঠান সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো।

৬। **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) মাদকাসক্তি ও এর প্রতিকার;
(খ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ;
(গ) সময়ানুবর্তিতা।

34

# নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **কোন সমাসে পূর্বপদ ও পরপদের কোনটির অর্থ না বুঝিয়ে অন্য কিছু বুঝায়?**
ক) দ্বিগু সমাস খ) তৎপুরুষ সমাস
গ) বহুব্রীহি সমাস ঘ) কর্মধারয় সমাস

২। **ভাব অর্থে তদ্ধিত প্রত্যয় কোনটি?**
ক) জমিদারি খ) জেঠামি
গ) ডাক্তারি ঘ) বাহাদুরি

৩। **"পাতি" উপসর্গটি কোন অর্থে ব্যবহার করা হয়?**
ক) ছোট খ) বিপরীত গ) নিম্ন ঘ) শূন্য

৪। **বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?**
ক) ক্রিয়া প্রকৃতি খ) উপসর্গ
গ) সমাস ঘ) প্রাতিপদিক

৫। **"অতি" শব্দের সঠিক উচ্চারণ কোনটি?**
ক) উতি খ) অহতি গ) ওতি ঘ) য়োতি

৬। **কণ্ঠনালীয় ব্যঞ্জনধ্বনির উদাহরণ কোনটি?**
ক) ক খ) ল গ) র ঘ) হ

৭। **বাংলা স্বরবর্ণের উপরে চন্দ্রবিন্দু ব্যবহার করা হয় কী বুঝাতে?**
ক) হ্রস্বস্বর খ) দীর্ঘস্বর
গ) অনুনাসিকতা ঘ) ব্যঞ্জনা

৮। **বাংলা ভাষায় অসংযুক্ত বর্ণের সংখ্যা–**
ক) ১১টি খ) ২৫টি গ) ৪০টি ঘ) ৫০টি

৯। **বাক্‌প্রত্যঙ্গের সবচেয়ে বাইরের অংশের নাম–**
ক) ওষ্ঠ খ) দন্ত গ) মূর্ধা ঘ) তালু

১০। **ভাষার ক্ষুদ্রতম উপাদান হলো–**
ক) বর্ণ খ) অক্ষর গ) ধ্বনি ঘ) লিপি

১১। **বর্ণের সঙ্গে কোন ইন্দ্রিয়ের সরাসরি সম্পর্ক আছে?**
ক) চোখ খ) কান গ) নাক ঘ) জিভ

১২। **"অপত্য" শব্দের অর্থ কী?**
ক) অখাদ্য খ) সন্তান গ) সৃষ্টি ঘ) পথ্য নয়

১৩। **সাকার শব্দের বিপরীত অর্থ কী?**
ক) আকার খ) নিরাকার
গ) বাকার ঘ) সৃষ্টিকর্তা

১৪। **'আগুন' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক) হুতাশন খ) তপন গ) অম্বর ঘ) পবন

১৫। **নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি?**
ক) গায়ক খ) নাবিক গ) শিক্ষক ঘ) গবাক্ষ

১৬। **দ্বিরুক্ত শব্দ কীরূপ অর্থ প্রকাশ করে?**
ক) অভিন্ন খ) সংকুচিত
গ) ভিন্নতর ঘ) সম্প্রসারিত

১৭। **সংখ্যাবাচক শব্দ কয় প্রকার?**
ক) ২ প্রকার খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

১৮। **'চশমা' কোন ভাষার শব্দ?**
ক) আরবি খ) ফারসি গ) ফরাসি ঘ) পর্তুগিজ

১৯। **গুণ বিশেষ্য কোনটি**
ক) লবণ খ) পর্বত গ) ভোজন ঘ) দীনতা

২০। **কোনটি সকলবাচক সর্বনাম?**
ক) কিছু খ) পরস্পর গ) সবাই ঘ) আপনারা

২১। **অসমাপিকা ক্রিয়াপদ বাক্যের কোথায় বসে?**
ক) বিশেষ্যের পূর্বে খ) বিশেষণের পূর্বে
গ) বিশেষ্যের পর ঘ) বিশেষণের পরে

২২। **"চিকচিক করে বালি কোথা নাই কাদা" –এখানে দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?**
ক) বিশেষ্য খ) ক্রিয়াবিশেষণ
গ) ক্রিয়া ঘ) বিশেষণ

২৩। **"যতই পড়েছি, ততই নতুন করে জানছি"–এই বাক্যে কোন যোজকের উপস্থিতি রয়েছে?**
ক) বিরোধ খ) সাপেক্ষ গ) কারণ ঘ) বিকল্প

২৪। **"মরি মরি কী সুন্দর প্রভাতের রূপ" এখানে কী প্রকাশ পেয়েছে?**
ক) যন্ত্রণা খ) বিরক্তি
গ) সম্মতি ঘ) উচ্ছ্বাস

২৫। **"যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি-খেতাম।" এই বাক্যের ঘটনা কোন কালের?**
ক) অতীত খ) বর্তমান
গ) ভবিষ্যৎ ঘ) সাধারণ বর্তমান

২৬। **গঠনগত দিক দিয়ে বাক্যকে কয়টি ভাগে ভাগ করা যায়?**
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

২৭। **উদ্দেশ্যের সম্প্রসারক কোথায় বসে?**
ক) বিধেয়ের পূর্বে
খ) উদ্দেশ্যের পূর্বে
গ) উদ্দেশ্য ও বিধেয়র পূর্বে
ঘ) কর্মের পূর্বে

২৮। **কোন বাক্যটি সাপেক্ষ ভাব প্রকাশ করেছে?**
ক) আমাকে বই দাও।
খ) যদি সে যেত, আমি আসতাম
গ) শিক্ষক মহোদয় বাংলা পড়াচ্ছেন
ঘ) হামিদকে দেখে খুশি হলাম

২৯। **সাকীফ বাংলা ব্যাকরণে ভালো–বাক্যে "ব্যাকরণে" কোন কারক?**
ক) অধিকরণ খ) অপাদান
গ) করণ ঘ) কর্ম

৩০। **"বিদ্বান সকলের দ্বারা সমাদৃত হন"–এটি কোন বাচ্যের উদাহরণ?**
ক) ভাববাচ্য খ) কর্মবাচ্য
গ) কর্তৃবাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
(খ) বইমেলা

২। **চিঠি/আবেদনপত্র লেখো :**
(ক) সড়ক দুর্ঘটনা প্রতিকারের দাবি জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখো। ১০
অথবা, (খ) মনে করো তুমি নাবিল। নোয়াখালী সদর উপজেলার বাসিন্দা। তোমার এলাকায় পাঠাগার স্থাপনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০

সমাজের কাজ কেবল মানুষকে টিকে থাকার সুবিধা দেওয়া নয়। মানুষকে বড় করে তোলা, বিকশিত জীবনের জন্য মানুষের জীবনে আগ্রহ জাগিয়ে দেওয়া। স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। তাদের কাজ নিজের জীবনকে সার্থক ও সুন্দর করে তোলা নয়, অপরের সার্থকতার পথে অন্তরায় সৃষ্টি করা। প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি বলে এরা নিষ্ঠুর ও বিকৃত বুদ্ধি। এদের একমাত্র দেবতা অহংকার। তারই চরণে তারা নিবেদিত প্রাণ। ব্যক্তিগত অহংকার, পারিবারিক অহংকার ও ধর্মগত অহংকার–এ সবের লাল নিশান ওড়ানোই এদের কাজ। মাঝে মাঝে মানব প্রেমের কথাও তারা বলে। কিন্তু তাতে নেশা ধরে না, মনে হয় তা আন্তরিকতাহীন ও উপলব্ধিহীন বুলিমাত্র।

অথবা, (খ) **সারমর্ম লেখো :**

শৈশবে সদুপদেশ যাহার না রোচে,
জীবনে তাহার কভু মূর্খতা না ঘোচে।
চৈত্র মাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সেই হৈমন্তিক ধান্য পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পণ্ডশ্রম,
ফল–চাহে,–সেও অতি নির্বোধ, অধম।
খেয়া তরী চলে গেলে বসে এসে তীরে,
কিসে পার হবে, তরী না আসিলে ফিরে?

৪। **যেকোনো একটির ভাব–সম্প্রসারণ করো :** ১০
(ক) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন,
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।
(খ) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

৫। **যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) মনে করো, তুমি ফাহিম। নোয়াখালী জিলা স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমার বিদ্যালয়ে বৃক্ষরোপণ উৎসব উদ্‌যাপন সংক্রান্ত একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন কর।
(খ) মনে করো, তুমি সুদিপ্ত। দৈনিক "প্রথম আলো" পত্রিকার নোয়াখালী জেলার প্রতিনিধি। বিদ্যালয়ের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান সম্পর্কে সংবাদ প্রতিবেদন রচনা করো।

৬। **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) সময়ানুবর্তিতা
(খ) কৃষিকাজে বিজ্ঞান
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

35

# চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **বাংলা ভাষার নিজস্ব লিপি কোনটি?**
(ক) ব্রাহ্মী (খ) মণিপুরি (গ) বাংলা (ঘ) কুটিল

২। **'গৌড়ীয় ব্যাকরণের' রচয়িতা কে?**
(ক) উইলিয়াম কেরি (খ) রামমোহন রায়
(গ) এন. বি. হ্যালহেড (ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

৩। **কোনটি স্বরযন্ত্রের অংশ নয়?**
(ক) স্বররন্ধ্র (খ) ধ্বনিদ্বার
(গ) জিহ্বা (ঘ) অধিজিহ্বা

৪। **'ষ্ণ' যুক্তবর্ণটি কোন্ কোন্ বর্ণ দিয়ে তৈরি?**
(ক) ষ + ণ (খ) ষ্ + ঞ
(গ) ঞ + ষ (ঘ) ষ্ + হ

৫। **কোনটি অর্ধস্বরধ্বনির উদাহরণ নয়?**
(ক) ই (খ) উ (গ) এ (ঘ) আ

৬। **'আ' উচ্চারণের সময় জিহ্বার অবস্থান কোথায় থাকে?**
(ক) সম্মুখ (খ) মধ্য (গ) পশ্চাৎ (ঘ) দন্তমূল

৭। **তালু স্পৃষ্ট ব্যঞ্জনের উদাহরণ কোনটি?**
(ক) প, ফ, ব, ভ (খ) ত, থ, দ, ধ
(গ) চ, ছ, জ, ঝ (ঘ) ট, ঠ, ড, ঢ

৮। **নিচের কোন্ শব্দে 'অ' এর বিবৃত উচ্চারণ হয়?**
(ক) অনাথ (খ) অতি (গ) অদ্য (ঘ) অণু

৯। **'স্মরণ' শব্দের উচ্চারণ কোনটি?**
(ক) সরন (খ) শরন (গ) শঁরোন্ (ঘ) শরোন

১০। **আজ শ্রেণিতে ছাত্ররা বসে আছে।– এ বাক্যে অলগ্নক পদ কোন্‌টি?**
(ক) আজ (খ) শ্রেণিতে
(গ) ছাত্ররা (ঘ) বসে আছে

১১। **দু'টি উপসর্গযোগে গঠিত শব্দের উদাহরণ কোনটি?**
(ক) অপসংস্কৃতি (খ) সম্প্রদান
(গ) সংযোজন (ঘ) প্রতিধ্বনি

১২। **নিচের কোনটি ভুল?**
(ক) ফিকা + সে = ফ্যাকাসে (খ) বৃধ্ + মান = বর্ধমান
(গ) নী + ত্র = নেত্র (ঘ) মুক্ + ত = মুক্ত

১৩। **নিচের কোনটি মধ্যপদলোপী কর্মধারায় সমাসের উদাহরণ?**
(ক) শশব্যস্ত (খ) মনমাঝি
(গ) ঘিভাত (ঘ) চৌরাস্তা

১৪। **পূর্বপদ ও পরপদ উভয়ই বিশেষ্য হলে কোন্ বহুব্রীহি হয়?**
(ক) সমানাধিকরণ (খ) ব্যাধিকরণ
(গ) ব্যতিহার (ঘ) প্রত্যয়ান্ত

১৫। **'সঞ্চয়' – কোন নিয়মে সংঘটিত সন্ধি?**
(ক) স্বর + স্বর (খ) স্বর + ব্যঞ্জন
(গ) ব্যঞ্জন + স্বর (ঘ) ব্যঞ্জন + ব্যঞ্জন

১৬। **কোনটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ?**
(ক) উড়ু উড়ু (খ) ঢং ঢং
(গ) ঘুম ঘুম (ঘ) গরম গরম

১৭। **নিচের কোনটি নিত্য নরবাচক শব্দ?**
(ক) কৃতদার (খ) নেতা
(গ) শিক্ষক (ঘ) বাবা

১৮। **'তারিখ' কোন্ ধরনের শব্দ?**
(ক) আরবি (খ) ফারসি
(গ) পর্তুগিজ (ঘ) ফরাসি

১৯। **গুণ-বিশেষ্য কোনটি?**
(ক) শয়ন (খ) লবণ (গ) দীনতা (ঘ) সাগর

২০। **নিচের কোনটি 'সংযোগ ক্রিয়া'?**
(ক) সে <u>লিখছে</u>। (খ) তিনি <u>পড়াচ্ছেন</u>।
(গ) সে <u>হেসে উঠল</u>। (ঘ) ছেলেটি লজ্জা <u>পেয়েছে</u>।

২১। **নিচের কোনটিতে পদানু ক্রিয়া বিশেষণের ব্যবহার হয়েছে?**
(ক) আমি <u>কি</u> যাব? (খ) সে এখন যাবে <u>না</u>।
(গ) <u>যথাসময়ে</u> সে হাজির হয়। (ঘ) <u>টিপটিপ</u> বৃষ্টি পড়ছে।

২২। **ক্রিয়াজাত অনুসর্গ কোনটি?**
(ক) তোমাকে <u>দিয়ে</u> এ কাজ সম্ভব।
(খ) বহুদিন <u>ধরে</u> অপেক্ষা করে আছি।
(গ) মাথার <u>উপরে</u> নীল আকাশ।
(ঘ) কার <u>কাছে</u> গেলে জানা যাবে।

২৩। **যদি রোদ ওঠে, তবে রওনা দেব।–এ বাক্যের 'যদি ........ তবে' কোন ধরনের যোজক?**
(ক) সাধারণ (খ) বিরোধ
(গ) সাপেক্ষ (ঘ) কারণ

২৪। **সাধারণ অতীতকালে শ্রোতাপক্ষের সাধারণরূপে কোন্ ক্রিয়াবিভক্তি যুক্ত হয়?**
(ক) -এছিলে (খ) -লে (গ) -এছিল (ঘ) -লেন

২৫। **কোন্ কালে অনুজ্ঞা হয় না?**
(ক) বর্তমান (খ) ভবিষ্যৎ
(গ) ঘটমান ভবিষ্যৎ (ঘ) অতীত

২৬। **বাক্যের মধ্যে একাধিক শব্দের গুচ্ছকে কী বল?**
(ক) বর্ণ (খ) শব্দ (গ) পদ (ঘ) বর্গ

২৭। **নিচের কোনটি সরল বাক্যের উদাহরণ?**
(ক) দোষ করেছ; অতএব শাস্তি পাবে।
(খ) বিপদ ও দুঃখ একসঙ্গে আসে।
(গ) তিনি ভাত খেয়ে চেয়ারে বসলেন।
(ঘ) যদি তুমি যাও, তবে তার দেখা পাবে।

২৮। **রাজীব বাংলা <u>ব্যাকরণে</u> ভালো। –নিম্নরেখ পদটি কোন্ কারকের উদাহরণ?**
(ক) অধিকরণ (খ) অপাদান
(গ) কর্ম (ঘ) করণ

২৯। **ওখানে কেন গেলে? –এটি কোন বাচ্যের উদাহরণ?**
(ক) কর্তাবাচ্য (খ) কর্মবাচ্য
(গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

৩০। **কোনো অংশ বাদ দিতে চাইলে কোন্ যতিচিহ্নের ব্যবহার হয়?**
(ক) বিকল্পচিহ্ন (খ) ত্রিবিন্দু
(গ) ড্যাশ (ঘ) হাইফেন

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
(খ) পদ্মা নদী

২। **চিঠি/আবেদনপত্র লেখো :**
(ক) সড়ক দুর্ঘটনা প্রতিকারের দাবি জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখো। ১০
অথবা, (খ) তোমার এলাকায় পাঠাগার স্থাপনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট একখানা আবেদনপত্র লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০

মহাসমুদ্রের শত বৎসরের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিত যে, সে ঘুমাইয়া পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিত, তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরির তুলনা হইত। এখানে ভাষা চুপ করিয়া আছে, প্রবাহ স্থির হইয়া আছে, মানবাত্মার অমর আলোক কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে। ইহারা সহসা যদি বিদ্রোহী হইয়া ওঠে, নিস্তব্ধতা ভাঙিয়া ফেলে, অক্ষরের বেড়া দগ্ধ করিয়া একেবারে বাহির হইয়া আসে। হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত কত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরির মধ্যে বন্যাকে বাঁধিয়া রাখিয়াছে।

অথবা, (খ) **সারমর্ম লেখো :**

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে?
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪। **যেকোনো একটির ভাব সম্প্রসারণ করো :** ১০
(ক) বিদ্যার সঙ্গে সম্পর্কহীন জীবন অন্ধ এবং জীবনের সঙ্গে সম্পর্কহীন বিদ্যা পঙ্গু।
(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

৫। **যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) এলাকার সড়কের দুরবস্থা সংক্রান্ত একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।
(খ) মনে কর, তোমার নাম রাহুল। তুমি দশম শ্রেণির একজন ছাত্র। সম্প্রতি তোমার বিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। (বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক তুমি আদিষ্ট হয়ে) উক্ত বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৬। **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) কৃষিকাজে বিজ্ঞান
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প
(গ) সময়ানুবর্তিতা।

37

# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **রূপতত্ত্বে বিশেষ্য গুরুত্ব পায় কোনটি?**
ⓚ বিশেষ্যের আলোচনা ⓚ ক্রিয়া বিশ্লেষণ
ⓖ শব্দগঠন প্রক্রিয়া ⓖ ক্রিয়া বিশেষণ

২। **কোনটি অর্ধস্বরধ্বনি?**
ক) অ খ) আ গ) ই ঘ) ঋ

৩। **'বিদ্রোহ' এর উচ্চারণ কী?**
ক) বিদ্রোহো খ) বিদ্‌দ্রোহা
গ) বিদদ্রোহ ঘ) বিদ্রোহ

৪। **কোনটি 'নেত্র' এর প্রকৃতি ও প্রত্যয়?**
ক) নৃ+ত্র খ) নৈ+ত্র গ) নী+ত্র ঘ) নে+ত্র

৫। **পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে তাকে কোন বহুব্রীহি সমাস বলে?**
ক) সমানাধিকারণ খ) ব্যাধিকরণ
গ) পদলোপী ঘ) সংখ্যাবাচক

৬। **শব্দদ্বিত্ব কত ধরনের?**
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

৭। **সন্ধিতে অ + ঐ মিলে কী হয়?**
ক) এ খ) ঐ গ) ও ঘ) ঔ

৮। **'দারোগা' কোন ভাষার শব্দ?**
ক) আরবি খ) ফারসি গ) তুর্কি ঘ) ফরাসি

৯। **কোনটি জাতিবাচক বিশেষ্য**
ক) নদী খ) পদ্মা গ) ইট ঘ) বাহিনী

১০। **'এমন ঘটনা ঘটতেই থাকবে।'– কোন কালের উদাহরণ?**
ক) ঘটমান ভবিষ্যৎ খ) সাধারণ ভবিষ্যৎ
গ) ভবিষ্যৎ অনুজ্ঞা ঘ) ঘটমান বর্তমান

১১। **সর্বপ্রথম কোন ভাষায় বাংলা ব্যাকরণ রচিত হয়?**
ক) ইংরেজি খ) পর্তুগিজ
গ) জাপানি ঘ) হিন্দি

১২। **কোনটি শব্দের শেষে যুক্ত হয় না?**
ক) প্রত্যয় খ) বলক গ) বিভক্তি ঘ) উপসর্গ

১৩। **নিচের কোনটি নিত্য নরবাচক শব্দ?**
ক) শিক্ষক খ) খোকা গ) প্রিয় ঘ) কৃতদার

১৪। **'শিক্ষককে জানাও'– এখানে 'শিক্ষককে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্তৃ কারকে ২য়া খ) কর্ম করকে ২য়া
গ) করণে ৭মী ঘ) অপাদানে ৭মী

১৫। **নিচের কোনটি প্রযোজক ক্রিয়ার উদাহরণ?**
ক) শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন
খ) খোকা মাঠে খেলছে
গ) সে ধরা খেয়েছে
ঘ) সুমন চিঠি লিখছে

১৬। **নিচের কোনটিতে ধরন বাচক ক্রিয়া বিশেষণের উদাহরণ রয়েছে?**
ক) যথাসময়ে সে হাজির হয়
খ) মিছিলটি সমানে এগিয়ে যায়
গ) টিপটিপ বৃষ্টি পড়ছে
ঘ) তিনি বেড়াতে যাননি

১৭। **ক্রিয়াপদ অনুসর্গ কোনটি?**
ক) করে খ) কাছে গ) জন্য ঘ) বনাম

১৮। **'যত পড়ছি ততই নতুন করে জানছি'– বাক্যটি কোন যোজক নির্দেশ করেছে?**
ক) সাধারণ যোজক খ) বিকল্প যোজক
গ) বিরোধ যোজক ঘ) সাপেক্ষ যোজক

১৯। **কোনটি সামান্য বিরতি নির্দেশ করে?**
ক) কমা খ) সেমিকোলন
গ) হাইফেন ঘ) কোলন

২০। **'অপরূপা' শব্দটি বর্তমানে যে অর্থে ব্যবহৃত হয়, সেখানে অর্থের কী ঘটেছে?**
ক) অর্থসংকোচ খ) অর্থের উন্নতি
গ) অর্থের অবনতি ঘ) অর্থের বদল

২১। **'উড়নচণ্ডী' বাগ্‌ধারাটির অর্থ কী?**
ক) অকালপক্ব খ) অপদার্থ
গ) বেহায়া ঘ) বেহিসেবি

২২। **'অন্তরীক্ষ' কোন শব্দের প্রতিশব্দ?**
ক) আগুন খ) আকাশ গ) ইচ্ছা ঘ) পৃথিবী

২৩। **'আভরণ' শব্দের অর্থ কী?**
ক) অলংকার খ) আচ্ছাদন
গ) সুন্দর ঘ) আবৃতি

২৪। **'ভূত' শব্দটির বিপরীত শব্দ কোনটি?**
ক) বর্তমান খ) আলো গ) ভবিষ্যৎ ঘ) অতীত

২৫। **'চলন্ত' কোনবাচক বিশেষণ?**
ক) গুণবাচক খ) অবস্থাবাচক
গ) ক্রমবাচক ঘ) ভাববাচক

২৬। **অঘোষ ব্যঞ্জনধ্বনি কোনটি?**
ক) ভ খ) ধ গ) থ ঘ) ঙ

২৭। **স্বরবর্ণের মোট কতটি সংক্ষিপ্ত রূপ রয়েছে?**
ক) ৭টি খ) ৮টি গ) ৯টি ঘ) ১০টি

২৮। **পূরণবাচক সংখ্যার উদাহরণ কোনটি?**
ক) তের খ) তেরই গ) ত্রয়োদশ ঘ) ১৩

২৯। **'মানী' পক্ষের বহুবচন করার সময়ে কোন লগ্নক যোগ করা হয়?**
ক) আবলি খ) বর্গ গ) সমূহ ঘ) রাজি

৩০। **'কোথা থেকে আসা হলো'– এটি কোন বাচ্য?**
ক) কর্তাবাচ্য খ) কর্মবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কর্তা-কর্ম বাচ্য

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো :** ১০
(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
(খ) বিশ্ববিদ্যালয়

২। **চিঠি/আবেদনপত্র লেখ : (যে-কোনো একটি)**
(ক) মনে করো, তুমি পলাশ। সড়ক দুর্ঘটনা প্রতিকারের দাবি জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি চিঠি লেখো। ১০
(খ) মনে করো, তুমি তাহসিন। নির্বাচনি পরীক্ষার প্রস্তুতি জানিয়ে তোমার বড় ভাইয়ের নিকট একটি পত্র লেখো।

৩। **সারাংশ/সারমর্ম লেখ : (যে-কোনো একটি)**
**(ক) সারাংশ লেখ :** ১০
মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। চরিত্র বলেই মানুষের জীবনে যা কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানবের প্রাপ্য হয়, মানুষ যদি মানুষকে শ্রদ্ধা করে, সে শুধু চরিত্রের জন্য, অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যে সকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন তাঁদের গৌরবের মূলে এই চরিত্রশক্তি। তুমি চরিত্রবান লোক-এ কথার অর্থ এই নয় যে, তুমি লম্পট নও। তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ করো, তুমি পরদুঃখ কাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতাপ্রিয় চরিত্রবান মানে এই।

**অথবা, (খ) সারমর্ম লেখো :**
বসুমতি, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস–
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শস্য দিলে কি তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কেন বসুমতি,
আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,
আমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।
তোমার গৌরব তাহে একেবারে ছাড়ে।

৪। **যে-কোনো একটির ভাবসম্প্রসারণ লেখো :** ১০
(ক) প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।
(খ) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন,
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।

৫। **যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) মনে করো, তুমি আবিদ। তুমি জাতীয় দৈনিক পত্রিকার স্থানীয় প্রতিনিধি। বৃক্ষ রোপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে দৈনিক পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
(খ) মনে করো, তুমি লাবিব। একটি জাতীয় দৈনিক পত্রিকায় একজন নিজস্ব সংবাদদাতা হিসেবে 'সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা' বিষয়ক একটি প্রতিবেদন তৈরি করো।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) বাংলাদেশের উৎসব;
(খ) সময়ানুবর্তিতা;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।

38

## বসন্ত কুমারী গোপাল চন্দ্র (বি. কে. জি. সি) সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ
## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **মৌলিক ব্যঞ্জনধ্বনি কয়টি?**
ক ৭ খ ১১ গ ৩০ ঘ ৩৯

২। **চাই শব্দে কোনটি অর্ধস্বরধ্বনি?**
ক আ খ ই গ আই ঘ চ

৩। **নিচের কোনটি উষ্ম ব্যঞ্জন?**
ক স খ ল গ ঢ ঘ ঙ

৪। **৫০টি বর্ণ উচ্চারণের জন্য কয়টি মূল ধ্বনি আছে?**
ক ৭টি খ ৩৭টি গ ৩০টি ঘ ৩৫টি

৫। **আদালত কোন ভাষার শব্দ?**
ক ফারসি খ আরবি গ ফরাসি ঘ তুর্কি

৬। **কোনটি যৌগিক ক্রিয়া?**
ক রান করা খ রাজি হওয়া
গ উঠে পড়া ঘ যাওয়া

৭। **'যত পড়ছি ততই নতুন করে জানছি'–এ বাক্যে কোন ধরনের যোজক আছে?**
ক কারণ খ বিরোধ গ বিকল্প ঘ সাপেক্ষ

৮। **'শিক্ষককে সম্মান করবে'– 'শিক্ষককে' কোন কারক?**
ক কর্মকারক খ সম্প্রদান
গ অধিকরণ ঘ অপাদান

৯। **'মরি তো মরব'–কোন প্রকারের ক্রিয়া বিশেষণ?**
ক ধরনবাচক খ ইতিবাচক
গ পদানু ঘ হতাশা

১০। **কোনটি পূরণবাচক সংখ্যাশব্দ?**
ক তেইশে খ তেহাই
গ দ্বাদশী ঘ পহেলা

১১। **'শ্বশ্রু' শব্দের অর্থ কী?**
ক শাশুড়ি খ দাড়ি গ দাঁড়ি ঘ শ্বশুর

১২। **কোন নির্দেশকটি সামনে বসে?**
ক খানা খ গোটা গ জন ঘ টুকু

১৩। **মানী পক্ষের বহুবচনে কোনটি বসে?**
ক বর্গ খ সমূহ গ গুলো ঘ রা

১৪। **আ-কারান্ত শব্দের শেষে 'এ' বিভক্তির রূপভেদ–**
ক ই খ অ্যা গ য় ঘ আ

১৫। **পুরাঘটিত বর্তমান কালে উত্তম পুরুষে প্রযোজক ক্রিয়ার বিভক্তি–**
ক এছি খ ইয়েছি গ এছে ঘ ছি

১৬। **আগামী মাসে ঢাকা যাচ্ছি– কোন কালের ক্রিয়া?**
ক ভবিষ্যৎ খ বর্তমান
গ ঘটমান ভবিষ্যৎ ঘ ঘটমান বর্তমান

১৭। **বিধেয়ের কালবাচক প্রসারক কোথায় বসতে পারে?**
ক উদ্দেশ্যের পূর্বে খ উদ্দেশ্যের পরে
গ বিধেয়ের পূর্বে ঘ বিধেয়ের পরে

১৮। **চেষ্টা না করায় ব্যর্থ হয়েছো–এটি কোন বাক্য?**
ক মিশ্র খ সরল গ জটিল ঘ যৌগিক

১৯। **কোনটি ভাববাচ্যের উদাহরণ?**
ক কখন আসা হলো খ কেন গেলে
গ বেড়িয়ে আসি ঘ বাঁশি বাজাও

২০। **বক্তার কথা উপস্থাপনের ধরন কয় প্রকার?**
ক ৩ খ ২ গ ৪ ঘ ৫

২১। **সাধারণত দুটি বাক্যকে একবাক্যে পরিণত করতে কোনটি বসে?**
ক হাইফেন খ সেমিকোলন
গ ড্যাশ ঘ কোলন

২২। **'দ্বন্দ্ব' শব্দের বর্তমান অর্থ বিরোধ-এটি কোন ধরনের পরিবর্তন?**
ক বিপরীত খ অর্থের অবনতি
গ বদল ঘ উন্নতি

২৩। **'ইচড়ে পাকা' বাগধারার অর্থ কী?**
ক অপক্ক খ অকাল পক্ক
গ পার্থক্য ঘ প্রবার

২৪। **'হয়' এর প্রতিশব্দ কী?**
ক অশ্ব খ হাতি গ পাখি ঘ হায়েনা

২৫। **'খাতক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**
ক ক্রেতা খ বিক্রেতা
গ পাইকার ঘ মহাজন

২৬। **'পটল' অর্থ কী?**
ক সবজি বিশেষ খ চোখ
গ অধ্যায় ঘ ধাক্কা

২৭। **দুর! এ কথা কি বলতে আছে? –এখানে আবেগ–**
ক বিরক্তি অর্থে খ অলংকার
গ বিস্ময় ঘ আবেগ

২৮। **কোনটি বিকল্প যোজক?**
ক না-হয় খ যদি গ তবু ঘ তাই

২৯। **অনুসর্গকে কয়ভাগে ভাগ করা যায়?**
ক ৩ খ ৪ গ ২ ঘ ৫

৩০। **কোনটি একপদী ক্রিয়া-বিশেষণ?**
ক জোরে খ ভয়ে ভয়ে
গ মরতে মরতে ঘ যায় যায়

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) বইমেলা
(খ) রেলগাড়ি

২। **চিঠি/আবেদনপত্র লেখো :**
(ক) মনে করো, তুমি জামালপুরের জারা। জাদুঘর ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার হবিগঞ্জের বন্ধু আলিসাকে একটি পত্র লেখো। ১০

**অথবা,** (খ) তোমার এলাকায় যত্রতত্র ময়লা ফেলা হতে পরিত্রাণ পেতে পৌরসভার মেয়র বরাবর একটি আবেদন পত্র লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০
মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুত চরিত্রবলেই মানুষের জীবনে যা-কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নাই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যেসব মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের গৌরবমূলে এই চরিত্রশক্তি। তুমি চরিত্রবান লোক। এ কথার অর্থ এই নয় যে, তুমি শুধু লম্পট নও তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ করো; তুমি পরদুঃখকাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতাপ্রিয়– চরিত্রবান মানে এই।

**অথবা,** (খ) **সারমর্ম লেখো :**
ধন্য আশা কুহকিনী! তোমার মায়ায়
অসার সংসারচক্র, ঘোরে নিরবধি;
দাঁড়াইত স্থিরভাবে, চলিত না হায়
মন্ত্রবলে তুমি চক্র না ঘুরাতে যদি।
ভবিষ্যৎ-অন্ধ মূঢ় মানব-সকল
ঘুরিতেছে কর্মক্ষেত্রে বর্তুল আকার;
তব ইন্দ্রজালে মুগ্ধ, পেয়ে তব বল
যুঝিছে জীবন–যুদ্ধে হায়! অনিবার।
নাচায় পুতুল যেবা দক্ষ বাজিকরে,
নাচাও তেমনি তুমি অর্বাচীন নরে।

৪। **যেকোনো একটির ভাব সম্প্রসারণ করো :** ১০
(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।
(খ) বিদ্যার সঙ্গে সম্পর্কহীন জীবন অন্ধ এবং জীবনের সঙ্গে সম্পর্কহীন বিদ্যা পঙ্গু।

৫। **যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো :** ১০
(ক) মনে করো, তুমি মুনজেরিন। তুমি 'দৈনিক ইত্তেফাক' পত্রিকার হবিগঞ্জ অঞ্চলের প্রতিনিধি। বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান সম্পর্কে সংবাদ প্রতিবেদন রচনা করো।

**অথবা,**

(খ) মনে করো, তুমি ফাতেমা। তুমি 'দৈনিক আলোর খবর' পত্রিকার ঢাকার প্রতিনিধি। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহত মীর মুগ্ধকে নিয়ে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।

৬। **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) সময়ানুবর্তিতা
(খ) কৃষিকাজে বিজ্ঞান
(গ) জগদীশচন্দ্র বসু

39

# বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল
## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **'পূর্বাহ্ণ' শব্দের 'হ্ণ' কোন বর্ণের মিলিত রূপ?**
ক হ্ + ণ খ ন + হ্ গ হ্ + ন ঘ ন + হ

২। **যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয়, সেগুলোকে বলে—**
ক লগ্নক খ নির্দেশক গ বলক ঘ বচন

৩। **সম্যক অর্থ প্রকাশ করেছে কোন উপসর্গ যুক্ত শব্দটি?**
ক উপভোগ খ উপকূল গ সম্মুখ ঘ আখাম্বা

৪। **কানাকানি কোন সমাসের উদাহরণ?**
ক অলুক বহুব্রীহি খ ব্যতিহার বহুব্রীহি
গ সংখ্যাবাচক বহুব্রীহি ঘ সমানাধিকার বহুব্রীহি

৫। **নিচের কোন ধন্যাত্মক দ্বিত্বের মাঝখানে স্বরধ্বনির আগমন ঘটেছে?**
ক ভটভট খ মজায় মজায়
গ থকথকে ঘ পটাপট

৬। **অপত্নীবাচক শব্দের উদাহরণ কোনটি?**
ক দাদি খ জেলেনি গ পাগলি ঘ মাতা

৭। **সাপেক্ষ সর্বনাম কোনটি?**
ক যে-সে খ স্বয়ং গ কেউ ঘ পরস্পর

৮। **কোনটি তারিখ বাচক শব্দ?**
ক ১ খ এক গ প্রথম ঘ পহেলা

৯। **যে শব্দ কোনো শব্দের পরে বসে শব্দটিকে বাক্যের সঙ্গে সম্পর্কিত করে সেসব শব্দকে কী বলে?**
ক বিভক্তি খ অনুসর্গ
গ ক্রিয়া বিভক্তি ঘ প্রত্যয়

১০। **কোন বাক্যে পদানু বিশেষণ আছে?**
ক টিপটিপ বৃষ্টি পড়ছে খ সে এখন যাবে না
গ আমি কি যাব ঘ মিছিলটি সামনে এগিয়ে যায়

১১। **'সে ক্ষুধার্ত তবু ভিক্ষা করবে না'।— এ বাক্যে যোজক কোনটি?**
ক তবু খ ক্ষুধার্ত গ ভিক্ষা ঘ করবে না

১২। **অলংকার আবেগ আছে কোন বাক্যে?**
ক আরে! তুমি আবার কখন এলে?
খ বেশ, তবে যাওয়াই যাক
গ বাহ, চমৎকার লিখেছ।
ঘ দুর! এ কথা কি বলতে আছে?

১৩। **কোন নির্দেশকটি সংখ্যার পরে আলাদা শব্দের মতো বসে?**
ক টুকু খ খানা গ জন ঘ টি

১৪। **ব্যাকরণের কোন কোন পদের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে?**
ক বিশেষ্য ও বিশেষণ খ সর্বনাম ও ক্রিয়াপদ
গ বিশেষ্য ও সর্বনাম পদ ঘ সর্বনাম ও বিশেষণ পদ

১৫। **নিচের কোন বাক্যে লগ্নক ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে?**
ক বাজারে লোক কম
খ ছাত্ররা এসে জড়ো হয়েছে
গ শিক্ষক ক্লাসে এসেছে
ঘ এ নিয়ে আমাদের বলার কিছু নেই

১৬। **সাধারণ ক্রিয়ার পুরাঘটিত বর্তমান কালে বক্তা পক্ষের ক্রিয়াবিভক্তি কোনটি?**
ক –ছি খ –লাম গ –এছ ঘ –এছি

১৭। **'আমার আশীর্বাদ নিয়ো'— বাক্যটি কোন কালের?**
ক নিত্য অতীত খ সাধারণ অতীত
গ অনুজ্ঞা বর্তমান ঘ সাধারণ বর্তমান

১৮। **তাঁর টাকা আছে, কিন্তু তিনি দান করেন না— এটি কোন বাক্যের উদাহরণ?**
ক যৌগিক বাক্য খ জটিল বাক্য
গ মিশ্র বাক্য ঘ সরল বাক্য

১৯। **নিচের কোন বাক্যে বিশেষণ বর্গ রয়েছে?**
ক আমার ভাই পড়তে বসেছে
খ ভদ্রলোক সত্যিকারের নির্লোভ
গ সে লিখছে আর হাসছে
ঘ আমি সকাল থেকে বসে আছি

২০। **উদ্দেশ্য ও বিধেয়কে প্রসারিত করে যেসব শব্দ ও বর্গ দিয়ে তাকে বলে—**
ক উদ্দেশ্য খ বিধেয়
গ প্রসারক ঘ পূরক

২১। **কাব্যভাষায় কর্মকারকে কোন বিভক্তি যুক্ত হয়?**
ক – য় খ – এ গ – তে ঘ – রে

২২। **'তোমাকে হাঁটতে হবে? কোন বাচ্যের উদাহরণ?**
ক কর্মবাচ্য খ ভাববাচ্য
গ কর্তাবাচ্য ঘ কর্মকর্তৃবাচ্য

২৩। **প্রত্যক্ষ উক্তিতে কোন ধরনের উদ্ধৃতি থাকলে পরোক্ষ উক্তিতে কালের কোন পরিবর্তন হয় না?**
ক চিরন্তন সত্য খ অনুজ্ঞা সূচক
গ প্রশ্নবোধক ঘ আবেগসূচক

২৪। **অতিরিক্ত তথ্য উপস্থাপন ও কালনির্দেশের ক্ষেত্রে কোন যতিচিহ্নের ব্যবহার হয়?**
ক সেমিকোলন খ ত্রিবিন্দু
গ কোলন ঘ বন্ধনী

২৫। **শব্দের আভিধানিক অর্থই—**
ক অর্থ প্রসার খ লক্ষ্যার্থ
গ বাচ্যার্থ ঘ অর্থ সংকোচ

২৬। **'সাহস' শব্দের দ্বারা নির্ভীকতা বোঝালে অর্থের কী ধরনের পরিবর্তন হয়?**
ক অর্থ বদল খ অর্থের উন্নতি
গ অর্থ সংকোচ ঘ অর্থের অবনতি

২৭। **'ইন্দু', 'মৃগাঙ্ক' শব্দের প্রতিশব্দ কোনটি?**
ক অম্বর খ শশী গ পাবক ঘ কুন্তল

২৮। **কোনটি 'ভূত' শব্দের বিপরীতার্থক শব্দ?**
ক ভয় খ ভবিষ্যৎ গ পেত্নী ঘ নির্ভীক

২৯। **'চির' শব্দের অর্থ দীর্ঘ হলে, 'চীর' অর্থ কী?**
ক চূর্ণ খ স্থলিত গ ছুরি ঘ ছিন্নবস্ত্র

৩০। **'শ্রমিক' শব্দের সঠিক উচ্চারণ কোনটি**
ক শোরমিক খ স্রোমিক
গ ছোরমিক ঘ শ্রোরোমিক

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) বই মেলা
(খ) কম্পিউটার

২। **যে-কোন একটি বিষয়ে পত্র লেখো :**
(ক) মনে করো, তুমি আতিকা জামান। তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি পত্র লেখো। ১০
(খ) মনে করো, তুমি হিমিকা, টাঙ্গাইল বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির একজন শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে একটি পাঠাগার স্থাপনের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখো।

৩। **যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :**
(ক) **সারাংশ লেখ :** ১০
মহাসমুদ্রের শত বৎসরের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিত যে, সে ঘুমাইয়া পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিত, তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরির তুলনা হইত। এখানে ভাষা চুপ করিয়া আছে। প্রবাহস্থির হইয়া আছে, মানবাত্মার অমর আলোকে কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে। ইহারা সহসা যদি বিদ্রোহী হইয়া উঠে, নিস্তব্ধতা ভাঙিয়া ফেলে, অক্ষরের বেড়াদগ্ধ করিয়া একবারে বাহির হইয়া আসে! হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত কত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরির মধ্যে মানবহৃদয়ের বন্যাকে বাঁধিয়া রাখিয়াছে।

অথবা, (খ) **সারমর্ম লেখ :**
আসিতেছে শুভদিন,
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সে পথের দু'পাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

৪। **যে-কোনো একটির ভাব সম্প্রসারণ করো :** ১০
(ক) বিদ্যার সঙ্গে সম্পর্কহীন জীবন অন্ধ এবং জীবনের সঙ্গে সম্পর্কহীন বিদ্যা পঙ্গু।
(খ) মেঘ দেখে কেউ করিসনে ভয়, আড়ালে তার সূর্য হাসে,
হারা শশীর হারা হাসি, অন্ধকারেই ফিরে আসে।

৫। **যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন তৈরি করো :** ১০
(ক) মনে করো, তুমি আলিফা, মতিঝিল আইডিয়াল উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচি সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো।
(খ) মনে করো, তুমি মুনমুন, বরিশাল কাশিপুর এলাকার বাসিন্দা। তোমার এলাকার সড়কের দুরবস্থা সংক্রান্ত একটি সংবাদ প্রতিবেদন লেখো।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) বাংলাদেশের মুক্তিযুদ্ধ;
(খ) কৃষিকাজে বিজ্ঞান;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।

40

# তাসলিমা মেমোরিয়াল একাডেমী, বরগুনা

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। 'গৌড়ীয় ব্যাকরণ' এর রচয়িতা কে?
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ) উইলিয়াম কেরি
ঘ) রামমোহন রায়

২। শব্দের অর্থ ও অর্থবৈচিত্র্য নিয়ে আলোচনা করে—
ক) ধ্বনি তত্ত্ব খ) রূপতত্ত্ব
গ) অর্থতত্ত্ব ঘ) বাক্যতত্ত্ব

৩। শক্ততালু ও উপরের পাটির দাঁতের মধ্যবর্তী উত্তল অংশকে কী বলে—
ক) দন্তমূল খ) শক্ততালু গ) মূর্ধা ঘ) নরমতালু

৪। কোনটি উচ্চ পশ্চাৎ স্বরধ্বনি?
ক) ই খ) এ গ) উ ঘ) ও

৫। কোনগুলো ঘোষ ব্যঞ্জন?
ক) ব, ভ খ) ং, ঙ গ) চ, ছ ঘ) ত, দ

৬। চা না হয় কফি পান করুন। এ বাক্যে কোন ধরনের যোজক ব্যবহার করা হয়েছে?
ক) সাধারণ যোজক খ) বিরোধ যোজক
গ) বিকল্প যোজক ঘ) কারণ যোজক

৭। ক্রিয়ার কাল নির্দেশনার জন্য এবং কারক বোঝাতে পদের সঙ্গে যেসব শব্দাংশ যুক্ত হয় সেগুলোকে কী বলে?
ক) বিভক্তি
খ) নির্দেশক
গ) আসামিকে জরিমানা করা হোক
ঘ) শরতে শিউলি ফোটে

৮। বিপরীত অর্থে কোন উপসর্গটি ব্যবহার করা হয়?
ক) নিম খ) অভি গ) গর ঘ) পাতি

৯। নিচের কোনটি কর্মবাচ্যের উদাহরণ?
ক) তারা বাড়িটি তৈরি করছে
খ) কলমটি ভালো লেখে
গ) আসামিকে জরিমানা করা হোক
ঘ) শরতে শিউলি ফোটে

১০। নিচের কোনটি প্রযোজক ক্রিয়ার ভাবী অসমাপিকা ক্রিয়া বিভক্তি?
ক) আনো খ) ইয়ে গ) আতে ঘ) আলে

১১। উপজীবিকা অর্থে 'ইয়া' প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?
ক) মেটে খ) বেলে গ) মুটে ঘ) জেলে

১২। 'কানে খাটো' কোন সমাসের উদাহরণ?
ক) দ্বন্দ্ব খ) কর্মধারয়
গ) তৎপুরুষ ঘ) বহুব্রীহি

১৩। মানী লোকের বেলায় বহুবচনে কী লগ্নক ব্যবহৃত হয়?
ক) মালা খ) আবলি গ) বৃন্দ ঘ) রাজি

১৪। নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি কোনটি?
ক) গবাক্ষ খ) সংরক্ষণ
গ) উত্থান ঘ) তিরস্কার

১৫। মৌলিক শব্দ কোনটি?
ক) পাখি খ) পরিচালক
গ) গোলাপি ঘ) হরিণ

১৬। নিচের কোনটি যৌগিক ক্রিয়ার উদাহরণ?
ক) আছাড় খাওয়া খ) করাচ্ছেন
গ) ছটফটায় ঘ) কমে আসা

১৭। 'ভোজন' কী ধরনের বিশেষ্য?
ক) নামবাচক খ) গুণবাচক
গ) ক্রিয়াবাচক ঘ) জাতি বাচক

১৮। 'বাতাস' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক) পাবক খ) পন্নগ
গ) প্রবাহিণী ঘ) প্রভঞ্জন

১৯। প্রাচ্য শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক) প্রতীচ্য খ) প্রতীচী গ) পশ্চিম ঘ) প্রতিচ্য

২০। কোনটি লগ্নক নয়?
ক) প্রত্যয় খ) নির্দেশক গ) বলক ঘ) বচন

২১। নিচের কোনটিতে উপমেয় পদের সাথে উপমান পদের অভেদ কল্পনা করা হয়েছে?
ক) কাজলকালো খ) মনমাঝি
গ) চৌরাস্তা ঘ) তুষার শুভ্র

২২। কর্তাবাচ্যের বাক্যকে ভাববাচ্যে রূপান্তরিত করতে হলে কোন পদকে নিয়ন্ত্রণ করতে হয়?
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ক্রিয়া ঘ) ক্রিয়া বিশেষ্য

২৩। 'ফুলের গন্ধে ঘুম আসেনা' বাক্যটিতে কোন কারক?
ক) অধিকরণ খ) অপাদান
গ) করণ ঘ) সম্বন্ধ

২৪। কোনটি কম্পিত ব্যঞ্জনের উদাহরণ?
ক) ল খ) র গ) ম ঘ) ঙ

২৫। বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে বলে—
ক) উদ্দেশ্যে খ) বিধেয়
গ) পূরক ঘ) প্রসারক

২৬। সে খেয়ে আর ঘুমিয়ে কাটাচ্ছে— বাক্যটিতে 'খেয়ে আর ঘুমিয়ে' কোন ধরনের বর্গ?
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ক্রিয়া ঘ) ক্রিয়া বিশেষণ

২৭। ক্রিয়ার দ্বিতীয় অংশকে কী বলে?
ক) ধ্বনি খ) ধাতু গ) প্রত্যয় ঘ) বিভক্তি

২৮। যাক গে ওসব কথা থাক— বাক্যটি দ্বারা কোন ধরনের আবেগ প্রকাশ পাচ্ছে—
ক) সম্বোধন খ) অলংকার
গ) বিস্ময় ঘ) বিরক্তি

২৯। মরি তো মরবো— বাক্যটিতে কোন ক্রিয়া বিশেষণ?
ক) ধরনবাচক খ) পদানু ক্রিয়া বিশেষণ
গ) নেতিবাচক ঘ) কালবাচক ক্রিয়া বিশেষণ

৩০। কোনটি অসমাপিকা ক্রিয়ার ধরন?
ক) শর্ত খ) ভূত
গ) ভাবী ঘ) সবগুলোই

## বাংলা (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা লেখো : ১০
(ক) একুশে বইমেলা
(খ) খাদ্যে ভেজাল

২। যে-কোনো ১টি বিষয়ে পত্র লেখ :
(ক) বিতর্ক ক্লাব গঠনের জন্য প্রধান শিক্ষকের বরাবরে একখানা আবেদন পত্র লিখ। ১০
অথবা, (খ) দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধ কল্পে সংবাদপত্রে প্রকাশের জন্য একখানা পত্র লিখ।

৩। সারাংশ লেখ : ১০
(ক) মহাসমুদ্রের শত বৎসরের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিত যে, সে ঘুমাইয়া পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিত, তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরির তুলনা হইত। এখানে ভাষা চুপ করিয়া আছে, প্রবাহ স্থির হইয়া আছে, মানবাত্মার অমর আলোক কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে। ইহারা সহসা যদি বিদ্রোহী হইয়া উঠে, নিস্তব্ধতা ভাঙিয়া ফেলে, অক্ষরের বেড়া দগ্ধ করিয়া একেবারে বাহির হইয়া আসে! হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত কত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরির মধ্যে মানবহৃদয়ের বন্যা কে বাঁধিয়া রাখিয়াছে!

অথবা, (খ) সারমর্ম লেখো :

আসিতেছে শুভদিন,
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সে পথের দু'পাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

৪। যে-কোনো একটি বিষয়ে ভাবসম্প্রসারণ করো : ১০
(ক) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য
(খ) বিশ্রাম কাজের অঙ্গ একসাথে গাঁথা
নয়নের অংশ যেন নয়নের পাতা।

৫। যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো : ১০
(ক) বিজ্ঞান মেলার বর্ণনা দিয়ে একটি সংবাদ প্রতিবেদন লিখ।
(খ) স্কুল লাইব্রেরি সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করে প্রধান শিক্ষকের কাছে পেশ করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০
(ক) সময়ানুবর্তিতা
(খ) বাংলাদেশের বন্যা
(গ) মাদকাসক্তি ও এর প্রতিকার

41

# মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। বাঙালি মুসলমান সমাজে পীর সম্প্রদায়ের সৃষ্টি হয়–
i. সুফিবাদী ব্যাখ্যার সূত্র ধরে
ii. কুসংস্কার ও ধর্মীয় বই থেকে
iii. বাংলায় অসংখ্য মুরিদ থাকায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :
জোর করে বিয়ে দিতে চাওয়ায় বাড়ি থেকে পালিয়ে বান্ধবীর বাসায় ওঠে উচ্চশিক্ষিত সুমনা। একটা চাকরির ব্যবস্থা করে স্বাধীনভাবে নিজের মতো থাকতে পারবে, নিজের ওপরে এই বিশ্বাস রয়েছে তার।

২। উদ্দীপকের সুমনার সঙ্গে বহিপীর নাটকের তাহেরা চরিত্রের সাদৃশ্য কোথায়?
ক কোনো কিছু না ভেবে বাড়ি থেকে পালিয়ে যাওয়ায়
খ পছন্দের মানুষকে নিয়ে পালিয়ে যাওয়ায়
গ চাপিয়ে দেওয়া সিদ্ধান্ত না মেনে পালিয়ে যাওয়ায়
ঘ পালিয়ে কোথায় যাবে তা স্থির করে পালিয়ে যাওয়ায়

৩। উভয়ের বাড়ি থেকে পালিয়ে যাওয়ার ব্যাপারটিকে সমর্থন করা যায়–
i. ব্যক্তি স্বাধীনতায় হস্তক্ষেপের কারণে
ii. অনুপযুক্ত পাত্রের সঙ্গে বিয়ে দেওয়ায়
iii. বিয়েতে তাদের মত না নেওয়ায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :
শফিক সাহেব একটি লাইব্রেরি গড়ে তোলেন। তিনি মনে করেন যথার্থ শিক্ষিত হতে হলে মনের প্রসারতা দরকার, যা বই পড়ার মাধ্যমেই সম্ভব।

৪। উদ্দীপকটি বই পড়া প্রবন্ধের যে বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত–
i. লাইব্রেরির গুরুত্ব
ii. স্কুল কলেজের গুরুত্ব
iii. বই পড়ার প্রয়োজনীয়তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫। 'অভাগীর স্বর্গ' গল্পে কেন্দ্রীয় চরিত্র কোনটি?
ক কাঙালী খ অভাগী
গ রসিক ঘ অধর রায়

৬। 'বঙ্গদেশীয় বাক্য' বলতে বুঝিয়েছেন–
ক বাংলা ভাষা খ মাতৃভাষা
গ হিন্দি ভাষা ঘ সকল ভাষা

৭। 'কপোতাক্ষ নদ কবিতার মূলসুর কী?
ক নিসর্গ বেদনা খ দেশপ্রেম
গ প্রকৃতিপ্রেম ঘ গভীর বিষাদ

৮। 'পায়ের ধুলা পাইব কী উপায়ে'–এখানে 'পায়ের ধুলা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক পদধূলি খ প্রার্থনা
গ আশীর্বাদ ঘ জুতা

৯। সকিনা বিবির কপাল ভাঙল এই কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ক কপালে আঘাত লাগা খ বাড়ি পুড়ে যাওয়া
গ বিধবা হওয়া ঘ সম্ভ্রম হারানো

১০। 'আমার পরিচয় কবিতায়' আউল বলতে বোঝানো হয়েছে–
i. পথিককে
ii. আউলিয়াকে
iii. সংসার বিরাগীকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১। 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো কবিতায় লালসালু কীসের প্রতীক?
ক ঐক্যের খ বিপ্লবের
গ সংহতির ঘ দেশপ্রেমের

■ নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :
সব লোকে কয় লালন কী জাত সংসারে
লালন কয় জাতের কী রূপ দেখলাম না এ নজরে।

১২। উদ্দীপকের ভাববস্তুর সঙ্গে নিচের কোন চরণের সাদৃশ্য রয়েছে?
ক তিমিররাত্রি, পথ জুড়ে তার ক্ষুধার মানিক জ্বলে
খ মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
গ ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়
ঘ তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়

১৩। উক্ত চরণে প্রকাশ পেয়েছে–
i. মানবপ্রেম
ii. সাম্যবাদ
iii. মানুষের শ্রেষ্ঠত্ব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪। যুদ্ধে শত্রুরা কখন হেরে যায়?
ক সবাই ঐক্যবদ্ধ হলে
খ সৈন্য সংখ্যা বেশি হলে
গ আধুনিক অস্ত্র থাকলে
ঘ উন্নত প্রশিক্ষণ থাকলে

১৫। কাকতাড়ুয়া উপন্যাসে ঔপন্যাসিকের কোন জীবন ভাবনা প্রকাশ পেয়েছে?
i. প্রতিশোধ গ্রহণ করতে হবে
ii. কিশোরদের যুদ্ধ করতে হবে
iii. অত্যাচারের বিরুদ্ধে দাঁড়াতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬। বহিপীরের মতে সামান্য স্নেহের অভাবে কী ঘটে?
ক স্বামী-স্ত্রীর অমিল
খ শয়তানের আছর
গ ইবাদতের ব্যাঘাত
ঘ রূহের মৃত্যু

১৭। 'জ্ঞানের সৃষ্টি মনসাপেক্ষ'–মনসাপেক্ষ' অর্থ কী?
ক মনোবাঞ্ছিত খ মনোনিবিষ্ট
গ মনোনির্ভরশীল ঘ মনোগ্রাহ্য

১৮। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় বাংলা কথাসাহিত্যে অমর হয়ে আছেন, কেননা তিনি–
i. প্রকৃতিকে নিবিড়ভাবে তুলে ধরতে পেরেছেন
ii. জীবনকে নিখুঁতভাবে উপস্থাপন করেছেন
iii. প্রকৃতি ও মানুষের মেলবন্ধন ঘটিয়েছেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯। 'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' গ্রন্থটি কে সম্পাদনা করেন?
ক মাইকেল মধুসূদন দত্ত
খ চন্দ্রকুমার দে
গ ডক্টর দীনেশচন্দ্র সেন
ঘ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ

২০। নিমগাছের কোন অংশ যকৃতের জন্য উপকারী?
ক ছাল খ ডাল গ পাতা ঘ শিকড়

২১। 'উপেক্ষিত শক্তির উদ্‌বোধন' প্রবন্ধটি পাঠের উদ্দেশ্য হলো–
ক গণজাগরণ
খ ক্ষুদ্র জনগোষ্ঠীর জাগরণ
গ উপেক্ষিতদের জাগরণ
ঘ মনুষ্যত্বের জাগরণ

২২। 'যথেষ্ট হয়েছে আবদুর রহমান।' এখানে কী প্রকাশ পেয়েছে?
ক ক্লান্তি খ বিরক্তি গ রাগ ঘ অনুরাগ

২৩। আবুল ফজল নববর্ষকে কী বলে উল্লেখ করেছেন?
ক নওরোজ খ সর্বজনীন উৎসব
গ জাতীয় উৎসব ঘ বর্ষবরণ উৎসব

২৪। আমায় ছাড়বেন না। আমার কাজ কি ভালো হচ্ছে না? উক্তিটিতে প্রকাশ পেয়েছে মতভাদির–
i. সংশয়
ii. আনুগত্য
iii. দায়িত্ববোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫। জগদলে থাকাকালীন লেখক কীসের মহানন্দ উপভোগ করেছিলেন?
ক শিক্ষার খ ভক্তির
গ সুস্থতার ঘ মুক্তির

২৬। কবি কাজী নজরুল ইসলাম সাম্যের গান গেয়েছেন কেন?
ক মানুষে মানুষে ধনী-গরিব আছে বলে
খ মানুষে মানুষে পৃথক সত্তা আছে বলে
গ মানুষে মানুষে সবাই সমান বলে
ঘ ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই একই পথে বলে

২৭। কোনটি সিকান্দার আবু জাফরের রচনা?
ক বৈরী বৃষ্টিতে
খ ধূলি ও সাগর দৃশ্য
গ বৃষ্টি ও বিদ্রোহীগণ
ঘ বাংলার মাটি বাংলার জল

২৮। কবি আহসান হাবিবের কবিতায় কীসের বিরুদ্ধে বক্তব্য ফুটে উঠেছে?
ক শোষণ ও অনাচার খ সামাজিক বৈষম্য
গ সাম্প্রদায়িকতা ঘ পরাধীনতা

২৯। 'আমার মায়ের গয়না ছাড়া ঘরকে যাবো না।' চরণটিতে সাহসী জননী বাংলা কবিতার কোন দিকটি বিদ্যমান?
i. ঐক্যচেতনা
ii. প্রতিশোধ স্পৃহা
iii. দৃঢ়চেতা মনোভাব
নিচের কোনটি সঠিক?
ক ii খ i ও iii
গ iii ঘ i, ii ও iii

৩০। সুভা গল্পের পটভূমি কী?
ক বাক্‌প্রতিবন্ধী কিশোরীর জীবনব্যবস্থা
খ প্রতিবন্ধী শিশুর প্রতি ভালোবাসা
গ প্রতিবন্ধীদের কষ্ট রূপায়ণ
ঘ প্রতিবন্ধীদের প্রকৃতিপ্রেম বর্ণনা

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে একটি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক–বিভাগ : গদ্য

১। চট্টগ্রামের পতেঙ্গায় **১৯৭১** সালে পাকিস্তানি সেনারা শক্ত অবস্থান নিয়েছে। পুরো এলাকার মানুষ ঘর ছেড়ে বের হবার সাহস পায়নি। একদিন এক চা বাগানের কয়েকজন কর্মচারী নিজেদের তৈরি বোমা ফাটিয়ে পাকিস্তানি সেনাদের তিনটি জিপ উড়িয়ে দেয়। নিহত হয় বেশ কয়েকজন সেনা। তারপর থেকে বিভিন্ন জায়গায় নিয়মিত চলতে থাকে গেরিলা হামলা।

(ক) আলী যাকেরের ছদ্মনাম কী ছিল? ১
(খ) 'মাছ খাওয়াই বাদ দিয়েছে এ জন্যে।' ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের সঙ্গে 'একাত্তরের দিনগুলি-রচনার সাদৃশ্য কীসে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটা 'একাত্তরের দিনগুলি' রচনার মূল চেতনাকে ধারণ করে কি? যুক্তিপূর্ণ মতামত দাও। ৪

২। মাঝি, তুমি দেখো ছোকানুরে, ভাই
ও বড়োই ভীতু কি না।
আমার জন্য কিচ্ছু ভেবো না
আমি তো বড়োই প্রায়
ঝড় এলে ডেকো আমারে –ছোকানু
যেন সুখে ঘুম যায়।

(ক) উঠানের কোন জায়গা থেকে দুর্গা অপুকে ডাকছিল? ১
(খ) 'ঠাকুরের হাঁড়ি দেখচি শিকেয় উঠেচে।'–উক্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল স্রোতকে ধারণ করেছে কি? যুক্তিসহ মতামত দাও। ৪

৩। রিনুর শখ হলো বই পড়া। নানা ধরনের বই পড়তে তার ভীষণ ভালো লাগে। কবিতা, গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ, গীতিকাব্য, গীতিনাট্য, প্রহসন সব কিছুই সে খুব আগ্রহ নিয়ে পড়ে। শুধু বাংলা সাহিত্যই নয় বরং বিভিন্ন ভাষার সাহিত্যের রস আস্বাদনে সে আগ্রহী। কারণ সে জানে বর্তমানের সঙ্গে অতীতের সেতুবন্ধ গড়ে দেয় বই। মনের রাজ্যে, কল্পনার জগতে প্রবেশ করিয়ে দেয় বই।

(ক) বিশ্ব সাহিত্যের সর্বাপেক্ষা প্রাচীন রূপ কোনটি? ১
(খ) ট্র্যাজেডি বলতে কী বোঝ? ২
(গ) উদ্দীপকের সঙ্গে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের সাদৃশ্য কোন দিক থেকে? আলোচনা করো। ৩
(ঘ) 'সাহিত্যের পরিধি অনেক বিস্তৃত'–উদ্দীপক এবং 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪। শফিক তার বাড়িতে গরুর খামার করে, দুধ বিক্রি করে স্বাবলম্বী হয়েছে। গরুগুলোর পরিচর্যা করে তার সকাল দুপুর কেটে যায়। গোসল করানো, গোয়ালঘর পরিষ্কার, খাওয়ানো সবকিছুই নিজের হাতে করে সে। হঠাৎ খুরা রোগে আক্রান্ত হয়ে তার সবগুলো গরুই একে একে মরে যায়। আকস্মিক এ বিপর্যয়ে মূক হয়ে সারাক্ষণ অপলক দৃষ্টিতে চেয়ে থাকে, কারও সঙ্গে কোনো কথা বলার অধিকার যেন হারিয়ে ফেলেছে সে।

(ক) নিয়তি গল্পে লেখকের কাঁপুনি দিয়ে জ্বর এসেছিল কেন? ১
(খ) আনন্দে ও আতঙ্কে লেখক শিউরে উঠতেন কেন? ২
(গ) 'নিয়তি' গল্পে উদ্দীপকের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? আলোচনা করো। ৩
(ঘ) 'নিয়তি' গল্পের লেখকের বাবা ও উদ্দীপকের শফিক উভয়ই নিয়তির শিকার।–উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা।
তোমাতে বিশ্বময়ীর, তোমাতে বিশ্বমায়ের আঁচল পাতা॥
তুমি মিশেছ মোর দেহের সনে,
তুমি মিলেছ মোর প্রাণে মনে,
তোমার ঐ শ্যামলবরণ কোমল মূর্তি মর্মে গাঁথা।

(ক) খোদাকে কসম করে কবি কী বলেছেন? ১
(খ) সামনে ধু ধু নদীর কিনার/ আমার অস্তিত্বে গাঁথা।–ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকটি কীভাবে 'আমি কোনো আগন্তুক নই' কবিতাকে সমর্থন করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার মূলভাবকে ধারণ করেছে।"–উক্তিটির সভ্যতা নিরূপণ করো। ৪

৬। মালেক তার অসুস্থ পুত্রকে নিয়ে ঢাকায় আসেন চিকিৎসার জন্য। পরীক্ষা করিয়ে জানা যায় তার দুটি কিডনি নষ্ট হয়ে গেছে। দ্রুত কিডনি প্রতিস্থাপন না করতে পারলে ছেলেকে বাঁচানো যাবে না। এ কথা জেনে মালেক তার একটা কিডনি পুত্রকে দান করেন।

(ক) 'পল্লিজননী' কবিতায় কোন পাখির ডাক অকল্যাণকর? ১
(খ) উত্তর দিতে দুখিনী মায়ের জ্বালা বেড়ে যায় কেন? ব্যাখ্যা করো। ২
(গ) মালেকের মধ্যে 'পল্লিজননী কবিতার পল্লিমায়ের কোন বিশেষ দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'পল্লিজননী কবিতা ও উদ্দীপকের মধ্যে যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য রয়েছে তা বর্ণনা করো। ৪

৭। সামাদ সামান্য পুঁজি নিয়ে ব্যাবসা শুরু করে। প্রথম দিকে অনেক লাভ করতে পারলেও একসময় তার ব্যাবসায় মন্দা দেখা দেয় এবং সে হতাশ হয়ে পড়ে। তার বন্ধু তাকে পরামর্শ দেয় প্রতিকূলতার সঙ্গে লড়াই করেই সংসারে বেঁচে থাকতে হয়। বন্ধুর পরামর্শ অনুযায়ী ধৈর্য ধারণ করে আজ সে একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী।

(ক) কী অনিত্য নয়? ১
(খ) 'যশোদ্বারে আসিবে সত্বর'–বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) সামাদের প্রাথমিক মনোভাব 'জীবন-সঙ্গীত' কবিতার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি জীবন-সঙ্গীত কবিতার আংশিক রূপায়ণ।–উক্তিটি মূল্যায়ন করো। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮। মূর্দা ফকির ঝড়ও বোঝে না, আগুনও বোঝে না। ওতো এক রকম কবরের বাসিন্দা। গোরস্থানের বাইরে কখনও যায় না বলেই ওই নাম। পাগল। বদ্ধ পাগল। তেতাল্লিশের দুর্ভিক্ষে চোখের সামনে ছেলেমেয়ে, মা-বৌকে মরতে দেখেছে। কিন্তু কাউকে কবরে যেতে দেখেনি। মূর্দাগুলো পচেছে। তখন থেকে মূর্দা ফকির পাগল।

(ক) নোলক বুয়া বুধাকে কী নামে ডাকে? ১
(খ) 'আল্লাহ মাফ করুক। এখানে থাকার ভাগ্য যেন আমাদের না হয়।'–উক্তিটির প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের মূর্দা ফকির 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উভয়ের মধ্যে সাদৃশ্য থাকলেও প্রেক্ষাপট ভিন্ন।' –মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৯। পাকিস্তানিদের নির্মম অত্যাচার প্রত্যক্ষ করে বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র অভীক যুক্তিযুদ্ধে জড়িয়ে পড়ে। যুদ্ধ চলাকালে অভীক জানতে পারে পাকিস্তানি সেনারা তাদের গ্রামকে পুড়িয়ে দিয়েছে এবং পুরো এলাকা জনশূন্য হয়ে গেছে। অভীক রাতের আঁধারে কয়েকজন মুক্তিযোদ্ধাকে নিয়ে এসে গ্রামে স্থাপিত পাকিস্তানি সেনাদের ক্যাম্প ধ্বংস করে দেয়।

(ক) কে বুধাকে 'মানিকরতন' বলে ডাকে? ১
(খ) 'মনে হয়, এই বুঝি দেশটা স্বাধীন হলো।' কে, কোন প্রসঙ্গে কথাটি বলে? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের অভীকের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের মিল রয়েছে তা বর্ণনা করো। ৩
(ঘ) "উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রেক্ষাপট অভিন্ন।" –উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। তুড়ি মেরে উড়িয়ে দাও সমাজের ভ্রূকুটি,
নিজের মতো গড়ে নাও নিজের রীতিনীতি,
মানুষ হয়ে বাঁচো এবার, জীবন ভালোবাসো,
প্রতিবাদই পরিবর্তন; মুক্ত প্রাণে হাসো।

(ক) বহিপীরের বাড়ি কোথায়? ১
(খ) 'বিয়ে হলো তকদিরের কথা।' কথাটি কে, কোন প্রসঙ্গে বলেছে? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের প্রথম দুই চরণের ভাবের সঙ্গে 'বহিপীর' নাটকের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'উদ্দীপকের বক্তব্যে' বহিপীর নাটকের আংশিক প্রতিফলন ঘটেছে। মন্তব্যটি যাচাই করো। ৪

১১। নদীর একূল ভাঙে ওকূল গড়ে
এই তো ভবের খেলা
সকাল বেলার আমির রে তুই
ফকির সন্ধ্যা বেলা।

(ক) বহিপীর নাটকের প্রথম সংলাপটি কার? ১
(খ) "খোদা ইচ্ছা করলে পড়ন্ত ঘরও ঠ্যাকা দিয়া দাঁড় করাইয়া রাখা যায়।" –ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের বক্তব্যের প্রতিফলিত দিক 'বহিপীর নাটকের কোন চরিত্রে দেখা যায়? বর্ণনা করো। ৩
(ঘ) "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের যথার্থ প্রতিচ্ছবি নয়।"–মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

42

# ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। **"মনমাঝি তোর বৈঠা নে রে আমি আর বাইতে পারলাম না।" — কোন ধরনের লোকগান?**
ক) মারফতি খ) মুর্শিদি
গ) ভাটিয়ালি ঘ) রাখালি

২। **"আমাদের ঐতিহ্য তো মীর মদন ও মোহনলালের, তিতুমীর ও মঙ্গলপাণ্ডের, গোবিন্দদের ও মুনীর চৌধুরীর।" এই উক্তিতে আমাদের কোন ঐতিহ্য চেতনার কথা বলা হয়েছে?**
ক) রাজনৈতিক চেতনা খ) ধর্মনিরপেক্ষ চেতনা
গ) সামাজিক চেতনা ঘ) অর্থনৈতিক চেতনা

৩। **'ঝরনার গান' কবিতায় কয়টি পাখির উল্লেখ আছে?**
ক) ৩টি খ) ৪টি গ) ৫টি ঘ) ৬টি

■ **উদ্ধৃতাংশটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মার্কিন সাহিত্যিক আর্নেস্ট হেমিংওয়ে মাত্র ছয়টি শব্দ দিয়ে একটি পূর্ণাঙ্গ সাহিত্য রচনা করেন। রচনাটি এরকম For sale: Baby shoes, Never worn অর্থাৎ 'বিক্রির জন্য: শিশুর জন্য, ব্যবহৃত নয়'।

৪। **উদ্দীপকটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের সাহিত্যের কোন রূপকে নির্দেশ করে?**
ক) কবিতা খ) নাটক
গ) প্রবন্ধ ঘ) ছোটোগল্প

৫। **উক্ত সাহিত্যরূপের রীতিতে লক্ষণীয় বিষয়–**
i. ঘটনার পরিধি বৃহৎ
ii. কাহিনির বর্ণনার বিস্তার নেই
iii. আরম্ভ ও সমাপ্তিতে নাটকীয়তা অবশ্যই থাকবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬। **"তার জীবনের স্বপ্নের মতো পিছে চলে যায় বন।" –এ কথা দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন?**
ক) স্বপ্ন অপূর্ণ থেকে যায় খ) পথ ফুরিয়ে আসে
গ) রাত ভোর হয়ে আসে ঘ) সময় ফুরিয়ে যায়

৭। **'পল্লিজননী' কবিতায় মায়ের মতে, কোনটি অকল্যাণকর?**
ক) হুতুমের ডাক খ) কানা কুয়োর ডাক
গ) ডাহুকের ডাক ঘ) কাকের ডাক

■ **উদ্ধৃতাংশটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
'এক সাথে আছি একসাথে বাঁচি আরও একসাথে থাকবই
সব বিভেদের রেখা মুছে দিয়ে সাম্যের ছবি আঁকবই।'

৮। **কবিতাংশে 'মানুষ' কবিতার যে ভাব ফুটে উঠেছে তা হলো–**
i. সাম্যবাদিতা
ii. অসম্প্রদায়িকতা
iii. আধ্যাত্মিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯। **উদ্দীপকের ভাববস্তুর সাথে সাদৃশ্য রয়েছে নিচের কোন চরণে?**
ক) মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
খ) নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি
গ) সব দেশে সব কালে ঘরে-ঘরে তিনি মানুষের জ্ঞাতি
ঘ) তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবি

১০। **'সাহসী জননী বাংলা' কবিতায় যে দিকটি ফুটে উঠেছে তা হলো–**
i. ভাষা আন্দোলনের প্রেক্ষাপট
ii. বাঙালির স্বাধীনতার চেতনা
iii. অনাদি অতীতের সংগ্রাম
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১। **'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের প্রতিপাদ্য বিষয় কী?**
ক) হযরতের নেতৃত্বের আলোচনা
খ) হযরতের সুন্দর চরিত্রের আলোচনা
গ) মানুষ হযরতের বৈশিষ্ট্য আলোচনা
ঘ) ব্যক্তি হযরতের গুণাবলি আলোচনা

১২। **কহিল রাজা, "এত কি হবে সিধে!" এ বাক্যে রাজার কী প্রকাশ পেয়েছে?**
ক) রাগ খ) সংশয় গ) ক্ষোভ ঘ) বিরক্তি

১৩। **শিক্ষাদীক্ষার ফলে সত্যিকার মনুষ্যত্বের ফলে মানুষ উপলব্ধি করতে পারে–**
i. 'লোভে পাপ, পাপে মৃত্যু' কথাটা বুলিমাত্র নয়, সত্য
ii. লোভের ফলে মানুষের আত্মিক মৃত্যু ঘটে
iii. অনুভূতির জগতে সে ফতুর হয়ে পড়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্ধৃতাংশটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
"জন্ম আমার ধন্য হলো মাগো–
এমন করে আকুল হয়ে আমায় তুমি ডাকো।"

১৪। **উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কবির কোন মানসিকতা প্রকাশ পেয়েছে?**
ক) স্মৃতিকাতরতা খ) দেশে ফেরার আকুলতা
গ) স্বদেশপ্রেম ঘ) প্রকৃতিপ্রেম

১৫। **উক্ত দিকটি নিচের যে চরণে ফুটে উঠেছে তা হলো–**
i. সতত, হে নদ, পড় মোর মনে।
ii. কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?
iii. আর কি হে হবে দেখা?
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬। **"আয়ু যেন শৈবালের নীর" এর দ্বারা কী বোঝানো হয়েছে?**
ক) জীবন কুসুমাস্তীর্ণ নয় খ) এ জীবন ক্ষণস্থায়ী
গ) আয়ু ক্রমান্বয়ে ফুরিয়ে যায় ঘ) জীবন অবিনশ্বর নয়

১৭। **শিশুকাল থেকেই সুভা নিজেকে 'বিধাতার অভিশাপ' ভেবেছে কেন?**
ক) মায়ের বিরক্তি প্রকাশে খ) সমবয়সীদের আচরণে
গ) সকলের দুশ্চিন্তার কারণে ঘ) কথা বলতে পারে না বলে

১৮। **'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল উপজীব্য কী?**
ক) মানুষের চিরায়ত শৈশব খ) প্রকৃতিঘনিষ্ঠতা
গ) গ্রামীণ জীবনের সীমাবদ্ধতা ঘ) মুক্তজীবনের প্রতি আকাঙ্ক্ষা

১৯। **'আমার পরিচয়' কবিতার "আমি যে এসেছি সওদাগরের ডিঙার বহর থেকে" পঙ্‌ক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?**
ক) বাঙালি জাতির সাংস্কৃতিক ঐতিহ্য
খ) বাঙালি জাতির স্বাধীনতার চেতনা
গ) বাঙালি জাতির স্বাধিকার চেতনা
ঘ) বাঙালি জাতির ব্যাবসাবাণিজ্যের ঐতিহ্য

২০। **১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর কী বার ছিল?**
ক) মঙ্গলবার খ) বুধবার
গ) বৃহস্পতিবার ঘ) শুক্রবার

২১। **'হিন্দুর অক্ষর' বলতে কী বোঝানো হয়েছে?**
ক) হিন্দুর ভাষাকে খ) সংস্কৃত ভাষাকে
গ) বাংলা ভাষাকে ঘ) হিন্দি ভাষাকে

২২। **'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে লেখকের কোন চেতনা প্রকাশিত হয়েছে?**
ক) সাম্যবাদী খ) অসাম্প্রদায়িক
গ) নারীবাদী ঘ) পুঁজিবাদী

২৩। **"দেখো মাটিতে আমার গন্ধ, আমার শরীরে লেগে আছে স্নিগ্ধ মাটির সুবাস।" বলতে কবি কী বুঝিয়েছেন?**
ক) মাটির সুবাস তাঁর শরীরে লেগে আছে
খ) জন্মভূমির সাথে তাঁর নিবিড় আত্মিক সম্পর্ক
গ) জন্মভূমির স্নিগ্ধ মাটিতে মিশে আছেন
ঘ) তিনি সুবাসিত মাটিকে গভীর ভালোবাসেন

২৪। **পানশিরের মানুষ তো পায়ে হেঁটে চলে না, বাতাসের উপর ভর করে যেন উড়ে চলে যায়– বাক্যটি কোন ধরনের?**
ক) ভাবপ্রধান খ) কল্পকাহিনি
গ) নিরীক্ষাধর্মী ঘ) বাস্তবধর্মী

২৫। **'বহিপীর' নাটকের প্রথম সংলাপটি কার?**
ক) বহিপীরের খ) হাতেম আলির
গ) হাশেম আলির ঘ) তাহেরার

২৬। **'বহিপীর' নাটকের মূল কাহিনি গড়ে উঠেছে–**
i. ধর্মব্যবসায়ী পীরের স্বার্থপরতা নিয়ে
ii. প্রতিবাদী নারীর অধিকার সচেতনতা নিয়ে
iii. জমিদারি প্রথার অন্তিম দশা নিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭। **কত বছর আগে বহিপীরের প্রথম স্ত্রী মারা যায়?**
ক) দশ বছর আগে খ) চৌদ্দ বছর আগে
গ) আঠারো বছর আগে ঘ) বিশ বছর আগে

২৮। **কাকতাড়ুয়া সেজে কাঠফাটা রোদে দাঁড়িয়ে থাকলে বুধার মাথায় কীসের ছায়া নেমে আসে?**
ক) মেঘের ছায়া খ) বিমানের ছায়া
গ) শকুনের ছায়া ঘ) পাখির ছায়া

■ **উদ্ধৃতাংশটি পড়ো এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**
সাবাশ, বাংলাদেশ এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়;
জ্বলে পুড়ে মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

২৯। **উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**
ক) সংগ্রামী চেতনা খ) আত্মত্যাগ
গ) স্বাধীনতা কামনা ঘ) আপসহীনতা

৩০। **উদ্দীপকটিতে উক্ত দিকটি ফুটে ওঠার কারণ?**
i. স্বদেশপ্রেম
ii. সাহসিকতা
iii. মুক্তির আকাঙ্ক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

## বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম **২টি**, কবিতা অংশ থেকে ন্যূনতম **২টি**, উপন্যাস অংশ থেকে ন্যূনতম **১টি**, নাটক অংশ থেকে ন্যূনতম **১টি** করে মোট **৭টি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক-বিভাগ : গদ্য

১। গ্রামে মৃত্যুঞ্জয়ের আপন বলতে পিতৃস্থানীয় এক খুড়া ছাড়া আর কেউ ছিল না। নানান সময়ে সেই কপর্দকহীন খুড়া মৃত্যুঞ্জয়ের কাছ থেকে আর্থিক সুবিধাসহ বিভিন্ন সুবিধা আদায় করে নিয়েছে। শুধু তার খুড়া একা নয় পুরো গ্রামের প্রায় সকলেই যে যখন পেরেছে বিভিন্ন ছলছুতোয় মৃত্যুঞ্জয়ের কাছ থেকে অর্থকড়ি হাতিয়ে নিয়েছে। মৃত্যুঞ্জয়ও বিনা সঙ্কোচে যাকে যতটুকু পেরেছে, টাকাপয়সা দিয়ে সাহায্য করেছে। কিন্তু বিলাসী নামের এক সাপুড়ের মেয়েকে ভালোবেসে বিয়ে করায় পুরো গ্রাম মৃত্যুঞ্জয়ের বিরুদ্ধে দাঁড়ায়। গ্রামবাসীর ভাষ্য, নিচু জাতের মেয়ে বিয়ে করায় মৃত্যুঞ্জয় নিজের জাত বিসর্জন দিয়েছে এবং গ্রামের জন্য কলঙ্ক বয়ে এনেছে। এরই জের ধরে মৃত্যুঞ্জয়ের কাছ থেকে নানা সময়ে সুবিধা নেওয়া সেই লোকেরাই 'জাত গেল' রব তুলে মৃত্যুঞ্জয় আর বিলাসীর উপর নানাপ্রকার অত্যাচার করতে শুরু করে। [সূত্র: বিলাসী, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়]

(ক) কোন নদীর তীরে শ্মশানঘাট অবস্থিত? ১

(খ) "নদীর চরে গর্ত খুঁড়িয়া অভাগীকে শোয়ানো হইল"– কেন? ২

(গ) উদ্দীপকে মৃত্যুঞ্জয় 'অভাগীর স্বর্গ' গল্পের কোন বিষয়টিকে তুলে ধরে তা আলোচনা করো। ৩

(ঘ) উদ্দীপকের মৃত্যুঞ্জয় ও 'অভাগীর স্বর্গ' গল্পের বাঙালীর মধ্যে বিদ্যমান বৈসাদৃশ্যগুলো বিশ্লেষণ করো। ৪

২। বাংলাদেশের ক্যাডেট কলেজসমূহে জাতীয় পাঠ্যক্রম ইংরেজি মাধ্যমে পাঠদান করা হলেও ক্যাডেটদের শারীরিক, মানসিক, বুদ্ধিবৃত্তিক, চারিত্রিক, সাংস্কৃতিক ও নেতৃত্বের গুণাবলি বিকাশের লক্ষ্যে শিক্ষা সম্পূরক বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়। বিশেষ করে বাঙালি সাহিত্য ও সংস্কৃতির সাথে তাদের পরিচয় করিয়ে দেওয়া হয়। এই লক্ষ্যে সারাবছর জুড়ে কলেজে আয়োজন করা হয় নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি আন্তঃ হাউস ও আন্তঃ ক্যাডেট কলেজ সাহিত্য ও সংগীত প্রতিযোগিতা। লোকসংগীত বিভাগে যখন বারোটি ক্যাডেট কলেজের বারোজন ক্যাডেট উদাত্ত দরাজ গলায় পরিবেশন করে 'কানার হাটবাজার, সর্বনাশা পদ্মানদী, উজান গাঙের নাইয়া, যারে ছেড়ে এলাম অবহেলে' ইত্যাদি এমন অসংখ্য বিখ্যাত লোকসংগীত। যা মিলনায়তনের সকল দর্শকের হৃদয় মনকে স্পর্শ করে। আন্তঃ ক্যাডেট কলেজ সাহিত্য ও সংগীত প্রতিযোগিতায় লোকসংগীত বিভাগের বিচারক হয়ে আসেন প্রখ্যাত লোকসংগীত শিল্পীবৃন্দ। তাঁরা ক্যাডেটদের পরিবেশনায় মুগ্ধ হয়ে ভূয়সী প্রশংসার পাশাপাশি অনেক আশাবাদ ব্যক্ত করেন।


(ক) 'মৈয়মনসিংহ গীতিকা' কে সংগ্রহ করেন? ১

(খ) "এগুলি সরস প্রাণের জীবন্ত উৎস" বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

(গ) উদ্দীপকটিতে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা করো। ৩

(ঘ) "ক্যাডেট কলেজসমূহের এরূপ প্রতিযোগিতার আয়োজন লেখকের চাওয়াকেই তুলে ধরেছে"– 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে মূল্যায়ন করো। ৪

৩।



চিত্র : সর্বংসহা নারীর প্রতীকী রূপ

(ক) 'নিমগাছ' গল্পের ম্যাজিক বাক্য কোনটি? ১

(খ) "মাটির ভিতরে শিকড় অনেক দূরে চলে গেছে" –কথাটি কেন বলা হয়েছে? ২

(গ) 'নিমগাছ' গল্পের নিমগাছের সাথে চিত্রের গৃহবধূর সাদৃশ্য আলোচনা করো। ৩

(ঘ) চিত্রের গৃহবধূর জীবনে কোনো সহানুভূতিশীল ব্যক্তির আবির্ভাব ঘটলে গৃহবধূ কি তার সাথে চলে যেতে পারবে? 'নিমগাছ' গল্পের আলোকে তোমার মতামত প্রকাশ করো। ৪

৪। কবিগুরু রবীন্দ্রনাথ নব অরুণোদয়কে আহ্বান করে জানাচ্ছেন–

এসো মৃত্যুঞ্জয় আশা জড়ত্বনাশা–
ক্রন্দন দূর হোক, বন্ধন হোক ক্ষয়।

এই আকাঙ্ক্ষা নিয়েই বাঙালি আয়োজন করে বর্ষবরণের। বর্ষবরণ মানেই নব আনন্দে জেগে ওঠার দিন। পুরোনো বছরের সকল অপ্রাপ্তি, বেদনা মুছে দিয়ে জীবনে নতুন সম্ভাবনার শিখা জ্বালাতে আসে বৈশাখ। প্রতি বছর পহেলা বৈশাখ বাঙালিকে অনুপ্রাণিত করে আরেকটু প্রত্যয়ী হতে, নির্ভয়ে সামনে এগিয়ে যেতে। এই দিনে সকলের প্রত্যাশা বাঙালির চিরন্তন সার্বজনীন পার্বণ বর্ষবরণের আনন্দ ছড়িয়ে পড়ে যেন প্রাণ থেকে প্রাণে।

(ক) 'আইন-ই-আকবরী' গ্রন্থের প্রণেতা কে? ১

(খ) "পয়লা বৈশাখ বা বাংলা নববর্ষ বাঙালির এক অনন্য উৎসব" – কেন? ২

(গ) উদ্দীপকটিতে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা নিরূপণ করো। ৩

(ঘ) উদ্দীপকের "ক্রন্দন দূর হোক, বন্ধন হোক ক্ষয়" এই বক্তব্যই যেন কবীর চৌধুরীর 'পয়লা বৈশাখ' প্রবন্ধের মূল বিষয়। ৪

### খ-বিভাগ : কবিতা

৫। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'ডাক-হরকরা' গল্পের প্রধান চরিত্র দীনু ছিল অত্যন্ত সময়নিষ্ঠ একজন ডাক-হরকরা। কাঁধের উপর মেল ব্যাগ, মাথায় ছেঁড়া একটি মাথালি, এক হাতে একটি বল্লম, আর বল্লমের সাথে ঝুলানো ঘণ্টা নিয়ে সে পোস্ট অফিসে পৌঁছে দিত সরকারের ডাক। পথে তার এতটুকু দেরি হতো না। ঘুটঘুটে অন্ধকার, ঝড়-বাদলা উপেক্ষা করে ঠিক সময়ে পৌঁছে দিত সরকারের ডাক। রাতের বেলা পথের পাশে ঝোপের মধ্যে ওভারসিয়ার বাবু লুকিয়ে থাকত। ডাক-হরকরা দেরি করলেই ওভারসিয়ার রিপোর্ট করে ডাক-হরকরার নামে জরিমানা করে দিত। কিন্তু দীনু ডাক-হরকরাকে ওভারসিয়ার একদিনও ধরতে পারে না। "জঙ্গলের মধ্য হইতে এখনও কোনো কোনো দিন কণ্ঠস্বর শোনা যায়, ডাক-হরকরা? দীনু উত্তরে প্রশ্ন করে, টায়েন (টাইম) ঠিক আছে বাবু? হাসিতে হাসিতে ওভারসিয়ার রাস্তার উপর আসিয়া বলে, ঠিক আছে রে। তোর কিন্তু একদিনও দেরি হ'ল না দীনু।" সরকারের ডাক ঠিকমত পৌঁছে সময়মত দেয়া, এ যে বড় মস্ত কাজ। দীনু এ কারণে বেশ গর্ব বোধ করত।

(ক) রানারের পথ চলা দেখে কারা অবাক হয়? ১

(খ) "সময় হয়েছে নতুন খবর আনার"– চরণটি ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের সাথে 'রানার' কবিতায় কোন দিকটির সাদৃশ্য লক্ষ করা যায়– বিশ্লেষণ কর। ৩

(ঘ) উদ্দীপকের দীনু কি 'রানার' কবিতার রানার চরিত্রের প্রতিচ্ছবি?– তোমার মতামত উপস্থাপন করো। ৪

৬। নোবেল বিজয়ী ভারতীয় সমাজ সংস্কারক কৈলাস সত্যার্থী। ব্যক্তিগত জীবনে একজন শিক্ষক ছিলেন। একসময় তিনি 'মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য' এই মূলমন্ত্রে দীক্ষিত হয়ে শিক্ষকতা পেশা ছেড়ে 'সেভ চিল্ড্রেন মিশন' নামক এক স্বেচ্ছাসেবী সংগঠনের সাথে যুক্ত হন। অবহেলিত শিশুদের রক্ষাকর্তারূপে তিনি তাদের পাশে দাঁড়ান। সমাজের মুখোশধারী মানুষ যারা কোমলমতি শিশুদের ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে তাদের মুখোশ উন্মোচন করে শিশুদের সুরক্ষিত করাই তাঁর মূল লক্ষ্য।

(ক) 'মানুষ' কবিতায় চেঙ্গিস খানকে কীসের প্রতীক ভাবা হয়েছে? ১

(খ) "তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়।" — চরণটি ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের কৈলাস সত্যার্থী 'মানুষ' কবিতার কোন চরিত্রের বিপরীত তা আলোচনা করো। ৩

(ঘ) উদ্দীপকের "সমাজের মুখোশধারী মানুষদের মুখোশ উন্মোচন করার জন্য কৈলাস সত্যার্থীর মতো মানুষ প্রয়োজন"। মূল্যায়ন করো। ৪

৭। "সেবার লন্ডনে
এক জাপানি শিল্পপতিকে
বিদেশের মাটিতে দাঁড়িয়ে
তার মাতৃভাষা জাপানিতে
অন্যদের সঙ্গে যখন অনর্গল কথা বলতে দেখেছিলাম
তখন আমার বুকের ভেতরে
কেমন যেন একটা কষ্ট হচ্ছিল,
ইংরেজিতে কথা বলতে না পারার জন্য
ওই মানুষটির ভেতরে কোনও লজ্জা ছিল না,
বরং মাতৃভাষায় কথা বলতে পারার অহমিকায়
মানুষটিকে যেন উজ্জ্বল হয়ে উঠতে দেখেছিলাম।"

(কবিতা: মাতৃভূমির জন্য— সৃজন সেন)

(ক) 'বঙ্গবাণী' কবিতাটি কোন শতকে রচিত হয়? ১

(খ) "দেশী ভাষা উপদেশ মনে হিত অতি" বলতে কী বোঝানো হয়েছে? ২

(গ) উদ্দীপকের জাপানি শিল্পপতি যেন 'বঙ্গবাণী' কবিতার মর্মবাণীকে ধারণ করে আছেন।— তোমার অভিমত ব্যক্ত করো। ৩

(ঘ) উদ্দীপকে 'বঙ্গবাণী' কবিতার কোন বিষয়সমূহ অনুপস্থিত? সে সম্পর্কে কবি আবদুল হাকিম কী মনোভাব পোষণ করেছেন? তা বিশ্লেষণ কর। ৪

## গ-বিভাগ : উপন্যাস

৮।



(ক) মিঠুর মা বুধাকে কোন তরকারি দিয়ে ভাত দিয়েছিল? ১

(খ) আপনি তো শান্তিকমিটির চেয়ারম্যান কিন্তু সারাদেশে যে অশান্তি। শান্তি কই?— কেন বলা হয়েছে? ২

(গ) উদ্দীপকের চিত্র-ক 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চেতনাকে উদ্দীপ্ত করে? আলোচনা করো। ৩

(ঘ) উদ্দীপকের চিত্র দুটি এবং 'কাকতাড়ুয়া' উপন্যাসের বক্তব্য একই সূত্রে গাঁথা। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯। উদ্দীপক-১: মুর্দা ফকির ঝড়ও বোঝে না, আগুনও বোঝে না। ওতো এক রকম কবরের বাসিন্দা। গোরস্থানের বাইরে কখনও যায় না বলেই ওই নাম। পাগল। বদ্ধ পাগল। তেতাল্লিশের দুর্ভিক্ষে চোখের সামনে ছেলেমেয়ে, মা-বৌকে মরতে দেখেছে। কিন্তু কাউকে কবরে যেতে দেখেনি। মুর্দাগুলো পচেছে। তখন থেকে মুর্দা ফকির পাগল।

(কবর– মুনীর চৌধুরী)

উদ্দীপক-২: দুঃসহ বেদনার এ কন্টক পথ বেয়ে
শোষণের নাগপাশ ছিঁড়লে যারা
আমরা তোমাদের ভুলব না।

(ক) আলির মতে বুধা কী খেলে তার মন ভরে? ১

(খ) "কিন্তু আমরা তিনজন নই, একজন।" — ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপক-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ করো। ৩

(ঘ) "উদ্দীপক-২ এর আত্মত্যাগ ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের মুক্তিবাহিনীর আত্মত্যাগ স্বদেশপ্রেমের অত্যুজ্জ্বল উদাহরণ।" — মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

## ঘ-বিভাগ : নাটক

১০। মা কেঁদে কয়, "মঞ্জুলী মোর ঐ তো কচি মেয়ে,
ওরি সঙ্গে বিয়ে দেবে? —বয়সে ওর চেয়ে
পাঁচগুণো সে বড়ো,—
তাকে দেখে বাছা আমার ভয়েই জড়সড়।
এমন বিয়ে ঘটতে দেব নাকো।"
বাপ বললে, "কান্না তোমার রাখো।
পঞ্চাননকে পাওয়া গেছে অনেক দিনের খোঁজে,
জান না কি মস্ত কুলীন ও যে
সমাজে তো উঠতে হবে সেটা কি কেউ ভাব।
ওকে ছাড়লে পাত্র কোথায় পাব।"


(ক) বহিপীরের বাড়ি কোথায়? ১

(খ) বহিপীর বইয়ের ভাষায় কথা বলেন কেন? ২

(গ) মঞ্জুলীর সাথে তাহেরার জীবন কতটা সাদৃশ্যপূর্ণ তা আলোচনা করো। ৩

(ঘ) এমতাবস্থায় মঞ্জুলির কী করা উচিত তা 'বহিপীর' নাটকের আলোকে সিদ্ধান্ত নাও। ৪

১১।




(ক) হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১

(খ) হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিল কেন? ২

(গ) উদ্দীপকের পীর পথা ও জমিদারি প্রথা 'বহিপীর' নাটকে কীভাবে প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ করো। ৩

(ঘ) উদ্দীপকের নারীজাগরণ এবং যুক্তিবাদী ও আধুনিক মানসিকতার পরিচয় 'বহিপীর' নাটকে কতটুকু পাওয়া যায় বলে তোমার মনে হয়'? তোমার মতামত উপস্থাপন করো। ৪

43

# ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ

## নির্বাচনি পরীক্ষা-২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরে বৃত্ত ভরাট কর ।]

**১। পিতলের কাঁসিটি বাঁধা দিতে হয়েছিল কেন?**
ক শবদাহের জন্য
খ অভাবের কারণে
গ উত্তরীয় কেনার জন্য
ঘ বেলগাছের মূল্য শোধ করতে

**২। "আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা" কথাটিতে কী ফুটে উঠেছে?**
ক সমাজ পরিবর্তন খ সামন্তবাদের অবসান
গ সাম্প্রদায়িক বিভাজন ঘ অর্থনৈতিক পট পরিবর্তন

**৩। অকর্মণ্য লোকেরা কাদের প্রিয়পাত্র হয়?**
ক আত্মীয় লোকদের খ সকল মানুষের
গ নিঃসম্পর্ক লোকদের ঘ বাক্যহীন মানুষের

**৪। প্রমথ চৌধুরীর মতে লাইব্রেরি প্রতিষ্ঠা করা প্রয়োজন কেন?**
i. মনকে সচল সরাগ করার জন্য
ii. সাহিত্যচর্চার জন্য
iii. প্রকৃত মানুষ হওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ iও iii
গ iiও iii ঘ i, ii ও iii

**৫। বিশ্বসাহিত্যে সর্বাপেক্ষা প্রাচীন কোনটি?**
ক কবিতা খ নাটক
গ প্রবন্ধ ঘ উপন্যাস

**৬। দগ্ধ ঘরের নড়বড়ে খুঁটি ধরে কে দাঁড়িয়ে আছে?**
ক থুত্থুড়ে বুড়ো খ এক বিধবা
গ অনাথ কিশোরী ঘ সকিনা বিবি

**৭। "বানুনদের গিন্নি মরছে, তুই কেন কেঁদে মরিস মা" কথাটিতে সমাজের কোন দিকটি উঠে এসেছে?**
ক ধর্মভেদ খ বর্ণভেদ
গ সামন্তবাদ ঘ সাম্প্রদায়িকতা

**৮। পল্লিসাহিত্যের মধ্যে নিচের কোনটিকে লেখক অমূল্য রত্নবিশেষ বলে অভিহিত করেছেন?**
ক রূপকথা খ প্রবাদ বাক্য
গ পল্লিগান ঘ খনার বচন

**৯। বৃহৎ প্রকৃতির বিজন মহত্ত্ব কার মাঝে পরিলক্ষিত হয়?**
ক বাক্যহীন মানুষের খ সঙ্গীহীন মানুষের
গ রুদ্র মহাকাশের ঘ নির্বাক পশুর

■ **উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও ।**

রবীন্দ্রনাথ কি শুধু বনমালীর মনিব ছিলেন! মোটেও নয়, তিনি ছিলেন তার বাবামশায় । অপত্যস্নেহে রবীন্দ্রনাথ দেখতেন বনমালীকে । স্নেহ,ভালোবাসা রসিকতার সঙ্গে মাঝে মাঝে কৃত্রিম ক্রোধ প্রকাশ করলেও বনমালীর সুখ-সুবিধার ব্যাপারে তিনি অসম্ভব সচেতন ছিলেন ।

**১০। উদ্দীপকের বনমালী নিচের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
ক অপু খ মমতাদি
গ গল্পকথক বালক ঘ গল্পকথকের মা

**১১। উক্ত চরিত্রদ্বয়ের মধ্যে প্রকাশ পেয়েছে-**
i. স্নেহ-মমতা
ii. সম্মান-সহমর্মিতা
iii. মানবিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ iও iii
গ iiও iii ঘ i, ii ও iii

**১২। চলিত ভাষারীতি প্রবর্তনে কোন পত্রিকার ভূমিকা রয়েছে?**
ক কালি-কলম খ ভারতী
গ শিখা ঘ সবুজ পত্র

**১৩। 'আমার পরিচয়' কবিতায় শিল্পের সমৃদ্ধি বুঝাতে কোনটির কথা বলা হয়েছে?**
ক সোনা মসজিদ খ পালযুগের চিত্রকলা
গ মন্দির বেদী ঘ পাহারপুরের বৌদ্ধবিহার

**১৪। 'মমতাদি' গল্পের শুরুতে কোন সময়ের কথা আছে?**
ক গ্রীষ্মের দুপুর খ হেমন্তের সকাল
গ শীতের সকাল ঘ শরতের সকাল

**১৫। আব্দুর রহমান চরিত্রে ফুটে উঠেছে-**
i. স্বদেশপ্রেম
ii. অতিথিপরায়ণতা
iii. আনুগত্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ iও iii
গ iiও iii ঘ i, ii ও iii

**১৬। মমতাদি চোখের জল ফেলেছিল কেন?**
ক সম্মানে খ লজ্জায়
গ বেদনায় ঘ অমর্যাদায়

■ **উদ্ধৃতাংশটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও ।**

যে লোক ধনী, তাহার ঘরের চেয়ে বাগান বড় হইয়া থাকে। ঘর অত্যাবশ্যক; বাগান অতিরিক্ত, না হইলেও চলে । সম্পদের উদারতা অনাবশ্যকেই আপনাকে সপ্রমাণ করে। ছাগলের যতটুকু শিং আছে তাহাতে কাজ চলিয়া যায়, কিন্তু হরিণের শিঙের পনের আনা অনাবশ্যকতা দেখিয়া আমরা মুগ্ধ হইয়া থাকি ।

**১৭। উদ্দীপকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি উঠে এসেছে?**
ক চিন্তার স্বাধীনতা খ বুদ্ধির স্বাধীনতা
গ চিৎপ্রকর্ষ সৃষ্টি ঘ মূল্যবোধ সৃষ্টি

**১৮। উক্ত সাদৃশ্যের কারণ-**
i. শিক্ষার অপ্রয়োজনীয় দিকই শ্রেষ্ঠ দিক
ii. অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়
iii. শিক্ষার আসল কাজ মনুষ্যত্ব সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ iiও iii ঘ i, ii ও iii

**১৯। ডালচিনির রং ধরে কোথায়?**
ক শিলার গায়ে খ বন ঝাউয়ে
গ বিজন দেশে ঘ ঝুম পাহাড়ে

**২০। 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় খা-বদাহন প্রসঙ্গ ব্যবহারের কারণ-**
i. পুড়িয়ে নিশ্চিহ্ন করা
ii. নির্মম অত্যাচার করা
iii. নির্বিচারে হত্যা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ iiও iii ঘ i, ii ও iii

**২১। 'রক্তাক্ত প্রান্তর' নাটকটি কার রচনা?**
ক মীর মশাররফ হোসেন
খ সৈয়দ ওয়ালীউল্লাহ
গ মুনীর চৌধুরী
ঘ সিকান্দার আবু জাফর

**২২। "আর কি হে হবে দেখা"-উক্তিটিতে প্রকাশ পেয়েছে কবির-?**
ক আক্ষেপ খ সন্দেহ
গ অনুরাগ ঘ কাতরতা

■ **উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও ।**

হে বঙ্গ, ভা-ারে তব বিবিধ রতন,
তা সবে (অবোধ আমি!) অবহেলা করি,
পরধন লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি ।
...................
পালিলাম আজ্ঞা সুখে, পাইলাম কালে
মাতৃ-ভাষা রূপে খনি, পূর্ণ মনিজালে ।

**২৩। উদ্দীপকের বিষয়টি 'বঙ্গবাণী' কবিতার কোন দিককে তুলে ধরেছে?**
ক মাতৃভাষা প্রীতি
খ স্বদেশপ্রীতি
গ বঙ্গভূমি প্রীতি
ঘ বিদেশি ভাষা প্রীতি

**২৪। 'বঙ্গবানী' কবিতায় কবির উক্ত মনোভাব ফুটে উঠেছে কোন চরণে?**
ক আরবি ফারসি শাস্ত্রে নাই কোনো রাগ
খ নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়
গ দেশি ভাষা উপদেশ মনে হিত অতি
ঘ নিজ পরিশ্রম তোষি আমি সর্বজন

**২৫। নিচের কোন চরণটিতে উপমার ব্যবহার রয়েছে?**
ক কেমন করে এ রানার সবেগে হরিণের মতো যায়!
খ ভোর তো হয়েছে, আকাশ হয়েছে লাল
গ দস্যুর ভয়, তার চেয়ে ভয় কখন সূর্য ওঠে
ঘ ঘরেতে অভাব, পৃথিবীটা তাই মনে হয় কালো ধোঁয়া

**২৬। "এতক্ষণে ঝড় থামিল" বলতে কোন বিষয়কে নির্দেশ করা হয়েছে?**
ক দ্বন্দ্ববিক্ষুব্ধ পরিবেশ
খ প্রতিকূল পরিবেশ
গ মানবিক সংকট
ঘ বিক্ষুব্ধ আবহাওয়া

**২৭। "তোমাদের বাঁচতে হবে,তুমি তো লড়াই করতে পারবে না ।"বুধা কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছিল?**
ক হরিকাকু খ নোলক বুয়া
গ জয়নাল চাচা ঘ কাকীমা

**২৮। 'ঘৃণার কার্তুজ' বলতে কী বুঝানো হয়েছে?**
ক উদ্দীপনাময় ঘৃণা খ বিস্ফোরণোন্মুখ ঘৃণা
গ উত্তপ্ত প্রতিবাদ ঘ আসুরিক আচরণ

■ **উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**

তখন ফুলার রোডে নিহত অহিকে জড়িয়ে ধরে চিৎকার করে কাঁদে প্রদীপ্ত আর মিন্টু । অহির বুক ফুঁড়ে গুলি বেরিয়ে গেছে । এই প্রথম মন্টু একজনের জন্য বুক উজার করে কাঁদছে । বাবা যখন মারা গেছেন ও তা বুঝেনি । রাস্তায় যতদিন ঘুরেছে তখন কারো জন্য কাঁদার মতো অবস্থাই হয়নি ।

**২৯। উদ্দীপকের অহির সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য আছে?**
ক বুধা খ শাহাবুদ্দিন
গ মধু ঘ মিঠু

**৩০। এরূপ সাদৃশ্যের কারণ-**
ক স্বাধীনতা অর্জন খ দেশাত্মবোধ
গ দেশপ্রেম ঘ আত্মত্যাগ

# বাংলা (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক–বিভাগ : গদ্য

১। আনুমানিক ৪৫০০ থেকে ৩৫০০ খ্রিষ্টপূর্বাব্দে যাযাবর অর্থলোলুপ বিদেশি অশ্বারোহী সৈনিকেরা দলে দলে বারে বারে স্বর্ণলোভে ভারত আক্রমণ করে। নতুন শাসকেরা অর্থনৈতিক শ্রেণি বিভাগকে চারটি প্রধান বর্ণে ভাগ করেন। এর মাধ্যমে হিন্দুদের দুর্বল ও বিভক্ত জাতিতে পরিণত করা হয়। মূলত পেশার ওপর ভিত্তি করে এ শ্রেণিবিভাজনের নাম ছিল বৃত্তিভেদপ্রথা, যা পরবর্তীতে হয়ে গেল বর্ণভেদপ্রথা। বর্ণভেদ কথার অপব্যবহার করে অর্থনৈতিক শ্রমবিভাগকে তথাকথিত ধর্মীয় অনুশাসনে পরিবর্তিত করে ফেলল এবং তাকে এমনভাবে পরিচালিত করল যেন বিভিন্ন বর্ণের মধ্যে প্রাচীর অভেদ্য, যেন বর্ণভেদ একটা ধর্মীয় ব্যবস্থা। অশিক্ষিত অবুঝ মানুষ বহু শতাব্দী ধরে এই রাজনৈতিক অবস্থার মধ্যে বাস করতে করতে ভ্রান্ত বিশ্বাসের শিকার হয়ে গেল।

(ক) অভাগী কাঙালিকে কার কাছ থেকে আলতা আনতে বলেছিল? ১

(খ) ''বাংলাদেশের জমিদার ও তাহার কর্মচারীকে সে চিনিত না''– কথাটির প্রসঙ্গ ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের যে দিকটি প্রকাশিত হয়েছে তা আলোচনা কর। ৩

(ঘ) উদ্দীপকে প্রকাশিত দিকটি 'অভাগীর স্বর্গ' গল্পের একমাত্র দিক নয়, উদ্দীপক ও গল্প অবলম্বনে কথাটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

বনের পাখি বলে "আকাশ ঘননীল,
কোথাও বাধা নাহি তার"
খাঁচার পাখি বলে "খাঁচাটি পরিপাটি
কেমন ঢাকা চারিধার"
বনের পাখি বলে "আপনা ছাড়ি দাও
মেঘের মাঝে একেবারে"
খাঁচার পাখি বলে "নিরালা সুখকোণে
বাঁধিয়া রাখো আপনারে"

(ক) মানুষের আত্মিক মৃত্যু ঘটে কেন? ১

(খ) "জ্ঞান পরিবেশন মূল্যবোধ সৃষ্টির উপায় হিসেবেই আসে" কথাটি ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকের ইঙ্গিত করেছে– ব্যাখ্যা কর। ৩

(ঘ) 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখক যে মুক্তির কথা বলেছেন তার পুরোপুরি প্রতিফলন কি উদ্দীপকে ফুটে উঠেছে? যুক্তিসহ তোমার মত বিশ্লেষণ কর। ৪

৩। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

এই পাহাড়ের ক্রোড় অতি নির্জন। কোথাও ছোট জঙ্গল নাই, সর্বত্র ঘাস। অতি পরিষ্কার, তাহাও বাতাস আসিয়া নিত্য ঝাড়িয়া দেয়। মৌয়া গাছ সেথায় বিস্তর। কতকগুলি একত্রে গলাগলি করে বাস করে, আর কতকগুলি বিধবার ন্যায় এখানে সেখানে একাকী থাকে, তাহারই মধ্যে একটিকে আমি বড় ভালোবাসিতাম, তাহার নাম 'কুমারী' রাখিয়াছিলাম। তখন তাহার ফল কি ফুল হয় নাই, কিন্তু তাহার ছায়া বড় শীতল ছিল। আমি সেই ছায়ায় বসিয়া দুনিয়া দেখিতাম।

(ক) 'প্রবাস বন্ধু' 'দেশে বিদেশে' গ্রন্থের কোন অংশ থেকে নেওয়া? ১

(খ) "শীতকালটা আমি পানশিরেই কাটাবো" লেখকের একথা বলার কারণ ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের সাথে 'প্রবাস বন্ধু' রচনার সাদৃশ্যগত দিকটি আলোচনা কর। ৩

(ঘ) "উদ্দীপকের দিকটি 'প্রবাস বন্ধু' রচনার একটি বিশেষ দিকমাত্র" মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

সুপারি পাতার গাড়িতে ভাইকে টানতে গিয়ে বিনু হাঁপিয়ে ওঠে একসময়। থেমে ভাইকে নেমে হাঁটতে বলে। তিনু একরোখার মতো বসেই থাকে। এমন সময় রাস্তা দিয়ে বায়োস্কোপওয়ালাকে যেতে দেখে বিনু। সব ফেলে সে বায়োস্কোপওয়ালার পিছনে পিছনে হাঁটতে থাকে। বায়োস্কোপের দৃশ্য বদলে যাওয়া ছবি দেখতে তার ভীষণ ইচ্ছে করে, কিন্তু পয়সা নেই যে! বাবার দেওয়া দশ আনা পয়সা, সে-তো কবেই শেষ। ভাবতে ভাবতে ছোট ভাইয়ের কথা তার মাথাতেই থাকে না। অনেক্ষণ পর তার খেয়াল হয় অনেক দূরে চলে এসেছে সে। রাস্তার ধুলো উড়াতে উড়াতে সে ফিরে আসে ভাইয়ের কাছে, ভাই তখন রাস্তার ধারে হৃষ্টপুষ্ট ছাগলছানা নিয়ে খেলায় মগ্ন।

(ক) হরিহর কার বাড়িতে গোমস্তার কাজ করে? ১

(খ) "আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা" বলতে কী বুঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকটি 'আম আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩

(ঘ) "উদ্দীপকে প্রকাশিত দিকটির তুলনায় 'আম আঁটির ভেঁপু' গল্পের বিষয় ও আঙ্গিক বেশি অর্থবহ"– উদ্দীপক ও গল্প অবলম্বনে বিশ্লেষণ কর। ৪

## খ–বিভাগ : পদ্য

৫। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

শহরের কোলাহল থেকে দূরে
যখন তন্দ্রাচ্ছন্ন চোখ দুমুঠো বিশ্রাম চায়
আমার বুকের ভেতর একটা স্মৃতির সমুদ্র বয়ে যায়
আমার চিন্তা হয়ে ওঠে শ্রাবণের ঘন মেঘ।
দোতলার চিলেকোঠাটার কার্নিশে বাসা বাঁধা চড়ুই দুটো
আমায় কি খোঁজে অবিরাম!
শূন্য ফুলের টবে আমার আগ্রহ বাড়ে
তুচ্ছ পরিপাটি জীবন আমার
অথচ আয়নার বেদনার প্রতিচ্ছবি
আমি কেবলই খুঁজে চলি আপনারে!

(ক) সনেটের অষ্টকে কী প্রকাশিত হয়? ১

(খ) "জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে" বলতে কী বুঝানো হয়েছে? ২

(গ) উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটি প্রকাশিত হয়েছে তা আলোচনা কর। ৩

(ঘ) উদ্দীপকে প্রকাশিত দিকটির তুলনায় 'কপোতাক্ষ নদ' কবিতার বিষয়বস্তু আরো বেশি বাঙ্ময়? –বিশ্লেষণ কর। ৪

৬। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
বাঙালি জাতি পরিচয়ের ঐতিহাসিক যুগ শুরু হয় গুপ্তযুগ থেকে। এ যুগেই প্রথম ক্ষুদ্র রাজ্যপুঞ্জকে নিয়ে গঠিত হয় বিশাল রাজ্য। পূর্ব ভারতের দক্ষিণাঞ্চলের বঙ্গরাজ্য এবং উত্তরাঞ্চলের গৌড় রাজ্য এ সময়ে গঠিত হয়। সম্রাট শশাঙ্ক তাঁর দক্ষ শাসনের মাধ্যমে বাংলা ও বাঙালিকে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেন। পাল ও সেন আমলে বাঙালি জাতি সত্ত্বা আরো বিকশিত হয়। এর ওপর ভিত্তি করে স্থাপিত হয় সুলতানী রাষ্ট্র। এ রাষ্ট্রের নাম দেওয়া হয় বাঙ্গালাহ্ এবং রাষ্ট্রের অধিবাসীরা পরিচিত হন বাঙালি নামে। শতকের পর শতক ব্যাপী বিকশিত হয়ে সুলতানী আমলে আমরা পাই বাংলাদেশ, বাঙালি জাতি ও বাংলা ভাষা।

(ক) বাঙালি জাতির বীজমন্ত্র কী? ১
(খ) 'বাংলার আলপথ' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
(গ) উদ্দীপকটির সাথে 'আমার পরিচয়' কবিতার সাদৃশ্যগত দিকটি আলোচনা করো। ৩
(ঘ) "উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতায় বর্ণিত দিকগুলোর আংশিক প্রতিফলন ঘটেছে।"– মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৭। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:
তারপর একদিন
আবার হলদে তৃণ
ভ'রে আছে মাঠে,
পাতায়, শুকনো ডাঁটে
ভাসিছে কুয়াশা
দিকে দিকে, চড়ুইয়ের ভাঙা বাসা
শিশিরে গিয়েছে ভিজে-পথের উপর
পাখির ডিমের খোলা, ঠাণ্ডা কড়ুকড়ু
শসাফুল-দু একটা নষ্ট সাদা শসা।

(ক) খেয়ানৌকাগুলো কোথায় ভিড়েছে? ১
(খ) সেদিনো দেখিব স্বপ্ন বলতে কী বুঝানো হয়েছে –ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের সাথে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকটি কি 'সেইদিন এই মাঠ' কবিতার সমগ্রতাকে ধারণ করেছে? তোমার উত্তরের স্বপক্ষে আলোচনা কর। ৪

## গ–বিভাগ : উপন্যাস

৮। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:
খুব সাবধান। আপনার চারদিকে দুশমন। পদে পদে বিপদ।
লোক: ঘরে ঘরে আমাদের বন্ধু।
নূর : আবার কখন দেখা হবে?
লোক: একদিন সকালে,যখন আকাশজুড়ে প্রকাণ্ড লাল সূর্য উঠবে, অথবা এক রাত্রিতে, যখন আকাশ ভরে পূর্ণ চন্দ্র হাসবে।

(ক) বুধার চাচাতো ভাইবোন কয়জন? ১
(খ) মানুষের মাঝে যুদ্ধ নামের নদী বয়ে যায় কখন? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিক থেকে সাদৃশ্য খুঁজে পাওয়া যায়? –ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের খণ্ডাংশ মাত্র" –মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৯। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
প্রতিদিনের মতো সেদিনও আমরা রাতের খাবার খেয়ে ঘুমাতে গেছি। বাড়িতে আলো জ্বালানো মানা। যদি দূর থেকে দেখা যায়! পাশের গাঁয়ে মিলিটারি আসার গুজব শোনা যাচ্ছিল। যদি তা সত্যি হয়! আগে থেকেই তাই বাড়তি সতর্কতা সকলের। হঠাৎ মাঝরাতে ঘুম ভেঙে গেল। বাইরে গুলির শব্দ। মানুষের চিৎকার। কান্নার আওয়াজ। গুজব তাহলে সত্যি! সে রাতটা কোনোমতে বাড়ির পেছনের খালটার কাদায় ডুবে কাটালাম। সকালে গ্রামের যে দৃশ্য দেখলাম তা নরকতুল্য। চারদিকে লাশ, পোড়া বাড়ি, মৃত শিশু, বৃদ্ধ, নারী। থ্যাতলানো ছিন্নভিন্ন শরীর। বীভৎসতার ভয়াল রূপ।

(ক) শাহাবুদ্দিন কোথায় পড়ালেখা করে? ১
(খ) "সুখের পুঁটিমাছ রুপালি ঝিলিক তুলে সাঁতরায়" বলতে কী বুঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকটি কেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাথে সাদৃশ্যপূর্ণ? –ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক চেতনাকে ধারণ করেছে? উদ্দীপক ও উপন্যাসের আলোকে আলোচনা কর। ৪

## ঘ–বিভাগ : নাটক

১০। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
সৎ মায়ের খাওয়ার খোটা দেওয়ার অভ্যাস চিরকালের। সকালেও খাওয়ার সময় অকথ্য ভাষা শুনতে হয়েছে মরিয়মকে। আজ আর সে চুপ থাকতে পারেনি। সৎ মায়ের কথার ঠাস ঠাস জবাব দিয়েছিল। ঝগড়ার এক পর্যায়ে আবার যুক্ত হয়েছিল বিয়ে প্রসঙ্গ। কোন ব্যাপারীর সাথে নাকি বিয়ে ঠিক করেছে তার বাবা। যৌতুক নেওয়ার পরিবর্তে ব্যাপারি নাকি উলটো দশ বিঘা জমি লিখে দেবে। মরিয়ম প্রতিবাদ করলে তার সৎ মা বলে উঠেন "মাইয়া মানুষের আবার কীসের মত-অমত।" জীবনের কঠিন সিদ্ধান্তটি মরিয়ম নিয়ে ফেলে তখনই। ভোর হতেই বেরিয়ে পড়ে অজানার উদ্দেশ্যে। ওধারে মস্ত আকাশ। কী সুন্দর লাল আভা দেখা যাচ্ছে। মরিয়ম ভাবে, মস্ত এ আকাশের নিচে মানুষের চরিত্রে এত দীনতা কেন?

(ক) তাহেরাকে কোন ঘাট থেকে বজরায় তোলা হয়েছিল? ১
(খ) "আমি যেন কোরবানির বকরি" তাহেরা এরূপ মন্তব্য করেছিল কেন? ২
(গ) উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকে 'বহিপীর' নাটকের পূর্ণ প্রতিফলন ঘটেনি"–মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
দীর্ঘ কয়েক বছর পর পীর আসাদুল্লাহ তার পুরনো মুরিদের বাড়িতে এসেছে। আপ্যায়নে কোনো ত্রুটি রাখেননি আফজাল তরফদার। কিন্তু পীর সাহেবের মনে হচ্ছে কোথায় যেন একটু খাপছাড়া, ছন্দহীন। আগের সেই মুরিদ যেন আর নেই। কথায় কথায় সেকথা বলেই ফেলেন পীরসাহেব। আফজাল তরফদার জানান বড় ছেলেটা শহর থেকে পড়ালেখা শিখে বাড়িতে ফিরেছে। পুরনো ধ্যান-ধারণাও বদলেছে সকলের। পীর সাহেবেরও মনে হয় পুরাতনকে নতুন দিনের সাথে মিলিয়ে নেওয়ার সময় হয়েছে।

(ক) "আমি খাল কেটে যেন কুমির এনেছি" উক্তিটি কার? ১
(খ) "কোনো মানুষ হঠাৎ আশাতীত কাজ করিয়া বসিতে পারে"- কথাটির প্রসঙ্গ ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের সাথে 'বহিপীর' নাটকের কোন বিষয়টির সাদৃশ্য রয়েছে? –ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকের পীরকে কি নাটকের বহিপীরের সাথে তুলনা করা যায়? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি তুলে ধর। ৪

44

# ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১ ।]

১। **'বই পড়া' প্রবন্ধের লেখকের বিশ্বাস কোনটি?**
ক বই কেউ কাউকে দিতে পারে না
খ বিদ্যা কেউ কাউকে দিতে পারে না
গ শিক্ষা কেউ কাউকে দিতে পারে না
ঘ অভিজ্ঞতা কেউ কাউকে দিতে পারে না

২। **"বই পড়া জ্ঞান ও সাহিত্যচর্চার বিকল্প নেই"– কোন কাজে?**
ক মানুষের মানসিক বিকাশ ও সমৃদ্ধিতে
খ সমাজের মানসিক বিকাশ ও সমৃদ্ধিতে
গ জাতির মানসিক বিকাশ ও সমৃদ্ধিতে
ঘ গোষ্ঠীর মানসিক বিকাশ ও সমৃদ্ধিতে

৩। **কবিগুরু বলেছিলেন, "এবার ফিরাও মোরে।" কোন লেখার মধ্যে এই টান অনুভূত হবে?**
ক সাহিত্যের রূপ ও রীতি খ আম-আঁটির ভেঁপু
গ শিক্ষা ও মনুষ্যত্ব ঘ প্রবাস বন্ধু

৪। **শেষ হয়েও হবে না শেষ। কোন সাহিত্য প্রকরণের সঙ্গে যায় কথাটি?**
ক উপন্যাস খ কবিতা
গ ছোটোগল্প ঘ নাটক

৫। **১৯৭১ সালের ১২ই মে কী বার ছিল?**
ক বৃহস্পতিবার খ শুক্রবার
গ মঙ্গলবার ঘ বুধবার

৬। **সে যে-মোট বইতে পারে না সে-মোট কাবুলে বইতে যাবে কে? কথাটার মানে কী?**
ক আবদুর রহমানের আত্মবিশ্বাস
খ আবদুর রহমানের বুদ্ধিমত্তা
গ আবদুর রহমানের আন্তরিকতা
ঘ আবদুর রহমানের শক্তিমত্তা

৭। **ইনি 'হরফন-মৌলা' বা 'সকল কাজের কাজি'। কথাটার সঙ্গে কোন বাক্যটি সাদৃশ্যপূর্ণ?**
ক দশে মিলি করি কাজ
খ টেকনাফ থেকে তেঁতুলিয়া
গ জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ
ঘ শ্যাম রাখি না কুল রাখি

৮। **'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল প্রতিপাদ্য কোনটি?**
ক কড়া শাসন আর আদরের লুকোচুরি
খ মায়ের শাশ্বত বৈশিষ্ট্য
গ শৈশবের প্রকৃতি ও প্রকৃত শৈশব
ঘ অপু দুর্গার দারিদ্র্য

৯। **সুভা নির্জন দ্বিপ্রহরের মতন–**
(i) শব্দহীন
(ii) সঙ্গীহীন
(iii) দৃষ্টিহীন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০। **'মমতাদি' কার লেখা?**
ক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
খ মানিক বন্দ্যোপাধ্যায়
গ মোতাহের হোসেন চৌধুরী
ঘ প্রমথ চৌধুরী

■ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও।**
"তুমি আঘাত করলেও আমি বলি তোমায় বন্ধু ভাই–
তোমার সুখ কেমনে হবে সে পথ খুঁজি সর্বদাই।"

১১। **উদ্দীপকের মর্মবাণী পাই কোন রচনায়?**
ক মমতাদি খ শিক্ষা ও মনুষ্যত্ব
গ মানুষ মুহম্মদ (স.) ঘ বই পড়া

১২। **উপর্যুক্ত কবিতার বাণীতে বহিঃপ্রকাশ ঘটেছে–**
(i) মহানুভবতা
(ii) পরোপকারিতা
(iii) ক্ষমাশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩। **'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন কাব্য থেকে সংকলিত?**
ক পদ্মাবতী খ বীরাঙ্গনা কাব্য
গ ব্রজাঙ্গনা কাব্য ঘ চতুর্দশপদী কবিতাবলি

১৪। **"কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?"– এ উক্তিতে কবির কোন ভাব প্রকাশ পেয়েছে?**
(i) মমতা
(ii) অনুরাগ
(iii) ভ্রান্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও।**
বড়ো অসুখী জীবন কায়েস মিয়ার। কিন্তু স্বপ্ন তার অসুখী মনের সঙ্গে হারিয়ে যায়নি। ছেলে কায়কাউসকে নিয়ে সে আশায় বুক বাঁধে। নিজের ও স্ত্রীর পরিশ্রম দিয়েও সংসার চালাতে কষ্ট হয় কায়েসের। তারপরও ছেলের পড়াশোনা নিয়ে সে স্বপ্ন অপরিবর্তিত রাখে। এসএসসি দেয়, ভালো ফল করে ছেলে। এইচএসসিতে বিজ্ঞান চালিয়ে যায় কায়েসের ছেলে। সরকারি মেডিকেলে পড়ার সুযোগ পেয়ে যায় কায়কাউস। সে আনন্দে উদ্‌বেলিত হয় কায়েস পরিবার।

১৫। **উদ্দীপকের কায়েস 'জীবন-সঙ্গীত' কবিতার কোন পঙ্‌ক্তির ভাবটি নিজের মধ্যে ধারণ করতে পেরেছে?**
ক করো নিত্য নিজ কাজ
খ বাহ্য দৃশ্যে ভুলো নারে মন
গ করো না সুখের আশ
ঘ ভয়ে ভীত হইও না মানব

১৬। **উদ্দীপকের কায়কাউস চরিত্রে 'জীবন-সঙ্গীত' কবিতার যে শিক্ষা ফুটে উঠেছে–**
(i) সিদ্ধান্তে অবিচল থাকা
(ii) নিরন্তর অধ্যবসায়
(iii) কীর্তিমানের অনুসরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭। **"মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।" এই চরণে প্রকাশ পেয়েছে–**
ক জাতীয়তাবাদ খ মানবতাবাদ
গ সাম্যবাদ ঘ ধর্মনিরপেক্ষতাবাদ

১৮। **"আমার দেশের মাটির গন্ধে ভরে আছে সারা মন শ্যামল কোমল পরশ ছাড়া যে নেই কিছু প্রয়োজন।"** উদ্দীপকের গানের সুরে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন চেতনাকে প্রকাশ করে?
ক জগতে সৌন্দর্যের মৃত্যু নেই
খ লক্ষ্মীপেঁচকের কণ্ঠে ধ্বনিত হয় মঙ্গলবার্তা
গ চালতাফুলে পড়ে শীতের শিশির
ঘ খেয়া নৌকা চলে নদীনালাতে

১৯। **"পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল" বলতে কবি কী বুঝিয়েছেন?**
ক পৃথিবীর নশ্বরতা খ প্রকৃতি চিরন্তন
গ মানুষের নশ্বরতা ঘ প্রকৃতির নিষ্ঠুরতা

২০। **"রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে"– এখানে 'রাত' শব্দ কোন অর্থ দিচ্ছে?**
ক ঘনরাত্রি খ ঘন অন্ধকার
গ দুঃখের সময় ঘ শেষরাত

২১। **"জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে।" এখানে কী ব্যক্ত হয়েছে?**
ক দারিদ্র্য খ বৈষম্য
গ যন্ত্রণা ঘ নির্মমতা

২২। **'পল্লিজননী' কবিতায় মায়ের কোন গুণ স্পষ্ট হয়ে আমাদের অভিভূত করে দেয়?**
ক সন্তানের প্রতি অতুলনীয় স্নেহ
খ সন্তানের অসুখে মায়ের বেচইন অবস্থা
গ সন্তানের প্রতি মায়ের অপত্যস্নেহ
ঘ সন্তানের ভবিষ্যৎ নিয়ে মায়ের উৎকণ্ঠা

২৩। **"ছেলেটির পাগলামি গেল না"– দোকানদার এই উক্তি কেন করে বুধাকে নিয়ে?**
ক তার পাগলামি বেড়েছে দেখে
খ স্বাধীনতার প্রশ্নে তার অবস্থান দেখে
গ কাকতাড়ুয়া সাজবে বলেছে তাই
ঘ দোকানদার কম বুঝে তাই

২৪। **"ও মৃত্যুপুরীর স্তব্ধ শীতলতায় নিঃসাড় হয়ে বসেছিল।"–কার কথা বলা হচ্ছে?**
ক দোকানদার খ বুধা
গ মিঠু ঘ আলি

২৫। **যুদ্ধের সময় কি জ্বরের কথা এত ভাবলে চলে? বুধার এমন কথার মধ্যে ফুটে উঠেছে–**
(i) সাহসিকতা
(ii) বিদ্রোহী চেতনা
(iii) স্বাদেশিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬। **"নদীর একূল ভাঙে, ও কূল গড়ে এই নদীর খেলা সকাল বেলার আমির রে ভাই, ফকির সন্ধ্যা বেলা।" এই কবিতার পঙ্‌ক্তির সঙ্গে বহিপীর নাটকের কোন চরিত্রের সাদৃশ্য খুঁজে পাও?**
ক তাহেরা খ খোদেজা
গ বহিপীর ঘ হাতেম আলি

২৭। **"আমি অত প্যাঁচের ধার ধারি না।"– সংলাপটি কার?**
ক হাতেম আলি খ খোদেজা
গ হাশেম আলি ঘ তাহেরা

২৮। **'কালোমেঘের ভেলা' নির্মলেন্দু গুণ রচিত কী ধরনের লেখা?**
ক মুক্তিযুদ্ধভিত্তিক রচনা খ শিশুতোষ রচনা
গ রহস্য উপন্যাস ঘ রম্যরচনা

২৯। **"তেরোশত নদী শুধায় আমাকে, কোথা থেকে তুমি এলে?" এখানে তেরোশত নদী সংখ্যাটা কোন লক্ষ্যে লিখিত?**
ক প্রকৃত সংখ্যা খ কল্পিত সংখ্যা
গ রূপক হিসেবে ব্যবহৃত ঘ শিল্পসত্য

৩০। **"আমি কি বকরি-ঈদের গরু ছাগল নাকি?" উক্তিটি কার?**
ক হাশেম আলি খ খোদেজা
গ তহেরা ঘ হকিকুল্লাহ

# বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** গদ্য থেকে দুটি, কবিতা থেকে দুটি, নাটক ও উপন্যাস থেকে কমপক্ষে একটিসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দাও ।]

## ক-বিভাগ : গদ্য

১। আমরা সবাই বিজ্ঞানী স্টিফেন হকিংয়ের নাম জানি। তিনি মাত্র ২১ বছর বয়সে 'পেশীক্ষয়কারী পার্শ্বিক কাঠিন্য রোগ' (Amyotrophic lateral sclerosis) এ আক্রান্ত হন। রোগটির কারণে হকিং পরবর্তী সময়ে ধীরে ধীরে পক্ষাঘাতগ্রস্ত হয়ে পড়েন। কিন্তু তাঁর উদ্যোগ ও উদ্যম থেমে থাকেনি। এক পর্যায়ে বাকশক্তিও হারিয়ে ফেলেন। তিনি তখন একধরনের ভাষা-উৎপাদনকারী যন্ত্রের সাহায্যে অন্যদের সঙ্গে যোগাযোগ করতেন। এই লেখকের লেখা 'আ ব্রিফ হিস্টরি অব টাইম' ২৩৭ সপ্তাহ ধরে বিশ্বব্যাপী বেস্ট সেলার বইয়ের তালিকায় ছিল। মানুষের শক্তির এই যে অপরিমেয়তা তার কোনো তুলনা হয় না।

(ক) কী জন্য প্রতাপ সুভার মর্যাদা বুঝিত? ১

(খ) "উন্নত শ্রেণির জীবের মধ্যে সুভার আরো একটি সঙ্গী জুটিয়াছিল।" কে সে? কেন এই উক্তি? ২

(গ) উদ্দীপকের বর্ণনার সঙ্গে 'সুভা' গল্পের কোনো সংযোগ আছে কি? আলোচনা করো। ৩

(ঘ) উদ্দীপকের 'হকিং' ও 'সুভা' গল্পের সুভা প্রায় একই ধরনের সংকটে পড়লেও তাদের পরিণতি ভিন্ন ভিন্ন। মন্তব্যটি ব্যাখ্যা করো। ৪

২। বিখ্যাত গীতিকার ও শিক্ষবিদ অধ্যাপক আবু জাফর লিখেছেন, "মাইকেল এইচ হার্ট তাঁর 'দ্য হান্ড্রেড' গ্রন্থে হযরত মুহম্মদ (সা:) কে এক নম্বরে স্থান দিয়ে ভালো কাজ করেছেন। তিনি আরও ভালো করতেন যদি নবি মুহম্মদ (সা:)-এর বর্ণনার পরে ১০০/২০০ পৃষ্ঠা সাদা রেখে দিতেন এবং টীকায় লিখে দিতেন রোল নম্বর একের মানের সঙ্গে দুই বা তিনের মানের পার্থক্য এত যে ১০০/২০০ পৃষ্ঠা সাদা রাখাই শ্রেয়।" আমাদের প্রিয় নবিজীর শান ও মান কতটা উঁচু এবং তাঁর জীবনের সব দিক কতটা প্রোজ্জ্বল সেটা বোঝার জন্য 'শামায়েলে তিরমিজি' গ্রন্থটি সবারই পড়া উচিত। এই গ্রন্থে রাসুল (সা:) এর জীবনের প্রাত্যহিক কাজের বিস্তৃত বিবরণ দেওয়া আছে।

(ক) হযরত মুহম্মদ (সা:) কীসের মাধ্যমে মানুষের মন আকর্ষণ করেছিলেন? ১

(খ) "এই পৃথিবীতে আমি ইসলামের বাহন, সত্যের প্রচারক।" মুহম্মদ (সা:) এর এই উক্তির মানে কী? ২

(গ) উদ্দীপক ও মানুষ মুহম্মদ (সা:) প্রবন্ধের মধ্যে সাদৃশ্য আছে কি? আলোচনা করো। ৩

(ঘ) উদ্দীপকের আয়তন সীমিত হলেও 'মানুষ মুহম্মদ (সা:) প্রবন্ধের চাইতে গভীর অর্থ আছে তাতে। তোমার অভিমত কী? ৪

৩। আগস্ট-২৪ এর বন্যায় ফেনী জেলা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। ভারতের আগ্রাসী নীতি, আন্তর্জাতিক আইনের অশ্রদ্ধা এই বন্যার কারণ। সারা দেশের মানুষ অসহায় বিপর্যস্ত ও সর্বস্বান্ত ফেনীবাসীর জন্য ত্রাণ নিয়ে ছুটে আসেন। নানা শ্রেণি-পেশার মানুষের সঙ্গে মিডিয়া কর্মীরাও আসেন ফেনীতে। একজন মিডিয়া কর্মী তাঁর ভিন্নরকম অভিজ্ঞতা নিজের ভেরিফাইড ফেসবুকে তুলে ধরেন। তিনি বলেন, "একজন মধ্যবয়সি লোককে ডাকলাম। আসেন ত্রাণ নিয়ে যান। তিনি বললেন, আমি পেয়েছি। সামনের ঐ বাড়িতে পৌঁছে দেন।" সাংবাদিক অবাক হয়ে গেলেন। তার সেই অবাক অভিজ্ঞতার কথা তুলে ধরতে গিয়ে জানালেন, "দুই যুগের বেশি সময়ের সাংবাদিকতা জীবনে ফেনীর মানুষের মতন এমন মানুষ আর পাইনি। ত্রাণ নিয়ে কাড়াকাড়ি নয় বরং সবাই যেন পায় সেটাই এই জেলার মানুষ নিশ্চিত হতে চেয়েছে। সালাম ফেনীর মানুষকে।"

(ক) 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের লেখকের নাম কী? ১

(খ) "যেখানে মূল্যবোধের মূল্য পাওয়া হয় না, সেখানে শিক্ষা নেই।" কেন এই উক্তি? ২

(গ) উদ্দীপকের মধ্যবয়সি মানুষের মধ্যে কীসের বিস্তার ঘটেছে? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে লেখো। ৩

(ঘ) উদ্দীপকের মিডিয়া কর্মীর কথায় আমরা 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন বার্তাটি গ্রহণ করতে পারি? ৪

৪। রাজধানীতে সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে ৩৬ বছরের গৃহকর্মীকে বিদায় জানিয়ে অনন্য নজির স্থাপন করেছেন এক দম্পতি। গত ১২ই মে মা দিবসের দিনে উপহার সামগ্রী, টাকা ও ফুল দিয়ে বিদায় সংবর্ধনা জানান সরকারি তিতুমীর কলেজের অধ্যাপক কামরুন নাহার ও তার স্বামী ব্যাংক কর্মকর্তা এন এম শরীয়ত উল্লাহ। এই দম্পতির সংসার দীর্ঘ তিন যুগ আগলে রেখেছিলেন গৃহকর্মী আনোয়ারা বেগম। বিদায় অনুষ্ঠানের পর গাড়িতে করে রাজধানীর গ্রীন রোডের বাসা থেকে তাকে খাগড়াছড়ির রামগড়ের নিজ বাড়িতে দিয়ে আসা হয়। সেখানে তিনি ভাইয়ের ছেলেদের সঙ্গে বাকি জীবন কাটাবেন।

(ক) মমতাদির বয়স কত ছিল? ১

(খ) মমতাদির চোখ সজল হয়ে উঠেছিল কেন? ২

(গ) উদ্দীপকের ঘটনার সঙ্গে 'মমতাদি' গল্পের মমতার জীবনের মিল আছে কি? আলোচনা করো। ৩

(ঘ) "মানুষের সম্মান বোঝার জন্য মানুষ হওয়া জরুরি।" মন্তব্যটি উদ্দীপক ও 'মমতাদি' গল্পের আলোকে ব্যাখ্যা করো। ৪

## খ-বিভাগ : কবিতা

৫। মানব-প্রেমিক আজিকে তোমাদের স্মরি
মনে পড়ে তব মহত্ত্ব-কথা-সেদিন বিভাবরী
নগর-ভ্রমণে বাহিরিয়া তুমি দেখিতে পাইলে দূরে
মায়েরে ঘিরিয়া ক্ষুধাতুর দুইটি শিশু সকরুণ সুরে
কাঁদিতেছে আর দুঃখিনী মাতা ছেলেরে ভুলাতে হায়,
উনানে শূন্য হাঁড়ি চড়াইয়া কাঁদিয়া অকূলে চায়।
শুনিয়া সকল-কাঁদিতে কাঁদিতে ছুটে গেলে মদিনাতে
বায়তুল-মাল হইতে লইয়া ঘৃত আটা নিজ হাতে,
বলিলে, 'এ সব চাপাইয়া দাও আমার পিঠের' পরে,
আমি লয়ে যাব বহিয়া এ-সব দুখিনী মায়ের ঘরে।'

-উমর ফারুক--- কাজী নজরুল ইসলাম।

(ক) পূজারী কত বছর ধরে প্রভুকে ডাকেনি? ১

(খ) "খোদার ঘরে কে কপাট লাগায় কে দেয় সেখানে তালা?" কবির এই প্রশ্ন কার উদ্দেশ্যে এর কেন? ২

(গ) উদ্দীপকের সঙ্গে 'মানুষ' কবিতার সাদৃশ্য কোথায়? আলোচনা করে বুঝিয়ে দাও। ৩

(ঘ) উমর ফারুক (রা:)-এর চরিত্রের সঙ্গে 'মানুষ' মোল্লা সাহেবের বৈসাদৃশ্য নিরূপণ করো। ৪

৬। মমতা শব্দের উৎপত্তি হয়েছে মম+তা এই প্রকৃতি প্রত্যয় থেকে। মম মানে আমি বা নিজে। পৃথিবীর যে-কোনো মানুষ নিজেকেই সবচেয়ে বেশি ভালোবাসে। ধরো খুবই প্রিয় এক দম্পতি আনন্দ সময় কাটাতে কাটাতে রাস্তায় হাঁটছে। একে অপরকে বলছেন, "আমি কিন্তু তোমার জন্য জীবন দিতেও রাজি আছি।" কিন্তু বিপদ দেখলে যে যার মতনই বাঁচার পথ খুঁজবে। শুধু মায়েরাই পারবেন জীবনের ঝুঁকি নিয়ে পানি বা আগুনে ঝাঁপ দিতে। এমনকি সেটা যদি ঘাতক গাড়িও হয়, তার নিচেই মায়েরা সন্তানের জীবনের আশায় লাফ দিয়ে পড়বেন। মায়েরা নিজ জীবনকে যেভাবে ভালোবাসেন একই রকমভাবে সন্তানের জীবনকেও ভালোবাসেন বলেই বলা হয়– মায়ের মমতা। মমতার গুণ কেবল মায়েরই, বাবাও এই গুণের দাবিদার হতে পারেন না।

(ক) নামাজের ঘরে ও দরগায় কী মানত করেন পল্লিজননী? ১

(খ) "অপত্যস্নেহের অনিবার্য আকর্ষণই এ কবিতার মূল কথা।" মানে কী? ২

(গ) উদ্দীপকের মধ্যে 'পল্লিজননী' কবিতার কোন মর্মবাণী গ্রোথিত হয়েছে বলে তুমি মনে করো? ব্যাখ্যা করো। ৩

(ঘ) "জননীর সব মমতার কথা 'পল্লিজননী' কবিতায় যেমন নেই, উদ্দীপকেও নয়।" মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

৭। পরের মুখে শেখা বুলি পাখির মত কেন বলিস?
পরের ভঙ্গি নকল করে নটের মত কেন চলিস?
তোর নিজস্ব সর্বাঙ্গে দিলেন তোর দাতা
আপন হাতে,
মুছে সেটুকু বাজে হলি, গৌরব কী বাড়ল তাতে?
আপনারে যে ভেঙেচুরে গড়তে চায় পরের ছাঁচে
অলীক ফাঁকি, মেকী সে জন নামটা তাঁর কদিন বাঁচে?

(ক) আব্দুল হাকিমের বিখ্যাত কাব্য কোনটি? ১

(খ) 'সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।' এই কথার মানে কী? ২

(গ) উদ্দীপকের সঙ্গে 'বঙ্গবাণী' কবিতার সম্পর্ক নির্ণয় করো। ৩

(ঘ) উদ্দীপক 'বঙ্গবাণী' কবিতার আংশিক বক্তব্য ধারণ করেছে পুরোটা নয়। তোমার অভিমত কী? ৪

## গ–বিভাগ : উপন্যাস

৮। তুমি আসবে বলে হে স্বাধীনতা
ছাই হলো গ্রামের পর গ্রাম
তুমি আসবে বলে বিধ্বস্ত পাড়ায়
প্রভুর বাস্তুভিটার ভগ্নস্তূপে দাঁড়িয়ে
একটানা আর্তনাদ করল একটা কুকুর।

তুমি আসবে বলে হে স্বাধীনতা– শামসুর রাহমান

(ক) বুধা দুঃখকে কী ভাবে? ১

(খ) "ভয় ওকে কাবু করে না"– কেন? ২

(গ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ? আলোচনা করো। ৩

(ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক চেতনাকে ধারণ করে। তোমার অভিমত কী? ৪

৯। ক্ষুদিরাম বসু বলেছিলেন, "লড়ো, না লড়তে পারলে বলো। না বলতে পারলে লেখো, না লিখতে পারলে সঙ্গ দাও। না সঙ্গ দিতে পারলে, যারা সঙ্গ দিচ্ছে তাদের মনোবল বাড়াও। যদি তাও না পারো, যে পারছে তার মনোবল কমিয়ে দিও না। কারণ, সে তোমার ভাগের লড়াই করছে।

(ক) শান্তিকমিটির চেয়ারম্যান কে ছিলেন? ১

(খ) যে মানুষের দৃষ্টিতে ভাষা নেই, বুধার মতে সে মানুষ নয় কেন? ২

(গ) উদ্দীপকের বক্তব্য 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে সাজুয্যপূর্ণ? আলোচনা করে প্রমাণ করো। ৩

(ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সব কথাই বলে দিয়েছে। মন্তব্যটির যথার্থ বিচার করো। ৪

## ঘ–বিভাগ : নাটক

১০। করোনার ধাক্কায় চাকরি চলে যায় ইঞ্জিনিয়ার ইকবালের। সে উপায়হীন হয়ে কাগজের ব্যাবসা শুরু করে। হঠাৎ কাগজের ব্যাবসায়ও ধস নামে। মা-বাবার সঙ্গে তার দুরবস্থা নিয়ে আলাপ হয়। বাবা ইকবালকে পরামর্শ দেন দুধমুখার পিরের কাছে যেতে। তিনি বিশ্বাস করেন, পিরের কেরামতিতে তার ছেলের এই দুরবস্থা কেটে যাবে। কিন্তু বিজ্ঞানপড়া ছেলের তাতে মন সায় দেয় না।

(ক) "বহুত হইয়াছে, আর ফ্যাঁকড়া তুলিবেন না।" কার উক্তি? ১

(খ) "কিন্তু আপনার সঙ্গে আমি যাব না।" এ উক্তি কার এবং কেন? ২

(গ) উদ্দীপকের ইকবালের সঙ্গে 'বহিপীর' নাটকের হাশেম আলির সাদৃশ্য বৈসাদৃশ্য তুলে ধরো। ৩

(ঘ) উদ্দীপকের ঘটনার সঙ্গে 'বহিপীর' নাটকের কোন ঘটনার সাদৃশ্য-বৈসাদৃশ্য খুঁজে পাও? আলোচনা করো। ৪

১১। একসময় ভারতীয় উপমহাদেশে আট বছরের গৌরিদান প্রথা ছিল। তা আবার কুলিন কুল রক্ষার জন্য পাত্র যদি মৃত্যু পথযাত্রীও হয়, তবুও মা-বাবা কুলরক্ষার জন্য সেই পাত্রের সঙ্গেই বিয়ে দিত। মধুবালার জীবনেও এরকম ঘটনাই ঘটেছে। বর বিয়ে করতে এসেছে হাঁপানি নিয়ে। মধুবালার প্রচণ্ড রাগ হয়। বিয়ের আসর থেকেই সে পালিয়ে যায়।

(ক) হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১

(খ) "এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না।" কেন এই উক্তি? ২

(গ) উদ্দীপকের মধুবালার সঙ্গে 'বহিপীর' নাটকের তাহেরার মিলের চেয়ে অমিল বেশি। কথাটা কতটা যুক্তিযুক্ত। ৩

(ঘ) "সবকালে নারীর জীবনেই নেমে আসে বৈষম্যের নির্মমতা।" মন্তব্যটি উদ্দীপক ও 'বহিপীর' নাটকের আলোকে বিশ্লেষণ করো। ৪

45

# মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট　　　　পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **নিচের কোনটি যৌগিক বাক্য?**
ক) যে রক্ষক, সেই ভক্ষক।
খ) পড়াশোনা কর, নতুবা ভবিষ্যৎ অন্ধকার।
গ) সূর্যোদয়ে অন্ধকার দূর হয়।
ঘ) সত্যের পূজারি বলে তিনি জগতের সর্বত্র আদৃত।

২। **'পাখি সব করে রব রাতি পোহাইল।' –বাক্যে নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্তৃকারকে শূন্য　খ) কর্মকারকে শূন্য
গ) অপাদান কারকে শূন্য　ঘ) অধিকরণ কারকে শূন্য

৩। **বক্তার কথা উপস্থাপনের ধরনকে কী বলে?**
ক) বাচ্য　খ) উক্তি
গ) আবেগ　ঘ) যোজক

৪। **বাক্যে প্রথম অংশের কোনো উক্তিকে দ্বিতীয় অংশে ব্যাখ্যা করতে কোন যতি চিহ্নের প্রয়োজন?**
ক) ড্যাশ　খ) হাইফেন
গ) কোলন　ঘ) সেমিকোলন

৫। **'মানিক জোড়' –এর বিপরীতার্থক বাগ্‌ধারা প্রকাশ পেয়েছে কোনটিতে?**
ক) চিনে জোঁক　খ) মণিকাঞ্চন যোগ
গ) খেজুরে আলাপ　ঘ) আদায় কাঁচকলায়

৬। **উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ও ঊ-কার ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে সন্ধিতে কী হয়?**
ক) ব-ফলা　খ) ম-ফলা　গ) য　ঘ) র

৭। **কোনটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ?**
ক) চুপচাপ　খ) হাতেনাতে
গ) থকথকে　ঘ) বুদ্ধিশুদ্ধি

৮। **'দারোগা' কোন ভাষার শব্দ?**
ক) তুর্কি　খ) পর্তুগিজ　গ) ফারসি　ঘ) ফরাসি

৯। **নির্দিষ্টতাবাচক বিশেষণ কোনটি?**
ক) এক　খ) সেই　গ) তরল　ঘ) অনেক

১০। **ধ্রুপদী ভাষা হিসেবে স্বীকৃত কোনটি?**
ক) অহমিয়া ও ওড়িয়া　খ) হিন্দি ও উর্দু
গ) সংস্কৃত ও পালি　ঘ) নেপালি ও সিংহলি

১১। **শব্দ, বর্গ, শব্দজোড়, বাক্যের ব্যঞ্জনা ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক) ধ্বনিতত্ত্ব　খ) শব্দতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব　ঘ) অর্থতত্ত্ব

১২। **'যাঁরা দেশের জন্য প্রাণ দিয়েছে, তাদের ঋণ আমরা শোধ করতে পারব না।' –এখানে ঋণ কী?**
ক) উদ্দেশ্যের প্রসারক　খ) বিধেয়ের প্রসারক
গ) বিধেয়ের পূরক　ঘ) বিধেয়ের ক্রিয়া

১৩। **নিচের কোনটিতে ক্রিয়াজাত অনুসর্গের প্রয়োগ ঘটেছে?**
ক) আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা।
খ) কার কাছে গেলে জানা যাবে?
গ) সবার সামনে থাকবে।
ঘ) তুমি আসবে বলে অপেক্ষা করে আছি।

১৪। **চলিত রীতির শব্দ কোনটি?**
ক) তুলা　খ) তুলো　গ) শুষ্ক　ঘ) হইল

১৫। **'উহ, কী বিপদে পড়া গেল।'-বাক্যটিতে কোন ধরনের আবেগ প্রকাশিত হয়েছে?**
ক) আতঙ্ক　খ) সম্বোধন　গ) বিরক্তি　ঘ) অলংকার

১৬। **'সবটুকু ওষুধই তোমাকে খেতে হবে।' –বাক্যটিতে উল্লিখিত 'সবটুকু' পদে কোন ধরনের লগ্নক ব্যবহৃত হয়েছে?**
ক) বচন　খ) নির্দেশক　গ) বিভক্তি　ঘ) বলক

১৭। **'নিদারুণ' শব্দে কোন অর্থে 'নি' উপসর্গটি ব্যবহৃত হয়েছে?**
ক) প্রচণ্ড　খ) চমৎকার　গ) নির্দয়　ঘ) অতিশয়

১৮। **নিচের কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ?**
ক) বিড়ালতপস্বী　খ) অগ্নিশর্মা
গ) হাঁড়িমুখ　ঘ) ফুটিফাটা

১৯। **'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক) √মুচ্ + ত　খ) √মুক্ + ত
গ) √মুহ + ত　ঘ) √মু + ত

২০। **কোন বাক্যে পদাণু ক্রিয়া-বিশেষণ আছে?**
ক) এমন কথা আমার জানা নেই।
খ) তাঁকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না।
গ) যথাসময়ে সে হাজির হয়।
ঘ) আমি কি যাব?

২১। **'পুলিন' শব্দের প্রতিশব্দ কোনটি?**
ক) ইন্দু　খ) হেম　গ) রাজীব　ঘ) কূল

২২। **'আমি অভুক্ত থাকব তবু ভিক্ষা করব না।'–এই বাক্যে 'তবু' কী?**
ক) অনুসর্গ　খ) বলক　গ) যোজক　ঘ) আবেগ

২৩। **বর্গ হলো–**
ক) ধ্বনিগুচ্ছ　খ) বর্ণের সমষ্টি
গ) শব্দের গুচ্ছ　ঘ) বাক্যের বিন্যাস

২৪। **নিচের কোন বাক্যটিতে ঘটনা অতীতের কিন্তু ক্রিয়ার কাল ভবিষ্যতের?**
ক) আগামী মাসে আমরা সিলেট যাচ্ছি
খ) শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল
গ) যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম
ঘ) তোমরা হয়ত ছয় দফার কথা শুনে থাকবে

২৫। **'ভূত' শব্দের বিপরীত অর্থ প্রকাশ করে কোনটি?**
ক) পেত্নী　খ) সাবেক
গ) ভবিষ্যৎ　ঘ) বর্তমান

২৬। **'পূর্বাভাষ' শব্দটির অর্থ কী?**
ক) মুখবন্ধ　খ) মুখপাত্র
গ) পূর্বসংকেত　ঘ) পূর্বসূত্র

২৭। **বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে–**
ক) ৩২, ৮, ১০　খ) ৩০, ৮, ১২
গ) ৩১, ৭, ১২　ঘ) ৩০, ১০, ১০

২৮। **কোনটি মধ্যাবস্থিত পশ্চাৎ স্বরধ্বনি?**
ক) অ　খ) উ　গ) ও　ঘ) এ

২৯। **কোন ধ্বনিটি ঘোষ–মহাপ্রাণ বর্ণ?**
ক) ঠ　খ) থ　গ) ভ　ঘ) দ

৩০। **'স্মরণ' শব্দটির সঠিক উচ্চারণ কোনটি?**
ক) সঁরন্　খ) সোঁরন্
গ) শঁরোন্　ঘ) শোঁরন্

## বাংলা (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) সুন্দরবন
(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

২। **চিঠি/আবেদনপত্র লেখো :**
(ক) মনে করো, তুমি সেতু। সম্প্রতি একটি ঐতিহাসিক স্থান ভ্রমণ করেছ। ভ্রমণ অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার বন্ধু সুপ্রীতিকে একটি চিঠি লেখো। ১০

অথবা, (খ) মনে করো, তুমি শশী। সাতক্ষীরা সদর উপজেলার ধুলিহর ইউনিয়নের বাসিন্দা। তোমার এলাকায় পাঠাগার স্থাপনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০

মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুত চরিত্রবলেই মানুষের জীবনে যা-কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নাই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যেসকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের গৌরবের মূলে এই চরিত্রশক্তি। তুমি চরিত্রবান লোক– এ কথার অর্থ এই নয় যে, তুমি লম্পট নও, তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ করো, তুমি পরদুঃখকাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতাপ্রিয়– চরিত্রবান মানে এই।

অথবা, (খ) **সারমর্ম লেখো :**

আসিতেছে শুভদিন,
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

৪। **যে-কোনো একটির ভাবসম্প্রসারণ করো :** ১০
(ক) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তবে ঘৃণা যেন তারে তৃণসম দহে।
(খ) ভোগে নয়, ত্যাগেই মনুষ্যত্বের বিকাশ।

৫। (ক) মনে করো, তুমি প্রবাল। জাতীয় দৈনিক পত্রিকার রংপুর প্রতিনিধি। তোমার এলাকার সড়কের দুরবস্থার বিবরণ দিয়ে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা, (খ) মনে করো, তুমি শিমুল। সম্প্রতি তোমার বিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়েছে। এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন তৈরি করো।

৬। **যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) বিশ্বকোষ
(খ) একটি ঝড়ের রাত
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প

46

# ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১। বাংলা ভাষার জন্ম হয়েছে কোথা থেকে?**
ক) পূর্ব ভারতীয় প্রাকৃত
খ) পশ্চিম ভারতীয় প্রাকৃত
গ) উত্তর ভারতীয় প্রাকৃত
ঘ) দক্ষিণ ভারতীয় প্রাকৃত

**২। 'শব্দগঠন প্রক্রিয়া' আলোচিত হয় কোথায়?**
ক) ধ্বনিতত্ত্ব খ) রূপতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) বাগর্থতত্ত্ব

**৩। বাঙালি শিশুর মাতৃভাষা কোনটি?**
ক) কথ্য ভাষা খ) লেখ্য ভাষা
গ) প্রমিত ভাষা ঘ) আঞ্চলিক ভাষা

**৪। 'ৎ' বর্ণটির পরিচয় কী?**
ক) কারবর্ণ খ) অনুবর্ণ
গ) যুক্তবর্ণ ঘ) সংখ্যাবর্ণ

**৫। 'ঔ' স্বরধ্বনির মধ্যে কতটি পূর্ণ স্বরধ্বনি আছে?**
ক) ১/২ খ) ১
গ) ২ ঘ) ৩

**৬। নিচের কোনটি উষ্ম ব্যঞ্জন?**
ক) ক খ) ত
গ) স ঘ) ড়

**৭। নিচের কোনটি লগ্নক নয়?**
ক) বিভক্তি খ) নির্দেশক
গ) উপসর্গ ঘ) বচন

**৮। 'পরাবাস্তব' শব্দে কী অর্থে উপসর্গ ব্যবহৃত হয়েছে?**
ক) প্রায় খ) অতিশয়
গ) বিরুদ্ধ ঘ) প্রচণ্ড

**৯। নিচের কোনটি কৃদন্ত শব্দ?**
ক) দাপট খ) বাঘা
গ) স্থায়ী ঘ) রাষ্ট্রীয়

**১০। 'মনমাঝি' কোন সমাসের উদাহরণ?**
ক) দ্বিগু কর্মধারয়
খ) মধ্যপদলোপী কর্মধারয়
গ) উপমান কর্মধারয়
ঘ) রূপক কর্মধারয়

**১১। নিচের কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?**
ক) তেলেভাজা খ) টাকমাথা
গ) সেতার ঘ) অকালমৃত্যু

**১২। নিচের কোন শব্দটি অন্যগুলোর চেয়ে আলাদা?**
ক) স্বর্গ-নরক খ) হাতে-কলমে
গ) ভালোমন্দ ঘ) আসা-যাওয়া

**১৩। নিচের কোন শব্দটি সন্ধির নিয়ম মানেনি?**
ক) তপোবন খ) সন্তাপ
গ) পরিচ্ছেদ ঘ) কুলটা

**১৪। নিচের কোনটি ধ্বন্যাত্মক দ্বিত্ব?**
ক) আড়াআড়ি খ) পটাপট
গ) চুপচাপ ঘ) ধারধোর

**১৫। নিচের কোনটি তৎসম শব্দ?**
ক) জিভ খ) দাঁত
গ) আকাশ ঘ) পেট

**১৬। 'নগদ' কোন ধরনের শব্দ?**
ক) আরবি খ) ফারসি
গ) পর্তুগিজ ঘ) ফরাসি

**১৭। 'আকাশ' কোন ধরনের বিশেষ্য?**
ক) নাম-বিশেষ্য খ) জাতি– বিশেষ্য
গ) বস্তু-বিশেষ্য ঘ) ক্রিয়া-বিশেষ্য

**১৮। নিচের কোনটি আত্মবাচক সর্বনাম?**
ক) আমি খ) পরস্পর
গ) সবার ঘ) স্বয়ং

**১৯। নিচের কোনটি ভাববাচক বিশেষণ?**
ক) চালাক খ) বেশ
গ) চলন্ত ঘ) বেলে

**২০। নিচের কোনটি নামক্রিয়া?**
ক) খাওয়ায় খ) পকেট মারা
গ) চমকানো ঘ) সরে দাঁড়ানো

**২১। কোনটি পদাণু ক্রিয়াবিশেষণ?**
ক) টিপ টিপ খ) কি
গ) নেই ঘ) সামনে

**২২। কোনটি ক্রিয়াজাত অনুসর্গ?**
ক) জন্য খ) দ্বারা
গ) বনাম ঘ) থেকে

**২৩। কোনটি বিকল্প যোজক?**
ক) ও খ) বা
গ) তবু ঘ) তাই

**২৪। শব্দের শেষে দ্বিস্বর থাকলে কোন বিভক্তি হয়?**
ক) য় খ) য়ে
গ) য়ের ঘ) রে

## বাংলা (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

**১। যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখ : ১০**
(ক) সুন্দরবন।
(খ) জন্মদিনের সন্ধ্যা।

**২। যেকোনো একটি বিষয়ে পত্র লেখ : ১০**
(ক) মনে করো, তুমি রুনু। একজন লেখকের বই পড়ে তোমার ভালো লেগেছে। বইটি সম্পর্কে তোমার অনুভূতি জানিয়ে লেখকের কাছে একটি চিঠি লেখো।
**অথবা,** (খ) দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধকল্পে জনমত তৈরি করার জন্য সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র রচনা করো।

**৩। যে-কোনো একটি সারাংশ/সারমর্ম লেখ : ১০**

**(ক) সারাংশ লেখ :**
অভাব আছে বলিয়া জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব-সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব-পূরণে এত উদ্যম, এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থাণু-স্থবির হইত, মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মানুষ সেবা করিবার সুযোগ পাইয়াছে। সেবা মানবজীবনের পরম ধর্ম। সুতরাং, অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এ সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

**অথবা, (খ) সারমর্ম লেখ :**
ধন্য আশা কুহকিনী! তোমার মায়ায়
অসার সংসারচক্র ঘোরে নিরবধি!
দাঁড়াইত স্থিরভাবে, চলিত না হায়!
মন্ত্রবলে তুমি চক্র না ঘুরাতে যদি!
ভবিষ্যৎ-অন্ধ, মূঢ় মানব সকল
ঘুরিতেছে কর্মক্ষেত্রে বর্তুল আকার;
তব ইন্দ্রজালে মুগ্ধ; পেয়ে তব বল
যুঝিছে জীবন-যুদ্ধ হায়! অনিবার।
নাচায় পুতুল যথা দক্ষ বাজিকরে,
নাচাও তেমনি তুমি অর্বাচীন নরে।

**৪। যেকোনো একটির ভাবসম্প্রসারণ করো : ১০**
(ক) আপনি আচরি ধর্ম শিখাও অপরে।
(খ) বই কিনে কেউ দেউলিয়া হয় না।

**৫। যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো : ১০**
(ক) মনে করো, তুমি রীতি। 'নিরাপদ সড়ক চাই' শিরোনামে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
(খ) তোমার কলেজে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের বিবরণ তুলে ধরে অধ্যক্ষ বরাবর একটি প্রতিবেদন রচনা করো।

**৬। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০**
(ক) বাংলাদেশের উৎসব;
(খ) সময়ানুবর্তিতা;
(গ) বিশ্বকোষ।

47

# ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?**
ক সংস্কৃত খ দ্রাবিড়ীয়
গ ইন্দো-ইরানীয় ঘ পূর্ব-ভারতীয় প্রাকৃত

২। **ইংরেজি ভাষায় লেখা প্রথম ব্যাকরণের রচয়িতা কে?**
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ রামমোহন রায়
গ নাথানিয়েল ব্রাসি হ্যালহেড
ঘ উইলিয়াম কেরি

৩। **'উ' উচ্চারণের সময় জিভের অবস্থান কেমন?**
ক সংবৃত খ বিবৃত
গ উচ্চ-সম্মুখ ঘ উচ্চ-পশ্চাৎ

৪। **পদের অংশ নয় কোনটি?**
ক উপসর্গ খ বিভক্তি গ বচন ঘ বলক

৫। **পদে পরিণত হওয়ার সময় শব্দের সঙ্গে যে শব্দাংশ যুক্ত হয়, এগুলোকে কী বলে?**
ক বলক খ প্রত্যয়
গ উপসর্গ ঘ লগ্নক

৬। **'বদমেজাজ' শব্দের 'বদ' উপসর্গটি কোন অর্থ প্রকাশ করছে?**
ক মন্দ খ নিন্দনীয় গ উগ্র ঘ অসৎ

৭। **শব্দের অবিভাজ্য অংশকে কী বলা হয়?**
ক প্রকৃতি খ সাধিত শব্দ
গ নামশব্দ ঘ প্রত্যয়

৮। **'মাননীয়' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক মান + অনীয় খ মান্ + অনীয়
গ মানো + নীয় ঘ মান + নীয়

৯। **আগত অর্থে কোন শব্দটি ব্যবহৃত হয়েছে?**
ক গেঁয়ো খ ঢাকাই গ দখিনা ঘ ডিঙা

১০। **কিছু কর্মধারয় সমাসে উপমেয় পদের সাথে উপমান পদের অভেদ কল্পনা করা হয়। এগুলোকে কোন কর্মধারয় সমাস বলে?**
ক দ্বিগু কর্মধারয় খ রূপক কর্মধারয়
গ উপমান কর্মধারয় ঘ উপমিত কর্মধারয়

১১। **সন্নিহিত অনুসর্গ লোপ পাওয়া তৎপুরুষ সমাস কোনটি?**
ক গোলাকার খ তেলেভাজা
গ গ্রামছাড়া ঘ রাজপথ

১২। **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?**
ক বৃহস্পতি খ পরিচ্ছেদ
গ দিগন্ত ঘ গবাক্ষ

১৩। **পর পর প্রয়োগ কাছাকাছি চেহারার শব্দকে কী বলে?**
ক পুনরাবৃত্ত দ্বিত্ব খ পদাদ্বিত্ব
গ অনুকার দ্বিত্ব ঘ ধ্বন্যাত্মক দ্বিত্ব

১৪। **বিভক্তিযুক্ত শব্দদ্বিত্ব কোনটি?**
ক পাকাপাকি খ সুরে সুরে
গ হায় হায় ঘ জোরে জোরে

১৫। **নিত্য নারী বাচক শব্দ কোনটি?**
ক বেগম খ মেয়ে
গ পাগলী ঘ সতীন

১৬। **পূর্ণ সংখ্যার চেয়ে খানিকটা কম বা বেশি বুঝালে কী ধরনের পূরণবাচক হয়?**
ক সাধারণ পূরণবাচক খ ভগ্নাংশ পূরণবাচক
গ তারিখ পূরণবাচক ঘ গুণিতম পূরণবাচক

১৭। **'সমঝোতা' শব্দটি কোন ভাষার শব্দ?**
ক আরবি খ ফারসি গ হিন্দি ঘ উর্দু

১৮। **বাংলা অঞ্চলের আদিবাসী জনগোষ্ঠীর ভাষা থেকে কিছু শব্দ বাংলা ভাষায় স্থান পেয়েছে। এগুলোকে কী বলে?**
ক বাংলা শব্দ খ দেশি শব্দ
গ তদ্ভব শব্দ ঘ তৎসম শব্দ

১৯। **'যতিচিহ্ন' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক রূপতত্ত্বে খ অর্থতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ ধ্বনিতত্ত্বে

২০। **প্রশ্নবাচক বিশেষণ কোনটি?**
ক বেশ খ কতক্ষণ
গ চালাক ঘ পাথুরে

২১। **বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের শেষে আ বা আনো প্রত্যয় যুক্ত হয়ে যে ক্রিয়া গঠিত হয়, তাকে কোন ক্রিয়া বলে?**
ক প্রযোজক ক্রিয়া খ সরল ক্রিয়া
গ সংযোগ ক্রিয়া ঘ নাম ক্রিয়া

২২। **অলংকার আবেগ শব্দের উদাহরণ কোনটি?**
ক বাহ, চমৎকার লিখেছ
খ ওগো, তোরা জয়ধ্বনি কর
গ জ্বালা! তোমাকে নিয়ে আর পারি না
ঘ যাকগে, ওসব কথা থাক

২৩। **কোন কালে অনুজ্ঞা হয় না?**
ক বর্তমান কালে খ অতীত কালে
গ ভবিষ্যৎ কালে ঘ ঘটমান ভবিষ্যৎ কালে

২৪। **খুব অলস বুঝাতে কোন বাগধারাটির ব্যবহার হয়?**
ক আমড়া কাঠের ঢেঁকি খ ননীর পুতুল
গ তালপাতার সেপাই ঘ গোঁফ খেজুরে

২৫। **শব্দ জোড়ে শব্দের পার্থক্য বুঝা যায় কীভাবে?**
ক প্রসঙ্গ বিবেচনায় খ সমাজ বিবেচনায়
গ স্থান বিবেচনায় ঘ কাল বিবেচনায়

২৬। **কর্তাবাচ্যের বাক্যকে ভাববাচ্যে রূপান্তরিত করতে হলে কোন পদকে নিয়ন্ত্রণ করতে হয়?**
ক বিশেষ্য খ বিশেষণ
গ ক্রিয়া ঘ ক্রিয়া-বিশেষ্য

২৭। **জটিল বাক্যের উদাহরণ কোনটি?**
ক ভিক্ষুককে টাকা দাও
খ যখন বিপদ আসে, তখন দুঃখও আসে
গ দোষ করেছ, অতএব শাস্তি পাবে
ঘ আমার মা চাকরি করেন

২৮। **'পর্বত' শব্দকে বহুবচন করতে কোন লগ্নকটি ব্যবহৃত হয়?**
ক বৃন্দ খ মালা
গ সমূহ ঘ বর্গ

২৯। **পদাণু ক্রিয়া বিশেষণের উদাহরণ কোনটি?**
ক মিছিলটি সামনে এগিয়ে যায়
খ টিপটিপ বৃষ্টি পড়ছে
গ মরি তো মরব
ঘ সে এখন যাবে না

৩০। **'তারিখ' কোন ভাষার শব্দ?**
ক আরবি খ ফারসি
গ তদ্ভব ঘ সংস্কৃত

## বাংলা (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **অনুচ্ছেদ লেখ : (যেকোন একটি)** ১০
(ক) শৈশব স্মৃতি
(খ) গ্রন্থাগার

২। **পত্র লেখ :** ১০
(ক) মনে কর, তোমার নাম শোভন, শিক্ষা সফরের উপকারিতা বর্ণনা করে তোমার কুমিল্লার বন্ধু দিব্যর কাছে একটি পত্র লেখ।
অথবা, (খ) এসিড মশা নিধনের গুরুত্ব উল্লেখ করে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য দৈনিক পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

৩। **সারাংশ লেখ :** ১০
(ক) মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুত চরিত্রবলেই মানুষের যা কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যেসকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের গৌরবের মূলে এই চরিত্র শক্তি। তুমি চরিত্রবান লোক–এ কথার অর্থ এই নয় যে, তুমি লম্পট নও, তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ করো। তুমি পরদুঃখকাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতা প্রিয়–চরিত্রবান মানে এই।

অথবা, খ. **সারমর্ম লেখ :**

বসুমতি, কেন তুমি এতই কৃপণা,
কত খোঁড়া খুঁড়ি করি পাই শস্যকণা।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস-
কেন এ মাথায় ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতি
আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,
তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।

৪। **ভাব সম্প্রসারণ কর :** ১০
(ক) বিদ্যার সঙ্গে সম্পর্কহীন জীবন অন্ধ এবং জীবনের সঙ্গে সম্পর্কহীন বিদ্যা পঙ্গু।
অথবা, (খ) স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

৫। **পত্র লেখ :** ১০
(ক) 'খাদ্যে ভেজাল ও তার প্রতিকার' সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন রচনা কর।
অথবা, (খ) তোমার এলাকার যানজট সম্পর্কে বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৬. **প্রবন্ধ লেখ : (যেকোনো একটি)** ২০
(ক) অধ্যবসায়
(খ) কৃষিকাজে বিজ্ঞান
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প।

48

# ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী

## নির্বাচনি পরীক্ষা–২০২৪; বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। অসম্পূর্ণ বৃত্ত ভরাট/ একাধিক বৃত্ত ভরাট থেকে বিরত থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১ ।]

১। **নিচের কোন শব্দে অর্থবদল ঘটেছে?**
ক মৃগয়া খ পাষণ্ড গ সাহস ঘ অঞ্চল

২। **একই ধরনের বর্গকে পাশাপাশি সাজাতে কোন যতিচিহ্ন ব্যবহৃত হয়?**
ক হাইফেন খ কোলন গ সেমিকোলন ঘ কমা

৩। **শব্দের মাঝখানে বা শেষে য-ফলা বর্ণের সাথে যুক্ত থাকলে য-ফলার উচ্চারণ হয়–**
ক দ্বিত্ব খ সংবৃত গ বিবৃত ঘ স্বাভাবিক

৪। **'কথাচ্ছলে' শব্দটি কোন নিয়মে ব্যঞ্জনসন্ধি?**
ক স্বর+স্বর খ স্বর+ব্যঞ্জন
গ ব্যঞ্জন+স্বর ঘ ব্যঞ্জন+ব্যঞ্জন

৫। **নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?**
ক কখন আসা হলো খ চিঠিটা পড়া হয়েছে
গ শরতে শিউলি ফোটে ঘ এবার বাঁশিটি বাজাও

৬। **বাক্+দান = বাগ্দান –এখানে কোন ধ্বনির প্রভাবে 'ক' হয়েছে 'গ'?**
ক ঘোষধ্বনি খ কণ্ঠধ্বনি
গ তালব্যধ্বনি ঘ নাসিক্যধ্বনি

৭। **ক্রিয়ার সঙ্গে বাক্যের বিশেষ্য ও সর্বনামের সম্পর্ককে বলে–**
ক সম্বন্ধকারক খ কর্তাকারক
গ কর্মকারক ঘ কারক

৮। **"বিপদ ও দুঃখ একসঙ্গে আসে।"-বাক্যটি কোন ধরনের বাক্য?**
ক সরল খ জটিল গ যৌগিক ঘ মিশ্র

৯। **শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল। - এ বাক্যে কোন কালের প্রয়োগ ঘটেছে?**
ক সাধারণ বর্তমান কাল
খ পুরাঘটিত বর্তমান কাল
গ ঘটমান বর্তমান কাল
ঘ অতীতকালের বিশিষ্ট প্রয়োগ

১০। **বিধেয় অংশে ক্রিয়া থাকা সাপেক্ষে বাক্য কত প্রকার?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

১১। **নিচের কোনটি আতঙ্কবাচক আবেগ শব্দ?**
ক হায়হায়! খ দুর! গ উহ্ ঘ জ্বালা!

১২। **সে খেয়ে আর ঘুমিয়ে কাটাচ্ছে? দাগাঙ্কিত শব্দগুচ্ছটি কোন বর্গ?**
ক বিশেষ্যবর্গ খ বিশেষণবর্গ
গ ক্রিয়াবিশেষণ ঘ ক্রিয়াবর্গ

১৩। **নিচের কোনটি সাধারণ ক্রিয়ার ভাবী অসমাপিকা ক্রিয়াবিভক্তি?**
ক -তে (করতে) খ -লে (করলে)
গ -এ (করে) ঘ -বে (করবে)

১৪। **বিধেয় অংশের ক্রিয়া সাধারণত–**
ক বিশেষ্যবর্গ খ বিশেষণবর্গ
গ ক্রিয়াবিশেষণ ঘ ক্রিয়াবর্গ

১৫। **শব্দের শেষে দ্বিস্বর থাকলে কোন বিভক্তি হয়?**
ক -কে খ -রে গ -য়ে ঘ -য়

১৬। **বহুবচন গঠনে কাঠামোগত পরিবর্তন ঘটেছে কোন শব্দে?**
ক মাঝিরা খ তারা
গ মেঘমালা ঘ ছাত্ররা

১৭। **'আগুন' শব্দের প্রতিশব্দ কোনটি?**
ক অংশু খ অনল গ অনিল ঘ দামিনী

১৮। **অধিক সংখ্যার বেলায় কোন নির্দেশকটি আলাদা করে বসে?**
ক -খানা খ -জন গ -টুকু ঘ -টা

১৯। **বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক শব্দের শেষে -আ বা -আনো প্রত্যয় যুক্ত করে কোন ক্রিয়া গঠিত হয়?**
ক প্রযোজক ক্রিয়া খ নাম ক্রিয়া
গ সংযোগ ক্রিয়া ঘ যৌগিক ক্রিয়া

২০। **এই পুকুরে পানি ঘোলা। এখানো 'ঘোলা' কী বিশেষণ?**
ক অবস্থাবাচক খ উপাদানবাচক
গ ভাববাচক ঘ বিধেয় বিশেষণ

২১। **'তারিখ' কোন ভাষার শব্দ?**
ক আরবি খ ফারসি গ ফরাসি ঘ পর্তুগিজ

২২। **পূরণবাচক সংখ্যাশব্দ কয় ধরনের হয়?**
ক ৫ ধরনের খ ৪ ধরনের
গ ৩ ধরনের ঘ ২ ধরনের

২৩। **"অপর, পর, অমুক"–এগুলো কোন সর্বনামের উদাহরণ?**
ক অন্যবাচক সর্বনাম খ অনির্দিষ্ট সর্বনাম
গ নির্দেশক সর্বনাম ঘ সকলবাচক সর্বনাম

২৪। **খুব যে বলেছিলেন আসবেন! -এখানে 'যে' কোন ধরনের ক্রিয়া বিশেষণ?**
ক ধরনবাচক ক্রিয়াবিশেষণ
খ কালবাচক ক্রিয়াবিশেষণ
গ পদাণু ক্রিয়াবিশেষণ
ঘ নেতিবাচক ক্রিয়াবিশেষণ

২৫। **"অন্ধকার হয়ে এসেছে -বন্ধুরাও মুখ ভার করে রইল।" -এটি কোন ধরনের বাক্য?**
ক সরল খ জটিল গ যৌগিক ঘ মিশ্র

২৬। **নিচের কোনটি ক্রিয়াজাত অনুসর্গ?**
ক কাছে খ থেকে গ দ্বারা ঘ উপরে

২৭। **কারক সম্পর্ক বোঝাতে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে নিচের কোনটি যুক্ত হয়?**
ক অনুসর্গ খ বচন গ নির্দেশক ঘ যোজক

২৮। **বাংলা লিপিতে মূল বর্ণের সংখ্যা কতটি?**
ক ৫০ খ ৩৯ গ ১১ ঘ ৫

২৯। **তাকে আসতে বললাম, তবু এল না। - এখানে 'তবু' কোন ধরনের যোজক?**
ক -এ খ -রে গ -য় ঘ -য়ে

৩০। **নিচের কোন বাক্যটি অনুজ্ঞা ভবিষ্যৎ কালের উদাহরণ?**
ক তাড়াতাড়ি কাজটি কোরো।
খ তাড়াতাড়ি কাজটি করো।
গ দু-একদিনের মধ্যে সে আসবে।
ঘ সকলের মঙ্গল হোক।

## বাংলা (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিতের মিশ্রণ দূষণীয়]

১। **যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :** ১০
(ক) বিশ্ববিদ্যালয়;
(খ) জাতীয় পতাকা।

২। (ক) নাগরিক সংবর্ধনা উপলক্ষ্যে একটি আমন্ত্রণপত্র লেখো। ১০
অথবা, (খ) স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি চিঠি লেখো।

৩। (ক) **সারাংশ লেখো :** ১০
মাতৃস্নেহের তুলনা নাই, কিন্তু অতি স্নেহ অনেক সময় অমঙ্গল আনয়ন করে। যে স্নেহের উত্তাপে সন্তানের পরিপুষ্টি, তাহারই আধিক্যে সে অসহায় হইয়া পড়ে। মাতৃহৃদয়ের মমতার প্রাবল্যে মানুষ আপনাকে হারাইয়া আপন শক্তির মর্যাদা বুঝিতে পারে না। নিয়ত মাতৃস্নেহের অন্তরালে অবস্থান করিয়া আত্মশক্তির সন্ধান সে পায় না– দুর্বল, অসহায় পক্ষীশাবকের মতো চিরদিন স্নেহাতিশয্যে আপনাকে সে একান্ত নির্ভরশীল মনে করে। ক্রমে জননীর পরম সম্পদ সন্তান অলস, ভীরু, দুর্বল ও পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়। অন্ধ মাতৃস্নেহ সে কথা বোঝে না– অলসকে সে প্রাণপাত করিয়া সেবা করে– ভীরুতার দুর্দশা কল্পনা করিয়া বিপদের আক্রমণ হইতে ভীরুকে রক্ষা করিতে ব্যস্ত হয়।

অথবা, (খ) **সারমর্ম লেখো :**
ধন্য আশা কুহকিনী! তোমার মায়ায়
অসার সংসারচক্র ঘোরে নিরবধি!
দাঁড়াইত স্থিরভাবে, চলিত না হায়!
মন্ত্রবলে তুমি চক্র না ঘুরাতে যদি!
ভবিষ্যৎ– অন্ধ মূঢ় মানব-সকল
ঘুরিতেছে কর্মক্ষেত্রে বর্তুল আকার;
তব ইন্দ্রজালে মুগ্ধ; পেয়ে তব বল
যুঝিছে জীবন-যুদ্ধ হায়! অনিবার।
নাচায় পুতুল যথা দক্ষ বাজিকরে,
নাচাও তেমনি তুমি অর্বাচীন নরে।

৪। **যে-কোনো একটির ভাব সম্প্রসারণ করো :** ১০
(ক) আপনি আচরি ধর্ম শিখাও অপরে।
(খ) মেঘ দেখে কেউ করিসনে ভয়, আড়ালো তার সূর্য হাসে,
হারা শশীর হারা হাসি, অন্ধকারেই ফিরে আসে।

৫। (ক) মনে করো, তুমি রোহান; সুন্দরপুর উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণির একজন ছাত্র। তোমার এলাকার সড়কের দুরবস্থার বিষয়টি তুলে ধরে পত্রিকায় প্রকাশের জন্য একটি সংবাদ প্রতিবেদন লেখো। ১০
অথবা, (খ) মনে করো, তুমি শায়ান। তুমি 'দৈনিক যুগান্তর' পত্রিকার একজন স্টাফ রিপোর্টার। পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য বৃক্ষরোপণের গুরুত্ব বর্ণনা করে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখো।

৬। **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ২০
(ক) বাংলাদেশের পর্যটন শিল্প;
(খ) কৃষি উদ্যোক্তা;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ।